মাতাকে কহিল তুমি অদোনীয়াহের কারণ অ
বীশগ্ শূনমীয়াকে কেন যাচ্ঞা কর বরং তাহার
কারণ রাজ্যও যাচঞা কর কেননা সে আমার
জ্যেষ্ঠ ভ্রাতা অর্থাৎ তাহার কারণ ও এবীয়া
তার যাজকের কারণ ও সিরুয়াহের পুত্র য়ো
আবের কারণ। [২৩] তখন শলমনরাজ এ
কথা কহিয়া য়িহুহের নাম লইয়া শপথ করিল
যে যদি অদোনীয়াহ্ আপন প্রাণের বিপরী
তে এ কথা না কহিয়া থাকে তবে ঈশ্বর সেই
মত এবং ততোধিকও আমাকে করুন। [২৪]
অতএব এখন আমাকে আপন প্রতিজ্ঞানুসারে
সুস্থিরকারী ও আমাকে আমার পিতা দাউদের
সিংহাসনোপবেশক ও আমার বাটী দৃঢ়কারি
য়িহুহ জীবৎ হইলে অদোনীয়াহ্ অদ্যই মারা
যাইবে। [২৫] পরে শলমনরাজ য়িহোয়াদার
পুত্র বিনায়াহের দ্বারা প্রেরণ করিল এবং সে
তাহাকে এমন প্রহার করিল যে তাহাতে সে হত
হইল।

[২৬] অপর রাজা এবীয়াতার যাজককে ক
হিল তুমি অনাতোতস্থ আপন ভূমিতে প্রস্থান
কর যেহেতুক তুমি মৃত্যুযোগ্য কিন্তু আমি তো
মাকে এক্ষণে বধ করিব না যেহেতুক তুমি আ
মার পিতা দাউদের সম্মুখে য়িহুহ পরমেশ্বরের
সিন্দুক বহিয়াছ ও আমার পিতা যে সকল ক্লে
শেতে ক্লিষ্ট ছিলেন সে সকলেতে তুমিও ক্লিষ্ট
ছিলা। [২৭] অতএব য়িহুহ শীলোহেতে এলী
বংশের বিষয়ে যাহা কহিয়াছিলেন তাহা সম্পূ
র্ণ করিবার কারণ শলমন এবীয়াতারকে য়িহু
হের যাজনকার্য্য হইতে বাহির করিয়া দিল।

[২৮] অপর য়োআবের নিকটে সমাচার আ
ইল যেহেতুক য়োআব অবশালোমের পক্ষে
ফিরে নাই বটে কিন্তু অদোনীয়াহের পক্ষে গি
য়াছিল এবং য়োআব য়িহুহের পবিত্রাবাসের
মধ্যে পলায়ন করিয়া যজ্ঞবেদির শৃঙ্গ ধরিল।
[২৯] পরে শলমনরাজের নিকটে কথিত হইল
যে য়োআব য়িহুহের পবিত্রাবাসমধ্যে পলা
য়ন করিয়াছে এবং দেখ সে যজ্ঞবেদির নিকটে
আছে তখন শলমন য়িহোয়াদার পুত্র বিনা
য়াহ্কে প্রেরণ করিয়া কহিল যাইয়া তাহাকে
বধ কর। [৩০] পরে বিনায়াহ্ য়িহুহের পবিত্রা
বাসের মধ্যে প্রবিষ্ট হইয়া তাহাকে কহিল রাজা
এ কথা কহেন যে তুমি বাহিরে আইস তাহাতে
সে কহিল এমন নয় কিন্তু আমি এস্থানে মরিব
পরে বিনায়াহ্ রাজাকে সমাচার দিল যে
য়োআব ইহা কহত আমাকে এই২ উত্তর করিল।
[৩১] তাহাতে রাজা কহিল য়োআব যে নিরপ
রাধ রক্তপাত করিয়াছে তাহা আমার নিকট
হইতে ও আমার পিতৃবংশহইতে খণ্ডনার্থে সে
যেরূপ কহিয়াছে তদ্রূপ কর। [৩২] তাহাকে
বধ করিয়া কবরে গাড় ও আমার পিতা দাউদ
তাহা জ্ঞাত না হইলে আপনাহইতে ধার্ম্মিক
ও উত্তম দুই ব্যক্তিকে অর্থাৎ য়িশ্রাএলের সে
নাপতি নেরের পুত্র আবনেরকে ও য়িহুদাহের
সেনাপতি য়েতেরের পুত্র অমাশাকে প্রহার ক
রিয়া তলোআরেতে যে বধ করিল তৎকর্ত্তৃক পা
তিত সে রক্তপাতাপরাধ য়িহুহ তাহার মস্তকো
পরি দিবেন। [৩৩] অতএব তাহার রক্তপাতা
পরাধ য়োআবের মস্তকোপরি ও তাহার বং
শের মস্তকোপরি সর্ব্বদা ফিরিয়া আসিবে কিন্তু
দাউদের উপরে ও তাহার বংশের উপরে ও তা
হার পরিজনের উপরে ও তাহার সিংহাসনের
উপরে য়িহুহহইতে আগত শান্তি নিত্য হইবে।
[৩৪] অতএব য়িহোয়াদার পুত্র বিনায়াহ্ তা
হার নিকটে গিয়া তাহাকে প্রহার করিয়া বধ
করিল এবং সে আপন বাটীতে অরণ্যে কবর
প্রাপ্ত হইল।

[৩৫] পরে রাজা তাহার পরিবর্ত্তে য়িহোয়া
দার পুত্র বিনায়াহ্কে সেনাপতি করিয়া নিযুক্ত
করিল ও এবিয়াতারের পরিবর্ত্তে সাদোককে
যাজক করিয়া নিযুক্ত করিল।

[৩৬] অপর রাজা প্রেরণ করিয়া শিমিয়ীকে
কহিল তুমি য়িরুশালমে আপনার নিমিত্তে এক
গৃহনির্ম্মাণ করিয়া তাহাতে বাস কর এবং সে
স্থানহইতে স্থানান্তর হইও না। [৩৭] যেহে
তুক এমত হইবে যে দিবসে তুমি বাহির হইয়া
কীদ্রোণনদী পার হইবা নিশ্চয় জান যে সে দি
বসে তুমি অবশ্য মারা যাইবা তোমার রক্ত
পাতাপরাধ তোমার মস্তকোপরি থাকিবে।
[৩৮] এবং শিমিয়ী রাজাকে কহিল এই বিচার
ভাল আমার প্রভু মহারাজ যেমন কহিয়াছেন
তেমন আপনকার দাস করিবে অতএব শিমিয়ী
বহু দিবস ব্যাপিয়া য়িরুশালমে বসতি করিল।
[৩৯] তিন বৎসরের অন্তে এমত হইল শিমিয়ীর
দুই দাস পলায়ন করিয়া গাতে মআকাহের
পুত্র আকিশরাজের নিকটে গেল পরে লোকে
রা শিমিয়ীকে কহিল যে দেখ তোমার দাসেরা গা
তে আছে। [৪০] অতএব শিমিয়ী উঠিয়া গর্দ্দভে
তে জীন বাঁধিয়া আপন দাসেরদের অন্বেষণে
আকিশের নিকটে গাতে গেল এবং শিমিয়ী যা
ইয়া আপন দাসেরদিগকে গাতহইতে আনিল।
[৪১] পরে শলমনের নিকটে কথিত হইল যে
শিমিয়ী য়িরুশালমহইতে গাতে গিয়াছিল এবং
ফিরিয়া আসিয়াছে। [৪২] তাহাতে রাজা লোক
প্রেরণ করিয়া শিমিয়ীকে ডাকাইয়া অনাইয়া

তাহাকে কহিল আমি কি য়িহুহের নাম লইয়া
তোমাকে শপথ করাই নাই ও তোমার সম্বন্ধে
দৃঢ় প্রতিজ্ঞা করিয়া কহি নাই তুমি নিশ্চয় জান
যে তুমি যে দিবসে বাহিরে যাও ও অন্য স্থানে
ভ্রমণ কর সে দিবসে তুমি অবশ্য নষ্ট হইবা
তাহাতে তুমি কহিলা যে তুমি যাহা কহিয়াছ
তাহা ভদ্র । [৪৩] তবে তুমি য়িহুহের দিব্য ও
আমাতে প্রতিজ্ঞাত আজ্ঞা কি নিমিত্তে পালন
কর নাই । [৪৪] আরও রাজা শিমিয়ীকে কহিল
আমার পিতা দাউদের প্রতি তোমার অন্তঃকরণে
তে বিদিত যে দুষ্টতা তুমি করিয়াছ সে সকল
তুমি জ্ঞাত আছ অতএব য়িহুহ তোমার দুষ্টতা
তোমার মস্তকোপরি আনাইবেন। [৪৫] এবং
শলমনরাজ প্রাপ্তাশীঃ হইবেন এবং দাউদের
সিংহাসন য়িহুহের সম্মুখে নিত্য স্থির থাকিবে।
[৪৬] অতএব রাজা য়িহোয়াদার পুত্র বিনায়া
হুকে আজ্ঞা করিল ও সে যাইয়া তাহাকে এমত
প্রহার করিল যে সে মরিল পরে রাজ্য শলমনের
হস্তে স্থির হইল ।

৩ পর্ব্ব ।

[১] অনন্তর শলমন মিসরের ফরওহরাজার
সহিত কুটুম্বিতা করিয়া ফরওহের কন্যাকে ভার্য্যা
র্থে গ্রহণ করিল এবং আপন ঘরের ও য়িহুহের
ঘরের ও য়িরুশালমের চতুর্দ্দিক্‌স্থ প্রাচীরের
গ্রন্থনসমাপ্তি না হওয়াপর্য্যন্ত তাহাকে দাউদের
নগরে আনিল । [২] তৎকাল না হওয়াপর্য্যন্ত
য়িহুহের নামের উদ্দেশে কোন ঘর নির্ম্মিত হয়
নাই তৎপ্রযুক্ত লোকেরা উচ্চ স্থানে যজ্ঞ করিত।
[৩] এবং শলমন আপন পিতা দাউদের বিধ্য
নুসারে আচরণ করত য়িহুহকে প্রেম করিল মাত্র
সে উচ্চ স্থানে বলিদান করিত ও ধূপ জ্বালাইত।
[৪] পরে রাজা গিবিওনে যজ্ঞকরণার্থে সে স্থানে
প্রস্থান করিল যেহেতুক তাহাই শ্রেষ্ঠ উচ্চ স্থান
ছিল শলমন ঐ বেদিতে এক সহস্র হব্য নিবেদন
করিল ।

[৫] অপর য়িহুহ গিবিওনে রাত্রিযোগে শল
মনকে স্বপ্নে দর্শন দিলেন এবং ঈশ্বর কহিলেন
তোমাকে আমার দাতব্য বর প্রার্থনা কর । [৬]
তাহাতে শলমন কহিল তোমার দাস আমার
পিতা দাউদ সত্যতাতে ও ধর্ম্মে ও তোমার সা
ক্ষাৎ সরলান্তঃকরণেতে তোমার গোচরে আচ
রণানুসারে তুমি তাঁহার প্রতি বড় অনুগ্রহ প্রকাশ
করিয়াছ এবং অদ্য যদ্রূপে আছে তদ্রূপ তা
হার সিংহাসনোপবিষ্ট হওনার্থে তাহাকে এক
পুত্র দিয়াছ এমত প্রীতি তাহার কারণ পালন
করিয়াছ [৭] এখন হে আমার ঈশ্বর য়িহুহ
তুমি আপন দাসকে আমার পিতা দাউদের
পদে রাজ্যাভিষিক্ত করিয়াছ কিন্তু আমিই ক্ষুদ্র
বালক আমি বহির্গমন করিতে ও অন্তরে প্রবেশ
করিতে জানি না । [৮] এবং তোমাকর্ত্তৃক মনো
নীত তোমার এ লোকেরদের মধ্যে তোমার
দাস আছে অর্থাৎ বড় লোক ও বহুসংখ্যক
হওয়াপ্রযুক্ত অগণ্য । [৯] অতএব এ লোকের
দের বিচার করিতে তোমার দাসকে বুদ্ধিবিশিষ্ট
মন দেও যে আমি ভদ্রাভদ্রের বিশেষজ্ঞ হই
যেহেতুক তোমার এত বড় লোকেরদের নীতি
বিচার কে করিতে পারে । [১০] এবং শলম
নের এ বিষয়প্রার্থনাতে য়িহুহ তুষ্ট হইলেন ।
[১১] পরে ঈশ্বর তাহাকে কহিলেন তুমি এ বি
ষয় প্রার্থনা করিয়াছ এবং আপনার কারণ দী
র্ঘায়ুঃ প্রার্থনা কর নাই ও আপনার কারণ ধনও
প্রার্থনা কর নাই এবং আপনার শত্রুরদের প্রা
ণও প্রার্থনা কর নাই কিন্তু ন্যায় জানিবার কারণ
আপনার নিমিত্তে বুদ্ধিপ্রার্থনা করিয়াছ । [১২]
ইহাতে দেখ আমি তোমার বাক্যানুসারে করি
য়াছি দেখ আমি তোমাকে এমন জ্ঞানি ও বুদ্ধি
বিশিষ্ট মন দিয়াছি যে তোমার পূর্ব্বে তোমার
তুল্য কেহ ছিল না এবং তোমার পরেও তো
মার তুল্য কেহ হইবে না । [১৩] এবং তুমি যা
হা যাচ্ঞা কর নাই তাহা অর্থাৎ ধন ও সম্মান
এই দুইও আমি এরূপ দিয়াছি যে তোমার
তাবদ্দিবসে রাজবর্গের মধ্যে তোমার তুল্য কেহ
হইবে না । [১৪] এবং তোমার পিতা দাউদ
যেরূপ করিয়াছিল সে রূপ আমার বিধি ও আ
জ্ঞাপালনার্থে যদি তুমি আমার পথে গতি কর
তবে আমি তোমার আয়ুর্বৃদ্ধি করিব । [১৫]
পরে শলমন জাগ্রত হইল তাহাতে দেখ তাহাই
স্বপ্ন পরে সে য়িরুশালমে আসিয়া য়িহুহের নি
য়মসিন্দুকের সম্মুখে দণ্ডায়মান হইয়া হোম ও
স্বস্ত্যয়নকরণানন্তর আপন তাবৎ দাসেরদের কা
রণ ভোজ প্রস্তুত করিল ।

[১৬] অপর দুই বেশ্যা রাজার নিকটে আসিয়া
তাহার সম্মুখে দাঁড়াইল । [১৭] পরে এক স্ত্রী
কহিল হে আমার প্রভু আমি ও এই স্ত্রী উভয়ে
এক বাটীতে থাকি এবং আমি তাহার সহিত
থাকিয়া ঐ ঘরে সন্তান প্রসবিলাম । [১৮] এবং
এমত হইল আমি যে দিবসে প্রসূতা ছিলাম তা
হার পর তৃতীয় দিবসে এ স্ত্রীও প্রসূতা হইল আ
মরা একত্র ছিলাম আমারদের দুই জনব্যতিরেকে
আমারদের সহিত সে ঘরে আর কেহ ছিল না ।
[১৯] পরে রাত্রিতে এ স্ত্রীর বালক মরিল কেন
না সে তাহার উপরে শয়ন করিয়াছিল । [২০]
এবং আমি নিদ্রিতা হইলে মধ্যরাত্রেতে সে উঠি
য়া আমার পুত্রকে আমার নিকটহইতে লইয়া

দিয়া আপন বক্ষঃস্থলে শোয়াইয়া রাখিল এবং
আপনার মৃত পুত্রকে আমার বক্ষঃস্থলে শোয়া
ইয়া রাখিল। [২১] প্রাতঃকালে যখন আমি
আপন বালককে দুগ্ধপান করাইতে উঠিলাম
তখন দেখ সে মৃত কিন্তু প্রাতঃকালে আমি তাহা
বিবেচনা করিলে পর দেখ সে আমার প্রসূত
বালক নয়। [২২] পরে অন্যা স্ত্রী কহিল এমন
নয় কিন্তু জীবৎ আমার পুত্র ও মৃত তোমার পুত্র
এবং এ বলিল তাহা নয় কিন্তু মৃত তোমার
পুত্র ও জীবৎ আমার পুত্র এতদ্রূপ তাহারা
রাজার সাক্ষাৎ নিবেদন করিল। [২৩] তখন
রাজা কহিল এক জন কহে জীবৎ পুত্র আমার
ও মৃত তোমার এবং অন্যা কহে এমন নয় কিন্তু
মৃত তোমার পুত্র ও জীবৎ আমার পুত্র। [২৪]
তাহাতে রাজা কহিল আমার নিকটে এক তলো
আর আন তাহাতে তাহারা রাজার সাক্ষাৎ ত
লোআর আনিল। [২৫] পরে রাজা কহিল
জীবৎ বালককে কাটিয়া দুই খণ্ড করিয়া এক জন
কে অর্দ্ধেক ও অন্যাকে অর্দ্ধেক দেও। [২৬] তা
হাতে জীবৎ বালক যে স্ত্রীর ছিল সে স্বপুত্রের
প্রতি দয়ার্দ্রচিত্তা হইয়া সে স্ত্রী রাজাকে কহিল
হে আমার প্রভু তাহাকে জীবৎ বালক দেও ও
কোনরূপে তাহাকে বধ করিও না কিন্তু অন্যা
কহিল সে আমার কিম্বা তোমার না হউক কিন্তু
তাহাকে ছিন্ন করিয়া দুই খণ্ড করা যাউক। [২৭]
তখন রাজা প্রত্যুত্তর করিয়া কহিল যে তাহাকে
জীবৎ বালক দেও এবং কোনক্রমে তাহাকে বধ
করিও না যেহেতুক সেই তাহার মাতা। [২৮]
রাজা বিচার করিয়া এ যে সিদ্ধান্ত করিল তাহা
সকল য়িশ্রাএল শ্রবণ করিল তাহাতে তাহারা
রাজাকে ভয় করিল যেহেতুক তাহারা অবগত
হইল যে ন্যায়করণার্থে ঈশ্বরীয় জ্ঞান তাহার
মধ্যে আছে।

৪ পর্ব্ব।

[১] এতদ্রূপ শলমন সমস্ত য়িশ্রাএলোপরি
রাজা হইল। [২] এবং তাহার সহবর্ত্তি অধ্য
ক্ষেরা এই২ সাদোক য়াজকের পুত্র অজরীয়াহ্।
[৩] শীশার পুত্রেরা এলিখোরেফ ও আখীয়াহ্
লেখক আখীলূদের পুত্র য়িহোশাফাট কানুন
গো। [৪] এবং য়িহোয়াদার পুত্র বিনায়াহ্ সে
নাপতি ছিল এবং সাদোক ও আবীয়াতার যা
জক ছিল। [৫] নাতানের পুত্র অজরীয়াহ্ ধর্ম্মা
ধ্যক্ষেরদের প্রধান ছিল ও নাতানের পুত্র জাবূদ
প্রধান কর্ম্মসচিব ও রাজার সুহৃদ্ ছিল। [৬]
এবং আখীশার রাজগৃহাধ্যক্ষ এবং অবদার
পুত্র অদোনীরাম রাজকরাধ্যক্ষ ছিল।
[৭] এবং তাবৎ য়িশ্রাএলোপরি দ্বাদশ জন
শলমনের কর্ম্মকারী ছিল তাহারা রাজার ও
তাহার বাটীর আয়োজনকারী ছিল প্রত্যেক জন
বৎসরের মধ্যে আপন মাসে দ্রব্যায়োজন
করিত। [৮] তাহারদের নাম এই২ এফ্রায়িম
পর্ব্বতে খূরের পুত্র। [৯] মাকসে ও শঅলবী
মে ও বীৎশেমেশে ও এলোন বীৎখানানে দে
কেরের পুত্র। [১০] আরুবোতে খেসেদের
পুত্র তাহার পল্লী শোকোহ্ ও খেফের সমস্ত
দেশ ছিল। [১১] দোর সকল দেশে আবীনা
দারের পুত্র সে শলমনের কন্যা টাফতকে বি
বাহ করিল। [১২] তঅনাক ও মিগিদো ও সার
তনাহের নিকটে য়িজরিএলের তলে বীৎশিআন
হইতে আবেল মিখোলাহ্পর্য্যন্ত ও য়ক্‌নেঅা
মের ওদিকস্থ সকল বীৎশিআন আখীলুদের
পুত্র বঅনার পল্লী। [১৩] রামোত গিলিআদে
গেবেরের পুত্র মনশেহের পুত্র য়ায়িরের গিলি
আদস্থ নগরেরা ও বাশানস্থ অরগোবদেশ অ
র্থাৎ প্রাচীরেতে বেষ্টিত ও পিত্তলের হুড়কাতে
যুক্ত ষাইট বড় নগরই তাহার পল্লী ছিল। [১৪]
খনায়িমে ইদোর পুত্র আখীনাদাব। [১৫]
নপ্তালীতে আখীমাঅজ সেও শলমনের কন্যা
বাশিমতকে বিবাহ করিল। [১৬] আশেরে
ও আলোতে খূশঈর পুত্র বঅনা। [১৭] য়িশা
করে পারুখের পুত্র য়িহোশাফাট ছিল। [১৮]
বেন্যামিনে এলার পুত্র শিমিঈ। [১৯] গি
লিআদদেশে ও আমোরীয়েরদের সীখোন
রাজার দেশে ও বাশানের ওগরাজের দেশে
উরির পুত্র গেবের ছিল তাহাব্যতিরেক সে
দেশে আর কর্ম্মচারী ছিল না।

[২০] য়িহুদাহ্ ও য়িশ্রাএল ভোজন ও পান
ও হর্ষ করত বাহুল্যেতে সমুদ্রতীরস্থ বালির
ন্যায় অগণ্য হইল। [২১] এবং নদীহইতে পল
শ্‌তীয়েরদের দেশপর্য্যন্ত ও মিস্রের সীমাপর্য্যন্ত
তাবৎ রাজ্যের উপরে শলমন রাজত্ব করিল এ
বং তাহারা উপঢৌকন আনিল ও শলমনের তা
বদায়ুতে তাহার সেবা করিল।

[২২] এবং এক দিনের কারণ শলমনের আ
য়োজনীয় দ্রব্য ত্রিশ পরিমাণ সুক্ষ্ম সুজি ও ষাই
ট পরিমাণ ময়দা। [২৩] এবং পৃষৎ ও হরিণ
ও কালসার ও পুষ্ট পক্ষিব্যতিরেকে দশ পুষ্ট
গরু ও মাঠহইতে নীত বিংশতি গরু ও এক
শত মেড়া ছিল। [২৪] যেহেতুক তিফ্‌সখ্
হইতে অজাহ্পর্য্যন্ত নদীর পারস্থ তাবৎ রাজা
রদের উপরে তাহার কর্ত্তৃত্ব ছিল এবং তাহার
চতুর্দ্দিগে সর্ব্বত্র শান্তি ছিল। [২৫] য়িহুদাহ্
ও য়িশ্রাএল দানহইতে বীএরশেবাপর্য্যন্ত
শলমনের তাবৎ কাল ব্যাপিয়া প্রত্যেক জন

আপন দ্রাক্ষালতার ও আপন ডুমুরবৃক্ষের তলে
নিরাপদে বাস করিল।

[২৬] এবং শলমনের রথের কারণ চল্লিশ
সহস্র অশ্বশালা ও বারো সহস্র অশ্বারূঢ় ছিল।
[২৭] এবং শলমনরাজের কারণ ও শলমনরা
জের ভোজনমঞ্চে যাহারা আসিত তাহারদেরও
কারণ কর্ম্মচারিরা প্রত্যেক জন আপন২ নিরূপিত
মাসে ভক্ষ্য দ্রব্য আয়োজন করিত তাহারদের
কোন কিছুর অভাব ছিল না। [২৮] তাহারা প্র
ত্যেক জন আপন২ নিরূপিত কর্ম্মানুসারে অশ্বে
রদের ও উষ্ট্রেরদের কারণ তাহারদের আপন২
স্থানে যব ও বিচালি আনিল।

[২৯] এবং ঈশ্বর শলমনকে জ্ঞান ও অতিশয়
বুদ্ধি এবং সমুদ্রের তীরস্থ বালির মত মহামতি
ত্ব দিলেন। [৩০] এবং পূর্ব্বদিক্স্থ সকল লো
কেরদের বিদ্যাহইতে ও মিসরের সকল বিদ্যাহ
ইতে শলমনের বিদ্যা বড় ছিল। [৩১] যেহে
তুক সে সকলহইতে বড় বিদ্বান অর্থাৎ এজ্রা
হীয় এতান ও হীমান ও মাখোলের পুত্র কল
কোল ও দরদাহইতে বিদ্বান ছিল এবং তাহার
সুখ্যাতি চতুর্দ্দিক্স্থ সর্ব্বদেশীয় লোকেরদের
মধ্যে হইল। [৩২] সে তিন সহস্র হিতোপদেশ
বাক্য ও এক সহস্র পাঁচ কাব্য রচনা করিল।
[৩৩] সে লিবানোনস্থ আরেজ বৃক্ষাবধি প্রাচী
রের গায়ে বর্দ্ধমান শিলাবল্কপর্য্যন্ত বৃক্ষবিষ
য়ক কথা রচিল সে পশু ও পক্ষি ও উরগ ও মৎ
স্যবিষয়ক কথাও রচিল। [৩৪] এবং পৃথিবীস্থ
যত রাজা শলমনের বিদ্যাবিষয়ক কথা শুনিয়া
ছিল সে সকল রাজারদের নিকটহইতে সর্ব্বদে
শীয় লোক শলমনের বিদ্যাশ্রবণার্থে আইল।

৫ পর্ব্ব।

[১] পরে সূরের খীরামরাজ শলমনের নি
কটে আপন দাসেরদিগকে প্রেরণ করিল যেহে
তুক সে শ্রবণ করিয়াছিল যে তাহারা তাহার
পিতার পরিবর্ত্তে তাহাকে রাজ্যাভিষিক্ত করি
য়াছিল কেননা খীরাম দাউদের নিত্য প্রেমকারী
ছিল। [২] পরে শলমন ইহা কহত খীরামের
নিকটে লোক প্রেরণ করিল। [৩] য়িহুহ যেপ
র্য্যন্ত আমার পিতা দাউদের শত্রুরদিগকে তা
হার পদতলে না দিয়াছিলেন সেপর্য্যন্ত তাহার
চতুর্দ্দিকে যে২ যুদ্ধ ছিল সে যুদ্ধপ্রযুক্ত সে আপন
ঈশ্বর য়িহুহের নামের উদ্দেশে গৃহ গ্রন্থন করি
তে পারিল না ইহা তুমি জ্ঞাত আছ। [৪] কিন্তু
এখন আমার ঈশ্বর য়িহুহ প্রতিদিকে আমাকে
এমন শান্তি দিয়াছেন যে বৈরী কিম্বা দুর্ম্মতি
কেহ নাই। [৫] এবং দেখ য়িহুহ যেমন আমার
পিতা দাউদকে এ কথা কহিলেন যে তোমার
পরিবর্ত্তে তোমার যে পুত্রকে তোমার সিংহাস
নোপবিষ্ট করিব সে আমার নামের উদ্দেশে
এক গৃহ নির্ম্মাণ করিবে তদনুসারে আমি আ
পন ঈশ্বর য়িহুহের নামের উদ্দেশে এক গৃহ
নির্ম্মাণ করিতে ইচ্ছা করি। [৬] অতএব তুমি
এখন আজ্ঞা কর যে তাহারা লিবানোনে গিয়া
আমার নিমিত্তে আরেজবৃক্ষ ছেদন করে ও আ
মার দাসেরা তোমার দাসেরদের সহিত থাকিবে
এবং তুমি যেমত নিরূপণ করিবা তদনুসারে আ
মি তোমার দাসেরদের বেতন তোমাকে দিব যে
হেতুক তুমি জ্ঞাত আছ যে সীদোনীয়েরদের
মত কাষ্ঠচ্ছেদন করিতে আমারদের মধ্যে কেহ
বিদ্বান নাই। [৭] এবং খীরাম শলমনের কথা
শুনিলে এমত হইল সে বড় আনন্দিত হইয়া ক
হিল যে এ লোকেরদের বড় সমূহের উপর কর্ত্তৃ
ত্ব করিবার নিমিত্তে দাউদকে জ্ঞানি পুত্র দিয়া
ছেন যে য়িহুহ অদ্য তিনি ধন্য। [৮] পরে
খীরাম শলমনের নিকটে এ কথা কহিয়া পাঠা
ইল যে তুমি আমার নিকটে যে কারণে লোক
প্রেরণ করিলা সে বিষয় আমি বিবেচনা করিয়া
ছি এবং আমি আরেজ ও দেবদারু কাষ্ঠের বি
ষয়ে তোমার সকল বাঞ্ছা পূর্ণা করিব। [৯]
আমার দাসেরা লিবানোনহইতে তাহা সমুদ্রে
আনিবে ও তুমি যে স্থান নিরূপণ করিবা সে
স্থানে আমি সমুদ্র দিয়া মাড় বাঁধিয়া চালান ক
রিব ও সেখানে পঁহুছাইব তাহাতে তুমি তাহা
পাইবা এবং তুমি আমার পরিজনেরদিগকে
পোষণেতে আমার বাঞ্ছা পূর্ণা করিবা। [১০]
অতএব খীরাম শলমনের তাবদ্বাঞ্ছানুসারে আ
রেজ ও দেবদারু বৃক্ষ দিল। [১১] এবং শলমন
খীরামের পরিজনেরদের ভক্ষ্যের জন্যে তাহাকে
বিংশতি সহস্র পরিমাণ গোম ও বিংশতি পরি
মাণ নির্ম্মল তৈল দিল এপ্রকারে শলমন বৎসর২
খীরামকে দিল। [১২] এবং য়িহুহ যেমন প্র
তিজ্ঞা করিয়াছিলেন তেমন শলমনকে জ্ঞান দি
লেন এবং খীরাম ও শলমনের পরস্পর সন্ধি
হইল ও সে দুই জন নির্দ্ধারণ করিল।

[১৩] অপর শলমনরাজ সমস্ত য়িশ্রাএল
মধ্যহইতে যে লোকেরদিগকে সংগ্রহ করিল
সে সংগৃহীত লোকেরা ত্রিশ সহস্র। [১৪] এবং
সে মাসে২ পর্য্যায়ানুক্রমে তাহারদিগকে লিবা
নোনে প্রেরণ করিত তাহাতে তাহারা এক মাস
লিবানোনে থাকিত ও দুই মাস বাড়ীতে থাকিত
এবং অদোনীরাম সংগৃহীত লোকেরদের কর্ত্তা
ছিল। [১৫] শলমনের কর্ম্মকারি মজুরেরদের
উপরে নিযুক্ত প্রধান কর্ম্মচারি কর্ম্মের অধ্যক্ষ
তিন হাজার তিনশত জন ব্যতিরেকে শলমনের

সত্তরি হাজার ভারবাহক ছিল [১৬] ও পর্ব্বতে
আশী হাজার ছেদক ছিল। [১৭] এবং রাজা
জ্ঞানুসারে তাহারা ঘরের ভিত্তিমূলকরণার্থে বৃ
হৎ প্রস্তর ও বহুমূল্য প্রস্তর ও তক্ষিত প্রস্তর সং
গ্রহ করিল। [১৮] পরে শলমনের ও খীরামের
রাজেরা ও ভাস্করেরা তাহা ছেদন করিল এত
দ্রূপ গৃহনির্ম্মাণার্থে তাহারা কাষ্ঠ ও প্রস্তর আ
য়োজন করিল।

৬ পর্ব্ব।

[১] অপর য়িশ্রাএলের সন্তানেরদের মিসর
হইতে আগমনানন্তর চারি শত আশী বৎসরে
অর্থাৎ য়িশ্রাএলোপরি শলমনের রাজ্য কর
ণের চতুর্থ বৎসরে জিফ মাসে অর্থাৎ দ্বিতীয়
মাসে এমত হইল যে সে য়িহুহের উদ্দেশে গৃহ
নির্ম্মাণ করিতে আরম্ভ করিল। [২] শলমনরা
জ য়িহুহের উদ্দেশে যে মন্দির নির্ম্মাণ করিল তা
হা দীর্ঘে ষাইট হাত ও প্রস্থারে বিংশতি হাত ও
উচ্চে ত্রিশ হাত। [৩] এবং গৃহের অর্থাৎ মন্দি
রের সম্মুখস্থ বারান্দার দীর্ঘতা গৃহের প্রস্থারানু
সারে বিংশতি হস্ত ও গৃহের সম্মুখে তাহার প্র
স্থার দশ হস্ত ছিল। [৪] এবং গৃহের কারণ সে
অল্পপ্রশস্ত বাতায়ন করিল। [৫] এবং চতু
র্দ্দিগে গৃহের দেয়ালের সমীপে কুঠরি করিল অ
র্থাৎ চতুর্দ্দিগে গৃহের দেয়ালের গায়ে মন্দিরের
ও ঈশ্বরের বাক্যস্থানের গায়ে চতুর্দ্দিগে সে কুঠ
রি করিল। [৬] অধঃস্থ কুঠরি প্রস্থে পাঁচ হাত ও
মধ্যম প্রস্থে ছয় হাত ও তৃতীয় প্রস্থে সাত হাত
যেহেতুক সে বাহিরে অল্পওসার থামল গৃহের
চতুর্দ্দিকে করিল যে আড়া দেয়ালে বদ্ধ না হয়।
[৭] তদগৃহগ্রন্থনকালে সে স্থানে আনীত হও
নের পূর্ব্বে প্রস্তুতকরা প্রস্তরেতে তাহার নির্ম্মাণ
হইল অতএব গৃহনির্ম্মাণকালে হাতুল কিম্বা
কুড়ালি কিম্বা কোন প্রকার লৌহাস্ত্রের শব্দ সে
ঘরে শুনা গেল না। [৮] মধ্যম কুঠরির দ্বার
গৃহের দক্ষিণ পার্শ্বে ছিল এবং তাহারা পেঁচাল
সোপান দিয়া মধ্যম কুঠরিতে প্রবেশ করিত ও
মধ্যমহইতে তৃতীয়েতে। [৯] সে এতদ্রূপ গৃহ
গ্রন্থন করাইয়া সমাপ্তি করিল এবং দেয়াল আ
রেজ কাষ্ঠের আড়াতে ও তক্তাতে আচ্ছাদিত
করিল। [১০] এবং সর্ব্বত্র গৃহগাত্রে সে পাঁচ
হাত উচ্চ কুঠরি করিল ও আরেজকাষ্ঠের আড়া
তাহা গৃহোপরি স্থাপিত হইল।

[১১] অপর য়িহুহের এ বাক্য শলমনের নি
কটে আইল। [১২] এ যে গৃহ তুমি নির্ম্মাণ
করিতেছ যদি তুমি আমার সমস্ত বিধ্যনুসারে
আচরণ কর ও আমার বিচার পূর্ণ কর ও তাহাতে
আচরণের কারণ আমার তাবদাজ্ঞা পালন কর
তবে আমি তোমার পিতা দাউদকে যাহা কহি
য়াছি আমার সে কথা তোমাতে প্রত্যক্ষ করিব।
[১৩] এবং আমি য়িশ্রাএলের সন্তানেরদের
মধ্যে বাস করিব ও আমারে য়িশ্রাএল লোক
কে ত্যাগ করিব না।

[১৪] অতএব শলমন গৃহনির্ম্মাণ করিয়া সাঙ্গ
করিল। [১৫] এবং সে গৃহের ভিতরের দেয়াল
ও মধ্যদেশ ও ছাত আরেজ কাষ্ঠেতে করিল সে
ভিতরে তাহা কাষ্ঠেতে আচ্ছাদিত করিল ও গৃ
হের মধ্যদেশ দেবদারুতক্তাতে আচ্ছাদিত ক
রিল। [১৬] এবং গৃহপার্শ্বে অর্থাৎ মাজিয়া
ও দেয়াল বিংশতি হস্তপর্য্যন্ত সে আরেজ কা
ষ্ঠেতে গ্রথিত করাইল সে ভিতরে তাহার কারণ
অর্থাৎ ঈশ্বরের বাক্যস্থানার্থে কি না মহাপবিত্র
স্থানার্থে তাহা ভিতরে গ্রথিত করাইল। [১৭]
এবং গৃহ অর্থাৎ তাহার সম্মুখস্থ মন্দির চল্লিশ
হাত লম্বা ছিল। [১৮] এবং গৃহমধ্যে আরেজ
কাষ্ঠে কলিকা ও বিকসিত পুষ্প খোদিত ছিল সে
সমস্ত আরেজকাষ্ঠময় ছিল কিছুমাত্র প্রস্তর দৃষ্ট
হইল না। [১৯] এবং সে স্থানে য়িহুহের নিয়
মসিন্দুকস্থাপনার্থে গৃহমধ্যে ঈশ্বরের বাক্যস্থান
প্রস্তুত করিল। [২০] অগ্রভাগে ঈশ্বরের বাক্য
স্থান বিংশতি হস্ত দীর্ঘ ও বিংশতি হস্ত প্রস্থ ও
বিংশতি হস্ত উচ্চ সে তাহা নির্ম্মল স্বর্ণেতে
মড়াইল এবং তদ্রূপে সে আরেজ কাষ্ঠের যজ্ঞ
বেদি মড়াইল। [২১] পরে শলমন নির্ম্মল স্বর্ণে
তে গৃহের ভিতর দিক মড়াইল এবং ঈশ্বরের
বাক্যস্থানসম্মুখস্থ পরদা স্বর্ণশৃঙ্খলেতে নির্ম্মাণ
করিল ও স্বর্ণেতে তাহা মড়াইল। [২২] এবং
তাহার সকল গৃহ সমাপ্তি না করণপর্য্যন্ত তাবৎ
গৃহ স্বর্ণেতে মণ্ডিত করিল এবং ঈশ্বরের বাক্য
স্থানসমীপস্থ যজ্ঞবেদি স্বর্ণেতে মণ্ডিত করিল।

[২৩] এবং ঈশ্বরের বাক্যস্থানে সে দশ হাত
উচ্চ জিতকাষ্ঠের দুই কিরূব নির্ম্মাণ করিল।
[২৪] এবং কিরূবের এক ডেনা পাঁচ হাত ও কি
রূবের অন্য ডেনা পাঁচ হাত এক ডেনার অগ্রভা
গহইতে অন্য ডেনার অগ্রভাগপর্য্যন্ত দশ হাত
হইল [২৫] এবং অন্য কিরূবও দশ হস্ত সে দুই
কিরূবের সমপরিমাণ ও সমদীর্ঘতা। [২৬] এক
কিরূবের দীর্ঘতা দশ হাত ও অন্য কিরূবেরও ত
দ্রূপ। [২৭] অপর সে কিরূবেরদিগকে ভিতর
ঘরের মধ্যে স্থাপিত করিল এবং তাহারা কিরূ
বেরদের ডেনা এমন বিস্তীর্ণ করিল যে একের
ডেনা এক দেয়াল স্পর্শ করিল ও অন্য কিরূবের
ডেনা অন্য দেয়াল স্পর্শ করিল এবং তাহারদের
ডেনা গৃহমধ্যে পরস্পর স্পর্শ করিল। [২৮] পরে
সে কিরূবেরদিগকে স্বর্ণমণ্ডিত করিল। [২৯]

অপর সে কিরূবেরদের ও তালবৃক্ষের ও বিকসিত পুষ্পের মূর্ত্তিতে গৃহের তাবদ্দেয়াল ভিতরে বাহিরে চতুর্দ্দিকে খোদকারি কর্ম্ম করাইল। [৩০] এবং গৃহের মধ্যদেশ সে ভিতরে বাহিরে স্বর্ণমণ্ডিত করিল।

[৩১] এবং ঈশ্বরের বাক্যস্থানে প্রবেশার্থে সে জিতকাষ্ঠময় কপাট নির্ম্মাণ করিল ও তাহার সরদল ও চৌকাঠ দেওয়ালের পঞ্চমাংশ ছিল। [৩২] সে দুই কপাট জিতকাষ্ঠময় ছিল এবং তাহারদের উপরে সে কিরূবেরদের ও তালবৃক্ষের ও বিকসিত পুষ্পের আকার খোদাইয়া তাহা স্বর্ণমণ্ডিত করিল এবং কিরূবেরদিগকে ও তালবৃক্ষকে স্বর্ণেতে মণ্ডিত করিল। [৩৩] তদ্রূপ সে মন্দিরদ্বারের নিমিত্তে দেয়ালে চতুর্থাংশ পরিমাণ জিতকাষ্ঠের চৌকাঠ করিল। [৩৪] এবং দুই কপাট দেবদারু কাষ্ঠময় ছিল এক কপাটের দুই পত্র কব্জাতে খেলিল ও অন্য কপাটের দুই পত্র কব্জাতে খেলিল। [৩৫] পরে সে কিরূবেরদিগকে ও তালবৃক্ষ ও বিকসিত পুষ্প করিয়া খোদকারি কর্ম্মের উপরি বসান স্বর্ণেতে তাহা মণ্ডিত করিল।

[৩৬] অপর ভিতর উঠানে সে তিন পঙ্‌ক্তি তক্ষিত প্রস্তরেতে ও এক পঙ্‌ক্তি আরেজ কাষ্ঠের আড়াতে নির্ম্মাণ করিল। [৩৭] চতুর্থ বৎসরের জিফ মাসে যিহুহের গৃহের ভিত্তিমূল করা গেল। [৩৮] এবং একাদশ বৎসরের বূল মাসে অর্থাৎ অষ্টম মাসে ঐ গৃহ তাহার প্রকারানুসারে সর্ব্বত্র সমাপ্ত হইল অতএব তাহার গ্রন্থনে সাত বৎসর গেল।

৭ পর্ব্ব।

[১] কিন্তু আপন গৃহ নির্ম্মাণকরাতে শলমনের ত্রয়োদশ বৎসর গেল পরে সে আপনার সমুদায় গৃহ নির্ম্মাণ করিয়া সমাপ্ত করিল।

[২] সে লিবানোনের অরণ্যস্থ গৃহও নির্ম্মাণ করিল তাহার দীর্ঘতা একশত হস্ত ও প্রস্থতা পঞ্চাশ হস্ত ও উচ্চতা ত্রিশ হস্ত তাহা চারি শ্রেণী আরেজকাষ্ঠের স্তম্ভোপরি স্থাপিত করা গেল এবং স্তম্ভোপরি আরেজকাষ্ঠের আড়া ছিল। [৩] এবং প্রত্যেক শ্রেণীতে পঞ্চদশ স্তম্ভ অর্থাৎ পঁয়তাল্লিশ স্তম্ভোপরিস্থ আড়ার উপরে আরেজকাষ্ঠেতে আচ্ছাদন করা গেল। [৪] এবং তিন সারি খিড়কী ছিল তাহাতে তিন সারিতে আলো আলোর সম্মুখে ছিল। [৫] এবং সমস্ত দ্বার ও চৌকাঠ খিড়কীর সহিত ঋজু ছিল ও তিন সারিতে আলোর সম্মুখে আলো ছিল।

[৬] এবং সে স্তম্ভেতে এক বারান্দা করিল তাহার দীর্ঘতা পঞ্চাশ হাত ও প্রস্থতা ত্রিশ হাত এবং বারান্দা তাহারদের সম্মুখে ছিল এবং অন্য স্তম্ভ ও বালোক তাহার সম্মুখে ছিল।

[৭] অপর বিচারাসনার্থে সে এক চান্দনী করিল অর্থাৎ বিচারের চান্দনী সে মাজিয়ার এক মুড়াহইতে অন্য মুড়াপর্য্যন্ত আরেজকাষ্ঠেতে আচ্ছাদিত ছিল।

[৮] এবং আপন বাসগৃহের বারান্দার মধ্যে তদ্রূপ নির্ম্মিত অন্য এক অঙ্গণ ছিল এবং শলমন আপন বিবাহিতা স্ত্রী ফরওহের কন্যার কারণ ঐ বারান্দার ন্যায় অন্য এক গৃহ নির্ম্মাণ করিল [৯] এই সকল ভিত্তিমূলঅবধি আলিসাপর্য্যন্ত ভিতরে ও বাহিরে তক্ষিত প্রস্তরের পরিমাণানুসারে করাতদ্বারা ছিন্ন বহুমূল্য প্রস্তরেতে নির্ম্মিত ছিল এবং প্রশস্ত উঠানের দিকে বাহিরেও তদ্রূপ। [১০] এবং বহুমূল্য প্রস্তর অর্থাৎ বৃহৎ প্রস্তর দশহস্তপরিমিত প্রস্তর ও আটহস্তপরিমিত প্রস্তরেতে ভিত্তিমূল করা গেল। [১১] এবং তদুপরি তক্ষিত প্রস্তরের পরিমাণানুসারে বহুমূল্য প্রস্তর ও আরেজকাষ্ঠ ছিল। [১২] এবং প্রশস্ত অঙ্গণ চতুর্দ্দিগে অর্থাৎ যিহুহের মধ্যাঙ্গণার্থে ও গৃহের বারান্দার নিমিত্তে তিন শ্রেণী তক্ষিত প্রস্তর ও এক শ্রেণী আরেজ কাষ্ঠের আড়াতে নির্ম্মিত ছিল।

[১৩] এবং শলমনরাজ প্রেরণ করিয়া খীরামকে সূরহইতে আনাইল। [১৪] সে নপ্তালির গোষ্ঠীর এক বিধবার সন্তান তাহার পিতা সূরস্থ এক কাংস্যকার সে বিদ্যাতে ও বুদ্ধিতে সম্পূর্ণ ও পিত্তলের সমস্ত কার্য্যেতে নিপুণ ছিল পরে সে শলমনরাজের নিকটে আসিয়া তাহার সমস্ত কার্য্য করিল। [১৫] যেহেতুক সে পিত্তলময় দুই স্তম্ভ ঢালিল প্রত্যেক স্তম্ভ অষ্টাদশ হস্ত উচ্চ এবং দ্বাদশ হস্ত সূত্র ঐ প্রত্যেক স্তম্ভ বেষ্টন করিত। [১৬] এবং স্তম্ভ দ্বয়ের মস্তকোপরি উপবেশনার্থে সে পিত্তলের দুই সাঁচুয়া মাথলা গঠিল এক মাথলার উচ্চতা পাঁচ হাত ও অন্য মাথলার উচ্চতা পাঁচ হাত। [১৭] এবং স্তম্ভের উপরিস্থ মাথলার নিমিত্তে ঝালা কার্য্যেতে জাল ও শৃঙ্খলের কার্য্যেতে বিপক্ব রজ্জু নির্ম্মাণ করিল এক মাথলার নিমিত্তে সাত ও অন্য মাথলার নিমিত্তে সাত। [১৮] এবং স্তম্ভ ও তন্মস্তকোপরিস্থ মাথলা আচ্ছাদনার্থে এক জালরূপ কার্য্যের উপরিস্থ বেষ্টনকারি দুই শ্রেণী দাড়িম্বাকার সে নির্ম্মাণ করিল এবং অন্য মাথলার নিমিত্তেও সে তদ্রূপ করিল।

[১৯] এবং বারান্দার স্তম্ভমস্তকোপরিস্থ মাথাল শৌষণরূপ কার্য্যেতে চারি হাত নির্ম্মিত

ছিল। [২০] এবং জালরূপ কার্য্যের নিকটস্থ
ঘুকের সম্মুখে দুই স্তম্ভের উপরিস্থ মাথলার উপ
রিভাগে দাড়িম্বাকার ছিল সে দাড়িম্বাকার চতু
র্দ্দিকে সারি২ হইয়া অন্য মাথলার উপরেও
দুই শত ছিল। [২১] পরে সে মন্দিরের বারা
ন্দায় স্তম্ভ স্থাপিত করিল সে দক্ষিণ দিকের স্তম্ভ
গ্রন্থন করিয়া তাহার নাম য়াকীন রাখিল পরে
বামদিকের স্তম্ভ গ্রন্থন করিয়া তাহার নাম বো
অজ রাখিল। [২২] এবং স্তম্ভদ্বয়োপরি শো
ষণরূপ কার্য্য ছিল এতদ্রূপে স্তম্ভের কার্য্য সমাপ্ত
হইল।

[২৩] অপর সে সাঁচুয়া এক সমুদ্র নির্ম্মাণ ক
রিল তাহা এক সীমাহইতে অন্য সীমাপর্য্যন্ত চ
তুর্দ্দিকে দশ হাত করা গেল তাহার উচ্চতা পাঁচ
হাত এবং ত্রিংশৎ হস্তপরিমিত এক সূত্র তাহা
বেষ্টন করিল। [২৪] এবং তাহার প্রান্তের
অধঃ চতুর্দ্দিগে গোলাকার ছিল সমুদ্রের চারি
দিকে এক২ হাতে দশ ছিল তাহা ঢালিবার কা
লে গোলাকার করিয়া ঢালা গেল। [২৫] তাহা
দ্বাদশ গোর উপরি স্থাপিত হইল তাহার তিন
উত্তরদর্শী ও তিন পশ্চিমদর্শী ও তিন দক্ষিণদর্শী
ও তিন পূর্ব্বদর্শী ছিল তাহারদের উপরে সমুদ্র
স্থাপিত হইল তাহাতে তাহারদের পশ্চাদ্ভাগ ভি
তরে থাকিল। [২৬] তাহা চারি অঙ্গুলি পুরু ও
তাহার কিনারা শোষণ পুষ্পাকারেতে ভূষিত
হইয়া পেয়ালার কানার সদৃশ নির্ম্মিত ছিল।
তাহাতে দুই সহস্র বাত আঁটিল।

[২৭] অপর সে পিত্তলময় দশ অবলম্বন নি
র্ম্মাণ করিল প্রত্যেক অবলম্বন চারি হাত দীর্ঘ
ও চারি হাত প্রস্থ ও তিন হাত উচ্চ। [২৮]
অবলম্বনের গঠন এই মত ছিল তাহারদের সী
মান্ত ছিল ও সীমান্ত কার্ণিশের মধ্যে ছিল।
[২৯] এবং কার্ণিশের মধ্যস্থিত সীমান্তের উপরে
সিংহ ও গরু ও কিরূব ছিল ও কার্ণিশের উপরি
ভাগে অবলম্বন ছিল এবং সিংহ ও গরুরদের
নীচে আর২ কতক সূক্ষ্ম কার্য্যের অলঙ্কার দিল
[৩০] প্রত্যেক অবলম্বনের চারি পিত্তলময় চক্র
ও পিত্তলময় পত্র ছিল এবং চারি কোণের নী
চে অধঃস্থাপিতাবলম্বন ছিল স্নানপাত্রের নীচে
প্রত্যেক অলঙ্কারের নিকটে সাঁচুয়া অধঃস্থাপি
তাবলম্বন ছিল। [৩১] এবং মাথলা ও তদুপ
রি তাহার মুখ এক হাত কিন্তু ঐ অবলম্বনের গঠ
নের ন্যায় দেড় হাত তাহার মুখ গোল তাহার
মুখের উপরে ও তাহার সীমান্তের উপরে খোদ
কারি কার্য্য ছিল তাহা চতুষ্কোণ ছিল গোল
নয়। [৩২] এবং সীমান্তের নীচে চারি চক্র ঐ
চক্রের ধূরী অবলম্বনেতে অবলম্বন করিল প্র
ত্যেক চক্র দেড় হাত উচ্চ। [৩৩] রথচক্রের
ন্যায় ঐ২ চক্রের গঠন ছিল তাহার ধূরী ও তা
হার নেমি ও তাহার নাভি ও তাহার দণ্ড সকল
সাঁচুয়া ছিল। [৩৪] এবং প্রত্যেক অবলম্বনের
চতুষ্কোণে চারি অধঃস্থাপিতাবলম্বন ছিল।
[৩৫] সে অধঃস্থাপিতাবলম্বন স্বয়ং অবলম্বনের
সহিত নির্ম্মিত ছিল অবলম্বন মস্তকোপরি অর্দ্ধ
হস্তউচ্চ এক গোল বেষ্টনকারি কার্য্য ছিল এবং
অবলম্বনের মস্তকোপরি তাহার কার্ণিশ ও সী
মান্তের তুল্য গঠন ছিল। [৩৬] যেহেতুক তাহার
কার্ণিশের পাত্রোপরি ও তাহার সীমান্তোপরি
সে প্রত্যেকের পরিমাণানুসারে ও চতুর্দ্দিকস্থ
অলঙ্কারানুসারে কিরূবেরদিগকে ও সিংহেরদি
গকে ও তালবৃক্ষ খুদিল। [৩৭] এতদ্রূপে সে
দশ পিত্তলময় অবলম্বন নির্ম্মাণ করিল সে সক
লের এক প্রকার সাঁচুয়া কর্ম্ম ও এক পরিমাণ ও
এক দীর্ঘতা ছিল।

[৩৮] অপর সে দশ পিত্তলময় স্নানপাত্র নি
র্ম্মাণ করিল প্রত্যেক স্নানপাত্রে চল্লিশ বাত আঁ
টিল এক২ স্নানপাত্র চারি হাত এবং সে প্রত্যে
ক অবলম্বনোপরি এক২ স্নানপাত্র। [৩৯]
পরে সে গৃহের দক্ষিণ পার্শ্বে পাঁচ অবলম্বন রা
খিল ও গৃহের বাম পার্শ্বে পাঁচ রাখিল পরে পূ
র্ব্বদিগে গৃহের দক্ষিণ পার্শ্বে দক্ষিণ দিগের সম্মু
খে সমুদ্র স্থাপিত করিল।

[৪০] খীরাম সে স্নানপাত্র ও হাতা ও ডাবু
নির্ম্মাণ করিল এতদ্রূপে খীরাম যিহুহের গৃহের
উদ্দেশে শলমনরাজের কারণ যে২ কার্য্য করি
য়াছিল সে সকল সমাপ্ত করিল। [৪১] সে
দুই স্তম্ভ ও দুইস্তম্ভোপরিস্থ মাথলার গোলা
কার ও স্তম্ভোপরিস্থ মাথলার গোলাকার ও
আচ্ছাদনার্থক জালবৎ দুই আচ্ছাদক। [৪২]
ও জালবৎ দুই কার্য্যের নিমিত্তে চারিশত দা
ড়িম্বাকার অর্থাৎ স্তম্ভোপরিস্থ মাথলার দুই
গোলাকার আচ্ছাদনার্থক প্রত্যেক জালবৎ কা
র্য্যার্থে দুই শ্রেণী দাড়িম্বাকার। [৪৩] এবং
দশ অবলম্বন ও অবলম্বনোপরি দশ স্নানপাত্র
[৪৪] এবং এক সমুদ্র ও সমুদ্রের অধো দ্বাদশ
গরু। [৪৫] এবং বহুগুণা ও চমস ও ডাবু যে
সকল পাত্র যিহুহের গৃহের উদ্দেশে খীরাম শ
লমনরাজের কারণ নির্ম্মাণ করিল সে সকল তে
জস্বী পিত্তলময় ছিল। [৪৬] য়রদনের মাঠে
সুকোত ও সারতানের মধ্যস্থিত চিক্কণ ভূমিতে
রাজা তাহা ঢালাইল। [৪৭] এবং শলমন ঐ
সকল পাত্র অমনি রাখিল যেহেতুক সে সকল
অতিবিস্তর তাহাতে সে পিত্তলের পরিমাণ জানা
গেল না। [৪৮] এবং শলমন যিহুহের গৃহের

কারণ তাবৎ পাত্র নির্ম্মাণ করিল সে স্বর্ণবেদি
ও দৃষ্টিভোগ রুটি রক্ষার্থক স্বর্ণ মেজ ও ঈশ্বরের
বাক্যস্থানসম্মুখস্থ নির্ম্মল স্বর্ণময় দীপগাছা ।
[৪৯] পাঁচ দক্ষিণে ও পাঁচ বামে তাহারদের
স্বর্ণময় পুষ্প ও নির্ম্মল স্বর্ণময় কলিকা ও চিম
টাসুদ্ধ। [৫০] এবং পাত্র ও প্রদীপত্রাস ও পে
য়ালা ও চমস ও ধূপপাত্র ও ভিতর ঘরের অ
র্থাৎ মহাপবিত্রস্থানের ও গৃহের অর্থাৎ মন্দি
রের কপাটের নিমিত্তে স্বর্ণময় কব্জা। [৫১] এত
দ্রূপে শলমনরাজ য়িহুহের উদ্দেশে যে সকল
কার্য্য করিল সে সকল সম্পূর্ণ হইল অপর আপন
পিতা দাউদ যে সকল দ্রব্য পবিত্র করিয়াছিলেন
সে সকল দ্রব্য শলমন তাহার মধ্যে আনিল ঐ
রূপা ও স্বর্ণ ও পাত্র সে য়িহুহের গৃহধনের
মধ্যে রাখিল।

৮ পর্ব্ব ।

[১] তৎকালে শলমন য়িশ্রাএলের প্রাচী
নেরদিগকে ও গোষ্ঠীরদের সমস্ত প্রাচীনেরদি
গকে অর্থাৎ য়িশ্রাএলের সন্তানেরদের পিতৃ
লোকেরদের প্রধানেরদিগকে য়িরূশালমে শল
মনরাজের নিকটে একত্র করিল যে তাহারা দাউ
দের নগর সীওনহইতে য়িহুহের নিয়মসিন্দুক
আনয়ন করে। [২] এবং এতানীম মাসে অ
র্থাৎ সপ্তম মাসে উৎসবসময়ে য়িশ্রাএলের
তাবল্লোক শলমনরাজের নিকটে একত্র হইল।
[৩] পরে য়িশ্রাএলের প্রাচীনেরা আইল পরে
যাজকেরা সিন্দুক উঠাইল। [৪] পরে তাহারা য়ি
হুহের সিন্দুক ও মণ্ডলীর পবিত্র তাম্বু ও পবিত্র
তাম্বুমধ্যস্থ সমস্ত পবিত্র পাত্র আনিল অর্থাৎ যা
জকেরা ও লৈবেরা আনিল। [৫] এবং শল
শমনরাজও তাহার নিকটে আগত য়িশ্রাএ
লের তাবন্মণ্ডলী বহুত্বপ্রযুক্ত অসঙ্খ্য মেষগবা
দি হোম করত সিন্দুকের সম্মুখে উপস্থিত হইল।
[৬] এবং যাজকেরা গৃহমধ্যস্থ ঈশ্বরের বাক্যস্থা
নে অর্থাৎ অতিপবিত্র স্থানে কিরূবেরদের ডে
নার নীচে তন্নিরূপিত স্থানে য়িহুহের নিয়মসি
ন্দুক আনয়ন করিল। [৭] যেহেতুক কিরূবে
রা আপনারদের দুই ডেনা সিন্দুকের স্থানোপ
রি বিস্তীর্ণ করিল এবং কিরূবেরা সিন্দুক ও তা
হার সাইঙ্গের উপরে আচ্ছাদন করিল। [৮]
এবং সাইঙ্গের মুড়া ঈশ্বরের বাক্যস্থানের সম্মুখে
পবিত্র স্থানে দৃষ্টহওনার্থে তাহারা সাইঙ্গ টা
নিয়া বাহির করিল তাহাতে তাহা বাহিরে দেখা
গেল না এবং তাহারা অদ্যপর্য্যন্ত সে স্থানে আ
ছে। [৯] য়িশ্রাএলের সন্তানেরদের মিসরহ
ইতে নির্গমনকালে য়িহুহ তাহারদের সহিত
যখন নির্দ্ধারণ করিলেন তখন মোশহ্‌কর্ত্তৃক খো
রেবে স্থাপিত দুই প্রস্তরময় তক্তাব্যতিরেকে সি
ন্দুকমধ্যে আর কিছু ছিল না।

[১০] এবং এমত হইল পবিত্রস্থানমধ্যহই
তে যাজকেরদের আগমনকালে য়িহুহের গৃহ
মেঘেতে এমত পূর্ণ হইল [১১] যে ঐ মেঘপ্র
যুক্ত যাজকেরা দণ্ডায়মান হইয়া সেবাকরণে
অসমর্থ হইল যেহেতুক য়িহুহের তেজ য়িহুহের
গৃহ পূর্ণ করিয়াছিল।

[১২] তখন শলমন কহিল য়িহুহ এমন কহি
য়াছেন যে আপনি ঘোরান্ধকারে বাস করিবেন
[১৩] আমি তোমার বাসার্থে অবশ্য এক গৃহ
নির্ম্মাণ করাইয়াছি তাহাতে তোমার নিত্য বা
সার্থে তাহাই স্থিরীকৃত এক স্থান। [১৪] অপর
রাজা আপন মুখ ফিরাইয়া য়িশ্রাএলের তাব
ন্মণ্ডলীকে আশীর্ব্বাদ করিল পরে য়িশ্রাএলের
সমস্ত মণ্ডলী দণ্ডায়মান হইল। [১৫] অপর
রাজা কহিল আমার পিতা দাউদের প্রতি আ
পন মুখেতে এ কথা কহিলেন ও আপন হস্তে
তে তাহা পূর্ণ করিলেন যে য়িশ্রাএলের ঈশ্বর
য়িহুহ তিনিই ধন্য। [১৬] আপন য়িশ্রাএল
লোকেরদিগকে মিসরহইতে বাহির করিয়া আ
নয়নদিবসাবধি আমি আপন নামস্থাপনার্থে
য়িশ্রাএলের সমস্ত গোষ্ঠীর মধ্যে গৃহনির্ম্মাণা
র্থে কোন নগর মনোনীত করি নাই কিন্তু আ
মার য়িশ্রাএল লোকেরদের প্রভু হইবার কা
রণ আমি দাউদকে মনোনীত করিলাম। [১৭]
এবং য়িশ্রাএলের ঈশ্বর য়িহুহের নামের উদ্দে
শে এক গৃহনির্ম্মাণ করিতে আমার পিতা দাউ
দের অন্তঃকরণে ছিল। [১৮] তাহাতে য়িহুহ
আমার পিতা দাউদকে কহিলেন আমার নামের
উদ্দেশে এক গৃহনির্ম্মাণ করিতে তোমার মনোবৃ
ত্তি ছিল ও তাহা যে তোমার মনোবৃত্তি ছিল
তাহাতে তুমি ভাল করিয়াছ। [১৯] তথাপি
তুমি তদগৃহগ্রন্থন করিবা না কিন্তু তোমার যে ঔ
রস সন্তান জন্মিবে সে আমার নামের উদ্দেশে
গৃহ নির্ম্মাণ করিবে। [২০] এবং য়িহুহ আপন
কথিত বাক্য সম্পূর্ণ করিয়াছেন তাহাতে আমি
আপন পিতা দাউদের স্থানবর্ত্তী হইয়াছি এবং
য়িহুহের প্রতিজ্ঞানুসারে আমি য়িশ্রাএলের
সিংহাসনোপবিষ্ট হইয়াছি ও য়িশ্রাএলের
ঈশ্বর য়িহুহের নামের উদ্দেশে এক গৃহনির্ম্মাণ
করিয়াছি। [২১] এবং আমারদের পিতৃলো
কেরদিগকে মিসরদেশহইতে বাহির করিয়া আ
নয়নকালে য়িহুহ তাহারদের সহিত যে নিয়ম
করিলেন তন্নিয়মসিন্দুকস্থাপনার্থে আমি সেখা
নে এক স্থান প্রস্তুত করিয়াছি।

[২২] অপর শলমন য়িশ্রাএলের সমস্ত মণ্ড

দীয় সাক্ষাৎ য়িহুহের যজ্ঞবেদির সমীপে দণ্ডায়
মান হইয়া স্বর্গের প্রতি আপন হস্ত বিস্তার করিয়া
কহিল। [২৩] হে য়িহুহ য়িশ্রাএলের ঈশ্বর
তোমার যে দাসেরা আপনারদের সর্ব্বান্তঃকর
ণেতে তোমার সম্মুখে আচরণ করে তাহারদের
নিমিত্তে নিয়ম ও দয়াপালক।* [২৪] আমার
পিতা দাউদের প্রতি কৃত প্রতিজ্ঞা পালক এবং
আপন মুখেতে কহিয়াছ ও অদ্য যেমন প্রত্যক্ষ
আছে তেমন স্বহস্তদ্বারা সম্পূর্ণকারি তোমার
তুল্য উপরিস্থ স্বর্গেতে ও অধঃস্থ পৃথিবীতে আর
কোন দেব নাই। [২৫] অতএব এখন হে য়িহুহ
য়িশ্রাএলের ঈশ্বর তুমি এ কথা কহিয়া আপন
দাস আমার পিতা দাউদের নিকটে প্রতিজ্ঞা করি
য়াছ যে আমার সম্মুখে তুমি যেমত আচার করি
য়াছ তোমার সন্তানেরা যদি আমার সম্মুখে সে
মত আচরণার্থে সাবধান হয় তবে য়িশ্রাএ
লের সিংহাসনোপবেশনার্থে তোমার বংশে
আমার দৃষ্টিতে মনুষ্যের অভাব হইবে না সে
কথা পালন কর। [২৬] এবং এখন হে য়িশ্রা
এলের ঈশ্বর আমি এই মিনতি করি তোমার দাস
আমার পিতা দাউদের প্রতি তুমি যে কথা ক
হিলা তাহা সত্য হউক। [২৭] কিন্তু ঈশ্বর কি
নিতান্ত পৃথিবীতে বাস করিবেন দেখ স্বর্গ ও
স্বর্গেরদের স্বর্গ তোমাকে ধারণ করিতে পারে না
তবে আমি যে গৃহ নির্ম্মাণ করিয়াছি তাহা কি
পুনঃ ধারণ করিবে। [২৮] তথাচ হে আমার
ঈশ্বর য়িহুহ তোমার দাস অদ্য তোমার নিকটে
যে নিবেদন ও প্রার্থনা করে সে নিবেদন ও প্রা
র্থনাশ্রবণার্থে এবং এ স্থানের দিকে মুখ রাখি
য়া তোমার দাস যে প্রার্থনা করিবে [২৯] তাহা
তে অবধানার্থে দিবারাত্রি তোমার দৃষ্টি এ গৃ
হের প্রতি অর্থাৎ যে স্থানের বিষয়ে তুমি কহি
য়াছ যে আমার নাম সেস্থানে থাকিবে সে স্থা
নের প্রতি যে উন্মীলিত থাকে এই কারণও তো
মার দাসের নিবেদন ও প্রার্থনাতে অবধান কর।
[৩০] এবং তোমার দাসের মিনতিতে ও তোমার
য়িশ্রাএল লোকেরা যখন এ স্থানের দিকে মুখ
রাখিয়া প্রার্থনা করে তখন তাহারদেরও প্রার্থ
নাতে অবধান কর এবং তোমার নিবাসস্থান
রূপ স্বর্গে থাকিয়া শ্রবণ কর ও যখন শ্রবণ কর
তখন ক্ষমা কর।

[৩১] যদি কেহ আপন প্রতিবাসির প্রতিকূলে
অপরাধ করে তাহাতে তাহাকে দিব্য করাইবার
জন্যে এক দিব্য তাহার উপরে দেওয়া যায় ও
সে দিব্য এ স্থানে তোমার যজ্ঞবেদির সম্মুখে
উপস্থিত করা যায়। [৩২] তবে তুমি স্বর্গে থা
কিয়া শ্রবণ কর ও কর্ম্ম কর ও দোষির আচার
তাহার মস্তকে আনয়নার্থে তাহাকে নিশ্চিত
দোষ করত ও ধার্ম্মিককে তাহার ধর্ম্মানুসারে
ফল দেওনার্থে তাহাকে ধার্ম্মিকীকরত আপন
দাসেরদের বিচার কর।

[৩৩] যখন তোমার য়িশ্রাএল লোকেরা তো
মার বিপরীতে পাপকরণেতে শত্রুরদের সম্মুখে
মারা যায় ও পরে তোমার প্রতি পুনর্ব্বার ফিরে
ও এই গৃহেতে তোমার নাম স্বীকার করিয়া তো
মার নিকটে প্রার্থনা ও মিনতি করে। [৩৪] তখন
তুমি স্বর্গে থাকিয়া অবধান কর ও তোমার য়িশ্
রাএল লোকেরদের পাপ ক্ষমা কর ও তাহার
দের পিতৃলোকেরদিগকে তুমি যে দেশ দিয়াছ
সে দেশে তাহারদিগকে পুনর্ব্বার আন।

[৩৫] তোমার বিপরীতে তাহারদের পাপকর
ণেতে যখন স্বর্গ রুদ্ধ হইয়া বৃষ্টি না হয় তখন যদি
তাহারা এস্থানের দিকে মুখ রাখিয়া প্রার্থনা
করে ও তোমার নাম স্বীকার করে এবং তুমি তা
হারদিগকে ক্লেশ দিলে আপন২ পাপে পরাঙ্
মুখ হয়। [৩৬] তখন তুমি স্বর্গে থাকিয়া অব
ধান কর এবং তোমার দাসেরদের ও তোমার
য়িশ্রাএল লোকেরদের অপরাধ ক্ষমা কর ও উ
ত্তম পথ ও তাহারদের গন্তব্য পথ তাহারদিগকে
শিক্ষা করাও ও অধিকারার্থে তোমার লোকের
দের প্রতি দত্ত দেশে বৃষ্টি দেও।

[৩৭] যদি দেশে দুর্ভিক্ষ হয় যদি মারি কিম্বা
শূআ কিম্বা শোষণ কিম্বা পঙ্গপাল ফড়িঙ্গ কিম্বা
পোকা হয় যদি তাহারদের নগরময় দেশে তা
হারদের শত্রু তাহারদিগকে অবরোধ করে যদি
কোন আঘাত ও কোন রোগ হয় [৩৮] তবে আ
পন অন্তঃকরণের পীড়া জানিয়া এ গৃহের দিকে
হস্ত বিস্তারকারি প্রত্যেক জনকর্ত্তৃক কিম্বা আপন
সমস্ত য়িশ্রাএললোককর্ত্তৃক যে কোন প্রার্থনা
কিম্বা মিনতি করা যাইবে। [৩৯] তাহা তোমার
নিবাসস্থানরূপ স্বর্গে থাকিয়া শ্রবণ কর ও ক্ষমা
কর ও উদ্যোগ কর এবং যে প্রত্যেক জনের অন্তঃ
করণ তুমি জ্ঞাত আছ তাহারদিগকে স্বস্বক্রিয়ানু
সারে ফল দেও যেহেতুক কেবল তুমি আপনিই
সমস্ত মনুষ্যের সন্তানেরদের মানসজ্ঞ আছ।
[৪০] যে তাহারা আমারদের পিতৃলোকেরদিগ
কে তোমাতে দত্ত দেশে যত দিন বাস করে তত্তা
বদ্দিবস তোমাতে ভয় করে।

[৪১] আরো তোমার য়িশ্রাএল লোকে
তে অজ্ঞাত অথচ আপনার নামপ্রযুক্ত দূরদেশ
হইতে আগত বিদেশী [৪২] কেননা তাহারা
তোমার মহানাম ও তোমার সবল হস্ত ও তো
মার বিস্তীর্ণ ভুজের কথা শ্রবণ করিবে সে যখন
আসিয়া এ গৃহের অভিমুখে প্রার্থনা করে।

[৪৩] তখন তোমার বাসস্থান স্বর্গে থাকিয়া তুমি শুন এবং বিদেশী তোমার নিকটে যে প্রার্থনা করে সে সকলানুসারে কর যে তোমার য়িশ্‌রাএল লোকেরা যেমত তোমাকে ভয় করে সেমত পৃথিবীর সকল লোক তোমাকে ভয় করে ও জানে যে আমি যে গৃহনির্ম্মাণ করিয়াছি তাহা তোমার নামেতে খ্যাত।

[৪৪] তুমি আপন লোকেরদিগকে যে কোন স্থানে প্রেরণ করিবা তাহারা যদি সে স্থানে আপনারদের শত্রুরদের সহিত যুদ্ধ করিতে যায় এবং তুমি যে নগর মনোনীত করিয়াছ তাহার দিগে ও আমি তোমার নামের উদ্দেশে যে গৃহ নির্ম্মাণ করিয়াছি তাহার দিগেও মুখ রাখিয়া য়িহুহের কাছে প্রার্থনা করে। [৪৫] তবে তুমি স্বর্গে থাকিয়া তাহারদের প্রার্থনা ও মিনতি শ্রবণ করিয়া তাহারদিগকে কৃতার্থ কর। [৪৬] তাহারা যদি তোমার বিরুদ্ধে পাপ করে কেননা অকৃতপাপ কেহ নাই এবং তুমি যদি তাহারদের প্রতি ক্রুদ্ধ হও ও তাহারদিগকে শত্রুরদের হস্তগত এমন কর যে তাহারা তাহারদিগকে শত্রুর দেশে দূরে কিম্বা নিকটে বন্দি করিয়া লইয়া যায়। [৪৭] তাহারা যে দেশে বন্দিরূপে নীত হয় সে স্থানে যদি বিবেচনা করিয়া পরামনন করে ও যাহারা তাহারদিগকে বন্দিদশায় লইয়া গেল তাহারদের দেশে যদি ইহা কহত তোমার নিকটে মিনতি করিয়া কহে যে আমরা পাপ করিয়াছি আমরা বিপথগামী হইয়াছি আমরা দুষ্টতা করিয়াছি [৪৮] এবং তাহারদের যে শত্রুরা তাহারদিগকে লইয়া গেল তাহারদের দেশে আপনারদের সকল মনের সহিত ও সর্ব্বান্তঃকরণের সহিত তোমার প্রতি ফিরে এবং তুমি তাহারদের পিতৃলোকেরদিগকে যে দেশ দিয়াছ সে দেশের দিকে ও তুমি যে নগর মনোনীত করিয়াছ সে নগরের দিগে ও আমি তোমার নামের উদ্দেশে যে গৃহ নির্ম্মাণ করিয়াছি তাহার দিকেও মুখ রাখিয়া যদি প্রার্থনা করে। [৪৯] তবে তুমি আপন নিবাসস্থানরূপ স্বর্গে থাকিয়া তাহারদের প্রার্থনা ও তাহারদের মিনতি শ্রবণ কর ও তাহারদের ন্যায় কর। [৫০] এবং তোমার বিপরীতে পাপকারি আপনার লোকেরদিগকে ক্ষমা কর ও তাহারা যে সকল অতিক্রমেতে তোমার আজ্ঞাতিক্রম করিয়াছে তাহাও ক্ষমা কর। ও যাহারা তাহারদিগকে বন্দি করিয়া লইয়া গেল তাহারা তাহারদের উপরে দয়া করিবার কারণ তাহারদিগকে তাহারদের গোচরে দয়াপ্রাপ্ত কর। [৫১] যেহেতুক তুমি যাহারদিগকে মিসরের মধ্যহইতে অর্থাৎ লৌহময় আফরহইতে আনিয়াছ সে তোমার লোক ও তোমার অধিকার ইহারাই। [৫২] এবং তোমার দাস ও তোমার য়িশ্‌রাএল লোক তোমার নিকটে যে২ প্রার্থনা করে সে সকল বিষয়ে যে তুমি তাহারদের বাক্যেতে অবধান কর তন্নিমিত্তে তোমার চক্ষু তাহারদের মিনতিতে উন্মীলিত হইবার নিমিত্তে তাহারদের কথা শ্রবণ কর। [৫৩] যেহেতুক হে য়িহুহ পরমেশ্বর তুমি যখন আমারদের পিতৃলোকেরদিগকে মিসরের মধ্যহইতে আনিলা তখন তোমার দাস মোশহের প্রমুখাৎ যেমন কহিলা সেমত তোমার অধিকারার্থে তুমি তাহারদিগকে পৃথিবীস্থ সকল লোকেরদের মধ্যহইতে পৃথক্ করিলা।

[৫৪] এবং এমত হইল যখন শলমন য়িহুহের নিকটে এ সকল প্রার্থনা ও মিনতিকরণ সাঙ্গ করিল তখন সে স্বর্গের দিগে হাত বিস্তীর্ণ করিয়া য়িহুহের যজ্ঞবেদির সম্মুখহইতে অর্থাৎ আপন হাঁটু পাড়িয়া বৈসনহইতে উঠিল। [৫৫] এবং দণ্ডায়মান হইয়া উচ্চৈঃস্বরে এ কথা কহত য়িশ্‌রাএলের তাবদগুলীকে আশীর্ব্বাদ করিল। [৫৬] যে আপন সকল প্রতিজ্ঞানুসারে আপন য়িশ্‌রাএল লোকেরদিগকে বিশ্রাম দায়ি য়িহুহই ধন্য তিনি আপন দাস মোশহের প্রমুখাৎ যে প্রতিজ্ঞা করিলেন তাঁহার সে উত্তম প্রতিজ্ঞার এক কথারো ত্রুটি হইল না। [৫৭] আমারদের ঈশ্বর য়িহুহ যেমন আমারদের পিতৃলোকেরদের সহবর্ত্তী ছিলেন তেমন আমারদের সহবর্ত্তী হউন ও আমারদিগকে ত্যাগ না করুন ও না ছাড়ুন। [৫৮] এবং আমারদের পিতৃলোকেরদিগকে যে পথ ও আজ্ঞা ও বিধি ও বিচার আজ্ঞা করিলেন তাঁহার সে সকল পথে চলিতে ও তাঁহার আজ্ঞা ও বিধি ও বিচার পালন করিতে আমারদের অন্তঃকরণ লওয়াউন। [৫৯] এবং আমি যে কথাতে য়িহুহের নিকটে প্রার্থনা করিয়াছি আমার সে কথা দিবারাত্রি য়িহুহ পরমেশ্বরের নিকটে হউক যে বিষয়েতে যেমন প্রয়োজন হয় তিনি তেমন সর্ব্বদা আপন দাসের বিষয় ও আপন য়িশ্‌রাএল লোকের বিষয় সিদ্ধ করুন। [৬০] যে পৃথিবীর তাবল্লোক জানে যে য়িহুহব্যতিরেকে আর কোন ঈশ্বর নাই। [৬১] অতএব আমারদের ঈশ্বর য়িহুহের বিধিতে আচার করিতে ও অদ্য যদ্রূপ আছে তদ্রূপ তাঁহার আজ্ঞা পালন করিতে তোমারদের অন্তঃকরণ সম্পূর্ণরূপে তাঁহার নিকটবর্ত্তী হউক।

[৬২] অপর রাজা ও তাহার সহিত সমস্ত

য়িশ্রাএল য়িহুহের উদ্দেশে যজ্ঞ করিল। [৬৩]
এবং শলমন য়িহুহের উদ্দেশে দ্বাবিংশতি সহ
স্র গরু ও এক লক্ষ বিংশতি সহস্র মেষকে স্বস্ত্য
য়নরূপে হোম করিল রাজা ও য়িশ্রাএলের
সকল সন্তানেরা এতদ্রূপে য়িহুহের মন্দিরের
প্রতিষ্ঠা করিল। [৬৪] তদ্দিনে রাজা য়িহুহের
মন্দিরের সম্মুখস্থ উঠানের মধ্যভাগ পবিত্র ক
রিল যেহেতুক সে স্থানে সে হোম ও চরু ও স্ব
স্ত্যয়নের চরবি দিল কেননা য়িহুহের সম্মুখস্থ
পিত্তলময় যজ্ঞবেদি হোম ও চরু ও স্বস্ত্যয়নের
চরবি গ্রহণ করিতে অতিক্ষুদ্র ছিল। [৬৫] তৎ
কালে শলমন ও তাহার সমভিব্যাহারি য়িশ্
রাএলের সমস্ত লোক খ্মাতের প্রবেশস্থানাবধি
মিস্রের নদীপর্য্যন্ত অতি বড় মণ্ডলী সাত দিন
ও সাত দিন অর্থাৎ চৌদ্দ দিন ভোজন করিল।
[৬৬] অষ্টম দিনে সে লোকেরদিগকে বিদায়
করিল পরে তাহারা রাজাকে আশীর্ব্বাদ করিল
এবং য়িহুহ আপন দাস দাউদের কারণ ও আ
পন য়িশ্রাএল লোকেরদের কারণ যে সকল
মঙ্গল করিয়াছিলেন তাহাতে আনন্দিত ও হৃষ্ট
চিত্ত হইয়া আপন২ নিবাসে গেল।

৯ পর্ব্ব।

[১] শলমন য়িহুহের গৃহ ও রাজগৃহ ও শল
মন যাহা করিতে ইচ্ছা করিল সে সকল নির্ম্মাণ ক
রিয়া সাঙ্গ করিলে এমত হইল [২] য়িহুহ যেমন
গিবিওনে শলমনের নিকটে দর্শন দিলেন তেমন
দ্বিতীয়বার তাহাকে দর্শন দিলেন। [৩] ও য়ি
হুহ তাহাকে কহিলেন তুমি আমার সম্মুখে যে
প্রার্থনা ও মিনতি করিয়াছ তোমার সে প্রার্থনা
ও মিনতি আমি শুনিয়াছি এবং তুমি যে গৃহ
নির্ম্মাণ করিয়াছ তাহাতে আমার নাম নিত্য স্থা
পন করিবার কারণ সে গৃহ আমি পবিত্র করিয়া
ছি এবং আমার চক্ষু ও আমার অন্তঃকরণ সে
স্থানে নিত্য থাকিবে। [৪] এবং তোমার পিতা
দাউদ যেরূপ আচরণ করিল তদ্রূপ আচরণ করি
তে আমি তোমাকে যে২ আজ্ঞা দিয়াছি সে২ আ
জ্ঞানুসারে করিতে যদি অন্তঃকরণের সম্পূর্ণতায়
ও সরলতায় আমার সম্মুখে আচরণ করিবা ও
আমার বিধি ও বিচার পালন করিবা। [৫] তবে
আমি এ কথা কহিয়া যেমন তোমার পিতা দাউ
দের প্রতি প্রতিজ্ঞা করিয়াছিলাম যে য়িশ্রাএ
লের সিংহাসনোপরি তোমার বংশে মনুষ্যের
অভাব হইবে না তদনুসারে আমি য়িশ্রাএলো
পরি তোমার সিংহাসন সদা স্থির করিব। [৬]
কিন্তু যদি তোমরা অর্থাৎ তোমরা কিম্বা তোমার
দের সন্তানেরা আমার অনুগমনহইতে কোন
মতে ফির ও আমি তোমারদের সম্মুখে যে আজ্ঞা
ও বিধি স্থাপন করিয়াছি তাহা পালন না কর
কিন্তু যাইয়া অন্য দেবেরদের সেবা ও পূজা কর।
[৭] তবে আমি যে দেশ য়িশ্রাএলকে দিয়াছি
সে দেশের মধ্যহইতে তাহারদিগকে উচ্ছিন্ন ক
রিব এবং এ যে ঘর আমি আপন নামের কারণ
পবিত্র করিয়াছি তাহা আপন দৃষ্টিহইতে ফে
লিয়া দিব ও সকল লোকেরদের মধ্যে য়িশ্রা
এল নাম উপদেশ বাক্য ও কাহিনি হইবে। [৮]
এবং এ যে ঘর উচ্চ আছে ইহার নিকট দিয়া
যে প্রত্যেক জন যায় সে চমৎকৃত হইবে ও ছিছি
করিয়া কহিবে যে য়িহুহ কি নিমিত্তে এ দেশ
ও এ ঘরের প্রতি এ প্রকার করিয়াছেন। [৯]
তখন তাহারা প্রত্যুত্তর করিবে যে তাহারদের
পিতৃলোকেরদিগকে মিস্রের মধ্যহইতে বাহির
করিয়া আনয়নকারি তাহারদের ঈশ্বর য়িহুহকে
ত্যাগ করিয়া তাহারা অন্য দেবেরদের আশ্রয়
লইয়াছে ও তাহারদের ভজনা ও সেবা করিয়া
ছে তৎপ্রযুক্ত য়িহুহ তাহারদের উপরে এ সকল
অমঙ্গল আনিয়াছেন।

[১০] কুড়ি বৎসরের অন্তে এমত হইল শল
মন সে দুই গৃহ অর্থাৎ য়িহুহের গৃহ ও রাজগৃহ
নির্ম্মাণ করিলে [১১] এবং সূরের রাজা খীরাম
শলমনের সকল ইচ্ছানুসারে তাহাকে আরেজ
বৃক্ষ ও দেবদারুবৃক্ষ ও স্বর্ণ যোগাইলে শলমন
রাজা খীরামকে গালিলিদেশস্থ বিংশতি নগর
দিল। [১২] এবং শলমন যে নগর তাহাকে
দিল সে নগর দেখিতে খীরাম সূরহইতে আইল
ও তাহা তাহার তুষ্টিকর ছিল না। [১৩] তা
হাতে সে কহিল যে হে আমার ভ্রাতা এ কি নগর
যে তুমি আমাকে দিয়াছ পরে অদ্যপর্য্যন্ত সে
দেশের নাম কাবূল দেশ রাখিল। [১৪] পরে
খীরামরাজাকে একশত কুড়ি কিকার স্বর্ণ পাঠা
ইয়া দিল।

[১৫] এবং শলমন যে হাসিলের নিরূপণ
করিল তাহার মূল এই য়িহুহের বাটী ও আপ
নার বাটী ও মিলো ও য়িরূশালমের প্রাচীর ও
খাসোর ও মিগিদো ও গাজেরের নির্ম্মাণ। [১৬]
মিস্রের ফরওহরাজ গিয়া গাজের অধিকার
করিয়া তাহা অগ্নিতে পোড়াইয়াছিল ও সে
নগরবাসি কনআনীয়েরদিগকে বধ করিয়া আ
পন কন্যাকে অর্থাৎ শলমনের ভার্য্যাকে তাহা
দিয়াছিল। [১৭] অতএব শলমন গাজের ও অ
ধঃস্থ বৈৎখারোণ ও বআলাত [১৮] ও অরণ্যস্থ
তদমোর সে দেশে নির্ম্মাণ করিল। [১৯] এবং
শলমনের কোষনগর ও তাহার রথনিমিত্তে
নগর ও অশ্বারোহিরদের নিমিত্তে নগর এবং য়ি
রূশালমে ও লিবানোনে ও তাহার অধিকার

দেশের সর্ব্বত্র শলমন যে সকল নির্ম্মাণ করিতে
ইচ্ছা করিল সে সকল নির্ম্মাণ করিল।
[২০] এবং যাহারা য়িশ্‌রাএলের সন্তান নয়
এমন যে অমোরীয়েরদের ও খিত্তীয়েরদের ও
পিরিজ্জীয়েরদের ও খিব্বীয়েরদের ও য়িবূসীয়ের
দের অবশিষ্ট লোকেরা [২১] তাহারদের পরে
তাহারদের যে সন্তানেরা দেশে অবশিষ্ট থা
কিল ও যাহারদিগকে য়িশ্‌রাএলের সন্তানেরা
সর্ব্বথা নষ্ট করিতে পারিল না তাহারদের উপরে
শলমন অদ্যপর্য্যন্ত দাসত্বভার অর্পণ করিল।
[২২] কিন্তু য়িশ্‌রাএলের সন্তানেরদের মধ্যে
শলমন কাহাকেও দাস করিল না কিন্তু তাহারা
যোদ্ধা ও তাহার অনুচরেরা ও তাহার অধ্যক্ষে
রা ও তাহার সেনাপতিরা ও তাহার সারথি ও
অশ্বারোহিরদের অধ্যক্ষেরা ছিল। [২৩] এবং
শলমনের কর্ম্মের উপর যে প্রধান কর্ত্তারা ছিল
তাহারাই কর্ম্মকারি লোকেরদের পাঁচশত প
ঞ্চাশ শাসনকর্ত্তা।
[২৪] অপর শলমন ফরওহের কন্যার কারণ
যে বাটী প্রস্তুত করিয়াছিল তাহাতে সে কন্যা
দাউদের নগরহইতে আইল তখন সে মিলোও
নির্ম্মাণ করিল।
[২৫] এবং শলমন য়িহুহের কারণ যে যজ্ঞবে
দি নির্ম্মাণ করিয়াছিল তাহার উপর বৎসরের
মধ্যে সে তিনবার হোম ও স্বস্ত্যয়ন করিল এবং
য়িহুহের সম্মুখস্থ বেদির উপরে ধূপ পোড়াইল
তদ্রূপে সে ঘর সাঙ্গ করিল। [২৬] এবং শল
মনরাজ এদোমদেশে অরবীয় সমুদ্রতীরের নি
কটবর্ত্তি এলোতের নিকটস্থ এজিওনগেবে জা
হাজসমূহ নির্ম্মাণ করিল। [২৭] এবং শলমনের
দাসেরদের সহিত খীরাম আপন দাসেরদিগকে
অর্থাৎ জাহাজব্যবসায়ি সমুদ্রজ্ঞ লোকেরদিগ
কে সে জাহাজে প্রেরণ করিল। [২৮] পরে তা
হারা ওফিরে পঁহুছিয়া সে স্থানহইতে চারি শত
বিংশতি কিকার স্বর্ণ আনিয়া শলমনরাজের নি
কটে উপস্থিত করিল।

১০ পর্ব্ব।

[১] এবং যখন শিবার রাণী য়িহুহের নামের
বিষয়ে শলমনরাজের যশের সম্বাদ শুনিল তখন
সে কঠিন জিজ্ঞাসার দ্বারা তাহার পরীক্ষা করিতে
আইল। [২] এবং সে বড় জনতা ও সুগন্ধি
দ্রব্যবাহক উষ্ট্রেরদিগকে ও অনেক স্বর্ণ ও মণি
সমভিব্যাহার করিয়া য়িরূশালমে আইল এবং
শলমনের নিকটে আসিয়া আপন মনে যে স
কল ছিল সে সকলের বিষয়ে তাহার সহিত আ
লাপ করিল। [৩] এবং শলমন তাহার সকল
জিজ্ঞাসিত কথা তাহাকে কহিল রাজা যাহা তা
হাকে না কহিল এমন কোন বিষয় তাহার অ
গোচর ছিল না। [৪] যখন শিবার রাণী শলম
নের সকল জ্ঞান ও সে যে গৃহ নির্ম্মাণ করিয়া
ছিল তাহা [৫] ও তাহার মঞ্চস্থ ভক্ষ্য দ্রব্য ও তা
হার দাসেরদের উপবেশন ও তাহার মন্ত্রিরদের
গমনাগমন ও তাহারদের বস্ত্র ও তাহার পরিচা
রকেরদিগকে ও তাহাতে নির্ম্মিত য়িহুহের গৃহের
সোপান দেখিল তখন তাহার মধ্যে আর চেত
না ছিল না। [৬] অনন্তর সে রাণী রাজাকে ক
হিল তোমার ক্রিয়ার ও তোমার বিদ্যার বিষয়ে
আমি আপন দেশে থাকিয়া যে সমাচার শুনি
য়াছিলাম তাহাই সত্য সমাচার বটে। [৭] কিন্তু
আমি যেপর্য্যন্ত আসিয়া আপন চক্ষুতে না দে
খিলাম সেপর্য্যন্ত তাহাতে প্রত্যয় করিলাম না
এবং দেখ তাহার অর্দ্ধেকও আমার নিকটে ক
থিত হয় নাই তোমার বিদ্যা ও তোমার কল্যাণ
আমাতে শ্রুত সমাচারহইতে অধিক। [৮] ধন্য
তোমার লোকেরা ও তোমার এ যে দাসেরা নি
ত্য তোমার সম্মুখে দণ্ডায়মান হইয়া তোমার
বিদ্যা শ্রবণ করে তাহারা ধন্য। [৯] তোমাকে
য়িশ্‌রাএলের সিংহাসনে স্থাপন করিতে তোমা
তে সন্তুষ্ট ছিলেন যে য়িহুহ তোমার ঈশ্বর তিনি
ধন্য য়িহুহ য়িশ্‌রাএলকে নিত্য প্রেম করেন সে
কারণ ন্যায় ও ধর্ম্ম করিবার জন্যে তিনি তোমা
কে রাজা করিলেন। [১০] পরে সে রাজাকে
এক শত বিংশতি কিকার স্বর্ণ ও অত্যনেক সুগ
ন্ধি দ্রব্য ও মণি দিল শিবার রাণী যত সুগন্ধি
দ্রব্য শলমনরাজকে দিল তত সুগন্ধি দ্রব্যের বা
হুল্য আর সেখানে আইসে নাই।
[১১] এবং খীরামের যে জাহাজ ওফিরহইতে
স্বর্ণ আনিত তাহা ওফিরহইতে অনেক আলমগ
বৃক্ষ ও মণি আনিল [১২] পরে ঐ আলমগ
বৃক্ষেতে রাজা য়িহুহের গৃহের নিমিত্তে ও রাজবা
টীর নিমিত্তে স্তম্ভ এবং গায়কেরদের কারণ কা
নোর ও নবল নির্ম্মাণ করিল অদ্যপর্য্যন্ত এমন
আলমগ বৃক্ষ আইসে নাই ও দেখা যায় নাই।
[১৩] এবং শলমনরাজ শিবার রাণীকে তাহার
সকল বাঞ্ছিত দিল শলমন আপন রাজকীয় দা
তৃত্বেতে তাহাকে যাহা দিল তদ্ভিন্ন সে রাণী যা
হা চাহিল তাহাও দিল পরে সে ও তাহার অনুচ
রেরা ফিরিয়া আপন দেশে গেল।
[১৪] বাণিজ্যকারিরদের ও গন্ধবণিকেরদের
ও অরাবিরদের সমস্ত রাজার [১৫] ও দেশের
সকল হাকিমের স্থানে যে স্বর্ণ পাওয়া গিয়াছে
তাহাব্যতিরেকে এক২ বৎসরে যে স্বর্ণ শলমনের
কাছে আইল তাহার পরিমাণ ছয় শত ছেষট্টি
কিকার স্বর্ণ। [১৬] শলমনরাজ পিটান স্বর্ণ

ময় দুই শত গোলাকার ঢাল নির্ম্মাণ করিল প্র
ত্যেক ঢালেতে ছয় শত শেকেল স্বর্ণ হইল।
[১৭] এবং পিটান স্বর্ণময় তিন শত ঢাল ও নি
র্ম্মাণ করিল প্রত্যেক ঢালেতে তিন শের স্বর্ণ হইল
পরে রাজা লিবানোনের অরণ্যস্থ গৃহে তাহা রা
খিল।

[১৮] এবং রাজা হস্তিদন্তময় এক সিংহাসন
নির্ম্মাণ করিয়া অত্যুত্তম স্বর্ণেতে তাহা মড়াইল।
[১৯] সে সিংহাসনের ছয় ধাপ এবং পশ্চাদ্ভা
গে তাহার মাথা গোল ছিল এবং আসনের উ
ভয় পার্শ্বে হাতা ছিল ও সে হাতার নিকটে দুই
সিংহমূর্ত্তি খাড়া ছিল। [২০] ও সে ছয় ধাপের
উপরে দুই পার্শ্বে দ্বাদশ সিংহমূর্ত্তি দাঁড়াইল ত
দ্রূপ আর কোন রাজ্যে করা যায় নাই। [২১]
এবং শলমনের সকল পানপাত্র স্বর্ণময় ছিল ও
লিবানোনের অরণ্যস্থ গৃহের সকল পাত্র নির্ম্মল
স্বর্ণময় ছিল রূপার কোন পাত্র ছিল না শলম
নের কালে তাহার কিছু আদর ছিল না। [২২]
কেননা খীরামের জাহাজের সহিত তার্শিশের সমু
দ্রে রাজার জাহাজসমূহ ছিল তার্শিশের জাহাজস
মূহ স্বর্ণ রূপা হস্তিদন্ত ও বানর ও ময়ূর লইয়া
তিন২ বৎসরে একবার আসিত। [২৩] অতএব
ধন ও বিদ্যাতে শলমনরাজ পৃথিবীর আর সকল
রাজাহইতে বড় ছিল।

[২৪] এবং ঈশ্বর শলমনের অন্তঃকরণে যে
জ্ঞান দিয়াছিলেন সে জ্ঞান শ্রবণ করিতে পৃথি
বীস্থ সকলে তাহার দর্শনাকাঙ্ক্ষা করিল। [২৫]
এবং প্রত্যেক জন বৎসর২ আপন২ নিয়মিত উ
পঢৌকন আনিত অর্থাৎ স্বর্ণ ও রূপ্যময় পাত্র
ও বস্ত্র ও অস্ত্র ও সুগন্ধি দ্রব্য ও অশ্বেরদিগকে
অশ্বতরেরদিগকে।

[২৬] এবং শলমন রথ ও অশ্বারোহিরদিগকে
সংগ্রহ করিল এবং রথের নিমিত্তে নগরে ও য়ি
রূশালমে রাজার নিকটে যে রথাদি রাখা গিয়া
ছিল এমন তাহার এক সহস্র চারিশত রথ ও দ্বা
দশ সহস্র অশ্বারোহী ছিল। [২৭] এবং য়ি
রূশালমে রাজা বাহুল্যেতে রূপ্য প্রস্তরের ন্যায়
ও আরেজবৃক্ষ মাঠস্থ শিকিম বৃক্ষের ন্যায় ক
রিল। [২৮] এবং মিসরহইতে আনীত শলম
নের অশ্বেরা ও সূত্র ছিল রাজার বণিকেরা মূল্য
দিয়া সে সূত্র ক্রয় করিত। [২৯] এবং ছয় শত
রূপ্যমুদ্রাতে এক রথ মিসরে যাইত ও ফিরিয়া
আসিত ও এক শত পঞ্চাশেতে এক অশ্ব আসিত
ও যাইত। [৩০] সে প্রকারে খিত্তীয়েরদের সকল
রাজারদের ও অমোরীয়েরদের সকল রাজারদের
কারণ তাহারা তাহারদের দ্বারা দ্রব্যাদি আ
নিল।

১১ পর্ব্ব।

[১] কিন্তু ফরওহের কন্যাব্যতিরেকে শলমন
রাজ অনেক বিদেশীয়া স্ত্রীরদিগকে প্রেম করিল
অর্থাৎ মোআবীয়া অমোনীয়া এদোমীয়া [২]
সিদোনীয়া খিত্তীয়া ইত্যাদি যে দেশীয়েরদের
বিষয়ে য়িহুহ য়িশ্রাএলের সন্তানেরদিগকে
কহিয়াছিলেন যে তোমরা তাহারদের নিকটে
যাইও না ও তাহারা তোমারদের নিকটেও না
যাউক তাহারা অবশ্য আপনারদের দেবের
দের পক্ষে তোমারদের অন্তঃকরণ পরাবৃত্ত করি
বে ইহারদের সহিত শলমন প্রেমেতে সংলগ্ন
ছিল। [৩] এবং তাহার সাতশত রাজকুমারী
ভার্য্যা ও তিনশত উপপত্নী ছিল এবং তাহার
ভার্য্যারা বিপথগামিত্বে তাহার মনপ্রবৃত্ত করা
ইল। [৪] যেহেতুক এমন হইল শলমন বৃদ্ধ
হইলে তাহার ভার্য্যারা অন্য দেবেরদের পক্ষে
তাহার অন্তঃকরণ পরাবৃত্ত করিল এবং তাহার
পিতা দাউদের অন্তঃকরণ যেমন তাহার ঈশ্বর
য়িহুহের পক্ষে সম্পূর্ণরূপে ছিল তেমন তাহার
অন্তঃকরণ ছিল না। [৫] যেহেতুক শলমন সী
দোনীয়েরদের অশ্তারোত দেবীর ও অমোনী
য়েরদের ঘৃণ্য বস্তু মিলকোমের পশ্চাবর্ত্তী ছিল।
[৬] এবং শলমন য়িহুহের দৃষ্টিতে কুকর্ম্ম ক
রিল এবং আপন পিতা দাউদ যেমন করিয়া
ছিল তেমন সম্পূর্ণরূপে য়িহুহের পশ্চাদ্বর্ত্তী হই
ল না। [৭] তখন শলমন য়িরূশালমের সম্মুখস্থ
পর্ব্বতে মোআবের ঘৃণ্য বস্তু কিমোসের জন্যে
ও অমোনের সন্তানেরদের ঘৃণ্য বস্তু মিলকো
মের জন্যে উচ্চ স্থান করিল। [৮] এবং আপ
নারদের দেবেরদের উদ্দেশে ধূপ জ্বালাইত ও
বলি দিত যে তাহার সকল বিদেশীয় ভার্য্যারা
তাহারদের কারণও তদ্বৎ করিল।

[৯] এবং য়িহুহ শলমনের উপরে ক্রুদ্ধ ছি
লেন যেহেতুক তাহাকে দুইবার দর্শন দিয়াছি
লেন এবং এই বিষয়ে অর্থাৎ অন্য দেবেরদের
পশ্চাদর্ত্তী না হইতে তাহাকে আজ্ঞা দিয়াছি
লেন যে য়িশ্রাএলের ঈশ্বর য়িহুহ তাঁহাহইতে
তাহার অন্তঃকরণ পরাবৃত্ত হইল। [১০] কিন্তু
য়িহুহ যে আজ্ঞা করিয়াছিলেন তাহা সে পা
লন করিল না। [১১] অতএব য়িহুহ শলম
নকে কহিলেন এ ক্রিয়া তোমাতে কৃত হইয়াছে
এবং আমি যে নিয়ম ও বিধি তোমাকে আজ্ঞা
করিলাম তাহা তুমি পালন কর নাই এইপ্রযুক্ত
আমি অবশ্য তোমাহইতে রাজ্য কাড়িয়া লইব
ও তোমার দাসকে তাহা দিব। [১২] কিন্তু
আমার দাস দাউদপ্রযুক্ত আমি তোমার কালে
তাহা করিব না কিন্তু তোমার পুত্রের হস্তহইতে

তাহা কাড়িয়া লইব। [১৩] তথাপি আমি স
কল রাজ্য কাড়িয়া লইব না কিন্তু আমার দাস
দাউদের কারণে ও আমাতে মনোনীত য়িরূশাল
মের কারণেও আমি তোমার পুত্রকে এক গোষ্ঠী
দিব। [১৪] পরে য়িহুহ শলমনের এক বৈরী উৎ
পন্ন করিলেন অর্থাৎ এদোমীয় হদদ সে এদো
মের রাজার বংশজ। [১৫] কেননা দাউদের এদো
মে থাকনকালে য়োআব সেনাপতি এদোমের
সকল পুরুষেরদিগকে হনন করিয়া মৃতেরদিগকে
কবর দিতে গেলে এমত হইল [১৬] যেহেতুক য়ো
আব যেপর্য্যন্ত এদোমের সকল পুরুষেরদিগকে
উচ্ছিন্ন না করিল সেপর্য্যন্ত সে সকল য়িশ্রাএ
লের সহিত এদোমদেশে ছয় মাস স্থিতি করিল।
[১৭] তৎকালে হদদ ও তাহার পিতার কতক এ
দোমীয় দাসেরা তাহার সহিত মিসরে যাইবার
কারণ পলাইল তখন হদদ য়িশু ছিল। [১৮]
এবং তাহারা মিদিয়ানহইতে প্রস্থান করিয়া
পারাণে গেল পরে পারাণহইতে লোকেরদিগ
কে লইয়া মিসরে মিসরের ফরওহরাজের নিক
টে পঁহুছিল ও সে তাহাকে এক ঘর ও তাহার
ভক্ষ্যার্থ বৃত্তি নিরূপণ করিয়া দিল ও তাহাকে
ভূমি দিল। [১৯] এবং হদদ ফরওহের নিকটে
এমন বড় অনুগ্রহপ্রাপ্ত হইল যে সে আপন ভা
র্য্যার ভগিনীর সহিত তাহার বিবাহ দিল অর্থাৎ
তখ্পনস রাণীর ভগিনীকে। [২০] এবং তখ্
পনসের ভগিনী তাহার পুত্র গিনুবতকে প্রসবিল
তাহাকে তখ্পনস ফরওহের গৃহে স্তন্যপান
ত্যাগ করাইল এবং গিনুবত ফরওহের গৃহে ফর
ওহের পুত্রেরদের মধ্যে ছিল। [২১] যখন হদদ
মিসরে শুনিল যে দাউদ আপন পিতৃলোকের
দের সহিত শয়ন করিয়াছে ও য়োআব সেনা
পতি মৃত হইয়াছে তখন হদদ ফরওহ্কে কহিল
আমাকে বিদায় কর যে আমি স্বদেশে প্রস্থান
করি। [২২] পরে ফরওহ্ তাহাকে কহিল আ
মার এখানে তোমার কিসের অভাব হইল যে
তুমি স্বদেশগমনাকাঙ্ক্ষা কর তাহাতে সে প্রত্যু
ত্তর করিল যে কিছুই নয় কিন্তু কোন প্রকারে
আমাকে বিদায় কর।

[২৩] অপর ঈশ্বর তাহার আর এক শত্রুকে
উৎপন্ন করিলেন অর্থাৎ এলিয়াদাহের যে পুত্র
রিজন আপন প্রভু সোবাহের হদদএজেররাজের
নিকটহইতে পলায়ন করিয়াছিল তাহাকে।
[২৪] এবং দাউদ যখন সোবার লোকেরদিগকে
হনন করিল তৎকালে সে আপন নিকটে লো
কেরদিগকে একত্র করিয়া সেনাপতি হইল পরে
তাহারা দমাশেকে যাইয়া সেখানে বাস করিল
দামাশেকে রাজ্য করিল। [২৫] এবং হদদ্
যে দৌরাত্ম্য করিল তদ্ভিন্ন শলমনের তাবৎকা
লে সে য়িশ্রাএলের শত্রু ছিল এবং সে য়িশ্রাএ
লকে ঘৃণা করিয়া আরামের উপরে রাজ্য করিল।

[২৬] এবং সিরেদার শলমনের এক দাস অ
র্থাৎ এক এফরায়িমীয় নিবাটের পুত্র য়ারাবি
আম তাহার মাতার নাম সিরূয়াহ্ বিধবা সে
রাজার প্রতিকুলে হাত উঠাইল। [২৭] সে রাজার
প্রতিকুলে যে হাত উঠাইল তাহার কারণ এই শল
মন মিলো নির্ম্মাণ করিল ও আপন পিতা দাউ
দের নগরের ভগ্নস্থান সারিল। [২৮] এবং য়ারা
বিআম অতিবলবান মানুষ ছিল তাহাতে শল
মন সেই যুবা ব্যক্তিকে কর্ম্মশীল দেখিয়া য়ূস
ফের বংশের সমস্ত কর্তৃত্বভার তাহাতে অর্পণ
করিল। [২৯] তৎকালে এমত হইল যখন য়ারা
বিআম য়িরূশালমহইতে প্রস্থান করিল তখন শী
লোনীয় আখিয়াহ্ আচার্য্য তাহাকে পথেতে
পাইল এবং সে এক নূতন বস্ত্রেতে বস্ত্রান্বিত ছিল
ও কেবল তাহারা দুই জন মাঠেতে একত্র ছিল।
[৩০] তখন আখিয়াহ্ স্বোপরিস্থ নূতন বস্ত্র ধ
রিল ও চিরিয়া দ্বাদশ খণ্ড করিল। [৩১] তদন
ন্তর সে য়ারাবিআমকে কহিল তুমি দশ খণ্ড গ্র
হণ কর যেহেতুক য়িশ্রাএলের ঈশ্বর য়িহুহ এ
কথা কহেন দেখ আমি শলমনের হস্তহইতে রা
জ্য কাড়িয়া লইব ও তোমাকে দশ গোষ্ঠী দিব।
[৩২] কিন্তু আমার দাস দাউদের কারণেতে ও
আমি য়িশ্রাএলের সমস্ত গোষ্ঠীর মধ্যহইতে
যে য়িরূশালমনগর মনোনীত করিয়াছি তাহার
কারণেতেও সে এক গোষ্ঠী পাইবে। [৩৩] যে
হেতুক তাহারা আমাকে ত্যাগ করিয়া সীদোনী
য়েরদের দেবী অশ্তারোতকে ও মোআবীয়ের
দের দেব কিমোশকে ও অম্মোনের সন্তানেরদের
দেব মিলকোমকে ভজনা করিয়াছে ও তাহার
পিতা দাউদের ন্যায় আমার দৃষ্টিতে সুক্রিয়া ও
আমার বিধি ও নীতিবাক্য পালনার্থে আমার
পথানুগামী হয় নাই। [৩৪] কিন্তু আমি তাহার
হস্তহইতে সমস্ত রাজ্য কাড়িয়া লইব না কিন্তু
আমার আজ্ঞা ও বিধিপালনপ্রযুক্ত আমাতে
মনোনীত যে আমার দাস দাউদ তাহার কারণ
তাহার তাবদায়ুঃকাল তাহাকে রাজা করিব।
[৩৫] কিন্তু তাহার পুত্রের হাতহইতে আমি রাজ্য
অর্থাৎ দশ গোষ্ঠী কাড়িয়া লইয়া তোমাকে
দিব। [৩৬] এবং তাহার মধ্যে আপন নাম
স্থাপনার্থে আমি যে য়িরূশালমনগর মনোনীত
করিয়াছি তাহার মধ্যে যে আমার দাস দাউ
দের নিত্য প্রদীপ আমার সম্মুখে হয় এই নিমি
ত্তে আমি তাহার পুত্রকে এক গোষ্ঠী দিব। [৩৭]
এবং তোমাকে আমি লইব ও তোমার অন্তঃক

রুণ যাহা ইচ্ছা করে তদনুসারে তুমি রাজ্য করি
বা ও য়িশ্রাএলোপরি রাজা হইবা। [৩৮]
এবং এমত হইবে আমি তোমাকে যে আজ্ঞা
দি সে সকলেতে যদি তুমি অবধান করিয়া আ
মার পথে চল ও আমার দাস দাউদ যেরূপ
করিয়াছিল তদ্রূপ আমার বিধি ও আজ্ঞাপাল
নার্থে আমার দৃষ্টিতে সৎক্রিয়া কর তবে আমি
তোমার নিকটবর্ত্তী হইব ও যেমত দাউদের কা
রুণ নির্ম্মাণ করিলাম তেমন তোমার গৃহ দৃঢ়রূ
পে নির্ম্মাণ করিব ও তোমাকে য়িশ্রাএল দিব।
[৩৯] এবং আমি ইহাতে দাউদের বংশকে
দুঃখ দিব কিন্তু সতত নয়। [৪০] অতএব শলমন
য়ারাবিআমকে বধ করিতে চেষ্টা করিল তাহা
তে য়ারাবিআম উঠিয়া মিসরের শীশকরাজের
নিকটে মিসরে পলায়ন করিল ও শলমনের মৃ
ত্যু না হওয়াপর্য্যন্ত মিসরে স্থিতি করিল।
[৪১] শলমনের অবশিষ্টক্রিয়া ও তাহার কৃত
কার্য্য ও তাহার জ্ঞান কি শলমনের ক্রিয়াপুস্ত
কে লিখিত নাই। [৪২] সমস্ত য়িশ্রাএলোপরি
শলমনের রাজত্বকাল চল্লিশ বৎসর। [৪৩] অ
নন্তর শলমন আপন পিতৃলোকেরদের সহিত
শয়ন করিল ও আপন পিতা দাউদের নগরে ক
বরপ্রাপ্ত হইল এবং তাহার পুত্র রিখ্বিআম
তাহার পদে রাজ্য করিল।

১২ পর্ব্ব।

[১] অনন্তর রিখ্বিআম শিকেমে গেল যেহে
তুক তাহাকে রাজ্যাভিষেক করিতে সমস্ত য়িশ্রা
এল শিকেমে আইল। [২] তৎকালে মিসরস্থ
নিবাটের পুত্র য়ারাবিআম তাহা শুনিল যেহে
তুক সে শলমনরাজের সম্মুখহইতে পলায়ন ক
রিয়াছিল ও য়ারাবিআম মিসরে বাস করিল।
[৩] তখন তাহারা প্রেরণ করিয়া তাহাকে ডাকা
ইল তাহাতে য়ারাবিআম ও য়িশ্রাএলের তাব
ন্মণ্ডলী আসিয়া রিখ্বিআমকে এ কথা কহিল।
[৪] তোমার পিতা আমারদের যোঁয়ালি অতি
দুঃসহ করিয়াছে অতএব তোমার পিতা আমার
দের উপরে যে দুঃসহ সেবা ও ভারি যোঁয়ালি
দিয়াছে তাহা কিছু লঘু কর তাহা হইলে আমরা
তোমার সেবা করিব। [৫] পরে সে কহিল যে
এখন প্রস্থান কর পরে তিন দিবসানন্তর পুনর্ব্বার
আমার এখানে আইস তাহাতে লোকেরা প্রস্থান
করিল।

[৬] অপর তাহার পিতা শলমন জীবৎ থাকিতে
তাহার সম্মুখে যে প্রাচীন লোকেরা দণ্ডায়মান
হইত তাহারদের সহিত রিখ্বিআমরাজ মন্ত্রণা
করিয়া কহিল যে আমি এ লোকেরদিগকে কি
উত্তর দিব তোমরা এ বিষয়ে কি পরামর্শ দেও।
[৭] তাহাতে তাহারা তাহাকে এ কথা কহিল
যদি তুমি অদ্য এ লোকেরদের সেবক হইয়া তা
হারদের সেবা কর ও তাহারদিগকে উত্তর দিয়া
তাহারদের প্রতি প্রিয় কথা কহ তবে তাহারা স
র্ব্বদা তোমার সেবক হইবেক। [৮] কিন্তু ঐ বৃ
দ্ধেরা তাহাকে যে পরামর্শ দিল তাহা সে ত্যাগ
করিয়া আপনার সঙ্গে বর্দ্ধিত আপন সম্মুখে
দণ্ডায়মান যুবা পুরুষেরদের সহিত পরামর্শ
করিল। [৯] এবং সে তাহারদিগকে কহিল
এই যে লোকেরা আমাকে কহিয়াছে যে তো
মার পিতা আমারদের উপরে যে যোঁয়ালি দি
য়াছে তাহা কিঞ্চিৎ লঘু কর তাহারদিগকে আ
মরা কি উত্তর দিব এ বিষয়ে তোমরা কি পরামর্শ
দেও। [১০] তাহাতে তাহার সহিত বর্দ্ধিত যুবা
পুরুষেরা তাহাকে এ কথা কহিল যে লোকেরা
তোমাকে কহিয়াছে যে তোমার পিতা আমার
দের যোঁয়ালি ভারি করিয়াছে কিন্তু তুমি তাহা
আমারদের প্রতি লঘুতর কর তাহারদিগকে তুমি
কহিবা যে আমার কনিষ্ঠ অঙ্গুলি আমার পি
তার কোমরহইতে স্থূল হইবে। [১১] আমার
পিতা তোমারদের উপরে ভারি যোঁয়ালি দিয়াছে
বটে কিন্তু আমি তোমারদের যোঁয়ালি আর
ও ভারি করিব আমার পিতা তোমারদিগকে
কোড়াতে শাস্তি দিল কিন্তু আমি তোমারদিগকে
কাঁকড়াবিছাতে শাস্তি দিব।

[১২] অতএব তৃতীয় দিবসে পুনর্ব্বার আ
মার নিকটে আইস রাজা ইহা কহিয়া যেমন নি
রূপণ করিয়াছিল তদনুসারে য়ারাবিআম ও তা
বল্লোকেরা তৃতীয় দিবসে রিখ্বিআমের নিক
টে আইল। [১৩] পরে রাজা লোকেরদিগকে
কটু উত্তর করিল ও প্রাচীন লোকেরা তাহাকে যে
পরামর্শ দিয়াছিল তাহা ত্যাগ করিয়া [১৪] যুবা
লোকেরদের পরামর্শানুসারে তাহারদিগকে এ
কথা কহিল যে আমার পিতা তোমারদের যোঁ
য়ালি ভারি করিয়াছে বটে কিন্তু আমি তোমার
দের যোঁয়ালি আরো ভারি করিব আমার পিতা
তোমারদিগকে কোড়াতে শাস্তি দিয়াছে কিন্তু
আমি কাঁকড়াবিছাতে তোমারদিগকে শাস্তি
দিব। [১৫] অতএব রাজা লোকেরদের বাক্য
গ্রাহ্য করিল না যেহেতুক নিবাটের পুত্র য়ারা
বিআমকে শীলোনীয় আখিয়াহের প্রমুখাৎ
য়িহুহ যে কথা কহিয়াছিলেন তাঁহার সে বাক্য
সম্পূর্ণ হওনার্থে এ বিষয় য়িহুহহইতে হইল।

[১৬] অতএব সমস্ত য়িশ্রাএল যখন দেখিল
যে রাজা তাহারদের বাক্য গ্রাহ্য করিল না তখন
লোকেরা ইহা কহত রাজাকে উত্তর করিল দাউদে
আমারদের কি অংশ এবং য়িশীর পুত্রে আমা

রদের কোন অধিকার নাই হে য়িশ্রাএল স্বস্ব নিবাসে প্রস্থান কর এখন হে দাউদ তুমি আপন বংশের প্রতি দৃষ্টি কর অতএব য়িশ্রাএল স্বস্ব তাম্বুতে ফিরিয়া গেল। [১৭] য়িহুদাহ্নগরনিবাসি য়িশ্রাএলসন্তানোপরি রিখ্বিআম রাজ্য করিল [১৮] তখন রিখ্বিআমরাজ অদোরাম কোষাধ্যক্ষকে প্রেরণ করিল তাহাতে সমস্ত য়িশ্রাএল প্রস্তরদ্বারা তাহাকে এমন মারিল যে সে হত হইল তৎপ্রযুক্ত রিখ্বিআমরাজ য়িরূশালমে গমনার্থ রথারোহণ করিতে ত্বরা করিল। [১৯] তাহাতে য়িশ্রাএল অদ্যপর্য্যন্ত দাউদের বংশের কর্ত্তৃআধীনতা ত্যাগ করিল। [২০] এবং এমত হইল সমস্ত য়িশ্রাএল যখন শ্রবণ করিল যে য়ারাবিআম ফিরিয়া আসিয়াছে তখন তাহারা প্রেরণ করিয়া মণ্ডলীর নিকটে তাহাকে ডাকাইয়া সমস্ত য়িশ্রাএলোপরি তাহাকে রাজ্যাভিষিক্ত করিল কেবল য়িহুদাহের গোষ্ঠী ব্যতিরেকে কোন লোক দাউদের বংশানুগামী ছিল না।

[২১] অপর শলমনের পুত্র রিখ্বিআমের পক্ষে পুনর্ব্বার রাজ্য আনয়নার্থে রিখ্বিআম য়িরূশালমে আসিয়া য়িশ্রাএলের বংশের সহিত যুদ্ধ করিবার কারণ য়িহুদাহের সকল বংশ ও বেন্যামিনের বংশ এক লক্ষ আশী সহস্র মনোনীত যোদ্ধারদিগকে একত্র করিল। [২২] কিন্তু ঈশ্বরীয় লোক শিময়িয়াহের নিকটে ঈশ্বরের এ বাক্য আইল। [২৩] য়িহুদাহের রাজা যে শলমনের পুত্র রিখ্বিআম তাহাকে ও য়িহুদাহের ও বেন্যামিনের তাবদ্বংশকে ও লোকেরদের অবশিষ্টেরদিগকে এ কথা কহ। [২৪] যে য়িহুহ এ কথা কহেন তোমরা যাইও না ও আপনারদের ভ্রাতারা যে য়িশ্রাএলের সন্তান তাহারদের সহিত যুদ্ধ করিও না প্রত্যেক জন আপনং নিবাসে যাউক যেহেতুক এ বিষয় আমাহইতে হয় অতএব তাহারা য়িহুহের বাক্য মানিল এবং য়িহুহের বাক্যানুসারে ফিরিয়া যাইবার কারণ যাত্রা করিল।

[২৫] তখন য়ারাবিআম এফরায়িমপর্ব্বতে শিকেম নির্ম্মাণ করিয়া তাহাতে বসতি করিল পরে সেস্থানহইতে প্রস্থান করিয়া পিনূএল নির্ম্মাণ করিল। [২৬] অনন্তর য়ারাবিআম আপন মনে কহিল যে এখন রাজ্য দাউদের বংশে ফিরিয়া যাইবে। [২৭] য়িরূশালমস্থ য়িহুহের গৃহে যজ্ঞকরণার্থে যদি এ লোকেরা যায় তবে এ লোকেরদের মন পুনর্ব্বার আপনারদের প্রভু য়িহুদাহের রিখ্বিআমরাজের পক্ষে ফিরিয়া যাইবে ও তাহারা আমাকে বধ করিয়া য়িহুদাহের রিখ্বিআমরাজের পক্ষে পুনর্ব্বার যাইবে। [২৮] অতএব রাজা পরামর্শ লইয়া দুই স্বর্ণময় বৎস নির্ম্মাণ করাইল ও কহিল যে য়িরূশালমে যাইতে তোমারদের অতিশয় ব্যামোহ হে য়িশ্রাএল মিসরদেশহইতে তোমারদিগকে আনয়নকারি তোমারদের দেবেরদিগকে এই দেখ।[২৯] পরে সে এককে বৈৎএলে ও অন্যকে দানে স্থাপন করিল। [৩০] এবং এ এক পাপবিষয় হইল যেহেতুক লোকেরা একের সম্মুখে আরাধনা করিতে দানপর্য্যন্ত যাইত। [৩১] অপর সে উচ্চস্থানের কারণ এক গৃহ নির্ম্মাণ করিয়া যাহারা লেবির সন্তান নয় এমন লোকেরদের মধ্যে অতিনীচ লোকেরদিগকে যাজকপদে নিযুক্ত করিল। [৩২] এবং য়ারাবিআম য়িহুদাহের পর্ব্বের ন্যায় অষ্টম মাসের পঞ্চদশ দিবসে পর্ব্বনিরূপণ করিল ও আপনি যে বৎসেরদিগকে নির্ম্মাণ করিয়াছিল তাহারদের উদ্দেশে যজ্ঞ করত ঐ বেদিতে উৎসর্গ করিত এবং তদ্রূপ বৈৎএলেও করিল ও স্বকৃত উচ্চ স্থানে যাজকেরদিগকে বৈৎএলে স্থাপন করিল। [৩৩] অতএব অষ্টম মাসের পঞ্চদশ দিবসে অর্থাৎ আপনি আপন মনে যে মাস নিরূপণ করিয়াছিল তদ্দিবসে সে স্বকৃত বৈৎএলস্থ বেদির উপরে নৈবেদ্য করিল ও য়িশ্রাএলের সন্তানেরদের কারণ এক উৎসব নিরূপণ করিল ও বেদির উপরে নৈবেদ্য করিয়া ধূপ জ্বালাইল।

১৩ পর্ব্ব।

[১] এবং দেখ য়িহুহের বাক্যেতে ঈশ্বরের এক মনুষ্য য়িহুদাহ্হইতে বৈৎএলে আইল এবং ধূপ জ্বালাইবার কারণ য়ারাবিআম বেদিসমীপে দণ্ডায়মান হইল। [২] তৎকালে ঐ আচার্য্য য়িহুহের বাক্যেতে বেদির প্রতিকূলে ডাকিয়া কহিল হে বেদি বেদি য়িহুহ এ কথা কহেন যে দেখ য়োশীয়াহ্ নামে এক বালক দাউদের বংশে জন্মিবে এবং উচ্চস্থানের যে যাজকেরা তোমার উপরে ধূপ জ্বালায় সে তোমার উপরে তাহারদিগকে হোমাহুতি করিবে ও মনুষ্যেরদের অস্থি তোমার উপরে দগ্ধ হইবে। [৩] এবং ঐ দিবসে সে ইহা কহত এক চিহ্ন দিল যে য়িহুহ যে চিহ্ন প্রকাশ করিয়াছেন তাহা এই দেখ বেদি ভগ্ন হইবে ও তদুপরিস্থ ভস্ম বাহিরে নিঃক্ষেপ করা যাইবে। [৪] অপর এমত হইল ঈশ্বরের যে মনুষ্য বৈৎএলস্থ বেদির বিরুদ্ধে ডাকিয়া বলিয়াছিল তাহার কথা শ্রবণ করিয়া য়ারাবিআমরাজ বেদিহইতে স্বহস্ত বিস্তারপূর্ব্বক কহিল যে তাহাকে ধর এবং সে তাহার বিরুদ্ধে যে হস্ত বিস্তার করিয়াছিল তাহার সে হস্ত এমত

স্তব্ধ হইয়া গেল যে সে আপনার নিকটে তাহা
পুনর্ব্বার আনিতে অসমর্থ হইল। [৫] ঈশ্বরের
মনুষ্য য়িহুহের বাক্যের দ্বারা যে চিহ্ন দিয়াছিল
তদনুসারে বেদিও ভগ্ন হইল ও বেদিহইতে ভস্ম
নিঃক্ষেপ করা গেল। [৬] অপর রাজা প্রত্যুত্তর
করিয়া ঈশ্বরীয় মনুষ্যকে কহিল যে আমার হস্ত
আমাকে পুনর্দত্ত হইবার কারণ এখন তোমার
ঈশ্বর য়িহুহকে মিনতি কর ও আমার কারণ
প্রার্থনা কর তাহাতে ঈশ্বরীয় মানুষ য়িহুহের
নিকটে মিনতি করিলে রাজার হস্ত তাহাকে পু
নর্দত্ত হইল ও পূর্ব্ববৎ হইল। [৭] পরে রাজা
ঈশ্বরীয় মনুষ্যকে কহিল আমার সহিতই গৃহ
মধ্যে প্রবেশ করিয়া বিশ্রাম কর পরে আমি
তোমার পুরস্কার করিব। [৮] কিন্তু ঈশ্বরীয় মনু
ষ্য রাজাকে কহিল তুমি যদি আমাকে আপন গৃ
হের অর্দ্ধেক দেও তথাপি আমি তোমার সহিত
প্রবেশ করিব না ও এ স্থানে আহার করিব না ও
জলপান করিব না। [৯] যেহেতুক য়িহুহের বা
ক্যদ্বারা আমাকে এ আজ্ঞা দত্ত হইল যে কিছু
আহার করিও না ও জলপান করিও না ও যে
পথ দিয়া গমন কর সে পথ দিয়া ফিরিয়া আসিও
না। [১০] অতএব সে যে পথ দিয়া বৈৎএলে
আসিয়াছিল সে পথ দিয়া না গিয়া অন্য এক
পথ হইয়া প্রতিগমন করিল।

[১১] বৈৎএলে এক প্রাচীন আচার্য্য বাস ক
রিল এবং ঈশ্বরীয় মনুষ্য ঐ দিবসে বৈৎএলে
যে কার্য্য করিয়াছিল সে সকল তাহার পুত্রেরা
আসিয়া তাহাকে অবগত করিল ও সে রাজাকে
যে কথা কহিয়াছিল তাহাও তাহারা আপন পি
তাকে কহিল। [১২] তাহাতে তাহারদের পি
তা তাহারদিগকে কহিল যে সে কোন দিকে
গিয়াছে যেহেতুক য়িহুদাহহইতে আগত য়িহু
হের মনুষ্য যে পথে গিয়াছিল তাহা তাহার পু
ত্রেরা দেখিয়াছিল। [১৩] পরে সে আপন
পুত্রেরদিগকে কহিল গর্দ্দভেতে জীন বান্ধ তাহা
তে তাহারা তাহার নিমিত্তে গর্দ্দভেতে জীন বা
ন্ধিল পরে সে তাহাতে আরোহণ করিল [১৪]
এবং সে ঈশ্বরীয় মনুষ্যের পশ্চাদ্গমন করিয়া
এক আলোনবৃক্ষের তলে তাহাকে উপবিষ্ট দে
খিয়া তাহাকে কহিল যে তুমি কি য়িহুদাহ্
হইতে আগত ঈশ্বরীয় মনুষ্য তাহাতে সে কহিল
হাঁ সে বটে। [১৫] তখন সে তাহাকে ক
হিল যে আমার সহিত গৃহ প্রবেশ করিয়া কি
ঞ্চিৎ আহার কর। [১৬] তাহাতে সে কহিল
আমি তোমার সহিত যাইতে কিম্বা তোমার স
হিত প্রবেশ করিতে নিষিদ্ধ আছি এবং আমি
এ স্থানে তোমার সহিত রুটি খাইব না ও জল
পান করিব না। [১৭] কেননা য়িহুহের বাক্য
দ্বারা আমার প্রতি এ কথা কথিত হইল যে তুমি
সে স্থানে রুটি খাইও না এবং জলপান করিও
না ও যে পথ দিয়া যাইবা সে পথ দিয়া পুন
র্ব্বার আসিও না। [১৮] পরে সে তাহাকে ক
হিল আমি তোমার মত এক আচার্য্য এবং য়িহু
হের বাক্যদ্বারা এক দূত আমাকে এ কথা কহিল
তাহাকে ফিরিয়া স্বগৃহে আন যে সে রুটি খায়
ও জলপান করে কিন্তু সে তাহাকে মিথ্যা কথা
কহিল। [১৯] অতএব সে তাহার সহিত ফিরি
য়া গিয়া তাহার ঘরে রুটি খাইল ও জলপান
করিল।

[২০] অপর এমত হইল তাহারা মঞ্চেতে উপ
বিষ্ট হইলে যে আচার্য্য তাহাকে ফিরাইয়া আ
নিয়াছিল তাহার নিকটে য়িহুহের বাক্য আই
ল। [২১] তাহাতে য়িহুদাহ্দেশহইতে আগত
ঈশ্বরীয় মনুষ্যকে সে উচ্চৈঃস্বরে কহিল য়িহুহ
এ কথা কহেন তুমি য়িহুহের বক্ত্রোক্ত বাক্যাতি
ক্রম করিয়াছ ও তোমার ঈশ্বর য়িহুহ তোমাকে
যে আজ্ঞা করিলেন তাহা পালন কর নাই। [২২]
কিন্তু ফিরিয়া আসিয়াছ এবং তিনি যে স্থানের
বিষয়ে তোমাকে কহিলেন যে কিছু রুটি আ
হার করিও না ও জলপান করিও না সে স্থানে
রুটিভোজন ও পান করিয়াছ তৎপ্রযুক্ত তোমার
শব তোমার পিতৃকবরে আসিবে না।

[২৩] এবং এমত হইল সে রুটি খাইলে ও
জলপান করিলে পর সে তাহার নিমিত্তে অর্থাৎ
যে আচার্য্যকে ফিরাইয়া আনিয়াছিল তাহার
কারণ গর্দ্দভেতে জীন বান্ধিল। [২৪] এবং সে
গেলে পথে এক সিংহ তাহার সহিত সাক্ষাৎ
করিয়া তাহাকে বধ করিল তাহাতে তাহার শব
পথেতে পতিত হইল পরে গর্দ্দভ তাহার নিকটে
দণ্ডায়মান রহিল এবং সিংহও শবের সমীপে দ
ণ্ডায়মান হইয়া রহিল। [২৫] এবং দেখ লোকে
রা ঐ পথ দিয়া গেল ও পথেতে প্রক্ষিপ্ত শব ও
শবের নিকটে দণ্ডায়মান সিংহকে দেখিল এবং
যে প্রাচীন আচার্য্য তাহাকে পথহইতে ফিরাই
য়া আনিয়াছিল সে প্রাচীন আচার্য্যের নিবাস
নগরে আসিয়া তাহারা তাহা কহিল। [২৬]
পরে যে আচার্য্য তাহাকে পথে ফিরাইয়া আনি
য়াছিল সে তাহা শুনিয়া কহিল য়িহুহের বাক্যা
নুবর্ত্তী ঈশ্বরীয় লোক এই য়িহুহ তৎপ্রযুক্ত
তাহাকে সিংহের হস্তগত করিয়াছেন ও য়িহুহ
যে কথা তাহাকে কহিলেন তদনুসারে সে তাহা
কে ছিঁড়িয়াছে ও তাহাকে বধ করিয়াছে। [২৭]
অপর সে আপন পুত্রেরদিগকে কহিল আ
মার নিমিত্তে গর্দ্দভে জীন বান্ধ তাহাতে তাহারা

জীন রাখিল। [২৮] পরে সে যাইয়া পথে প্র
ক্ষিপ্ত তাহার শব দেখিল এবং শবের নিকটে
গর্দ্দভ ও সিংহ দণ্ডায়মান ছিল সিংহ শব ভক্ষণ
করে নাই ও গর্দ্দভকে বিদীর্ণ করে নাই। [২৯]
অপর সে আচার্য্য ঈশ্বরীয় মনুষ্যের শব তুলিয়া
গর্দ্দভোপরি রাখিল ও ফিরাইয়া আনিল এবং
তাহার বিষয়ে শোক করিতে ও তাহাকে কবরে
দিতে সে বৃদ্ধ আচার্য্য নগরমধ্যে আইল। [৩০]
অপর সে আপন কবরে ঐ শব রাখিল এবং
হায় আমার ভ্রাতা ইহা কহত তাহার কারণ তা
হারা শোক করিল। [৩১] অপর এমত হইল
সে তাহাকে কবরে থুইয়া আপন পুত্রেরদিগ
কে কহিল আমি পঞ্চত্ব পাইলে পর ঈশ্বরীয়
মনুষ্যের কবরেতে আমাকে পুতিও ও আমার
অস্থি তাহার অস্থির নিকটে রাখিও। [৩২]
যেহেতুক বীৎএলস্থ যজ্ঞবেদির ও শমরোণের
তাবন্নগরস্থ উচ্চস্থানের গৃহের প্রতিকূলে য়িহু
হের বাক্যদ্বারা সে যে কথা ডাকিয়া কহিল তা
হা অবশ্য সম্পূর্ণ হইবেক।

[৩৩] ইহার পর য়ারাবিআম আপন কুপথহ
ইতে পরাঙ্মুখ হইল না কিন্তু পুনর্ব্বার লোকের
দের মধ্যে অতিনীচ লোকেরদিগকে উচ্চস্থানের
যাজক করিয়া নিযুক্ত করিল যে কেহ ইচ্ছা করিল
তাহাকে সে নিযুক্ত করিল ও সে উচ্চ স্থানের
যাজক হইল। [৩৪] এবং য়ারাবিআমের বংশ
উচ্ছিন্নকরণার্থে ও তাহা পৃথিবীহইতে নষ্ট কর
ণার্থে এ কর্ম্ম তাহার বংশের পাপ হইল।

১৪ পর্ব্ব।

[১] তৎকালে য়ারাবিআমের পুত্র আবীয়াহ্
অসুস্থ ছিল [২] তাহাতে য়ারাবিআম আপন
স্ত্রীকে কহিল এখন তুমি য়ারাবিআমের ভার্য্যা
ইহা জানা না যাইবার কারণ উঠ আপনাকে
প্রচ্ছন্নবেশা করিয়া শীলোহে প্রস্থান কর এবং
দেখ যে আখিয়াহ্ আচার্য্য আমাকে কহিয়া
ছে যে আমি এই লোকেরদের রাজা হইব সে
সে স্থানে আছে। [৩] এবং আপন হস্তেতে
দশ রুটি ও মোদক ও এক পাত্র মধু লইয়া তা
হার নিকটে যাও পরে বালকের যে দশা হই
বে তাহা সে তোমাকে কহিবে। [৪] তাহাতে
য়ারাবিআমের স্ত্রী তদ্রূপ করিল এবং উঠিয়া
শীলোহে গতি করিয়া আখিয়াহের বাটীতে
পঁহুছিল কিন্তু আখিয়াহ্ দেখিতে পাইল না
যেহেতুক বহুবয়স্কতাপ্রযুক্ত তাহার চক্ষু বদ্ধ
হইয়াছিল।

[৫] অপর য়িহুহ আখিয়াহ্কে কহিলেন যে
দেখ আপন পুত্রের কারণ তোমাকে এক বিষয়
জিজ্ঞাসা করিতে য়ারাবিআমের ভার্য্যা আসিতে
ছে যেহেতুক সে পুত্র অসুস্থ তুমি তাহাকে এই২
কথা কহিবা যেহেতুক সে যে অন্য স্ত্রী এমন
ছল করিয়া আসিবে। [৬] দ্বারে প্রবেশকারি
ণী সে স্ত্রীর পদের শব্দ যখন আখিয়াহ্ শুনিল
তখন এমন হইল সে কহিল হে য়ারাবিআমের
ভার্য্যে অন্তরে আইস তুমি কেন অন্য স্ত্রী হইবার
ছল করিতেছ কেননা আমি ভারি কথা কহিতে
তোমার নিকটে প্রেরিত আছি। [৭] তুমি প্র
স্থান কর ও য়ারাবিআমকে কহ যে য়িশ্রাএলের
ঈশ্বর য়িহুহ এ কথা কহেন আমি লোকেরদের
মধ্যহইতে তোমাকে উচ্চপদস্থ করিলাম ও তো
মাকে আমার য়িশ্রাএললোকেরদের উপরে
অধ্যক্ষ করিলাম। [৮] এবং দাউদের বংশ
হইতে রাজ্য কাড়িয়া লইয়া তোমাকে দিলাম
তথাপি আমার আজ্ঞাপালক ও যাহা আমার
দৃষ্টিতে উত্তম কেবল তাহাই করিতে আপন সর্ব্বা
ন্তঃকরণের সহিত আমার পশ্চাদ্বর্ত্তী ছিল যে আ
মার দাস দাউদ তাহার মত তুমি হও নাই। [৯]
কিন্তু তোমার পূর্ব্বে যত লোক ছিল তাহারদের
অপেক্ষায় কুকর্ম্ম করিয়াছ যেহেতুক আমাকে
ক্রুদ্ধ করিবার কারণ তুমি যাইয়া আপনার নিমি
ত্তে অন্য দেবেরদিগকে ও সাঁচুয়া প্রতিমারদিগকে
নির্ম্মাণ করিয়া আমাকে তোমার পৃষ্ঠের পশ্চাৎ
করিয়াছ। [১০] অতএব দেখ আমি য়ারাবিআ
মের বংশের প্রতি অমঙ্গল ঘটাইব এবং ভিত্তি
গাত্রে প্রস্রাবকারি য়ারাবিআমের লোককে এবং
যে জন য়িশ্রাএলে রুদ্ধ ও অবশিষ্ট থাকে তাহা
কেও আমি উচ্ছিন্ন করিব। এবং যেমন কোন ম
নুষ্য যেপর্য্যন্ত সকল স্থানান্তর না হয় সেপর্য্যন্ত
মল লইয়া যায় সেমত আমি য়ারাবিআমের
বংশের অবশিষ্ট লোককে লইয়া যাইব। [১১]
য়ারাবিআমের যে জন নগরে মরে তাহাকে কুকু
রেরা খাইবে ও যে জন মাঠে মরে তাহাকে শূ
ন্যের পক্ষিরা খাইবে যেহেতুক য়িহুহ তাহা কহি
য়াছেন। [১২] অতএব তুমি উঠিয়া আপন নি
বাসে যাও এবং নগরে তোমার পদ প্রবেশ করি
লেই বালক মরিবে। [১৩] এবং তাহার জন্যে
সমস্ত য়িশ্রাএল শোকাবিষ্ট হইয়া তাহাকে কব
রে পুঁতিবে যেহেতুক য়ারাবিআমের বংশের
মধ্যে য়িশ্রাএলের ঈশ্বর য়িহুহের প্রতি তাহার
মধ্যে কোন উত্তম বিষয় পাওয়া যায় তৎপ্রযুক্ত
য়ারাবিআমের বংশেতে কেবল সেই জন কবর
প্রাপ্ত হইবে। [১৪] আরো য়ারাবিআমের
বংশকে যে উচ্ছিন্ন করিবে এমন এক রাজাকে
য়িহুহ য়িশ্রাএলোপরি উৎপন্ন করিবেন কিন্তু
তাহা কি এইক্ষণেই। [১৫] যেহেতুক যেরূপ জ
লে নল লড়ান যায় তদ্রূপ য়িহুহ য়িশ্রাএলকে

বিনাশ করিবেন তাহারা য়িহুহকে ক্রুদ্ধ করত আ
পনারদের চৈত্যবৃক্ষ করিয়াছে তৎপ্রযুক্ত তিনি
তাহারদের পিতৃলোকেরদিগেরে যে উত্তম দেশ
দিয়াছিলেন এই সে দেশহইতে য়িশ্রাএলকে
উৎপাটিত করিয়া নদীর ওপারে তাহারদিগকে
ছিন্নভিন্ন করিবেন। [১৬] এবং আপনি পাপ
করিল ও য়িশ্রাএলকে পাপ করাইল যে য়ারা
বিআম তাহার পাপপ্রযুক্ত তিনি য়িশ্রাএলকে
ত্যাগ করিবেন।

[১৭] অনন্তর য়ারাবিআমের ভার্য্যা উঠিয়া
যাইয়া তিরসাহেতে উপস্থিতা হইল এবং সে দ্বা
রের গোবরাটে পঁহুছিলে বালক মরিল। [১৮]
পরে তাহারা তাহাকে কবর দিল তাহাতে য়িহুহ
আপন দাস আখিয়াহ্ আচার্য্যের প্রমুখাৎ যে
বাক্য কহিয়াছিলেন তাঁহার সেই কথানুসারে স
মস্ত য়িশ্রাএল তৎপ্রযুক্ত শোক করিল। [১৯]
য়ারাবিআমের অন্য২ ক্রিয়া ও সে যেরূপ যুদ্ধ
করিল ও যে প্রকারে রাজ্য করিল দেখ সে সমস্ত
য়িশ্রাএলের রাজারদের বিবরণপুস্তকে লিখিত
আছে। [২০] এবং য়ারাবিআম বাইশ বৎসর
ব্যাপিয়া রাজ্য করিল পরে সে আপন পিতৃলো
কেরদের সহিত শয়ন করিল তাহাতে তাহার
পুত্র নাদাব তাহার পদে রাজ্য করিল।

[২১] অপর শলমনের পুত্র রিখবিআম য়িহু
দাহ্দেশে রাজ্য করিল রিখবিআমের রাজ্য কর
ণারম্ভ কালে সে একচল্লিশ বৎসরবয়স্ক ছিল
পরে য়িহুহ তথাতে স্বনাম স্থাপনার্থে য়িশ্রাএ
লের তাবৎ গোষ্ঠীর মধ্যে যে নগর মনোনীত
করিয়াছিলেন এমন যে য়িরূশালম তাহাতে সে
সপ্তদশ বৎসর রাজ্য করিল। [২২] অপর য়িহু
হের দৃষ্টিতে য়িহুদাহ্ কুক্রিয়া করিল এবং
তাহারদের পিতৃলোককর্ত্তৃক কৃত পাপহইতে অ
ধিক তাহারদের নিজ পাপেতে তাঁহাকে উত্তপ্ত
করিল। [২৩] যেহেতুক প্রত্যেক উচ্চ পর্ব্বতো
পরি ও প্রত্যেক হরিৎ বৃক্ষের তলে তাহারা আ
পনারদের কারণ উচ্চ স্থান ও প্রতিমা ও চৈত্য
বৃক্ষ করিল। [২৪] এবং দেশে পুংশৃঙ্গারিরা
ছিল এবং য়িহুহ যে সকল দেশীয় লোকেরদি
গকে য়িশ্রাএলের সন্তানেরদের সম্মুখে নিরাক
রণ করিয়াছিলেন তাহারদের ঘৃণিত ক্রিয়ানুসা
রে তাহারা করিল।

[২৫] রিখবিআমের অধিকারের পঞ্চম বৎ
সরে এমত হইল মিসরের শীশকরাজ য়িরূশাল
মের প্রতিকূলে আইল। [২৬] এবং য়িহুহের গৃ
হের ধন ও রাজগৃহের ধন লইয়া প্রস্থান করিল
সে সমস্তই লইয়া গেল এবং শলমন যে স্বর্ণময়
ঢাল নির্ম্মাণ করিয়াছিল তাহা ও সে লইয়া গেল
[২৭] অনন্তর রিখবিআম সে সকলের স্থানে পি
ত্তলময় ঢাল নির্ম্মাণ করিয়া দিল এবং রাজার
রক্ষার্থক সেনার অধ্যক্ষ যে রাজবাটীর দ্বার
পাল তাহার নিকটে তাহা অর্পণ করিল। [২৮]
অপর এমত হইল যখন রাজা য়িহুহের গৃহে প্র
বেশ করিত তখন রক্ষার্থ সেনাধ্যক্ষ তাহা বহি
য়া আনিল পরে চৌকিশালায় ফিরিয়া লইয়া
গেল।

[২৯] রিখবিআমের আর২ ক্রিয়া ও তাহার
কৃত কার্য্যসকল কি য়িহুদাহের রাজারদের বিব
রণপুস্তকে লিখিত নাই। [৩০] এবং তাহার
দের তাবদায়ুঃকাল ব্যাপিয়া রিখবিআমের ও
য়ারাবিআমের পরস্পর যুদ্ধ ছিল। [৩১] অন
ন্তর রিখবিআম আপন পিতৃলোকেরদের স
হিত নিদ্রা গেল ও আপন পিতৃলোকেরদের
সহিত দাউদের নগরে কবরপ্রাপ্ত হইল তাহার
মাতার নাম অম্মোনীয়া নআমাহ্ তদনন্তর তা
হার পুত্র আবিয়াম তাহার পদে রাজ্য করিল।

১৫ পর্ব্ব।

[১] নিবাটের পুত্র য়ারাবিআমরাজের অধি
কারের অষ্টাদশ বৎসরে আবিয়াম য়িহুদাহো
পরি রাজ্য করিল। [২] সে য়িরূশালমে তিন
বৎসর রাজ্য করিল তাহার মাতার নাম মঅকাহ্
সে আবশালোমের কন্যা। [৩] এবং তাহার
পূর্ব্বে তাহার পিতা যে২ পাপ করিয়াছিল সেই
পাপেতে সে আচরণ করিল ও তাহার পিতা দা
উদের হৃদয় যেরূপ ছিল তদ্রূপ তাহার হৃদয়
তাহার ঈশ্বর য়িহুহের প্রতি সম্পূর্ণ ছিল না। [৪]
কিন্তু তাহার পরে তাহার সন্তানকে স্থাপিত করি
তে ও য়িরূশালম স্থির করিতে দাউদপ্রযুক্ত তা
হার ঈশ্বর য়িহুহ তাহাকে য়িরূশালমে এক প্র
দীপ দিলেন। [৫] যেহেতুক দাউদ য়িহুহের দৃ
ষ্টিতে সৎক্রিয়া করিয়াছিল এবং তাহার তাবদা
য়ুতে খিত্তীয় উরীয়াহের ভার্য্যার বিষয়ব্যতিরে
কে তাঁহাতে আজ্ঞাপিত কোন ক্রিয়াহইতে পরা
বৃত্ত হয় নাই। [৬] এবং তাহার তাবদায়ুঃ ব্যা
পিয়া রিখবিআমের সহিত য়ারাবিআমের যুদ্ধ
হইয়াছিল। [৭] আবিয়ামের অন্য২ ক্রিয়া ও
তাহাতে কৃত সমস্ত কর্ম্ম তাহা কি য়িহুদাহের রা
জগণের বিবরণ পুস্তকে লিখিত নাই এবং আ
বিয়ামের সহিত য়ারাবিআমের যুদ্ধ হইয়াছিল।
[৮] অনন্তর আবিয়াম আপন পিতৃলোকেরদের
সহিত শয়ন করিল পরে তাহারা তাহাকে দাউ
দের নগরে কবর দিল এবং তাহার পুত্র আসা
তাহার পদে রাজ্য করিল।

[৯] অপর য়িশ্রাএলের রাজা য়ারাবিআ
মের বিংশতিতম বৎসরে আসা য়িহুদাহোপরি

রাজত্ব করিল। [১০] সে য়িরূশালমে একচ
ল্লিশ বৎসর রাজ্য করিল তাহার মাতার নাম
মঅাকাহ্ সে আবশালোমের কন্যা। [১১] এ
বং আসা য়িহুহের দৃষ্টিতে আপন পিতা দাউ
দের ক্রিয়ানুসারে সুক্রিয়া করিল [১২] সে পুং
শৃঙ্গারকারিরদিগকে দেশহইতে দূর করিয়া দিল
ও আপন পিতৃলোকেরা যে২ প্রতিমা নির্ম্মাণ
করিয়াছিল সে সকল দূর করিল। [১৩] এবং
সে আপন মাতা মঅাকাহ্কে রাজ্ঞীপদচ্যুতা
করিল যেহেতুক সে এক চৈত্যবৃক্ষের তলে এক
প্রতিমা নির্ম্মাণ করিয়াছিল এবং আসা তাহার
প্রতিমা নষ্ট করিয়া কিদ্রোণ নদীতীরে তাহা
দাহ করিল। [১৪] কিন্তু উচ্চস্থান দূর করা গেল
না তথাপি আসার তাবদায়ুঃকাল তাহার মন
সম্পূর্ণরূপে য়িহুহের প্রতি ছিল। [১৫] এবং
তাহার পিতা যে২ বস্তু পবিত্র করিয়াছিল ও সে
আপনি যে২ বস্তু পবিত্র করিয়াছিল অর্থাৎ
রূপ্য ও স্বর্ণ ও পাত্র তাহা সে য়িহুহের গৃহেতে
আনিল।

[১৬] এবং আসাতে ও য়িশ্রাএলের বঅাশা
রাজেতে যাবজ্জীবন পরস্পর যুদ্ধ ছিল। [১৭]
পরে য়িশ্রাএলের বঅাশারাজ য়িহুদাহের প্র
তিকূলে যাইয়া রামাহ্ নির্ম্মাণ করাইল যে য়ি
হুদাহের আসারাজের নিকটে কাহাকেও যাই
তে না দেয়। [১৮] তখন য়িহুহের গৃহস্থ অব
শিষ্ট তাবৎ রূপ্য ও স্বর্ণ এবং রাজবাটীর তা
বৎ ধন লইয়া আসা আপন দাসেরদের হস্তে স
মর্পণ করিল অপর আসারাজ খেজিওনের পুত্র
টবরিমোনের পুত্র বেনহদদনামে দমাশেকনি
বাসি অরামের রাজার নিকটে এ কথা কহিয়া
পাঠাইল। [১৯] আমাতে ও তোমাতে এবং
আমার পিতাতে ও তোমার পিতাতে নির্দ্ধারণ
হইয়াছে দেখ আমি তোমাকে উপঢৌকনার্থে
রূপ্য ও স্বর্ণ পাঠাইলাম য়িশ্রাএলের বঅাশা
রাজের সহিত তোমার যে নিয়ম আছে তাহা
ব্যর্থ কর যে সে আমার নিকটহইতে যায়।
[২০] অতএব বেনহদদ আসারাজের বাক্যে
অবধান করিয়া আপন সেনাপতিরদিগকে য়িশ
রাএলের নগরের প্রতিকূলে প্রেরণ করিয়া ঈ
য়োন ও দান ও আবেল বীতমঅাকাহ্ ও সমস্ত
কিনিরোত ও নপ্তালীর তাবদ্দেশ মারিল। [২১]
অপর এমত হইল যখন বঅাশা তাহা শ্রবণ
করিল তখন সে রামাহের নির্ম্মাণ ত্যাগ করি
য়া তির্সাহেতে বাস করিল।

[২২] তখন আসারাজ য়িশ্রাএলের সর্ব্বত্র
ঘোষণা করিল তাহাতে কেহ ছাড়া গেল না
পরে রামাহে যে প্রস্তর ও কাষ্ঠ বঅাশা গ্রন্থন
করাইয়াছিল তাহা তাহারা লইয়া গেল তাহা
তে আসারাজ বেন্যামিনের গেবঅা ও মিস্পাহ্
গ্রন্থন করাইল। [২৩] আসার আর২ ক্রিয়া
ও তাহার সামর্থ্য ও সে যাহা২ করিল ও সে যে২
নগর বসাইল সে সকল কি য়িহুদাহের রাজগ
ণের বিবরণপুস্তকে লিখিত নাই কিন্তু তাহার
বৃদ্ধাবস্থায় তাহার পাদেতে রোগ হইয়াছিল।
[২৪] অনন্তর আসা আপন পিতৃলোকেরদের
সহিত শয়ন করিল এবং আপন পিতা দাউদের
নগরে আপন পিতৃলোকেরদের সহিত পোতা
গেল পরে তাহার পুত্র য়িহোশাফাট তাহার
পদে রাজ্য করিল।

[২৫] য়িহুদাহের আসারাজের দ্বিতীয় বৎস
রে য়ারাবিঅামের পুত্র নাদাব য়িশ্রাএলোপ
রি রাজ্য করিতে আরম্ভ করিল এবং সম্পূর্ণ দুই
বৎসর য়িশ্রাএলে রাজত্ব করিল। [২৬] সে
য়িহুহের দৃষ্টিতে কুকর্ম্ম করিল এবং আপন
পিতার পথে ও সে যে পাপেতে য়িশ্রাএলকে
পাপে প্রবৃত্ত করিয়াছিল সে পাপাচরণ ক
রিল।

[২৭] অপর য়িশাকরের গোষ্ঠীর অখিয়া
হের পুত্র বঅাশা তাহার বিপরীতে ঐক্য করি
য়া তাহাকে পলশ্তীয়েরদের গিবিতোনে বধ
করিল যেহেতুক নাদাব ও সমস্ত য়িশ্রাএল গি
বিতোন রোধ করিয়াছিল। [২৮] য়িহুদাহের
আসারাজের তৃতীয় বৎসরে বঅাশা তাহাকে
হত করিয়া তাহার পদে রাজ্য করিল। [২৯]
য়ারাবিঅাম যে পাপ করিল ও য়িশ্রাএলকে
যে পাপে প্রবৃত্ত করিল ও যে ক্রোধজনক কর্ম্মে
য়িশ্রাএলের ঈশ্বর য়িহুহকে ক্রুদ্ধ করিল তৎপ্র
যুক্ত এমত হইল যে তাহার রাজ্যকরণসময়ে সে
য়ারাবিঅামের তাবদ্বংশ নিপাত করিল। [৩০]
য়িহুহ আপন দাস শীলোনীয় আখীয়াহের
প্রমুখাৎ যে কথা কহিয়াছিলেন তাঁহার সে কথা
নুসারে সে তাহার যেপর্য্যন্ত সংহার না করিল
সেপর্য্যন্ত য়ারাবিঅামের বংশে প্রাণবিশিষ্ট
কাহাকেও অবশিষ্ট রাখিল না।

[৩১] নাদাবের আর২ ক্রিয়া ও সে যাহা ক
রিল তাহা কি য়িশ্রাএলের রাজগণের বিবরণ
পুস্তকে লিখিত নাই। [৩২] এবং আসার ও
য়িশ্রাএলের বঅাশারাজের তাবদায়ু ব্যাপি
য়া পরস্পর যুদ্ধ ছিল। [৩৩] য়িহুদাহের আ
সারাজের তৃতীয় বৎসরে আখীয়াহের পুত্র ব
অাশা সমস্ত য়িশ্রাএলোপরি তির্সাহেতে রা
জ্য করিতে লাগিয়া চব্বিশ বৎসর রাজ্য করিল।
[৩৪] এবং সে য়িহুহের দৃষ্টিতে কুক্রিয়া করিল
ও য়ারাবিঅামের পথে ও সে যে পাপেতে য়িশ

য়াএলকে পাপে প্রবৃত্ত করিয়াছিল সে পাপাচ
রণ করিল।

১৬ পর্ব্ব।

[১] তখন বআশার প্রতিকূলে খননীয়াহের
পুত্র য়িহূর নিকটে য়িহুহের এ বাক্য আইল।
[২] আমি ধূলার মধ্যহইতে তোমাকে উঠাইয়া
আমার য়িশরাএললোকোপরি রাজা করিলাম
কিন্তু তুমি য়ারাবিআমের পথে গমন করিয়া
আমার য়িশরাএল লোকেরদের পাপদ্বারা আ
মাকে ক্রুদ্ধ করিবার কারণ তাহারদিগকে পাপে
প্রবৃত্ত করিয়াছ। [৩] অতএব দেখ আমি বআ
শার বংশকে ও তাহার জ্ঞাতিরদের বংশকে
দূর করিব এবং আমি নিবাটের পুত্র য়ারাবি
আমের বংশের ন্যায় তোমার বংশকে করিব।
[৪] বআশার যে জন নগরে মরে তাহাকে কুকু
রেরা ভক্ষণ করিবে ও তাহার যে জন মাঠে মরে
তাহাকে শূন্যের পক্ষিরা খাইবে। [৫] বআ
শার আর২ ক্রিয়া ও সে যাহা২ করিল তাহা
ও তাহার সামর্থ্য কি য়িশরাএলের রাজগণের
বিবরণপুস্তকে লিখিত নাই। [৬] অতএব বআ
শা আপন পিতৃলোকেরদের সহিত নিদ্রা গেল
ও তিরসাহে কবরপ্রাপ্ত হইল ও তাহার পুত্র
এলাহ্ তাহার পরিবর্ত্তে রাজ্য করিল। [৭]
আরও খনানীর পুত্র য়িহূ আচার্য্যের হস্তেতে
য়িহুহের বাক্য বআশার প্রতিকূলে ও তাহার
বংশের প্রতিকূলে আইল অর্থাৎ সে আপন
হস্তকৃত বস্তুতে য়িহুহকে ক্রুদ্ধ করাতে য়ারাবি
আমের বংশের ন্যায় হওয়াতে য়িহুহের দৃষ্টি
তে যে কুক্রিয়া করিল তৎপ্রযুক্ত এবং সে যে তা
হাকে বধ করিল তৎপ্রযুক্তও।

[৮] য়িহুদাহের আসারাজের ষড়্‌বিংশ বৎ
সরে বআশার পুত্র এলাহ্ তিরসাহে য়িশরাএ
লোপরি রাজ্য করিতে আরম্ভ করিয়া দুই বৎসর
রাজ্য করিল। [৯] এবং সে যখন তিরসাহেতে
আপন বাটীর দেওয়ান আরসার ঘরে আপ
নাকে মত্ত করিতেছিল তখন তাহার রথসমূহের
অর্দ্ধেকের কর্ত্তা তাহার দাস জিমরী তাহার প্রতি
কূলে ঐক্য করিল। [১০] য়িহুদাহের আসা
রাজের সপ্তবিংশ বৎসরে জিমরী প্রবেশ করিয়া
তাহাকে প্রহার করিল ও বধ করিয়া তাহার
পদে রাজ্য করিল।

[১১] অপর যখন সে রাজ্য করিতে আরম্ভ ক
রিল তখন এমত হইল সে আপন সিংহাসনো
পবিষ্ট হইবামাত্রে বআশার তাবদ্বংশ নাশ
করিল ও ভিত্তিগাত্রপ্রস্রাবকারী তাহার জ্ঞাতি
মিত্র ইত্যাদি কাহাকেও তাহার বংশে অবশিষ্ট
রাখিল না। [১২] বআশা ও তাহার পুত্র এ
লাহ্ যে সকল পাপেতে পাপ করিল ও আপ
নার সমস্ত নিষ্ফল পূজ্যেরদের দ্বারা য়িশরাএ
লের ঈশ্বর য়িহুহকে ক্রুদ্ধ করত যাহাতে য়িশরা
এলকে পাপে প্রবৃত্ত করিল [১৩] সে সকল পা
পেতে য়িহূ আচার্য্যের দ্বারা য়িহুহ যে বাক্য
বআশার প্রতিকূলে কহিলেন তদ্বাক্যানুসারে জি
মরী বআশার তাবদ্বংশকে এতদ্রূপ নষ্ট করিল।
[১৪] এলাহের অন্য২ ক্রিয়া ও সে যে সকল ক
রিল তাহা কি য়িশরাএলের রাজারদের বিবরণ
পুস্তকে লিখিত নাই।

[১৫] য়িহুদাহের আসারাজের সপ্তবিংশ বৎ
সরে জিমরী তিরসাহে সাত দিন রাজ্য করিল
এবং লোকেরা পলেশ্‌তীয়েরদের অধিকারস্থ
গিবিতোন অবরোধ করিয়া রহিল। [১৬] নগ
রাবরোধকারি লোকেরা শুনিল যে জিমরী ঐক্য
করিয়াছে ও রাজাকে বধ করিয়াছে অতএব ঐ
দিবসে সমস্ত য়িশরাএল সৈন্যস্থলে ওমরী সেনা
পতিকে য়িশরাএলোপরি রাজা করিল। [১৭]
অপর ওমরী ও সমস্ত য়িশরাএল তাহার সহিত
গিবিতোনহইতে যাত্রা করিয়া তিরসাহ্ রোধ
করিল। [১৮] যখন জিমরী দেখিল যে নগর
ধৃত হইল তখন এমত হইল সে রাজবাটীর অট্টা
লিকায় গেল ও আপনার উপরিস্থ রাজবাটীতে
অগ্নি দিয়া মরিল [১৯] ও য়ারাবিআমের পথা
নুগমনেতে এবং য়িশরাএলকে পাপ প্রবর্ত্তনা
র্থে সে যে পাপ করিল সে পাপাচরণ করিয়া য়ি
হুহের দৃষ্টিতে কুক্রিয়া করণেতেও মরিল। [২০]
জিমরীর আর২ ক্রিয়া ও তাহার কৃত বিশ্বাসঘাত
কতা কি য়িশরাএলের রাজারদের বিবরণপুস্তকে
লিখিত নাই।

[২১] তখন য়িশরাএললোক দুই ভাগ করা
গেল অর্দ্ধেক লোক গীনতের পুত্র তিবনীকে
রাজা করিতে তাহার অনুবর্ত্তী হইল ও অর্দ্ধেক
লোক ওমরীর অনুবর্ত্তী হইল। [২২] কিন্তু যাহা
রা ওমরীর অনুবর্ত্তী ছিল তাহারা গীনতের পুত্র
তিবনীর অনুগামিরদিগকে পরাস্ত করিল অত
এব তিবনী মরিল ও ওমরী রাজত্ব করিল।

[২৩] য়িহুদাহের আসারাজের একত্রিংশ বৎ
সরে ওমরী য়িশরাএলোপরি রাজ্য করিতে আরম্ভ
করিয়া দ্বাদশ বৎসর রাজ্য করিল সে ছয় বৎসর
তিরসাহে রাজ্য করিল। [২৪] পরে সে দুই কিক
ররূপ্যমূল্যেতে শেমেরের স্থানে শমরোণপর্ব্বত
ক্রয় করিয়া ঐ পর্ব্বতোপরি এক নগর বসাইল
পরে স্বকৃত নগরের নাম ঐ পর্ব্বতের অধিকারি
শেমেরের নামানুসারে শমরোণ করিল। [২৫]
কিন্তু ওমরী য়িহুহের দৃষ্টিতে কুক্রিয়া করিল ও
তাহার পূর্ব্ববর্ত্তি তাবল্লোকাপেক্ষা কুকর্ম্ম করি

ল। [২৬] যেহেতুক নিবাটের পুত্র য়ারাবিআ
মের সকল পথে গমন করিল ও তাহার নিরর্থক
পূজ্যেরদের দ্বারা য়িশ্রাএলের ঈশ্বর য়িহুহকে
ক্রুদ্ধ করিবার কারণ সে যে২ পাপেতে য়িশ্রাএল
কে পাপে প্রবৃত্ত করিল তাহার সে পাপাচরণ
ও করিল। [২৭] ওম্রীর কৃত অন্য২ ক্রিয়া
ও সে যে প্রভাব দর্শাইল তাহাও কি য়িশ্রাএ
লের রাজারদের বিবরণপুস্তকে লিখিত নাই।
[২৮] অতএব ওম্রী আপন পিতৃলোকেরদের
সহিত শয়ন করিল ও শমরোণে কবরপ্রাপ্ত হইল
পরে তাহার পুত্র আখাব তাহার পদে রাজ্য
করিল।

[২৯] য়িহুদাহের আসারাজের অষ্টত্রিংশ
বৎসরে ওম্রীর পুত্র আখাব য়িশ্রাএলোপরি
রাজ্য করিতে আরম্ভ করিল এবং ওম্রীর পুত্র
আখাব শমরোণে য়িশ্রাএলোপরি দ্বাবিংশ
তি বৎসর ব্যাপিয়া রাজ্য করিল। [৩০] এবং
ওম্রীর পুত্র আখাব তাহার পূর্ব্ববর্ত্তি লোকের
দেরহইতে য়িহুহের দৃষ্টিতে অসৎক্রিয়া করিল।
[৩১] অপর নিবাটের পুত্র য়ারাবিআমের পথে
গমন লঘু বিষয় হইলে যেরূপ হইত এমন হ
ইল যে সে সীদোনীয়েরদের এৎবআল রাজার
কন্যা য়ীজেবেলকে বিবাহ করিল ও যাইয়া ব
আলের সেবা ও পূজা করিল। [৩২] ও আপ
নি বআলের কারণ শমরোণে যে গৃহ নির্ম্মাণ
করিয়াছিল তন্মধ্যে বআলের নিমিত্তে এক যজ্ঞ
বেদি নির্ম্মাণ করিল। [৩৩] এবং আখাব চৈ
ত্যবৃক্ষ করিল এবং তাহার পূর্ব্বে য়িশ্রাএলের
যত রাজা ছিল সে সকলহইতে সে য়িশ্রাএলের
ঈশ্বর য়িহুহকে অধিক ক্রুদ্ধ করিল।

[৩৪] তাহার কালে বীৎএলীয় খীএল য়িরি
খু নির্ম্মাণ করিল নূনের পুত্র য়িহোশুআর প্রমু
খাৎ য়িহুহ যে বাক্য কহিয়াছিলেন তদ্বাক্যানু
সারে সে আপন জ্যেষ্ঠ পুত্র আবীরামেতে তা
হার বুনিয়াদ করিল ও আপন কনিষ্ঠ পুত্র শি
গূবেতে তাহার দ্বার স্থাপন করিল।

১৭ পৰ্ব্ব।

[১] অনন্তর গিলিআদনিবাসি তিশবীয় এ
লীয়াহ্ আখাবকে কহিল যাহার সম্মুখে আমি
দাঁড়াই সে য়িশ্রাএলের ঈশ্বর য়িহুহ যদি জী
বৎ হন তবে এই কএক বৎসরপর্য্যন্ত শিশির
কিম্বা বৃষ্টি হইবে না কিন্তু আমার বাক্যানুসারে
হইবে। [২] এবং এ কথা কহত য়িহুহের বা
ক্য তাহার নিকটে আইল [৩] তুমি এখানহই
তে প্রস্থান করিয়া পূর্ব্বদিগে যাও ও য়রদনসম্মু
খস্থ কিরীত নদীর নিকটে আপনাকে গোপন
কর। [৪] এবং এমত হইবে তুমি নদীর জল
পান করিবা ও তোমাকে সেখানে ভোজন করা
ইবার কারণ আমি কাকেরদিগকে আজ্ঞা করি
য়াছি। [৫] অতএব সে যাইয়া য়িহুহের বা
ক্যানুসারে করিল যেহেতুক সে যাইয়া য়রদন
সম্মুখস্থ কিরীত নদীর নিকটে বাস করিল। [৬]
অপর কাকেরা প্রাতঃকালে তাহার নিকটে রুটি
ও মাংস আনিয়া দিত ও সন্ধ্যাকালে রুটি ও
মাংস আনিয়া দিত এবং সে নদীর জল পান
করিত। [৭] কিছু কাল পরে এমত হইল দেশে
অনাবৃষ্টিপ্রযুক্ত নদীর জল শুষ্ক হইয়া গেল।

[৮] অপর য়িহুহের এ বাক্য তাহার গোচরে
আইল। [৯] তুমি উঠিয়া সীদোনের সারিফতে
যাইয়া সে স্থানে বাস কর দেখ তোমার প্রতিপা
লনার্থে আমি এক বিধবাকে আজ্ঞা দিয়াছি।
[১০] অতএব সে উঠিয়া সারিফতে প্রস্থান করিল
এবং সে নগরের দ্বারে পঁহুছিলে দেখ ঐ বিধ
বা স্ত্রী সে স্থানে কাষ্ঠ সংগ্রহ করিতেছে পরে
সে তাহাকে ডাকিয়া বলিল এখন আমার পান
করিবার কারণ আমার নিকটে পাত্রে করিয়া কি
ঞ্চিৎ জল আন। [১১] সে তাহা আনিতে যাই
তেছে ইতিমধ্যে সে তাহাকে ডাকিয়া বলিল
আমি মিনতি করি যে তুমি হস্তে করিয়া এক
খণ্ড রুটি আন। [১২] তাহাতে সে কহিল যদি
তোমার ঈশ্বর য়িহুহ জীবৎ হন তবে আমার
একও রুটি নাই কিন্তু এক পিপাতে অল্প ময়দা
ও এক পাত্রে কিছু তৈল আছে এবং দেখ আ
মরা তাহা খাইয়া মরি এই জন্যে আপনার কা
রণ ও আপন পুত্রের কারণ তাহা পাক করিতে
কিছু কাষ্ঠ আহরণ করিতেছি। [১৩] পরে এলী
য়াহ্ তাহাকে কহিল ভয় করিও না যাও যাহা
কহিয়াছ তাহা কর কিন্তু প্রথমে তাহাতে একটি
ক্ষুদ্র রুটি করিয়া আমার নিকটে আন তার পর
আপনার ও আপন পুত্রের কারণ পাক কর।
[১৪] যেহেতুক য়িশ্রাএলের ঈশ্বর য়িহুহ এ
কথা কহেন য়িহুহ যাবৎ পৃথিবীতে বৃষ্টি না
দেন তাবৎ পিপার ময়দার ক্ষয় হইবেক না ও
তৈলপাত্র তৈলহীন হইবে না। [১৫] অনন্তর
সে প্রস্থান করিয়া এলীয়াহের বাক্যানুসারে ক
রিল এবং সে স্ত্রী ও সে ও তাহার পরিজন অনেক
দিনপর্য্যন্ত আহার পাইল। [১৬] এবং য়িহুহ
এলীয়াহের প্রমুখাৎ যে কথা কহিলেন তদনুসা
রে পিপার ময়দা ও পাত্রের তৈল কিছু ক্ষয়
হইল না।

[১৭] এ সকলের পরে এমত হইল ঐ গৃহের
কর্ত্রী স্ত্রীর পুত্র পীড়িত হইল এবং তাহার পী
ড়ার এমত বৃদ্ধি হইল যে তাহার শরীরে প্রাণ
রহিল না। [১৮] পরে সে স্ত্রী এলীয়াহ্কে

কহিল হে ঈশ্বরের মানুষ তোমার সহিত আমার
কি কার্য্য তুমি কি আমার পাপ স্মরণে আনয়না
র্থে ও আমার পুত্রকে বিনাশ করণার্থে আসি
য়াছ। [১৯] তাহাতে সে তাহাকে কহিল তো
মার পুত্র আমাকে দেও তদনন্তর সে তাহার বক্ষ
স্থলহইতে তাহাকে লইয়া উপরিস্থ আপন বাস
কুঠরিতে তাহাকে লইয়া গিয়া আপন শয্যা
তে তাহাকে শয়ন করাইল। [২০] পরে সে য়ি
হুহের নিকটে প্রার্থনা করিয়া কহিল হে আ
মার ঈশ্বর য়িহুহ আমি যে বিধবার সহিত বাস
করি তাহার পুত্র নষ্ট করাতে তুমি কি তাহার
উপর দুঃখ আনিয়াছ। [২১] অপর সে তিন
বার বালকের উপরে আপন শরীর আলম্বন
করিল ও য়িহুহের নিকটে প্রার্থনা করিয়া কহি
ল হে আমার ঈশ্বর য়িহুহ আমি মিনতি করি
যে এই বালকের প্রাণ তাহার মধ্যে ফিরিয়া আ
ইসুক। [২২] এবং য়িহুহ এলীয়াহের বা
ক্য শ্রবণ করিলেন তাহাতে বালকের প্রাণ পুন
র্ব্বার তাহার মধ্যে আইল ও সে সজীব হইল।
[২৩] পরে এলীয়াহ্ ঐ বালককে আনিয়া উ
পরিস্থ কুঠরিহইতে গৃহমধ্যে লইয়া গিয়া তা
হার মাতার নিকটে সমর্পণ করিল এবং এ
লীয়াহ্ কহিল এই দেখ তোমার পুত্র জীবৎ
আছে।
[২৪] অপর সে স্ত্রী এলীয়াহ্কে কহিল ইহা
তে আমি জানি যে তুমি ঈশ্বরের এক লোক ও
তোমার প্রমুখাৎ য়িহুহের যে বাক্য সে সত্য।

১৮ পর্ব্ব।

[১] বহুদিবসানন্তর এমত হইল তৃতীয় বৎস
রে য়িহুহের এই বাক্য এলীয়াহের নিকটে আ
ইল যে প্রস্থান করিয়া আখ্যাবের নিকটে আপ
নাকে দেখাও পরে আমি পৃথিবীতে বৃষ্টি করি
ব। [২] অপর এলীয়াহ্ আপনাকে দেখাই
তে আখ্যাবের নিকটে গেল তখন শমরোণে
বড় দুর্ভিক্ষ ছিল। [৩] এবং আখ্যাব আপন
বাটীর কর্ত্তা ওবদীয়াহ্কে ডাকিল ওবদীয়াহ্
য়িহুহকে অতিভয় করিত। [৪] কেননা এমন
ছিল যখন য়ীজেবেল য়িহুহের আচার্য্যেরদিগ
কে উচ্ছিন্ন করিল তখন ওবদীয়াহ্ একশত আ
চার্য্যকে লইয়া তাহারদিগকে পঞ্চাশ২ করিয়া
গুহাতে লুকাইল ও তাহারদিগকে অন্নজল
দিল। [৫] এবং আখ্যাব ওবদীয়াহ্কে কহিল
আমারদের সকল পশু যে উচ্ছিন্ন না হয় এই
জন্যে তুমি দেশে জলের সকল উনইতে ও সকল
নদীতে যাও হইতে পারিবে যে আমরা অশ্বের
দের ও অশ্বতরেরদের প্রাণরক্ষার্থে তৃণ পাইব।
[৬] অতএব তাহারা দেশের সর্ব্বত্র ভ্রমণকরণা
র্থে তাহা দুই পল্লী করিল আখ্যাব একাকী এক
দিগে গেল এবং ওবদীয়াহ্ একাকী অন্য দিগে
গেল।
[৭] ওবদীয়াহ্ পথগত হইলে দেখ তাহার স
হিত এলীয়াহের সাক্ষাৎ হইল তাহাতে সে তা
হাকে চিনিয়া ভূমপৃষ্ঠমুখ হইয়া কহিল যে তুমি
কি আমার প্রভু এলীয়াহ্। [৮] তাহাতে
সে প্রত্যুত্তর করিয়া কহিল যে আমি বটে যাও
আপন প্রভুকে কহ যে এলীয়াহ এখানে আ
ছে। [৯] পরে সে কহিল আমি কি দোষ করি
য়াছি যে আমাকে বধ করিবার কারণ তুমি আ
পন দাসকে আখ্যাবের হস্তে সমর্পণ করিতেছ।
[১০] তোমার ঈশ্বর য়িহুহ যদি জীবৎ হন তবে
তোমার অন্বেষণে আমার প্রভু মহারাজ যে স্থানে
লোক না পাঠাইয়াছেন এমন কোন দেশ কিম্বা
রাজ্য নাই এবং তত্রস্থ লোকেরা যখন কহিল যে
সে এখানে নাই তখন তদ্দেশীয় লোকেরা কি
ম্বা তদ্রাজ্যে থাকা লোকেরা তোমাকে পায় নাই
এবিষয়ে তিনি তাহারদিগকে শপথ করাইলেন।
[১১] এবং এখন তুমি কহিতেছ যাও আপন
প্রভুকে কহ যে দেখ এলীয়াহ এখানে আছে।
[১২] এবং আমি তোমার নিকটহইতে গেলে
এমন হইবে যে য়িহুহের আত্মা আমাতে অ
জ্ঞাত কোন স্থানে তোমাকে লইয়া যাইবে এবং
আমি যাইয়া আখ্যাবকে কহিলে তিনি তোমা
কে পাইতে না পারিয়া আমাকে বধ করিবেন
কিন্তু তোমার দাস যে আমি যৌবনকালাবধি
য়িহুহকে ভয় করি। [১৩] যখন য়ীজেবেল য়িহু
হের আচার্য্যেরদিগকে বধ করিল তখন আমি
যে য়িহুহের একশত আচার্য্যকে পঞ্চাশ২ করি
য়া গুহাতে লুকাইয়া রাখিয়া তাহারদিগকে অন্ন
জল দিলাম এই যে ক্রিয়া আমি করিলাম তাহা
কি আমার প্রভুর নিকটে কহা যায় নাই। [১৪]
ও এখন তুমি কহিতেছ প্রস্থান কর আপন প্রভু
কে সমাচার দেও যে দেখ এলীয়াহ এখানে
পরে তিনি আমাকে বধ করিবেন। [১৫] এবং
এলীয়াহ কহিল আমি যাহার সাক্ষাৎ দাঁড়াই
এমত যে সৈন্যের য়িহুহ তিনি জীবৎ হইলে
অবশ্য আমি অদ্য তাহার সাক্ষাৎ আপনাকে
দেখাইব। [১৬] অতএব ওবদীয়াহ্ আখ্যাবের
সহিত মিলনার্থে গমন করিয়া তাহাকে সমাচার
দিল তাহাতে আখ্যাব এলীয়াহের সহিত সা
ক্ষাৎ করণার্থে যাত্রা করিল।
[১৭] আখ্যাব এলীয়াহ্কে দেখিলে এমত হ
ইল আখ্যাব তাহাকে কহিল য়িশ্রাএলের দুঃখ
দায়ক কি তুমি। [১৮] তাহাতে সে প্রত্যুত্তর
করিল যে আমি য়িশ্রাএলকে দুঃখ দি নাই

কিন্তু তুমি ও তোমার পিতৃবংশ য়িহুহের আ
জ্ঞাতিক্রমকরাতে ও বআলেরদের অনুগামী হও
য়াতে য়িশরাএলকে দুঃখ দিয়াছ। [১৯] অতএব
এখন লোক প্রেরণ করিয়া সমস্ত য়িশরাএলকে ও
য়ীজেবেলের মেজে ভোজনকারি বআলের চারি
শত পঞ্চাশ জন আচার্য্যকে ও চৈত্যবৃক্ষের আ
চার্য্য চারিশত জনকে করমেলপর্ব্বতে আমার
নিকটে একত্র কর। [২০] অতএব আখাব য়িশ
রাএলের সমস্ত সন্তানেরদের নিকটে লোক প্রে
রণ করিয়া আচার্য্যেরদিগকে করমেলপর্ব্বতে
একত্র করিল।

[২১] অপর এলীয়াহ্ সমস্ত লোকের নিকটে
গিয়া কহিল তোমরা কত কাল দুই মতের মধ্যে
সন্দিগ্ধ থাকিবা যদি য়িহুহ ঈশ্বর হন তবে তাঁ
হার অনুগামী হও কিন্তু যদি বআল হয় তবে
তাহার অনুগামী হও তাহাতে লোকেরা তাহাকে
এক কথাও প্রত্যুত্তর দিল না। [২২] তখন এলী
য়াহ্ লোকেরদিগকে কহিল য়িহুহের আচা
র্য্যেরদের মধ্যে আমি কেবল আমিই অবশিষ্ট
আছি কিন্তু বআলের আচার্য্যেরা চারিশত প
ঞ্চাশ জন। [২৩] অতএব তাহারা আমারদিগ
কে দুই বলদ দিউক পরে তাহারা আপনারদের
কারণ এক বলদ পসন্দ করুক ও কাটিয়া খণ্ড২
করিয়া কাষ্ঠোপরি রাখুক কিন্তু তাহাতে অগ্নি
না দিউক। [২৪] আমি অন্য বলদ প্রস্তুত ক
রিব ও কাষ্ঠের উপরে থুইব কিন্তু অগ্নি দিব না
পরে তোমরা আপনারদের দেবেরদের নামে
প্রার্থনা কর ও আমি য়িহুহের নামে প্রার্থনা
করিব এবং যে দেব অগ্নিদ্বারা উত্তর করেন
তিনিই ঈশ্বর হউন তাহাতে সকল লোক প্রত্যু
ত্তর করিয়া কহিল যে এ কথা উত্তম বটে [২৫]
পরে এলীয়াহ্ বআলের আচার্য্যেরদিগকে ক
হিল তোমরা প্রথমে আপনারদের কারণ এক
বলদ মনোনীত করিয়া প্রস্তুত কর যেহেতুক তো
মরা অনেক পরে আপনারদের দেবেরদের নামে
প্রার্থনা কর কিন্তু তাহাতে অগ্নি দিও না। [২৬]
অপর তাহারদিগকে যে বলদ দেওয়া গেল তা
হা লইয়া তাহারা প্রস্তুত করিল এবং হে বআল
আমারদের প্রার্থনা শুন ইহা কহত প্রাতঃকাল
বধি মধ্যাহ্নকালপর্য্যন্ত বআলের নামে প্রার্থনা
করিল কিন্তু শব্দ কিম্বা প্রত্যুত্তরকারি কেহ উপস্থি
ত হইল না অপর তাহারা ঐ কৃত বেদ্যুপরি লম্ফ
দিল। [২৭] মধ্যাহ্নকালে এলিয়াহ্ তাহারদি
গকে বিদ্রূপ করিয়া কহিল যে উচ্চৈঃস্বরে ডাক
কেননা সে দেব বটে সে কথা কহিতেছে কিম্বা
শত্রুরদের পাছে২ দৌড়িতেছে কিম্বা সে কোন
স্থানে যাইতেছে কিম্বা হইতে পারে যে সে নিদ্রা
গত হইয়াছে ও তাহাকে জাগাইবার আবশ্যক
আছে। [২৮] পরে তাহারা উচ্চৈঃস্বরে ডাকিয়া
আপনারদের ব্যবহারানুসারে তাহারদের উপ
রে রক্ত না পতনপর্য্যন্ত আপনারদিগকে ছুরিকা
তে ও বেলকারেতে কাটিল। [২৯] মধ্যাহ্ন
কাল গেলে তাহারা সন্ধ্যাবলিদেওনকালপর্য্যন্ত
আচার্য্যরূপ বাক্য কহিলে এমত হইল যে শব্দ
কিম্বা উত্তরদায়ি কেহ কিম্বা তাহারদের বাক্য অ
বধানকারি কেহ উপস্থিত হইল না। [৩০] পরে
এলীয়াহ্ তাবল্লোককে কহিল আমার নিকটে
আইস তাহাতে সমস্ত লোক তাহার নিকটে আ
ইল অনন্তর সে য়িহুহের ভগ্ন বেদি সারিল।
[৩১] এবং যাহার নিকটে এ কথা কহত য়িহু
হের এ বাক্য আইল যে তোমার নাম য়িশরাএল
হইবে এমন যে য়আকুব তাহার সন্তানেরদের
গোষ্ঠীর সংখ্যানুযায়ী এলীয়াহ্ দ্বাদশ প্রস্তর গ্র
হণ করিল। [৩২] এবং ঐ প্রস্তরেতে সে য়িহু
হের নামের উদ্দেশে এক যজ্ঞবেদি নির্ম্মাণ ক
রিল এবং বেদির চতুর্দ্দিগে দুই পরিমাণ বীজ
ধরে এমন এক পরিখা করিল। [৩৩] পরে সে
কাষ্ঠ সাজাইয়া বলদকে কাটিয়া খণ্ড২ করিল ও
কাষ্ঠের উপরে রাখিয়া কহিল চারি পিপা জলে
তে পূর্ণ কর এবং হব্য ও কাষ্ঠের উপরে ঢাল।
[৩৪] পরে সে কহিল যে তাহা দ্বিতীয়বার কর
তাহাতে তাহারা তাহা দ্বিতীয়বার করিল অনন্তর
সে কহিল যে তৃতীয়বার তদ্রূপ কর তাহাতে তা
হারা তৃতীয়বার তাহা করিল। [৩৫] এবং বে
দির চতুর্দ্দিগে জল বহিল এবং সে ঐ জলেতে
পরিখাও পূর্ণ করিল। [৩৬] অপর সন্ধ্যাবলি
দানসময়ে এমত হইল এলীয়াহ্ আচার্য্য নিক
টে আসিয়া কহিল হে অবরাহামের ও য়িস্খা
কের ও য়িশরাএলের ঈশ্বর য়িহুহ তুমি যে
য়িশরাএলের মধ্যে ঈশ্বর ও আমি যে তোমার
দাস ও আমি যে তোমার বাক্যেতে এ সমস্ত
ক্রিয়া করিয়াছি ইহা অদ্য জানা যাউক। [৩৭]
হে য়িহুহ আমার বাক্যশ্রবণ কর আমার
বাক্যশ্রবণ কর যে এ লোকেরা জানে যে তু
মিই য়িহুহ পরমেশ্বর ও তাহারদের মনঃপরা
বর্ত্তক। [৩৮] তখন য়িহুহের অগ্নি পড়িয়া
হব্য ও কাষ্ঠ ও প্রস্তর ও ধূলি দগ্ধ করিল ও
পরিখাস্থ জল চাটিয়া ফেলিল। [৩৯] সমস্ত
লোক ইহা দেখিয়া অষ্টাঙ্গপ্রণাম করিয়া ক
হিল য়িহুহ তিনিই ঈশ্বর য়িহুহ তিনিই ঈশ্বর।
[৪০] অপর এলীয়াহ্ তাহারদিগকে কহিল বআ
লের আচার্য্যেরদিগকে ধর ও তাহারদের এক
জনকে জীবৎ রাখিও না। [৪১] তাহাতে
তাহারা তাহারদিগকে ধরিলে এলীয়াহ্ তাহার

দিগকে কীশোন নদীতে আনিয়া সেখানে বধ
করিল।
[৪২] অপর এলীয়াহ্ আখাবকে কহিল
তুমি যাইয়া ভোজনপান কর যেহেতুক অনেক
বৃষ্টির শব্দ হইল। [৪৩] অতএব আখাব ভো
জনপান করিতে গেল এবং এলীয়াহ করমে
লের শৃঙ্গে গেল পরে সে আপনাকে ভূমিতে
নিঃক্ষিপ্ত করিয়া আপন মস্তক আপন হাঁটুর
মধ্যে রাখিয়া আপন দাসকে কহিল তুমি যাইয়া
সমুদ্রের দিগে দৃষ্টি কর তাহাতে সে যাইয়া দৃষ্টি
করিল ও কহিল যে কিছু নয় পরে সে কহিল যে
সাতবার যাও। [৪৪] সপ্তম বারে এমত হ
ইল যে সে কহিল দেখ মনুষ্যের হস্তের ন্যায়
এক ক্ষুদ্র মেঘ সমুদ্রহইতে উঠিতেছে তখন সে
কহিল যাইয়া আখাবকে কহ তুমি প্রস্তুত হও
গতি কর যে বৃষ্টি তোমার ব্যাঘাত না করে।
[৪৫] ইত্যবসরে এমত হইল আকাশ মেঘেতে
ও বায়ুতে অন্ধকারময় হইলে অতিশয় বৃষ্টি
হইল তাহাতে আখাব যানারোহণ করিয়া য়ি
জ্রিএলে প্রস্থান করিল। [৪৬] এবং য়িহুহের
হস্ত এলীয়াহের উপরে ছিল তাহাতে সে আপন
কোমর বান্ধিয়া য়িজ্রিএলের প্রবেশস্থানপর্য্যন্ত
আখাবের অগ্রে২ দৌড়িল।

১৯ পর্ব্ব।

[১] এলীয়াহের কৃত কার্য্য ও সে যে আচা
র্য্যেরদিগকে তলোআরেতে বধ করিয়াছিল এই
সমস্ত আখাব য়ীজেবেলকে কহিল। [২] তখন
য়ীজেবেল এ কথা কহিয়া এলীয়াহের নিকটে
এক জন দূত প্রেরণ করিল কল্য এই বেলার মধ্যে
যদি আমি তোমার প্রাণ তাহারদের কোন এক
জনের প্রাণের ন্যায় না করি তবে দেবেরা এমত
ও এতদধিকও আমাকে করুন। [৩] সে তাহা
দেখিয়া উঠিয়া আপন প্রাণরক্ষার কারণ প্রস্থান
করিল এবং য়িহুদাহের অন্তঃপাতি বিএরশেবা
তে উপস্থিত হইয়া সেখানে আপন দাসকে
রাখিল। [৪] কিন্তু সে আপনি অরণ্যে এক
দিবসের পথ গেল এবং আসিয়া এক রতম
বৃক্ষের তলে উপবিষ্ট হইল এবং আপন মৃ
ত্যুর প্রার্থনা করিয়া কহিল যে এ প্রচুর হে য়িহুহ
এখন আমার প্রাণ লও যেহেতুক আমি আপন
পিতৃলোকেরদের অপেক্ষা ভদ্র নই। [৫] অ
পর তাহার এক রতম বৃক্ষের তলে শয়ন করিয়া
নিদ্রিত হওনের সময়ে দেখ এক দূত আসিয়া তা
হাকে স্পর্শ করিয়া কহিল উঠিয়া আহার কর।
[৬] তাহাতে সে দৃষ্টি করিল এবং দেখ তাহার
মস্তকের নিকট অঙ্গারোপরি এক ভাজা রুটি ও
এক পাত্র জল ছিল অতএব সে ভোজন পান ক
রিয়া পুনর্ব্বার শয়ন করিল। [৭] অনন্তর য়ি
হুহের দূত দ্বিতীয়বার তাহার নিকটে আসিয়া
তাহাকে স্পর্শ করিয়া কহিল উঠিয়া আহার কর
যেহেতুক তোমার গন্তব্য পথ তোমার বলহইতে
অধিক আছে। [৮] তাহাতে সে উঠিয়া ভো
জনপান করিল পরে সে ভক্ষ্যের প্রভাবেতে
চল্লিশ দিবারাত্রিপর্য্যন্ত ঈশ্বরের পর্ব্বত খোরে
বে গতি করিল।

[৯] অপর সে সেখানে এক গুহাতে আসিয়া
তাহাতে প্রবাস করিল এবং দেখ য়িহুহের বাক্য
তাহার নিকটে আইল এবং তিনি তাহাকে ক
হিলেন হে এলীয়াহ্ তুমি এস্থানে কি কর।
[১০] তাহাতে সে কহিল আমি সৈন্যের ঈশ্বর
য়িহুহের কারণ অতিশয় জ্বলিত আছি যেহে
তুক য়িশ্রাএলের সন্তানেরা তোমার নিয়ম
ত্যাগ করিয়াছে ও তোমার যজ্ঞবেদি ভগ্ন করি
য়া তলোআরে তোমার আচার্য্যেরদিগকে হনন
করিয়াছে তাহাতে আমি কেবল আমিই অব
শিষ্ট আছি এবং তাহারা আমার প্রাণ লইতে
চেষ্টা করে। [১১] পরে তিনি কহিলেন তুমি
বাহির হইয়া য়িহুহের সম্মুখে পর্ব্বতের উপরে
দাঁড়াও এবং দেখ য়িহুহ সেস্থান দিয়া গতি
করিলেন এবং য়িহুহের অগ্রগামি প্রবল ও প্র
চণ্ড বায়ু পর্ব্বতকে ফাটাইল ও শৈলকে খণ্ড২
করিয়া ভগ্ন করিল ঐ বায়ুতে য়িহুহ ছিলেন না
এবং বায়ুর পরে ভূমিকম্প হইল য়িহুহ ভূমিক
ম্পেতে ছিলেন না। [১২] এবং ভূমিকম্পের
পরে অগ্নি হইল য়িহুহ সে অগ্নিতেও ছিলেন
না এবং অগ্নির পরে ঈষচ্ছব্দকারি ক্ষুদ্র এক
স্বর। [১৩] অপর এমত হইল এলীয়াহ্ তাহা
শ্রবণ করিয়া আপন মুখ বস্ত্রাচ্ছাদিত করিয়া বা
হিরে গিয়া গুহার মুখে দণ্ডায়মান হইয়া রহিল
এবং দেখ এক শব্দ তাহার নিকটে আসিয়া ক
হিল হে এলীয়াহ্ তুমি এখানে কি কর। [১৪]
তাহাতে সে কহিল আমি সৈন্যের ঈশ্বর য়িহু
হের কারণ অত্যন্ত জ্বলিত আছি যেহেতুক য়ি
শ্রাএলের সন্তানেরা তোমার নিয়মত্যাগ করি
য়াছে ও তোমার যজ্ঞবেদি ভাঙ্গিয়া তোমার আ
চার্য্যেরদিগকে তলোআরেতে হত করিয়াছে
এবং আমি কেবল আমিই অবশিষ্ট আছি ও
তাহারা আমার প্রাণ লইতে চেষ্টা করে। [১৫]
এবং য়িহুহ কহিলেন যাও ফিরিয়া দমাশে
কের অরণ্যের পথে যাও এবং সেখানে পঁহুছি
য়া খজাএলকে অরামের রাজ্যাভিষিক্ত কর।
[১৬] ও নিমশীর পুত্র য়িহূকে য়িশ্রাএলের রা
জ্যাভিষেক কর এবং আবেল মিথোলাহ্‌বাসি
শাফাটের পুত্র এলীশাকে আপনার পরিবর্ত্তে

আচার্য্য হইবার কারণ অভিষেক কর। [১৭] এবং এই মত হইবে যে জন খজাএলের তলো আরহইতে রক্ষা পায় তাহাকে যিহূ বধ করিবে ও যে জন যিহূর তলোআর এড়িয়া রক্ষা পায় তাহাকে এলীশা হত্যা করিবে। [১৮] কিন্তু যিশ্রাএলের মধ্যে আমার সাত সহস্র জন অবশিষ্ট আছে অর্থাৎ যে সকল হাটু বআলের সম্মুখে গাড়া যায় নাই ও যে প্রতিমুখ তাহাকে চুম্বন করে নাই সে সকল।

[১৯] অতএব সে সেস্থানহইতে প্রস্থান করিল এবং দ্বাদশ যোড়া বলদেতে হল বহন করিতেছে ও আপনি দ্বাদশের সহিত ছিল এমন যে শাফাটের পুত্র এলীশা তাহাকে পাইল এবং এলীয়াহ্ তাহার নিকট দিয়া গেল ও আপন উড়নি তাহার উপরে ফেলিয়া দিল। [২০] তাহাতে সে বলদেরদিগকে ত্যাগ করিয়া এলীয়াহের পশ্চাদ্ধাবন করিয়া কহিল আমি মিনতি করি যে আমাকে আপন পিতা মাতাকে চুম্বন করিতে দেও পরে আমি তোমার অনুগামী হইব তাহাতে সে তাহাকে কহিল ফিরিয়া যাও যেহেতুক আমি তোমার কি করিয়াছি। [২১] পরে সে তাহার নিকটহইতে ফিরিয়া গেল এবং এক যোড়া বলদ লইয়া মারিল ও বলদেরদের সাজেতে তাহারদের মাংস পাক করিল ও লোকেরদিগকে দিল ও তাহারা ভোজন করিল পরে সে উঠিল ও এলীয়াহের পশ্চাৎ গেল ও তাহার সেবা করিল।

২০ পর্ব্ব।

[১] পরে অরামের বেনহদদরাজ আপন সৈন্য একত্র করিল ও তাহার সহিত বত্রিশ রাজা ও অশ্বসমূহ ও রথ ছিল এবং সে যাইয়া শমরোণ রোধ করিয়া তাহার সহিত যুদ্ধ করিল। [২] এবং সে যিশ্রাএলের আখাবরাজের নিকটে নগরে প্রেষ্যেরদিগকে পাঠাইল ও তাহাকে কহিল বেনহদদ এ কথা কহেন। [৩] তোমার রূপা ও তোমার স্বর্ণই আমার তোমার ভার্য্যারা ও তোমার বালকেরা অর্থাৎ অতিশ্রেষ্ঠ যাহারা তাহারাই আমার। [৪] যিশ্রাএলের রাজা প্রত্যুত্তর করিয়া কহিল হে আমার প্রভু মহারাজ তোমার বাক্যানুসারে আমি ও আমার সকলেই তোমার। [৫] পরে সে প্রেষ্যেরা আরবার আসিয়া কহিল বেনহদদ এ কথা কহে তুমি আপন রূপা ও স্বর্ণ ও ভার্য্যারদিগকে ও সন্তানেরদিগকে আমার কাছে সমর্পণ করিবা এ কথা কহিয়া আমি তোমার নিকটে পাঠাইয়াছি বটে [৬] তথাপি আমি কল্য অনুমান এ বেলার সময়ে আপন দাসেরদিগকে তোমার নিকটে পাঠাইব ও তাহারা তোমার ঘর ও তোমার দাসেরদের ঘর খুজিবে এবং এমত হইবে যে কোন দ্রব্য তোমার দৃষ্টিতে সুখদায়ক হয় তাহা তাহারা হাতে করিয়া লইয়া যাইবে। [৭] তাহাতে যিশ্রাএলের রাজা দেশের সকল প্রাচীন লোকেরদিগকে ডাকিয়া কহিল এখন অবধান কর ও এ মনুষ্য যেরূপ হিংসা করিতে চেষ্টা করে তাহা দেখ কেননা সে আমার ভার্য্যারদের ও সন্তানেরদের ও আমার রূপার ও স্বর্ণের কারণ লোক পাঠাইল ও আমি না দিব এ কথা কহিলাম না। [৮] পরে সকল প্রাচীন লোক ও সকল লোক তাহাকে কহিল যে তাহাকে মানিও না ও স্বীকার করিও না। [৯] অতএব সে বেনহদদের প্রেষ্যেরদিগকে কহিল আমার প্রভু মহারাজকে কহ যে তুমি প্রথমে আপন দাসের নিকটে যাহার কারণ লোক পাঠাইলা সে সকল আমি করিব কিন্তু এ কার্য্য আমি করিতে পারিব না পরে প্রেষ্যেরা প্রস্থান করিয়া তাহাকে সমাচার দিল। [১০] অপর বেনহদদ তাহার নিকটে লোক পাঠাইল ও কহিল আমার পশ্চাদ্গামি সকল লোকেরদের কারণ যদি শমরোণের ধূলি মুঠার কারণ প্রচুর হয় তবে দেবেরা এমন এবং ইহাহইতে অধিকও আমাকে করুন। [১১] এবং যিশ্রাএলের রাজা প্রত্যুত্তর করিয়া কহিল তাহাকে কহ যে জন সাজ বাঁধে সে জন সাজমোচনকারির মত দর্প না করুক। [১২] বেনহদদ ও তাহার সহায় রাজারা তাম্বুতে পান করিতেছিল তাহার মধ্যে সে এ কথা শুনিলে এমত হইল যে সে আপনার দাসেরদিগকে কহিল রণসজ্জা কর এবং তাহারা নগরের বিরুদ্ধে রণসজ্জা করিল।

[১৩] দেখ যিশ্রাএলের আখাবরাজের নিকটহইতে এক আচার্য্য আসিয়া কহিল যে যিহুহ এ কথা কহেন তুমি কি এ সকল জনতাকে দেখিয়াছ দেখ আমি অদ্য সে সকলকে তোমার হাতে সমর্পণ করিয়া দিব এবং তুমি জানিবা যে আমিই যিহুহ। [১৪] আখাব কহিল কাহার দ্বারা সে কহিল যিহুহ এ কথা কহেন পরগণার অধ্যক্ষেরদের যুবা লোকেরদের দ্বারা পরে সে কহিল রণসজ্জা করিবে কে সে উত্তর করিল যে তুমি। [১৫] তখন সে পরগণার অধ্যক্ষেরদের যুবা মনুষ্যেরদিগকে গণনা করিল তাহারা দুই শত বত্রিশ জন হইল তার পর সে সকল লোককে অর্থাৎ যিশ্রাএলের সকল সন্তানকে গণনা করিল সাত হাজার জন। [১৬] এবং তাহারা মধ্যাহ্নকালে বাহিরে গেল কিন্তু বেনহদদ তাম্বুতে মত্ত না হওয়াপর্য্যন্ত পান করিতে

ছিল অর্থাৎ সে ও তাহার সহায় বত্রিশ রাজা।
[১৭] এবং পরগণার অধ্যক্ষেরদের যুবা লোকে
রা প্রথমতঃ বাহিরে গেল অপর বেনহদদ লোক
পাঠাইল এবং তাহারা তাহাকে কহিল শম
রোণহইতে লোকেরা আসিয়াছে। [১৮] সে
কহিল তাহারা সন্ধির জন্যে বাহিরে আইলে
তাহারদিগকে জীবৎ ধর কিম্বা যুদ্ধের কারণ বা
হিরে আইলে তাহারদিগকে জীবৎ ধর। [১৯]
অতএব পরগণার অধ্যক্ষেরদের যুবা লোকে
রা ও তাহারদের পশ্চাদ্গামি সেনা নগরহইতে
বাহির হইল। [২০] অপর তাহারা প্রত্যেক
জন আপন২ মানুষকে মারিল তাহাতে অরামী
য়েরা পলাইল ও য়িশ্রাএল তাহারদের পা
ছে২ দৌড়িল এবং অরামের বেনহদদরাজ ঘো
টকারূঢ় হইয়া ঘোটকারোহিরদের সহিত পলা
ইয়া বাঁচিল। [২১] এবং য়িশ্রাএলের রাজা
বাহিরে গেল ও ঘোটকেরদিগকে ও রথেরদিগ
কে মারিল এবং মহাহননেতে অরামীয়েরদিগ
কে হত করিল।

[২২] পরে সে আচার্য্য য়িশ্রাএলের রাজার
নিকটে আসিয়া তাহাকে কহিল তুমি যাও আ
পনাকে সসামর্থ্য কর ও সাবধান হও ও আপ
নার কর্ত্তব্য বিবেচনা কর কেননা বৎসর ফিরিলে
অরামের রাজা তোমার বিরুদ্ধে আসিবে।
[২৩] পরে অরামের রাজার দাসেরা তাহাকে
কহিল তাহারদের দেবেরা পর্ব্বতীয় দেবতা সে
কারণ তাহারা আমারদেরহইতে বলবান ছিল
কিন্তু আমরা তাহারদের সহিত সমভূমিতে যুদ্ধ
করি করিলে অবশ্য তাহারদেরহইতে সমর্থ হই
ব। [২৪] এবং তুমি এ কার্য্য কর রাজারদিগকে
প্রত্যেক জন অপদস্থ কর ও তাহারদের পদে
সেনাপতিরদিগকে নিযুক্ত কর। [২৫] এবং
তোমার যে সৈন্য হত হইল তাহার ন্যায় সৈন্য
অর্থাৎ তাহাতে যত অশ্ব ও রথ ছিল তত অশ্ব
ও রথ সংগ্রহ কর পরে আমরা সমভূমিতে তা
হারদের সহিত যুদ্ধ করিব তাহাতে অবশ্য আম
রা তাহারদেরহইতে সমর্থ হইব পরে সে তাহার
দের কথা মানিল ও তদনুসারে করিল। [২৬]
বৎসর গতে এমত হইল বেনহদদ অরামীয়ের
দিগকে গণনা করিল এবং য়িশ্রাএলের সহিত
যুদ্ধ করিতে আফেকে গেল। [২৭] এবং য়িশ্
রাএলের সন্তানেরা গণিত ছিল ও সকল হা
জির ছিল ও তাহারদের বিরুদ্ধে গেল এবং
য়িশ্রাএলের সন্তানেরা ছাগলের বাচ্ছারদের
দুই ছোট পালের মত তাহারদের সম্মুখে ছাউ
নি করিল কিন্তু অরামীয়েরা দেশের সর্ব্বত্র ব্যা
পিল।

[২৮] এবং ঈশ্বরের মানুষ এক জন আসিয়া
য়িশ্রাএলের রাজাকে কহিল য়িহুহ এ কথা
কহেন অরামীয়েরা কহিয়াছে যে য়িহুহই
পর্ব্বতের ঈশ্বর তিনি সমভূমির ঈশ্বর নন সেই
কারণ আমি এ বড় জনতাকে তোমার হাতে স
মর্পণ করিব এবং তোমরা জানিবা যে আমিই
য়িহুহ। [২৯] এবং তাহারা সাত দিন সম্মু
খাসম্মুখি ছাউনি করিল এবং সপ্তম দিনে
এমত হইল যে যুদ্ধের সংযোগ হইল এবং য়ি
শ্রাএলের সন্তানেরা এক দিনে অরামীয়েরদের
এক লক্ষ পদাতিককে মারিল। [৩০] কিন্তু অ
বশিষ্ট সেনা আফেকে পলাইয়া নগরে প্রবেশ
করিল পরে এক প্রাচীর আর সাতাইশ হাজার
লোকেরদের উপরে পড়িল এবং বেনহদদ পলা
ইয়া নগরে আইল ও ভিতরের এক কুঠরিতে প্র
বেশ করিল।

[৩১] পরে তাহার দাসেরা তাহাকে কহিল
দেখ এখন আমরা শুনিয়াছি যে য়িশ্রাএলবং
শীয় রাজারা দয়ালু রাজারা অতএব আমরা এ
মিনতি করি আমরা কোমরে চট পরি ও মাথায়
রজ্জু দি ও য়িশ্রাএলের রাজার নিকটে যাই হই
তে পারিবে যে সে তোমার প্রাণরক্ষা করিবে।
[৩২] অতএব তাহারা চট কোমরে পরিল ও মা
থায় রজ্জু দিল ও য়িশ্রাএলের রাজার নিকটে
আসিয়া কহিল আপনকার দাস বেনহদদ কহে
আমি এ মিনতি করি যে আমাকে বাঁচাও সে ক
হিল সে কি এখনও জীবৎ আছে সে আমার
ভাই। [৩৩] সে লোকেরা যত্ন করিয়া দেখিল
যে তাহার নিকটহইতে কিছু ভরসা হইল ও তাহা
শীঘ্র করিয়া ধরিল অতএব তাহারা কহিল আ
পনকারই ভাই বেনহদদ তাহাতে সে কহিল
যাও তাহাকে আন তখন বেনহদদ বাহির হই
য়া তাহার নিকটে আইল ও সে তাহাকে রথে
আরোহণ করাইয়া আপনার নিকটে বসাইল।
[৩৪] বেনহদদ তাহাকে কহিল আমার পিতা
যে২ নগর তোমার পিতাহইতে লইলেন তাহা
আমি ফিরিয়া দিব এবং যেমত আমার পিতা
শমরোণে করিলেন তেমন তুমি দমাশেকে আ
পনার কারণ রাস্তা করিবা তাহাতে আখাব ক
হিল আমি এ নির্দ্ধারণ করিয়া তোমাকে বিদায়
করিব অতএব সে তাহার সহিত নির্দ্ধারণ করি
য়া তাহাকে বিদায় করিল।

[৩৫] পরে আচার্য্যেরদের শিষ্যরদের এক
জন য়িহুহের বাক্যে আপন সখাকে কহিল যে
এখন আমাকে মার কিন্তু সে মানুষ তাহাকে
মারিতে সম্মত ছিল না। [৩৬] তখন সে তাহাকে
কহিল তুমি য়িহুহের কথা মান নাই অতএব

দেখ তুমি আমার নিকটহইতে যাইবামাত্র এক সিংহ তোমাকে মারিবে এবং সে তাহার নিকটহইতে যাইবামাত্র এক সিংহ তাহাকে পাইল ও মারিল। [৩৭] পরে সে আর এক জনকে পাইয়া বলিল যে আমাকে মার এবং সে মানুষ তাহাকে এমন মারিল যে মারাতে তাহাকে ক্ষত করিল। [৩৮] পরে সে আচার্য্য প্রস্থান করিল ও পথে রাজার কারণ থাকিল এবং আপন মুখে ছাই মাখিল ও প্রচ্ছন্নবেশ হইল।

[৩৯] রাজা পথে যাইতেছে তাহার মধ্যে সে জন রাজাকে ডাকিয়া কহিল যে তোমার দাস যুদ্ধের মধ্যে গেল এবং দেখ এক জন ফিরিল ও আমার নিকটে এক জনকে আনিয়া এ কথা কহিল তুমি এ মানুষকে রাখ সে যদি কোন প্রকারে অপ্রাপ্য হয় তবে তাহার প্রাণের পরিবর্ত্তে তোমার প্রাণ যাইবে নতুবা তুমি এক কিকার রূপা দিবা। [৪০] এবং তোমার দাস এদিগে ওদিগে অন্য কর্ম্মে ব্যস্ত হইলে সে গেল পরে য়িশ্রাএলের রাজা তাহাকে কহিল তেমনই তোমার বিচার তুমি আপনি তাহার নিশ্চয় করিয়াছ। [৪১] পরে সে জন ত্বরা করিয়া আপন মুখহইতে ছাই দূর করিল এবং য়িশ্রাএলের রাজা তাহাকে চিনিল যে সে এক জন আচার্য্য। [৪২] পরে সে তাহাকে কহিল য়িহুহ এ কথা কহেন আমি এক জনকে সর্ব্বতোভাবে নাশের জন্যে নিরূপণ করিয়াছিলাম তাহাকে তুমি আপন হাতহইতে যাইতে দিয়াছ তৎপ্রযুক্ত তাহার প্রাণের পরিবর্ত্তে তোমার প্রাণ যাইবে ও তাহার লোকেরদের পরিবর্ত্তে তোমার লোকেরা যাইবে। [৪৩] পরে য়িশ্রাএলের রাজা ভারি ও অতুষ্টমনা আপন ঘরে যাইয়া শমরোণে গেল।

২১ পর্ব্ব।

[১] ইহার পরে এমত হইল শমরোণের আখাবরাজের অট্টালিকার অতিনিকটে য়িজরিএলীয় নাবোতের য়িজরিএলস্থ এক দ্রাক্ষাক্ষেত্র ছিল। [২] পরে আখাব নাবোতকে কহিল তোমার দ্রাক্ষাক্ষেত্র আমার ঘরের নিকটে আছে অতএব তাহা আমাকে দেও যে আমার শাকের বাগান হয় এবং তাহার বদলে আমি তোমাকে তাহাহইতে ভাল এক দ্রাক্ষাক্ষেত্র দিব কিম্বা যদি তুমি বরং সেমত হও তবে তাহার মূল্যরূপ মুদ্রা তোমাকে দিব। [৩] এবং নাবোত আখাবকে কহিল য়িহুহ আমাকে ইহা না করিতে দিউন যে আমি অন্যকে আপন পৈতৃক অধিকার দি। [৪] পরে য়িজরিএলীয় নাবোতের কথাতে আখাব ম্লানবদন ও বিমর্ষ হইয়া আপন গৃহে আইল কেননা সে কহিল আমি আপন পৈতৃক অধিকার তোমাকে দিব না পরে সে শয্যায় শয়ন করিল ও মুখ অন্যদিগে ফিরাইল ও কিছু খাইতে সম্মত ছিল না।

[৫] কিন্তু তাহার স্ত্রী য়ীজেবেল তাহার নিকটে আসিয়া তাহাকে কহিল তুমি বিষণ্ণমনা কেন ও কিছু না খাও কেন। [৬] সে তাহাকে কহিল আমি য়িজরিএলীয় নাবোতকে বলিয়া এ কথা কহিলাম যে টাকার পরিবর্ত্তে তোমার দ্রাক্ষাক্ষেত্র আমাকে দেও কিম্বা যদি তুমি বরং সম্মত হও তবে আমি তাহার বদলে আর এক দ্রাক্ষাক্ষেত্র দিব সে উত্তর করিল যে আমি আপন দ্রাক্ষাক্ষেত্র তোমাকে দিব না। [৭] এবং তাহার স্ত্রী য়ীজেবেল তাহাকে কহিল তুমি কি এখন য়িশ্রাএলের রাজ্যশাসন করিতেছ উঠ অন্ন খাও তোমার হৃদয় হৃষ্ট হউক আমি য়িজরিএলীয় নাবোতের দ্রাক্ষাক্ষেত্র তোমাকে দিব। [৮] অতএব সে আখাবের নামে পত্র লিখিল ও তাহার মোহরেতে মুদ্রাঙ্কিত করিল এবং নাবোতের নগরস্থ তাহার প্রতিবাসি প্রাচীন ও কুলীন লোকেরদিগের নিকটে পত্র পাঠাইল। [৯] এবং সে পত্রে এ কথা লিখিল যে উপবাস নিরূপণের ঘোষণা কর এবং নাবোতকে লোকেরদের মধ্যে উচ্চ স্থানে বসাও। [১০] পরে তুমি ঈশ্বরকে ও রাজাকে নিন্দা করিয়াছ তাহার বিপরীতে এই সাক্ষ্য দিবার কারণ কদাচার দুই জনকে তাহার সম্মুখে রাখ পরে তাহাকে বাহির করিয়া পাথরেতে মার যে সে মরে। [১১] এবং য়ীজেবেল যে মত লিখিয়া তাহারদের নিকটে পাঠাইয়াছিল ও তাহার আজ্ঞাতে প্রেরিত পত্রেতে যেমত লিখিত ছিল সেমত তাহার নগরের লোকেরা অর্থাৎ তাহার নগরবাসি প্রাচীন ও কুলীন লোকেরা করিল। [১২] তাহারা উপবাসনিরূপণের ঘোষণা করিল এবং লোকেরদের মধ্যে নাবোতকে উচ্চস্থানে বসাইল। [১৩] এবং কদাচার দুই জন ভিতরে আসিয়া তাহার সম্মুখে বসিল পরে সে কদাচার মনুষ্যেরা তাহার বিপরীতে অর্থাৎ নাবোতের বিপরীতে সকল লোকেরদের সম্মুখে এ কথা কহিয়া সাক্ষ্য দিল যে নাবোত ঈশ্বরকে ও রাজাকে নিন্দা করিল তখন তাহারা তাহাকে বাহিরে লইয়া গেল ও তাহাকে পাথরেতে এমন মারিল যে সে মরিল। [১৪] পরে তাহারা য়ীজেবেলের নিকটে এ সমাচার পাঠাইল যে নাবোত পাথরেতে মারা গিয়াছে ও মরিয়াছে [১৫] য়ীজেবেল এ কথা শুনিলে এমত হইল যে য়ীজেবেল আখাবকে কহিল উঠ য়িজরিএলীয় নাবোত টাকাতে যে দ্রাক্ষাক্ষেত্র তোমাকে দিতে অসম্মত ছিল তাহার অ

ধিকারগ্রহণ কর কেননা নাবোত জীবৎ নাই কিন্তু মরিয়াছে। [১৬] নাবোত মৃত আছে আখাব এ কথা শুনিলে এমত হইল আখাব তাহার অধিকারগ্রহণ করিবার কারণ য়িজরিএলীয় নাবোতের দ্রাক্ষাক্ষেত্রে যাইতে উঠিল।

[১৭] এবং য়িহুহের এ বাক্য তিশবীয় এলীয়াহের নিকটে আইল। [১৮] উঠ শমরোণস্থ য়িশ্রাএলের আখাবরাজের সহিত সাক্ষাৎ করিতে যাও দেখ সে নাবোতের দ্রাক্ষাক্ষেত্রের অধিকারগ্রহণ করিতে যেখানে গিয়াছে সেই ক্ষেত্রে আছে। [১৯] এবং তুমি তাহাকে কহিবা যে য়িহুহ এ কথা কহেন তুমি কি মারিয়াছ এবং অধিকারগ্রহণও করিয়াছ পরে তুমি তাহাকে এ কথা কহ য়িহুহ কহেন কুকুরেরা যে স্থানে নাবোতের রক্ত চাটিয়া খাইল সে স্থানে তোমার রক্ত তোমারই চাটিয়া খাইবে। [২০] এবং আখাব এলীয়াহকে কহিল হে আমার শত্রু তুমি কি আমাকে পাইয়াছ সে প্রত্যুত্তর করিল আমি পাইয়াছি কেননা তুমি য়িহুহের দৃষ্টিতে কুক্রিয়া করিবার কারণ আপনাকে বিক্রয় করিয়াছ। [২১] দেখ আমি তোমার উপরে অমঙ্গল আনিব ও তোমার বংশকে খাওাইব এবং আখাবের বংশে ভিত্তিগাত্রে প্রস্রাবকারি জনকে ও যে জন য়িশ্রাএলের মধ্যে রুদ্ধ ও অবশিষ্ট থাকে তাহাকেও আমি উচ্ছেদন করিব। [২২] এবং তুমি যে ক্রোধকরণেতে আমাকে ক্রুদ্ধ করিয়াছ ও য়িশ্রাএলকে পাপে প্রবৃত্ত করিয়াছ তাহাতে আমি তোমার বংশকে নিবাটের পুত্র য়িরবিআমের বংশের ন্যায় ও অখিয়াহের পুত্র বআশার বংশের ন্যায় করিব। [২৩] এবং য়ীজেবেলের বিষয়ে য়িহুহ এ কথা কহিয়াছেন যে য়িজরীএলের প্রাচীরের কাছে কুকুরেরা য়ীজেবেলকে খাইবে। [২৪] আখাবের যে জন নগরে মরে তাহাকে কুকুরেরা খাইবে ও যে জন মাঠে মরে তাহাকে শূন্যের পক্ষিরা খাইবে।

[২৫] কিন্তু আপন ভার্য্যা য়ীজেবেল যাহাকে প্রবৃত্ত করিল এমন যে আখাব তাহার ন্যায় যে য়িহুহের সম্মুখে কুকর্ম্ম করিবার কারণ আপনাকে বিক্রয় করিল এমন আর কেহ ছিল না। [২৬] এবং যে আমোরীয়েরদিগকে য়িহুহ য়িশ্রাএলের সন্তানেরদের সম্মুখহইতে স্থানচ্যুত করিয়াছিলেন তাহারদের সকল ক্রিয়ানুযায়ী দেবেরদের অনুগমনেতে সে অতিঘৃণ্য ক্রিয়া করিল। [২৭] এমত হইল যখন আখাব এ কথা শুনিল তখন সে আপন বস্ত্র ছিঁড়িল ও গায়ে চট পরিল ও উপবাস করিল ও চটে শয়ন করিল ও আস্তে২ বেড়াইল। [২৮] পরে য়িহুহের এ কথা তিশবীয় এলীয়াহের নিকটে আইল। [২৯] আখাব আমার সম্মুখে যেরূপে আপনাকে সবিনয় করিয়াছে তুমি কি তাহা দেখ না আমি তাহার দিনে সে অমঙ্গল আনিব না কিন্তু তাহার পুত্রের দিনে সে অমঙ্গল তাহার বংশের উপরে আনিব।

২২ পর্ব্ব।

[১] এবং অরাম ও য়িশ্রাএলের পরস্পর যুদ্ধব্যতিরেকে তিন বৎসর গেল। [২] অপর এমত হইল তৃতীয় বৎসরে য়িহুদাহের য়িহোশাফাটরাজ য়িশ্রাএলের রাজার নিকটে গেল। [৩] এবং য়িশ্রাএলের রাজা আপন দাসেরদিগকে কহিল তোমরা কি জান না যে গিলিআদস্থ রামোত আমারদের অধিকার এবং আমরা অমনি থাকি ও অরামের রাজার হাতহইতে তাহা লই না। [৪] অপর সে য়িহোশাফাটকে কহিল তুমি কি আমার সহিত যুদ্ধ করিতে রামোত গিলিআদে যাইবা য়িহোশাফাট য়িশ্রাএলের রাজাকে কহিল আমি তোমার মত যেমন তোমার লোকেরা তেমন আমার যেমন তোমার অশ্বেরা তেমন আমার। [৫] অপর য়িহোশাফাট য়িশ্রাএলের রাজাকে কহিল আমি এ মিনতি করি যে অদ্য য়িহুহের বাক্যেতে জিজ্ঞাসা কর। [৬] তখন য়িশ্রাএলের রাজা আচার্য্যেরদিগকে একত্র করিল অনুমান চারিশত জনকে ও তাহারদিগকে কহিল আমি কি রামোত গিলিআদের সহিত যুদ্ধ করিতে যাইব কিম্বা ক্ষান্ত হইব এবং তাহারা কহিল যাও যেহেতুক য়িহুহ রাজার হাতে তাহা সমর্পণ করিবেন [৭] পরে য়িহোশাফাট কহিল ইহারদের ব্যতিরিক্ত কি য়িহুহের এক জন আচার্য্য নাই যে আমরা তাহার প্রতি জিজ্ঞাসা করিতে পারি। [৮] য়িশ্রাএলের রাজা য়িহোশাফাটকে কহিল আমরা যাহার দ্বারা য়িহুহের নিকটে জিজ্ঞাসা করিতে পারি এমন য়িমলাহের পুত্র মিকাইয়াহ নামে আর এক জন আছে কিন্তু আমি তাহাকে ঘৃণা করি যেহেতুক সে আমার বিষয়ে মঙ্গলসূচক আচার্য্যবাক্য কহে না কিন্তু অমঙ্গলসূচক এবং য়িহোশাফাট কহিল মহারাজ এ কথা না কহুন। [৯] তখন য়িশ্রাএলের রাজা এক কর্ম্মাধ্যক্ষকে ডাকিয়া কহিল যে এখানে য়িমলাহের পুত্র মিকাইয়াহকে সত্বর আন। [১০] এবং য়িশ্রাএলের রাজা ও য়িহুদাহের য়িহোশাফাটরাজ শমরোণের দ্বারের প্রবেশস্থানস্থ এক কুঠরিতে আপন রাজকীয় বস্ত্র পরিয়া আপন২ সিংহাসনে বসিল এবং আচার্য্য সকলে তাহার

দের অগ্রে আচার্য্যবাক্য কহিল। [১১] এবং
কিনঅনাহের পুত্র সিদিকীয়াহ্ লৌহময় শৃঙ্গ
গড়িল ও কহিল য়িহুহ এ কথা কহেন তুমি যে
পর্য্যন্ত অরামীয়েরদিগকে বিনাশ না কর সে
পর্য্যন্ত তাহারদিগকে ইহাতে ঢুসিবা। [১২]
এবং আচার্য্যেরা সেমত কহিল যে রামোত গি
লিআদে যাও ও ভাগ্যবান হও যেহেতুক য়ি
হুহ তাহা মহারাজের হস্তগত করিবেন। [১৩]
যে প্রেষ্য মিকাইয়াহ্কে ডাকিবার কারণ গিয়া
ছিল সে তাহাকে এ কথা কহিল দেখ সকল আ
চার্য্যেরদের কথা এক মুখের ন্যায় রাজার মঙ্গল
কহে অতএব আমি মিনতি করি তোমার কথা
তাহারদের কোন কাহার কথার ন্যায় হউক ও
মঙ্গল কহ। [১৪] মিকাইয়াহ কহিল য়িহুহ
যদি জীবৎ হন তবে য়িহুহ আমাকে যাহা ক
হেন তাহা আমি বলিব।

[১৫] অতএব সে রাজার নিকটে আইল
পরে রাজা তাহাকে কহিল হে মিকাইয়াহ্ আ
মরা কি যুদ্ধ করিবার কারণ রামোত গিলিআ
দের বিপরীতে যাইব কিম্বা ক্ষান্ত হইব সে তা
হাকে কহিল যাও ভাগ্যবান হও যেহেতুক য়ি
হুহ তাহা মহারাজের হস্তগত করিবেন। [১৬]
পরে রাজা তাহাকে কহিল আমি কতবার তোমা
কে শপথ করাইয়া কহিব যে তুমি য়িহুহের
নামেতে সত্য কথাব্যতিরেকে আমাকে আর
কিছু না কহ। [১৭] সে কহিল যে আমি
অরক্ষক মেষেরদের ন্যায় সকল য়িশ্রাএলকে
পর্ব্বতের উপরে ছিন্নভিন্ন দেখিলাম এবং য়ি
হুহ কহিলেন ইহারদের স্বামী নাই প্রত্যেক জন
সশান্তি হইয়া আপন২ ঘরে যাউক। [১৮]
পরে য়িশ্রাএলের রাজা য়িহোশাফাটকে কহি
ল আমি কি তোমাকে কহি নাই যে সে আমার
বিষয়ে মঙ্গলসূচক আচার্য্যবাক্য কহিবে না
কিন্তু অমঙ্গলসূচক কহিবে। [১৯] পরে সে
কহিল অতএব তুমি য়িহুহের কথা শুন আমি
সিংহাসনোপবিষ্ট য়িহুহকে ও তাঁহার দক্ষিণে
বামে তাঁহার নিকটে দণ্ডায়মান স্বর্গের সকল
সৈন্যকেও দেখিলাম। [২০] পরে য়িহুহ কহি
লেন আখাবকে কে প্ররোচনা করিবে যে সে
রামোত গিলিআদে যাইয়া পড়ে তাহাতে এক
জন এপ্রকারে অন্য সেপ্রকারে কহিল। [২১]
পরে এক আত্মা আইল ও য়িহুহের সাক্ষাৎ
দাঁড়াইল ও কহিল যে আমি তাহাকে প্ররোচনা
করিব [২২] এবং য়িহুহ কহিলেন কাহাতে সে
কহিল আমি যাইব ও তাহার সকল আচার্য্যের
দের মুখে মিথ্যাবাদি আত্মা হইব পরে তিনি
কহিলেন তুমি তাহাকে প্ররোচনা করিবা ও চরি
তার্থ হইবা বাহিরে যাও সেমত কর। [২৩] অত
এব এখন য়িহুহ তোমার এ সকল আচার্য্যের
দের মুখে মিথ্যাবাদি আত্মা দিয়াছেন ও য়ি
হুহ তোমার বিষয়ে অমঙ্গল কহিয়াছেন। [২৪]
কিন্তু কিনঅনাহের পুত্র সিদিকীয়াহ্ নিকটে
আইল ও মিকাইয়াহ্কে চড় মারিল ও কহিল
য়িহুহের আত্মা তোমাকে কহিবার কারণ আ
মার নিকটহইতে কোন দিগে গেল। [২৫]
মিকাইয়াহ্ কহিল দেখ তুমি আপনাকে লুকা
ইবার কারণ যে দিনে ভিতর কুঠরিতে যাইবা
সে দিনে জানিবা। [২৬] পরে য়িশ্রাএলের
রাজা কহিল মিকাইয়াহ্কে ধর ও নগরাধ্যক্ষ
অমোনের নিকটে ও রাজপুত্র য়োআশের নিক
টে লইয়া যাও। [২৭] এবং কহ মহারাজ
এ কথা কহেন ইহাকে কারাগারে রাখ ও আমি
যেপর্য্যন্ত কুশলে ফিরিয়া না আইসি সেপর্য্যন্ত
তাহাকে দুর্গতিবর্দ্ধক অন্ন জল খাওয়াও। [২৮]
এবং মিকাইয়াহ্ কহিল যদি তুমি কোনরূপে
কুশলে ফিরিয়া আইস তবে য়িহুহ আমার
প্রমুখাৎ কহেন নাই। পরে সে কহিল হে লো
কেরা তোমরা প্রত্যেক জন অবধান কর। [২৯]
অতএব য়িশ্রাএলের রাজা ও য়িহুদাহের য়িহো
শাফাটরাজ রামোত গিলিআদে গেল। [৩০]
এবং য়িশ্রাএলের রাজা য়িহোশাফাটকে কহি
ল আমি অন্য বেশধারণ করিয়া যুদ্ধে প্রবেশ
করিব কিন্তু তুমি আপন রাজকীয় বস্ত্র পর পরে
য়িশ্রাএলের রাজা অন্য বেশধারণ করিয়া
যুদ্ধে প্রবেশ করিল। [৩১] কিন্তু অরামের
রাজা আপন রথাধ্যক্ষ বত্রিশ সেনাপতিকে আ
জ্ঞা দিয়াছিল যে কেবল য়িশ্রাএলের রাজব্য
তিরেকে ছোট বড় আর কাহার সহিত যুদ্ধ ক
রিও না। [৩২] অপর এমত হইল যখন রথ
পতিরা য়িহোশাফাটকে দেখিল তখন তাহা
রা কহিল অবশ্য উনি য়িশ্রাএলের রাজা ও তা
হারা তাহার সহিত যুদ্ধ করিবার জন্যে এক পা
র্শ্বে গেল তাহাতে য়িহোশাফাট চেঁচাইতে লা
গিল। [৩৩] যখন রথপতিরা জানিতে পাইল
যে সে য়িশ্রাএলের রাজা নয় তখন তাহারা তা
হার পশ্চাদ্ধাবন ত্যাগ করিল। [৩৪] পরে এক
জন সন্ধানব্যতিরেকে ধনুর্গুণ টানিল ও সাজের
যোড়াতে য়িশ্রাএলের রাজাকে শরেতে মা
রিল অতএব সে আপন রথিকে কহিল তুমি
হাত ফিরাও আমাকে সৈন্যের বাহিরে লইয়া
যাও কেননা আমি বিক্ষত হইয়াছি। [৩৫] সে
দিন যুদ্ধ বাড়িল ও রাজা অরামীয়েরদের প্রতি
কূলে আপন রথে রাখা গেল ও সায়ংকালে
মরিল এবং সে ক্ষতহইতে পতিত রক্ত রথের

মধ্যহইতে বাহিরে বহিল। [৩৬] সূর্য্যাস্তকালে সৈন্যের সর্ব্বত্র এ কথা ঘোষণা করা গেল প্রতি জন আপন২ নগরে ও আপন২ দেশে যাউক। [৩৭] অতএব রাজা মরিল এবং শমরোণে আনাতগল ও তাহারা শমরোণে রাজাকে পুতিল। [৩৮] ও কেহ শমরোণের পুষ্করিণীতে রথ ধুইল ও তাহারা তাহার সাজ ধুইল এবং য়িহুহ যে কথা কহিয়াছিলেন তদনুসারে কুকুরেরা তাহার রক্ত চাটিয়া খাইল। [৩৯] আখাবের আর২ ক্রিয়া ও সে যাহা২ করিল সে সকল ও সে যে হস্তিদন্তময় গৃহ নির্ম্মাণ করিল ও যে২ নগর গাঁথাইল তাহার বিবরণ কি য়িশ্রাএলের রাজারদের বিবরণপুস্তকে লিখিত নাই। [৪০] অতএব আখাব আপন পিতৃলোকেরদের সহিত শুইল ও তাহার পুত্র আখজীয়াহ্ তাহার পদে রাজ্য করিল।

[৪১] য়িশ্রাএলের আখাবরাজের চতুর্থ বৎসরে আসার পুত্র য়িহোশাফাট য়িহুদাহে রাজ্য করিতে আরম্ভ করিল। [৪২] য়িহোশাফাট পঁয়ত্রিশবৎসরবয়স্ক হইয়া রাজ্য করিতে লাগিল ও য়িরূশালমে পঁচিশ বৎসর রাজ্য করিল তাহার মাতার নাম অজুবা সে শিলখীর কন্যা। [৪৩] এবং সে আপন পিতা আসার সকল পথগামী ছিল সে য়িহুহের সাক্ষাৎ উত্তম ক্রিয়া করত তাহাহইতে ফিরিল না কিন্তু উচ্চ স্থান নিরাকৃত হয় নাই লোকেরা উচ্চ স্থানে হোম করিত ও ধূপ পোড়াইত [৪৪] এবং য়িহোশাফাট য়িশ্রাএলের রাজার সহিত মেল করিল। [৪৫] য়িহোশাফাটের আর২ ক্রিয়া ও সে যে পরাক্রম প্রকাশ করিল ও যে মত যুদ্ধ করিল সে সকল কি য়িহুদাহের রাজারদের বিবরণপুস্তকে লিখিত নাই। [৪৬] ও যে অবশিষ্ট পুংশৃঙ্গারকর্ত্তারা তাহার পিতা আসার কালে ছিল তাহারদিগকে দেশহইতে সে দূর করিল। [৪৭] সে সময়ে এদোমে রাজা ছিল না এক নায়েব রাজ্য করিল। [৪৮] য়িহোশাফাট স্বর্ণের নিমিত্তে ওফীরে যাইবার কারণ তার্শিশে জাহাজ নির্ম্মাণ করিল কিন্তু তাহারা গেল না কেননা এজিওন গাবেরে জাহাজ ভাঙ্গা গেল। [৪৯] তখন আখাবের পুত্র আখজীয়াহ্ য়িহোশাফাটকে কহিল আমার দাসেরা তোমার দাসেরদের সহিত জাহাজে যাউক কিন্তু য়িহোশাফাট সম্মত হইল না।

[৫০] পরে য়িহোশাফট আপন পিতৃলোকেরদের সহিত শয়ন করিল ও আপন পিতৃলোকেরদের সহিত আপন পিতা দাউদের নগরে পোতা গেল ও তাহার পুত্র য়িহোরাম তাহার পদে রাজ্য করিল।

[৫১] য়িহুদাহের য়িহোশাফাটরাজের সতর বৎসরে আখাবের পুত্র আখজীয়াহ্ য়িশ্রাএলের উপরে রাজ্য করিতে আরম্ভ করিল এবং দুই বৎসর য়িশ্রাএলের উপরে রাজ্য করিল। [৫২] এবং য়িহুহের দৃষ্টিতে কুকার্য্য করিল সে আপন পিতার ও আপন মাতার পথে ও য়িশ্রাএলকে পাপে প্রাবর্ত্তক নিবাটের পুত্র য়িরবিআমের পথে চলিল। [৫৩] কেননা সে বআলের সেবা ও পূজা করিল ও তাহার পিতৃলোকেরা যে ক্রিয়া করিয়াছিল তদনুসারে য়িশ্রাএলের ঈশ্বর য়িহুহকে ক্রুদ্ধ করিল।

রাজাবল্যাখ্য দ্বিতীয় পুস্তক।

১ প্রথম পর্ব্ব।

[১] তখন আখাবের মরণের পরে মোআব য়িশ্রাএলের কর্ত্তৃত্বত্যাগ করিল। [২] এবং আখজীয়াহ্ শমরোণস্থিত আপন উপরিস্থ কুঠরির এক চৌক দিয়া পড়িল ও পীড়িত হইল পরে সে দাসেরদিগকে পাঠাইয়া কহিল যাও এক্রোণের দেব বআলজিবুবকে জিজ্ঞাসা কর যে আমি এ পীড়াহইতে মুক্ত হইব কি না। [৩] কিন্তু য়িহুহের দূত তিশ্বীয় এলিয়াহকে কহিল উঠ শমরোণের রাজার দাসেরদের সহিত সাক্ষাৎ করিতে যাও ও তাহারদিগকে কহ এ কি য়িশ্রাএলের মধ্যে ঈশ্বর না থাকাতে নয় যে তোমরা এক্রোণের বআলজিবুবদেবের স্থানে জিজ্ঞাসা করিতে যাইতেছ। [৪] অতএব এখন য়িহুহ এ কথা কহেন তুমি যে শয্যায় গিয়াছ তাহা

হইতে নামিয়া আসিবা না কিন্তু অবশ্য মরিবা।
পরে এলিয়াহ্ প্রস্থান করিল।
[৫] এবং যখন সে দাসেরা ফিরিয়া তাহার
নিকটে আইল তখন সে কহিল তোমরা এখন
কেন ফিরিয়া আইলা। [৬] তাহাতে তাহারা
তাহাকে কহিল আমারদের সহিত সাক্ষাৎ করি
তে এক জন আইল ও আমারদিগকে কহিল
তোমরা ফিরিয়া যাও যে রাজা তোমারদিগকে
পাঠাইল তাহাকে কহ যে য়িহুহ এ কথা কহেন
এ কি য়িশ্রাএলে ঈশ্বর না থাকাতে নয় যে
তুমি এক্রোণের বআলজিবুবদেবের স্থানে জিজ্ঞা
সা করিতে পাঠাইতেছ অতএব তুমি যে শয্যার
উপরে গিয়াছ তাহাহইতে নামিয়া আসিবা না
কিন্তু অবশ্য মরিবা। [৭] সে তাহারদিগকে
কহিল যে মানুষ তোমারদের নিকটে আসিয়া
এ কথা কহিল সে কিপ্রকার মনুষ্য। [৮] তাহারা
তাহাকে প্রত্যুত্তর করিল যে সে লোমশ মানুষ
ও তাহার কোমর চর্ম্মের পটুকাতে বদ্ধ আছে
তাহাতে সে কহিল সে তিশবীয় এলিয়াহ্। [৯]
পরে রাজা পঞ্চাশের পতি এক জনকে তাহার
পঞ্চাশ জনসুদ্ধ তাহার নিকটে পাঠাইল এবং
সে তাহার নিকটে গেলে দেখ সে এক পর্ব্বতো
পরি বসিয়া আছে এবং সে তাহাকে কহিল
হে ঈশ্বরের মনুষ্য রাজা কহিয়াছেন যে তুমি
নাম। [১০] এলিয়াহ্ সে পঞ্চাশের পতিকে ক
হিল যদি আমি ঈশ্বরের মানুষ হই তবে অগ্নি স্ব
র্গহইতে নামুক ও তোমাকে ও তোমার পঞ্চাশ
জনকে দগ্ধ করুক তাহাতে অগ্নি স্বর্গহইতে না
মিয়া তাহাকে ও তাহার পঞ্চাশ জনকে দগ্ধ
করিল। [১১] পুনশ্চ সে পঞ্চাশ জনসুদ্ধ অন্য
পঞ্চাশের পতিকে তাহার নিকটে পাঠাইল এ
বং সে প্রত্যুত্তর করিয়া তাহাকে কহিল হে ঈশ্ব
রের মনুষ্য রাজা কহিয়াছেন যে শীঘ্র নামিয়া
আইস। [১১] এলিয়াহ্ প্রত্যুত্তর করিয়া তাহা
কে কহিল যদি আমি ঈশ্বরের মনুষ্য হই তবে
অগ্নি স্বর্গহইতে নামুক ও তোমাকে ও তোমার
পঞ্চাশ জনকে দগ্ধ করুক তাহাতে ঈশ্বরের অগ্নি
স্বর্গহইতে নামিয়া তাহাকে ও তাহার পঞ্চাশ
জনকে দগ্ধ করিল।
[১৩] অপর সে পুনর্ব্বার অন্য পঞ্চাশের পতি
কে তাহার পঞ্চাশের সহিত পাঠাইল এবং
তৃতীয় পঞ্চাশের পতি প্রস্থান করিল এবং আই
ল ও এলিয়াহের সাক্ষাৎ আপন হাঁটু গাড়ি
য়া তাহাকে মিনতি করিয়া কহিল হে ঈশ্বরের
মানুষ আমি তোমাকে মিনতি করি আমার
প্রাণও এ তোমার পঞ্চাশ দাসের প্রাণ তোমার
দৃষ্টিতে বহুমূল্য হউক। [১৪] দেখ অগ্নি স্বর্গ
হইতে নামিল ও পূর্ব্ব দুই পঞ্চাশের পতিকে
তাহারদের পঞ্চাশ২ লোকেরদের সহিত দগ্ধ
করিল অতএব এখন আমার প্রাণ তোমার
দৃষ্টিতে বুহুমূল্য হউক। [১৫] পরে য়িহুহের
দূত এলিয়াহ্কে কহিল তাহার সহিত যাও তা
হাকে ভয় করিও না পরে সে উঠিয়া তাহার
সহিত রাজার নিকটে গেল। [১৬] এবং সে
তাহাকে কহিল য়িহুহ এ কথা কহেন তুমি এক্রো
ণের বআলজিবুবদেবের নিকটে জিজ্ঞাসা করিতে
দাসেরদিগকে পাঠাইয়াছ তাহা কি তাঁহার কথা
তে জিজ্ঞাসা করিবার কারণ য়িশ্রাএলে ঈশ্বর
না থাকাতে নয়। অতএব তুমি যে শয্যাগত
আছ তাহাহইতে নামিবা না কিন্তু অবশ্য
মরিবা।
[১৭] অতএব য়িহুহের যে বাক্য এলিয়াহ্
কহিয়াছেন তদনুসারে সে মরিল ও য়িহুদাহের
য়িহোশাফাটরাজের দ্বিতীয় বৎসরে তাহার
পুত্র না থাকাতে য়িহোরাম তাহার পদে রাজা
করিল। অখজীয়াহ্ যে আর২ ক্রিয়া করিল
তাহা কি য়িশ্রাএলের রাজারদের বিবরণপুস্ত
কে লিখিত নাই।

২ পর্ব্ব।

[১] এবং যখন য়িহুহ ঘূর্ণা বায়ুতে এলিয়াহ্
কে স্বর্গে লইতে ইচ্ছা করিলেন তখন এলিয়াহ্
এলিশার সহিত গিলগালহইতে গেল। [২]
এবং এলিয়াহ্ এলিশাকে কহিল আমি মিনতি
করি যে তুমি এখানে থাক যেহেতুক য়িহুহ আ
মাকে বীৎএলে পাঠাইয়াছেন পরে এলিশা তা
হাকে কহিল যদি য়িহুহ জীবৎ হন ও তোমার
প্রাণ জীবৎ হয় তবে আমি তোমাকে ছাড়িব
না অতএব তাহারা বীৎএলে গেল। [৩] এবং
বীৎএলস্থ আচার্য্যেরদের শিশুরা এলিশার
নিকটে বাহিরে আসিয়া তাহাকে কহিল তুমি
কি জ্ঞাত আছ যে য়িহুহ অদ্য তোমার মস্তক
হইতে তোমার প্রভুকে লইবেন সে কহিল হাঁ
আমি জানি তোমরা চুপ কর। [৪] অপর এলি
য়াহ্ তাহাকে কহিল হে এলিশা আমি মিনতি
করি যে তুমি এখানে থাক যেহেতুক য়িহুহ আ
মাকে য়িরিখুতে পাঠাইয়াছেন সে কহিল যদি
য়িহুহ জীবৎ হন ও তোমার প্রাণ জীবৎ হয় তবে
আমি তোমাকে ছাড়িব না অতএব তাহারা য়ি
রিখুতে আইল। [৫] পরে য়িরিখুস্থ আচা
র্য্যেরদের শিশুরা এলিশার নিকটে আসিয়া
কহিল তুমি কি জ্ঞাত আছ যে য়িহুহ তোমার
মস্তকহইতে তোমার প্রভুকে অদ্য লইবেন তা
হাতে সে প্রত্যুত্তর করিল হাঁ আমি জানি তোম
রা চুপ কর। [৬] পরে এলিয়াহ্ তাহাকে ক

হিল আমি মিনতি করি তুমি এখানে থাক কে
ননা য়িহুহ আমাকে য়রদনে পাঠাইয়াছেন তা
হাতে সে কহিল য়িহুহ যদি জীবৎ হন ও তো
মার প্রাণ জীবৎ হয় তবে আমি তোমাকে ছা
ড়িব না। [৭] অতএব তাহারা দুই জন অগ্রে গে
ল। এবং আচার্য্যেরদের শিষ্যরদের মধ্যে
পঞ্চাশ জন গিয়া দেখিতে দূরে দাঁড়াইল এবং
সে দুই জন য়রদনের নিকটে দাঁড়াইল। [৮]
পরে এলীয়াহ্ আপন বস্ত্র লইল ও যড় করিল
ও জল প্রহার করিল তাহাতে জল এদিগে ওদি
গে এমন ভিন্ন হইল যে তাহারা দুই জন শুষ্ক ভূ
মিতে পার হইল। [৯] তাহারা পার হইলে
পর এমত হইল এলিয়াহ্ এলিশাকে কহিল তুমি
যাচ্ঞা কর যে আমি তোমার নিকটহইতে অপ
হৃত হওনের পূর্ব্বে তোমার কারণ কি করিব তা
হাতে এলিশা কহিল তোমার আত্মার দুইগু
ণাংশ আমার উপরে থাকুক। [১০] সে কহিল
তুমি দুঃসাধ্য বিষয় যাচ্ঞা করিয়াছ কিন্তু তো
মার নিকটহইতে উদ্ধ্রিয়মাণ আমাকে যদি তুমি
দেখ তবে তোমার প্রতি তেমন হইবে কিন্তু যদি
না দেখ তবে হইবে না। [১১] তাহারা যাই
তে২ ও কথা কহিতে২ এমন হইল দেখ অগ্নি
ময় এক রথ ও অগ্নিময় অশ্বেরা উপস্থিত হইল
ও তাহারদিগকে পৃথক্ করিল এবং এলিয়াহ্
ঘূর্ণাবায়ুতে স্বর্গে গেল।

[১২] এবং এলিশা তাহা দেখিয়া উচ্চৈঃস্ব
রে কহিল হে আমার পিতা হে আমার পিতা
য়িশ্রাএলের রথ ও তাহার অশ্ব এবং সে তাহা
কে আর দেখিল না পরে সে আপন বস্ত্র ধরিল
ও চিরিয়া দুই খান করিল। [১৩] এলিয়াহের
যে বস্ত্র তাহাহইতে পড়িল তাহা সে লইল ও বা
হুড়িয়া য়রদনের তীরে দাঁড়াইল। [১৪] পরে
এলিয়াহের যে বস্ত্র তাহাহইতে পড়িল তাহা ল
ইয়া জল প্রহার করিল ও কহিল এলিয়াহের ঈ
শ্বর য়িহুহ কোথায় এবং সে জল প্রহার করিলে
পর জল এদিগে ওদিগে পৃথক্ হইল পরে এলি
শা পারে গেল। [১৫] এবং য়িরিখুতে দেখি
তে যে আচার্য্যেরদের সন্তানেরা দণ্ডায়মান
ছিল তাহারা তাঁহাকে দেখিয়া কহিল এলিয়া
হের আত্মা এলিশার উপরে থাকে পরে তাহা
রা তাহার সহিত মিলিতে গেল ও তাহার সম্মুখে
দণ্ডবৎ প্রণাম করিল। [১৬] পরে তাহারা তা
হাকে কহিল এখন দেখ তোমার দাসেরদের এ
খানে পঞ্চাশ বলবান লোক আছে আমরা মি
নতি করি যে তাহারা তোমার প্রভুর অন্বেষণ ক
রিতে যায় কি জানি যে য়িহুহের আত্মা তাহা
কে উঠাইয়া কোন পর্ব্বতের উপরে কিম্বা কোন
মাঠে ফেলিয়া থাকে সে কহিল যে পাঠাইও
না। [১৭] এবং তাহার লজ্জিত না হওয়াপ
র্য্যন্ত তাহারা তাহাকে পুনঃপুনঃ কহিলে সে ক
হিল যে পাঠাও অতএব তাহারা পঞ্চাশ মনুষ্য
কে পাঠাইল ও তাহারা তিন দিনপর্য্যন্ত অন্বে
ষণ করিল কিন্তু তাহাকে পাইল না। [১৮] য
খন তাহারা বাহুড়িয়া তাহার নিকটে আইল
যেহেতুক সে য়িরিখুতে থাকিল তখন সে তাহার
দিগকে কহিল আমি কি তোমারদিগকে কহি
নাই যে যাইও না।

[১৯] পরে নগরস্থ লোকেরা এলিশাকে কহিল
এখন দেখ আমার প্রভু যেমন দেখেন তেমন এ
নগরের স্থান রম্য কিন্তু জল মন্দ ও ভূমি ফলানুৎ
পাদক। [২০] সে কহিল আমার নিকটে নূতন
এক পাত্র আন ও তাহাতে লবণ দেও পরে তা
হারা তাহার নিকটে তাহা আনিল। [২১]
পরে সে জলের উণইতে গেল ও তাহাতে লবণ
ফেলিল ও কহিল য়িহুহ কহেন যে আমি এ
জল ভাল করিয়াছি এঅবধি তাহাহইতে মৃত্যু
কিম্বা ফলানুৎপাদক ভূমি হইবে না। [২২]
অতএব এলিশা যে কথা কহিল তদনুসারে সে
জল আজিপর্য্যন্ত ভাল আছে।

[২৩] পরে সে সেখানহইতে বীৎএলে গেল
এবং সে পথে যাইতেছিল ইতোমধ্যে নগরহই
তে কতক বালকেরা আসিয়া তাহাকে নিন্দা ক
রিয়া কহিল হে টাকপড়া যাও হে টাকপড়া
যাও। [২৪] এবং সে ফিরিয়া তাহারদের উ
পরে অবলোকন করিল ও য়িহুহের নামে তা
হারদিগকে শাপ দিল পরে দুই ভালুকী বনহ
ইতে আসিয়া তাহারদের মধ্যে বিয়াল্লিশ বাল
ককে চিরিয়া ফেলিল। [২৫] পরে সে সেখান
হইতে করমেলপর্ব্বতে গেল ও সেখানহইতে
শমরোণে ফিরিয়া গেল।

৩ পর্ব্ব।

[১] য়িহুদাহের য়িহোশাফাটরাজের অষ্টা
দশবৎসরে আখাবের পুত্র য়িহোরাম য়িশ্রা
এলের উপরে রাজ্য করিতে আরম্ভ করিল ও বা
র বৎসর রাজ্য করিল। [২] এবং য়িহুহের
দৃষ্টিতে কুক্রিয়া করিল কিন্তু তাহার পিতামা
তার মত নয় কেননা বআলের যে প্রতিমা তা
হার পিতা নির্ম্মাণ করিয়াছিল সে তাহা দূর ক
রিল। [৩] কিন্তু য়িশ্রাএলকে পাপে প্রবৃত্ত
করিল যে নিবাটের পুত্র য়িরবিআম তাহার
পাপেতে সে লাগিয়া থাকিল সে তাহা ত্যাগ ক
রিল না।

[৪] মোআবের মীশআ রাজা মেষপালক
ছিল এবং সে য়িশ্রাএলের রাজার স্থানে এক

লক্ষ মেষের বাচ্চা ও এক লক্ষ সলোম মেষ
দিত। [৫] কিন্তু আখাব মরিলে এমত হইল
মোআবের রাজা য়িশ্রাএলের রাজার কর্তৃত্ব
ত্যাগ করিল।

[৬] সে সময়ে য়িহোরামরাজ শমরোণের
মধ্যহইতে গেল ও সমুদায় য়িশ্রাএলের গণনা
করিল। [৭] পরে সে যাইয়া য়িহুদাহের য়িহো
শাফাটরাজের নিকটে লোক পাঠাইয়া এ কথা
কহিল মোআবের রাজা আমার কর্তৃত্বত্যাগ ক
রিয়াছে তুমি কি মোআবের সহিত যুদ্ধ করিতে
আমার সহিত যাইবা সে কহিল আমি যাইব
আমি তোমার ন্যায় যেমন তোমার লোকেরা
তেমন আমার ও যেমন তোমার অশ্বেরা তেমন
আমার। [৮] সে কহিল আমরা কোন পথে যা
ইব সে প্রত্যুত্তর করিল এদোমের বন দিয়া যে
পথ যায় সে পথেতে। [৯] অতএব য়িশ্রাএ
লের রাজা ও য়িহুদাহের রাজা ও এদোমের রা
জা গেল এবং তাহারা ঘুরিয়া সাত দিনের পথ
গেল এবং সৈন্যের ও তাহারদের অনুগামি
পশুরদের কারণ জল ছিল না। [১০] এবং
য়িশ্রাএলের রাজা কহিল হায়২ মোআবের
হস্তগত করিবার কারণ য়িহুহ এ তিন রাজাকে
এক স্থানে ডাকিয়াছেন। [১১] কিন্তু য়িহো
শাফাট কহিল য়িহুহের কোন আচার্য্য কি
এখানে নাই যে আমরা তাহার দ্বারা য়িহু
হের নিকটে জিজ্ঞাসা করি তাহাতে য়িশ্রাএ
লের রাজার এক দাস প্রত্যুত্তর করিয়া কহিল
এলিয়াহের হাঁতের উপরে জল দিত যে শাফা
টের পুত্র এলিশা সে এখানে আছে। [১২]
এবং য়িহোশাফাট কহিল য়িহুহের কথা তা
হার নিকটে আছে অতএব য়িশ্রাএলের রাজা
ও য়িহোশাফাট ও এদোমের রাজা তাহার নি
টে গেল। [১৩] পরে এলিশা য়িশ্রাএলের
রাজাকে কহিল তোমার সহিত আমার কি কার্য্য
তুমি আপন পিতার ও মাতার আচার্য্যেরদের
নিকটে যাও তাহাতে য়িশ্রাএলের রাজা তাহা
কে কহিল তাহা নয় কেননা মোআবের হস্তগত
করিবার কারণ য়িহুহ এ তিন রাজাকে একত্র
করিয়াছেন। [১৪] পরে এলিশা কহিল আমি
যাঁহার সাক্ষাৎ দাঁড়াই এমন যে সৈন্যের য়ি
হুহ তিনি যদি জীবৎ হন তবে য়িহুদাহের য়ি
হোশাফাটরাজের সাক্ষাৎ কারিত্বে আমার
আদর যদি না হইত তবে অবশ্য আমি তোমার
পানে অবলোকন করিতাম না ও তোমাকে দে
খিতাম না। [১৫] কিন্তু এখন আমার নিকটে
এক তবল আন এবং এমত হইল যখন তবল
বাজিল তখন য়িহুহের হাত তাহার উপরে হ
ইল। [১৬] পরে সে কহিল য়িহুহ এ কথা
কহেন এ মাঠ খাতেতে পূর্ণ কর। [১৭] যে
হেতুক য়িহুহ ইহা কহেন যে তোমরা বায়ু দেখি
বা না এবং বৃষ্টিও দেখিবা না কিন্তু তোমার
দের পানকরণের কারণ অর্থাৎ তোমারদের ও
তোমারদের পশুরদের ও তোমারদের জন্তুরদের
পানকরণের কারণ এ মাঠ জলেতে পূর্ণ হই
বে। [১৮] এবং য়িহুহের দৃষ্টিতে এই ক্ষুদ্র
বিষয় তিনি মোআবীয়েরদিগকেও তোমারদের
হস্তগত করিবেন। [১৯] এবং তোমরা প্রাচীর
বেষ্টিত প্রতিনগর ও প্রত্যেক উত্তম নগর হনন
করিবা ও প্রত্যেক উত্তম বৃক্ষ কাটিয়া ফেলিবা ও
জলের সকল কূপ বুজাইবা ও প্রত্যেক উত্তম ভূমি
খণ্ড প্রস্তরেতে নষ্ট করিবা। [২০] প্রাতঃকালে
উপকরণ নিবেদনের সময়ে এমত হইল যে দেখ
এদোম দেশের পথে জল আইল এবং দেশ
জলেতে পূর্ণ হইল।

[২১] যখন সকল মোআবীয়েরা শুনিল যে
রাজারা তাহারদের বিপরীতে আইল তখন তা
হারা অস্ত্রবহনসমর্থ সকল লোককে ও অন্য
লোকেরদিগকে একত্র করিয়া দেশের সীমাতে
দাঁড়াইল। [২২] এবং তাহারা প্রাতঃকালে
প্রত্যূষে উঠিল এবং সূর্য্য জলের উপরে চক্
মকি করিল তাহাতে মোআবীয়েরা অন্য পা
রে রক্তের ন্যায় রাঙ্গা জল দেখিল। [২৩]
এবং তাহারা কহিল এই রক্ত রাজারা অবশ্য
হত হইয়াছে তাহারা পরস্পর মারামারি করি
য়াছে অতএব এখন মোআব লুট করিবার কা
রণ যাও। [২৪] যখন তাহারা য়িশ্রাএলীয়ের
দের ছাউনিতে আইল তখন য়িশ্রাএলীয়েরা
উঠিল ও মোআবীয়েরদিগকে এমন মারিল যে
তাহারা তাহারদের সম্মুখে পলাইল কিন্তু তা
হারা মোআবীয়েরদিগকে মারিতে দেশের ম
ধ্যেই অগ্রে২ গেল। [২৫] এবং তাহারা নগর
সকল ভাঙ্গিয়া ফেলিল এবং প্রত্যেক উত্তম
ভূমিখণ্ডে প্রত্যেক জন আপনার পাথর ফেলিল
ও তাহা পূর্ণ করিল ও তাহারা জলের সকল কূপ
বুজাইল ও সকল উত্তম বৃক্ষ কাটিয়া ফেলিল কে
বল কীরখরাশেতে তাহারা পাথর অমনি রা
খিল তথাচ ফিঙ্গীমারারা তাহার চতুর্দ্দিগে গেল
ও তাহা মারিল।

[২৬] যুদ্ধ তাহার বলহইতে ঘোরতর মো
আবের রাজা ইহা দেখিয়া এদোমের রাজার
স্থানপর্য্যন্ত ভঙ্গ দিবার কারণ আপনার সহিত
তলোআরধারি সাত শত জনকে লইল কিন্তু তা
হারা তাহা পারিল না। [২৭] তখন তাহার স্থা
নে রাজপদে অভিষিচ্য আপন জ্যেষ্ঠ পুত্রকে

সে আইল ও দেওয়ালের উপরে হোম করিল এবং যিশ্রায়েলের বিপরীতে বড় ক্রোধ ছিল পরে তাহারা তাহার নিকটহইতে প্রস্থান করিয়া দেশে গেল।

৪ পর্ব্ব।

[১] অথ আচার্য্যেরদের সন্তানেরদের ভার্য্যারদের মধ্যে এক জন এ কথা কহিয়া এলিশার কাছে চেঁচাইল যে তোমার দাস আমার স্বামী মরিয়াছে এবং তুমি জ্ঞাত আছ যে তোমার দাস যিহুহকে ভয় করিল এবং আমার দুই পুত্রকে বন্দি করিবার কারণ মহাজন আসিয়াছে। [২] এলিশা তাহাকে কহিল আমাকে কহ যে আমি তোমার কারণ কি করিব ঘরে তোমার কি আছে সে কহিল এক ভাঁড় তৈলব্যতিরেকে তোমার দাসীর ঘরে আর কিছুই নাই। [৩] তখন সে কহিল যাও আপন সকল প্রতিবাসিরদের নিকটে পাত্র অর্থাৎ শূন্য পাত্র ঋণরূপে লও অল্প লইও না। [৪] এবং ঘরে গিয়া তোমার ও তোমার পুত্রেরদের পশ্চাৎ দ্বার রুদ্ধ করিবা ও সে সকল পাত্রেতে ঢালিলে যে২ পূর্ণ হয় তাহা একদিগে রাখিবা। [৫] অতএব সে তাহার নিকটহইতে গেল ও আপনার পরে এবং তাহার নিকটে পাত্র আনয়নকারি আপন পুত্রেরদের পরে দ্বার রুদ্ধ করিল পরে সে ঢালিল। [৬] এবং এমত হইল সকল পাত্র পূর্ণ হইলে সে কহিল আর এক পাত্র আনিয়া দেও তাহাতে সে তাহাকে কহিল যে আর এক পাত্রও নাই অতএব তৈল নিবৃত্ত হইল। [৭] পরে সে যাইয়া ঈশ্বরের মনুষ্যকে কহিল এবং সে কহিল যাও তৈল বিক্রয় কর ও ঋণের শোধ কর পরে অবশিষ্টেতে তুমি ও তোমার পুত্রেরা খাইয়া বাঁচ।

[৮] এক দিনে এ ঘটনা হইল এলিশা শুনেমে গেল সেখানে এক ধনবতী স্ত্রী ছিল সে তাহাকে খাইতে নিমন্ত্রণ করিল পরে এমত হইল সে যত বার সে পথ দিয়া যাইত তত বার ভোজন করিতে সেখানে যাইত। [৯] পরে সে আপন স্বামিকে কহিল দেখ এখন আমি মনে করি যে জন আমারদের নিকট হইয়া নিত্য যায় সে ঈশ্বরের পুণ্যবান এক জন। [১০] অতএব আইস আমরা তাহার কারণ প্রাচীরের উপরে এক ছোট কুঠরি করি ও তাহার জন্যে সেখানে এক খট্টা ও এক মেজ ও এক পিঁড়ি ও একটা সামাদান রাখি এবং এমত হইবে সে যখন আমারদের এখানে আইসে তখন সেখানে প্রবেশ করিবে। [১১] এক দিনে এমত হইল সে সেখানে গেল ও কুঠরিতে প্রবেশ করিল ও সেখানে শয়ন করিল। [১২] পরে সে আপন দাস গীথাজীকে কহিল এ শূনমীয়াকে ডাক তাহাতে তাহাকে ডাকিলে সে তাহার অগ্রে দাঁড়াইল। [১৩] পরে সে তাহাকে কহিল দেখ এ সকল চিন্তাতে তুমি আমারদের কারণ চিন্তান্বিতা হইয়াছ তোমার নিমিত্তে আমার কি কর্ত্তব্য তোমার কারণ কি রাজার নিকটে কিম্বা সেনাপতির নিকটে কহিতে হইবে তাহাতে সে প্রত্যুত্তর করিল যে আমি আপন লোকেরদের মধ্যে বাস করি। [১৪] সে কহিল তবে তাহার জন্যে কর্ত্তব্য কি এবং গীথাজী কহিল সত্য তাহার সন্তান নাই ও তাহার স্বামী বৃদ্ধ হইয়াছে। [১৫] পরে সে কহিল তাহাকে ডাক তাহাতে সে তাহাকে ডাকিলে সে আসিয়া দ্বারে দাঁড়াইল। [১৬] পরে সে কহিল এ কালাবধি গণনা করিয়া কালানুসারে তুমি পুত্রালিঙ্গন করিবা সে কহিল হে আমার প্রভু হে ঈশ্বরের মনুষ্য তা নয় আপনি দাসীকে মিথ্যা কথা কহিও না। [১৭] পরে সে স্ত্রী গর্ভধারণ করিল এবং কালানুসারে গণনা করিয়া এলিশার কথিত কালে পুত্র প্রসবিল। [১৮] বালক বড় হইলে এমত হইল সে এক দিন আপন পিতার নিকটে শস্যচ্ছেদকেরদের নিকটে গেল। [১৯] পরে সে আপন পিতাকে কহিল হায় আমার মাথা হায় আমার মাথা তাহাতে সে এক ছোকরাকে কহিল যে তাহাকে আপন মাতার নিকটে লইয়া যাও। [২০] তাহাতে সে তাহাকে উঠাইয়া তাহার মাতার নিকটে লইয়া গেলে সে মধ্যাহ্নপর্য্যন্ত তাহার উরুর উপরে বসিল তাহার পরে মরিল। [২১] পরে সে যাইয়া তাহাকে ঈশ্বরের মনুষ্যের খট্টাতে শোয়াইল এবং দ্বার রুদ্ধ করিল ও বাহিরে [২২] পরে সে আপনি স্বামিকে ডাকিয়া কহিল আমি মিনতি করি আমার নিকটে এক যুবা জনকে ও এক গাধাকে পাঠাও যে আমি ঈশ্বরের মনুষ্যের নিকটে যাই ও ফিরিয়া আইসি। [২৩] তাহাতে সে কহিল আজি অমাবস্যা নয় ও শাবত নয় অতএব তুমি কেন অদ্য তাহার নিকটে যাইবা সে কহিল যে ভাল হইবে। [২৪] পরে সে গাধাতে জীন বাঁধাইল ও আপন দাসকে কহিল অরায় যাও আমি আজ্ঞা না করিলে আমার জন্যে গমন শিথিল করিও না। [২৫] অতএব সে গেল ও করমেল পর্ব্বতে ঈশ্বরের মানুষের নিকটে পঁহুছিল এবং এমত হইল ঈশ্বরের মানুষ তাহাকে দূরে দেখিয়া আপন দাস গীথাজীকে কহিল দেখ ঐ সে শূনমীয়া। [২৬] এখন তাহার সহিত মিলিতে দৌড় ও তাহাকে কহ কি তোমার মঙ্গল কি তোমার স্বামির মঙ্গল কি বালকের মঙ্গল তাহাতে

সে প্রত্যুত্তর করিল যে মঙ্গল। [২৭] যখন সে
স্ত্রী পর্ব্বতে ঈশ্বরের মানুষের নিকটে পঁহুছিল ত
খন সে তাহার পা ধরিল কিন্তু গীখাজী তাহা
কে ঠেলিয়া দিবার কারণ নিকটে আইল এবং
ঈশ্বরের মানুষ কহিল তাহাকে ক্ষমা কর কেননা
তাহার অন্তঃস্থ মন শোকান্বিত আছে এবং
য়িহুহ আমাহইতে তাহা গুপ্ত করিয়াছেন ও
আমাকে তাহা কহেন নাই। [২৮] তখন সে
কহিল আমি কি আপন প্রভুর কাছে এক
পুত্রকে চাহিলাম আমি কি কহি নাই যে আ
মাকে প্রতারণা করিও না। [২৯] তখন সে গী
খাজীকে কহিল তোমার কোমর বাঁধ ও তো
মার হাতে আমার লাঠী লও ও প্রস্থান কর
যদি কাহার সহিত তোমার দেখা হয় তবে
তাহাকে নমস্কার করিও না ও যদি কেহ তো
মাকে নমস্কার করে তবু তাহাকে প্রত্যুত্তর করিও
না পরে বালকের মুখের উপরে আমার লাঠী
থোও। [৩০] এবং বালকের মাতা কহিল যদি
য়িহুহ জীবৎ হন ও তোমার প্রাণ জীবৎ হয়
তবে আমি তোমাকে ত্যাগ করিব না পরে সে
উঠিয়া তাহার পাছে২ গেল। [৩১] এবং গী
খাজী তাহারদের অগ্রে২ গেল এবং বালকের মু
খে লাঠী রাখিল কিন্তু শব্দ কিম্বা অবধান ছিল
না অতএব সে তাহাকে ভেটিবার কারণ ফিরিয়া
গেল এবং এ কথা কহিয়া তাহাকে নিবেদন ক
রিল যে বালক জাগে নাই। [৩২] এলিশা ঘরে
আইলে দেখ বালক মরিয়াছে ও তাহার শয্যা
য় শোয়ান গিয়াছে। [৩৩] অতএব সে প্রবেশ
করিয়া সে দুইয়ের পরে দ্বার রুদ্ধ করিল ও য়িহু
হের উদ্দেশে প্রার্থনা করিল। [৩৪] পরে সে
যাইয়া বালকের উপরে শয়ন করিল এবং তা
হার মুখের উপরে আপন মুখ ও তাহার চক্ষুর
উপরে আপন চক্ষু ও তাহার হাতের উপরে আ
পন হাত দিল ও বালকের উপরে আপনাকে আ
লম্ব করিল তাহাতে বালকের গাত্র তাপ পাইতে
লাগিল। [৩৫] পরে সে নামিল ও ঘরে ইতস্ত
তো ভ্রমণ করিয়া উপরে গেল ও তাহার উপরে
আপনাকে আলম্ব করিল তাহাতে বালক সাত
বার হাঁচিল এবং বালক চক্ষু খুলিল। [৩৬]
পরে সে গীখাজীকে ডাকিয়া কহিল এ শুনর্মীয়া
কে ডাক অতএব সে তাহাকে ডাকিল এবং সে
তাহার নিকটে আইল সে কহিল যে আপন
বালককে লও। [৩৭] তখন সে ভিতরে গেল ও
তাহার পায়ে পড়িল ও ভূমিস্পৃষ্টমুখ হইয়া প্রণাম
করিল ও আপন পুত্রকে তুলিয়া বাহিরে গেল।
[৩৮] পরে এলীশা আরবার গিলগালে আ
ইল এবং দেশে দুর্ভিক্ষ হইল ও আচার্য্যেরদের
সন্তানেরা তাহার সম্মুখে বসিয়া রহিল পরে
সে আপন দাসকে কহিল যে বড় হাঁড়ি চড়াও
ও আচার্য্যেরদের পুত্রেরদের জন্যে ঝোল পাক
কর। [৩৯] এবং এক জন মাঠে তরকারি আ
নিতে গেল ও এক বন্য লতা পাইল ও বন্য ফল
চয়ন করিয়া আপন বস্ত্র তাহাতে পূর্ণ করিয়া আ
ইল ও কাটিয়া ঝোলের হাঁড়িতে ফেলিল যেহে
তুক তাহারা তাহা চিনিল না। [৪০] পরে তা
হারা লোকেরদের খাইবার কারণ ঢালিল এবং
এমত হইল তাহারা ঝোল খাইতে২ চেঁচাইয়া
বলিল যে হে ঈশ্বরের মানুষ হাঁড়িতে মৃত্যু আ
ছে তাহাতে তাহারা তাহা খাইতে পারিল না।
[৪১] কিন্তু সে কহিল তবে ময়দা আন পরে সে
তাহা হাঁড়িতে ফেলিল অনন্তর সে কহিল লো
কেরদের কারণ ঢাল যে তাহারা খায় পরে হাঁড়ি
তে কিছু মন্দ ছিল না।
[৪২] অপর বআলশালীশাহইতে এক জন
আসিয়া ঈশ্বরের মানুষের জন্যে প্রথম শস্যের
রুটি আনিল অর্থাৎ বিংশতি যবের রুটি ও শ
স্যের অমর্দিত পূর্ণ শীষ পরে সে কহিল লো
কেরদিগকে দেও যে তাহারা খায়। [৪৩] তা
হার পরিচারক কহিল আমি কি একশত লো
কের সম্মুখে ইহা রাখিব আরবার সে কহিল
লোকেরদিগকে দেও যে তাহারা খায় যেহেতুক
য়িহুহ কহিয়াছেন তাহারা খাইবে ও অবশিষ্ট
রাখিবে। [৪৪] অতএব সে তাহারদের সম্মুখে
তাহা রাখিল ও তাহারা খাইল এবং য়িহুহের
বাক্যানুসারে অবশিষ্ট রাখিল।

৫ পর্ব্ব।

[১] অরামের রাজার সেনাপতি নআমান আ
পন প্রভুর নিকটে বড় ও সম্মানিত মনুষ্য ছিল
যেহেতুক য়িহুহ তাহার হাতেতে অরামের উদ্ধার
করিয়াছিলেন সে প্রতাপান্বিত জনও ছিল কিন্তু
কুষ্ঠরোগী। [২] এবং অরামীয়েরা দলে২ গি
য়াছিল ও য়িশ্রাএলের দেশহইতে ছোট এক
ছুকরীকে আনিয়াছিল ও সে নআমানের স্ত্রীর
পরিচর্য্যা করিল। [৩] পরে সে আপন ক
র্ত্রীকে কহিল শমরোণস্থ আচার্য্যের নিকটে
আমার প্রভুর যাওয়া এষ্টব্য যেহেতুক সে তা
হার কুষ্ঠ ভাল করিবে। [৪] পরে এক জন ভি
তরে যাইয়া আপন প্রভুকে এ কথা কহিল যে
য়িশ্রাএলদেশহইতে আগতা ছোট ছুকরী এ২
কথা কহে। [৫] পরে অরামের রাজা কহিল
ভাল যাও ও আমি য়িশ্রাএলের রাজার নিক
টে পত্র পাঠাইব পরে সে প্রস্থান করিল ও আ
পনার সহিত দশ কিক্কর রূপা ও ছয় সহস্র স্বর্ণ
মুদ্রা ও দশ যোড়া বস্ত্র লইল। [৬] পরে সে

য়িশ্রাএলের রাজার নিকটে এই প্রকার লিখিত
এক পত্র আনিল যে এ পত্র তোমার নিকটে পঁ
হুছিলে দেখ আমি আপনার দাস নআমানকে
তোমার নিকটে পাঠাইয়াছি যে তুমি তাহার
কুষ্ঠ ভাল কর। [৭] য়িশ্রাএলের রাজা পত্র
পড়িলে এমত হইল যে সে আপন বস্ত্র চিরিল
ও কহিল মারিতে ও জীয়াইতে আমি কি ঈশ্বর
যে এ মানুষ এক জনের কুষ্ঠ ভাল করিতে আ
মার নিকটে পাঠায়। অতএব এখন বিবেচনা
কর ও দেখ সে যেরূপে আমার সহিত বিরোধ
চেষ্টা করে। [৮] পরে এমত হইল যখন ঈশ্ব
রের মনুষ্য এলিশা শুনিল যে য়িশ্রাএলের রা
জা আপন বস্ত্র চিরিয়াছে তখন সে এ কথা ক
হিয়া রাজার নিকটে পাঠাইল যে তুমি কেন
আপন বস্ত্র চিরিয়াছ সে আমার এখানে আই
সুক পরে জানিবে যে য়িশ্রাএলের মধ্যে এক
জন আচার্য্য আছে। [৯] অতএব নআমান আ
পন অশ্বের ও রথের সহিত আসিয়া এলিশার
দ্বারে দাঁড়াইল। [১০] পরে এলিশা এক প্রেষ্য
কে তাহার নিকট পাঠাইল ও কহিল যাও য়রদ
নে সাতবার স্নান কর তাহাতে তোমার মাংস
আরবার তোমার গাত্রে হইবে ও তুমি শুচি হই
বা। [১১] কিন্তু নআমান ক্রুদ্ধ হইয়া চলিয়া
গেল ও কহিল দেখ আমি ভাবিলাম যে সে অব
শ্য বাহির হইয়া আমার নিকটে আসিয়া দাঁড়া
ইবে ও আপন ঈশ্বর য়িহুহের নামে প্রার্থনা
করিবে ও আপন হাত সে স্থানের উপরে বুলাই
য়া কুষ্ঠিকে ভাল করিবে। [১২] দমাশেকের
আবানাহ্ ও ফরফরনদী কি য়িশ্রাএলের স
কল জলহইতে ভাল নয় আমি কি তাহাতে স্নান
করিয়া শুচি হইতে পারিব না অতএব সে ফিরি
য়া ক্রোধে চলিয়া গেল। [১৩] পরে তাহার
দাসেরা নিকটে আসিয়া তাহাকে কহিল হে আ
মার পিতা যদি কোন বড় ক্রিয়া করিতে আচা
র্য্য তোমাকে কহিত তবে তুমি কি তাহা করি
তা না তবে কি পুনঃ যখন সে তোমাকে কহিল
যে ধোও ও শুচি হও। [১৪] তখন সে যাইয়া
ঈশ্বরের মানুষের বাক্যানুসারে য়রদনে সাতবার
ডুব দিল পরে তাহার মাংস ক্ষুদ্র বালকের মাং
সের ন্যায় পুনর্ব্বার হইল ও সে শুচি হইল।
[১৫] পরে সে আপন সকল সঙ্গি লোকের
দের সহিত ঈশ্বরের মানুষের নিকটে ফিরিয়া আ
ইল ও তাহার সম্মুখে দাঁড়াইল ও কহিল এখন
আমি জানি যে য়িশ্রাএলের মধ্যব্যতিরেকে
সকল পৃথিবীতে আর কোন ঈশ্বর নাই অতএব
এখন আমি মিনতি করি যে আপন দাসের কা
ছেতে এক আশীর্ব্বস্তু লও। [১৬] কিন্তু সে ক
হিল আমি যাঁহার সম্মুখে দাঁড়াই এমন যে ঈ
শ্বর তিনি যদি জীবৎ হন তবে আমি কিছু লইব
না পরে সে তাহা লইতে তাহাকে আগ্রহ করিল
কিন্তু সে কহিল লইব না। [১৭] পরে নআমান
কহিল এখন আমি এ নিবেদন করি দুই অশ্বত
রের ভার মৃত্তিকা কি তোমার দাসকে দেওয়া না
যায় যেহেতুক এই অবধি তোমার দাস য়িহুহ
ব্যতিরেকে আর কোন দেবের উদ্দেশে হোম
কিম্বা বলি করিবে না। [১৮] ইহাতে য়িহুহ
তোমার দাসকে ক্ষমা করুন যখন আমার প্রভু
পূজা করিবার কারণ রিমোণের ঘরে যান ও আ
মার হাতে ভর দেন ও আমি রিমোণের ঘরে প্র
ণাম করি তখন আমি রিমোণের ঘরে প্রণাম
করিলে য়িহুহ এ বিষয়ে আপন দাসকে ক্ষমা
করুন। [১৯] এবং সে তাহাকে কহিল কুশলে
যাও অতএব সে প্রস্থান করিয়া কিছু পথ গেল।
[২০] কিন্তু ঈশ্বরের মানুষ এলিশার দাস গি
খ্যাজী কহিল দেখ এ আরামীয় নআমান যাহা
আনিল তাহা তাহার হাতেতে না লওয়াতে আ
মার প্রভু তাহাকে ক্ষমা করিয়াছেন কিন্তু যদি য়ি
হুহ জীবৎ হন তবে আমি তাহার পাছে২ দৌ
ড়িব ও তাহার কাছে কিছু লইব। [২১] অতএব
গিখ্যাজী নআমানের পাছে২ গেল এবং যখন ন
আমান তাহাকে আপন পাছে২ দৌড়িতে দে
খিল তখন সে তাহার সহিত মিলিতে রথহইতে
নামিল ও কহিল কি সকলে মঙ্গল। [২২] সে
কহিল সকলে মঙ্গল আমার প্রভু এ কথা কহিতে
আমাকে পাঠাইয়াছেন যে দেখ এইক্ষণে এফ
রায়িম পর্ব্বতহইতে আচার্য্যের সন্তান দুই জন
আসিয়াছে আমি এ মিনতি করি তাহারদিগকে
এক কিকর রূপা ও দুই যোড়া বস্ত্র দেও। [২৩]
এবং নআমান কহিল শান্ত হও দুই কিকর লও
এবং সে তাহাকে আগ্রহ করিল পরে সে দুই কি
ক্কর দুই থৈলায় বাঁধিল ও দুই যোড়া বস্ত্র
আপন দুই জন দাসের উপরে থুইল ও তাহা
রা তাহার অগ্রে তাহা বহিল। [২৪] সে য
খন গড়ে পঁহুছিল তখন তাহারদের হাতহইতে
তাহা লইয়া ঘরে থুইল। পরে সে লোকেরদি
গকে বিদায় করিল তাহাতে তাহারা প্রস্থান ক
রিল। [২৫] কিন্তু সে ভিতরে গেল ও আপন
প্রভুর অগ্রে দাঁড়াইল এবং এলিশা তাহাকে ক
হিল হে গিখ্যাজী তুমি কোথাহইতে আইলা সে
কহিল তোমার দাস কোনখানে যায় নাই।
[২৬] সে তাহাকে কহিল সে মানুষ যখন তো
মার সহিত মিলিতে আপন রথহইতে ফিরিয়া
আইল তখন কি আমার হৃদয় তোমার সহিত
যায় নাই এই কি অর্থ ও বস্ত্র ও জিতবৃক্ষ ক্ষেত্র

ও দ্রাক্ষাক্ষেত্র ও ভেড়ারদিগকে ও গরুরদিগকে
ও দাস দাসীরদিগকে লইবার সময়। [২৭] অ
তএব নয়্মানের কুষ্ঠ তোমাতে ও তোমার বং
শেতে সদা লাগিয়া থাকিবে পরে সে তাহার নি
কটহইতে বরফের ন্যায় কুষ্ঠগ্রস্ত হইয়া প্রস্থান
করিল।

৬ পর্ব্ব।

[১] পরে আচার্য্যেরদের সন্তানেরা এলিশা
কে কহিল দেখ এখন তোমার সঙ্গে আমারা যে
স্থানে বাস করি তাহা অত্যল্প আছে। [২] আ
মরা মিনতি করি যে আমরা য়রদনে যাই ও প্র
ত্যেক জন সেখানহইতে এক২ আড়াকাষ্ঠ লইয়া
আপনারদের কারণ বাসস্থান করি সে প্রত্যুত্তর
করিল যে যাও। [৩] এবং এক জন কহিল আমি
এ মিনতি করি তুমি সম্মত হও আপনকার দা
সেরদের সহিত যাও সে প্রত্যুত্তর করিল যে আমি
যাইব। [৪] অতএব সে তাহারদের সহিত গেল
এবং তাহারা য়রদনের নিকটে পঁহুছিয়া কাষ্ঠ
চ্ছেদন করিল। [৫] কিন্তু এক জন বৃক্ষচ্ছেদন ক
রিতেছিল তাহার মধ্যে কুড়ালির ফাল জলে প
ড়িল এবং সে চেঁচাইয়া কহিল হায় মহাশয় কে
ননা তাহা ঋণবস্তু ছিল। [৬] এবং ঈশ্বরের মা
নুষ কহিল তাহা কোথায় পড়িল পরে সে তাহা
কে সেস্থান দেখাইল তখন সে এক কাষ্ঠ কাটিয়া
তাহাতে ফেলিল তাহাতে লৌহ ভাসিল। [৭]
অতএব সে কহিল তাহা আপন কাছে লও তা
হাতে সে হাত বিস্তার করিয়া তাহা গ্রহণ করিল।

[৮] পরে অরামের রাজা য়িশ্রাএলের সহিত
যুদ্ধ করিল এবং আপন দাসেরদের সহিত পরা
মর্শ করিয়া কহিল যে অমুক২ স্থানে আমার ছা
উনি হইবে। [৯] এবং ঈশ্বরের মানুষ য়িশ্রা
এলের রাজার নিকটে লোক পাঠাইয়া কহিল
সাবধান অমুক স্থান দিয়া যাইও না কেননা অ
রামীয়েরা সেখানে আসিয়াছে। [১০] পরে ঈ
শ্বরের মানুষ যে স্থানের বিষয়ে সমাচার দিয়া
ছিল ও রাজাকে সাবধান করিয়াছিল য়িশ্রাএ
লের রাজা সে স্থানে লোক পাঠাইয়া আপনাকে
রক্ষা করিল কেবল একবার দুইবার তা নয়।
[১১] অতএব অরামের রাজার মন এ বিষয়ে বড়
উদ্বিগ্ন হইল পরে সে আপন দাসেরদিগকে ডা
কিয়া কহিল তোমরা কি আমাকে জানাইবা না
যে আমারদের মধ্যে য়িশ্রাএলের রাজার প
ক্ষীয় কে আছে। [১২] তাহার এক দাস কহিল
হে আমার প্রভু মহারাজ কেহ নাই কিন্তু য়িশ
্রাএলস্থ এলিশা আচার্য্য তোমার শয্যাশালায়
তোমাতে কথিত কথা য়িশ্রাএলের রাজাকে
জানায়।

[১৩] সে কহিল যাইয়া তাহার থাকিবার
স্থান অনুসন্ধান কর যে আমি লোক পাঠাইয়া
তাহাকে আনি পরে তাহাকে কহা গেল যে দেখ
সে দোতানে আছে। [১৪] অতএব সে সেখা
নে অশ্বসমূহ ও রথ ও মহাসৈন্য পাঠাইল এবং
তাহারা রাত্রিতে আসিয়া নগরবেষ্টন করিল।
[১৫] ঈশ্বরের মনুষ্যের দাস প্রত্যূষে উঠিয়া বাহি
রে গেলে দেখ ঘোড়া ও রথের সহিত এক সৈন্য
নগরবেষ্টন করিল পরে সে দাস তাহাকে কহি
ল হায় মহাশয় আমরা কি করিব। [১৬] সে
প্রত্যুত্তর করিল ভয় করিও না কেননা আমার
দের সহবর্ত্তিরা তাহারদের সহবর্ত্তিরদেরহইতে
অধিক আছে। [১৭] এবং এলিশা প্রার্থনা
করিয়া কহিল হে য়িহুহ আমি মিনতি করি তা
হার চক্ষু খোল যে সে দেখে পরে য়িহুহ সে
যুবা মানুষের চক্ষু খুলিলেন এবং সে আলোচ
না করিল এবং দেখ সে পর্ব্বত এলিশার চতুর্দ্দি
গে অগ্নিময় অশ্ব ও রথেতে পূর্ণ ছিল। [১৮]
এবং যখন তাহারা তাহার নিকটে আইল ত
খন এলিশা য়িহুহের উদ্দেশে প্রার্থনা করিয়া
কহিল আমি মিনতি করি এ লোকেরদিগকে অ
ন্ধতাতে মার এবং তিনি এলিশার বাক্যানুসা
রে তাহারদিগকে অন্ধতাতে মারিলেন।

[১৯] পরে এলিশা কহিল যে এই পথ নয় ও
এই নগর নয় আমার পাছে২ আইস এবং তো
মরা যে মানুষকে অন্বেষণ কর তাহার নিকটে
আমি তোমারদিগকে আনিব কিন্তু সে তাহার
দিগকে শমরোণে লইয়া গেল। [২০] তাহারা
শমরোণে পঁহুছিলে এমত হইল যে এলিশা ক
হিল হে য়িহুহ এ লোকেরদের চক্ষু খোল যে
তাহারা দেখিতে পায় এবং য়িহুহ তাহারদের
চক্ষু খুলিলেন তাহাতে তাহারা দেখিতে পাইল
ও দেখ তাহারা শমরোণের মধ্যে ছিল। [২১]
পরে য়িশ্রাএলের রাজা তাহারদিগকে দেখিয়া
এলিশাকে কহিল হে আমার পিতা আমি কি
মারিব আমি কি মারিব। [২২] সে প্রত্যুত্তর ক
রিল যে মারিও না তুমি যাহারদিগকে আপন
তলোআর ও ধনুকেতে ধরিয়াছ তাহারদিগকে
কি মারিতা তাহারদের অগ্রে রুটি ও জল রাখ যে
তাহারা ভোজন পান করে পরে আপন প্রভুর
নিকটে যায়। [২৩] এবং সে তাহারদের জন্যে
অনেক খাদ্য দ্রব্য প্রস্তুত করিল এবং তাহারা
ভোজনপান করিলে সে তাহারদিগকে বিদায়
করিয়া দিল এবং তাহারা আপনারদের প্রভুর
নিকটে গেল পরে অরামের সৈন্য য়িশ্রাএলের
দেশে আর আইল না।

[২৪] ইহার পরে এমত হইল অরামের বেন

হদদরাজ আপন সকল সৈন্য একত্র করিল ও
যাইয়া শমরোণ রোধ করিল। [২৫] এবং
শমরোণে বড় দুর্ভিক্ষ ছিল এবং দেখ যেপর্য্যন্ত
একটা গাধার মাথা আশী টাকা দর এবং এক
পোয়া কাব কপোতের বিষ্ঠাখ্য মূল পাঁচ টাকা
দর না হইল সেপর্য্যন্ত তাহারা তাহা অবরোধ
করিল।

[২৬] রাজা প্রাচীরের উপরে গতি করিতেছে
তৎকালে এক স্ত্রী চেঁচাইয়া তাহাকে কহিল হে
আমার প্রভু মহারাজ উপকার কর। [২৭] সে
কহিল যদি য়িহুহ তোমার উপকার না করেন
তবে আমি কিসে তোমার উপকার করিব কি খা
মারহইতে বা দ্রাক্ষাযন্ত্রহইতে। [২৮] পরে রা
জা তাহাকে কহিল তোমার কি দুঃখ সে প্রত্যু
ত্তর করিল এ স্ত্রী আমাকে কহিল যে আজি আ
মারদের খাইবার নিমিত্তে তোমার পুত্রকে দেও
ও কল্য আমার পুত্রকে খাইব। [২৯] অতএব
আমরা আমার পুত্রকে পাক করিলাম ও খাই
লাম এবং পর দিনে আমি তাহাকে কহিলাম
যে আমারদের খাইবার কারণ তোমার পুত্রকে
দেও এবং সে আপন পুত্রকে লুকাইয়াছে।

[৩০] রাজা সে স্ত্রীর কথা শুনিলে এমত হইল
যে সে আপন বস্ত্র চিরিল পরে সে প্রাচীরে গতি
করিল ও লোকেরা অবলোকন করিল ও দেখ
ভিতরে তাহার গাত্র চট হইল। [৩১] পরে
সে কহিল যদি শাফাটের পুত্র এলিশার মস্তক
আজি তাহার শরীরে থাকে তবে ঈশ্বর তদ্রূপে
এবং ততোধিকও আমাকে করুন। [৩২] কিন্তু
এলিশা আপন ঘরে বসিল এবং প্রাচীন লোকে
রা তাহার সহিত বসিল তৎকালে রাজা আপন
নিকটহইতে এক জনকে পাঠাইল কিন্তু সে প্রেষ্য
তাহার নিকটে পঁহুছনের পূর্ব্বে সে প্রাচীন লো
কেরদিগকে কহিল তোমরা দেখ এ হত্যাকারির
পুত্র আমার মস্তক লইতে যেরূপে লোক পাঠা
ইয়াছে দেখ সে প্রেষ্য আইলে দ্বার বন্ধ কর ও
তাহাকে দ্বারের বাহিরে রাখ তাহার প্রভুর পা
য়ের শব্দ কি তাহার পশ্চাৎ নয়। [৩৩] সে
তাহারদের সহিত কথা কহিতেছে তাহার মধ্যে
দেখ সে প্রেষ্য তাহার নিকটে আইল পরে সে
কহিল দেখ এ অমঙ্গল য়িহুহহইতে হইল আমি
কি য়িহুহের আর অপেক্ষা করিব।

৭ পর্ব্ব।

[১] তখন এলিশা কহিল তোমরা য়িহুহের
বাক্য শুন য়িহুহ এ কথা কহেন কল্য এই বেলায়
শমরোণের দ্বারে এক শেকেলেতে দশ শের পরি
মাণ সূক্ষ্ম সূজি ও এক শেকেলেতে দশ শেরের
দুই পরিমাণ যব হইবে। [২] তখন যাহার
হাতে রাজা ভর দিত এমন যে এক অধ্যক্ষ সে
ঈশ্বরের মানুষকে প্রত্যুত্তর করিয়া কহিল দেখ
যদি য়িহুহ স্বর্গে জানলা করেন তবে কি এ কার্য্য
হইতে পারিবে সে কহিল দেখ তুমি আপন চক্ষু
তে তাহা দেখিবা কিন্তু তাহার কিছু খাইবা না।

[৩] দ্বারের প্রবেশস্থানে চারি কুষ্ঠী ছিল
এবং তাহারা পরস্পর কহিল যে আমরা মরণ
পর্য্যন্ত কেন এখানে বসি। [৪] আমরা যদি
কহি যে নগরে যাইব তখন দেখ অকাল সে
খানে ও আমরা সেখানে মরিব এবং এখানে
যদি বসিয়া থাকি তবু মরিব অতএব আইস আ
মরা অরামীয়েরদের সৈন্যের নিকটে যাই তাহা
রা আমারদিগকে বাঁচাইয়া রাখিলে বাঁচিব
আমারদিগকে মারিয়া ফেলিলে কেবল মরিব।
[৫] অতএব তাহারা অরামীয়েরদের ছাউ
নিতে যাইবার কারণ প্রত্যূষে উঠিল এবং
অরামীয়েরদের সৈন্যস্থলের অগ্রভাগে পঁহু
ছিলে দেখ কেহ সেখানে নাই। [৬] কেননা
য়িহুহ অরামীয়েরদের সৈন্যকে রথের ও অ
শ্বের শব্দ শুনাইয়াছিলেন অর্থাৎ বড় সৈন্যের
শব্দ এবং তাহারা এক জন অন্যকে কহিল যে
দেখ আমারদের বিপরীতে আসিবার কারণ
য়িশরাএলের রাজা খিত্তীয়েরদের রাজারদিগকে
ও মিস্রীয়েরদের রাজারদিগকে বেতন দিয়াছে।
[৭] অতএব তাহারা প্রত্যূষে উঠিয়া পলাইল ও
আপনারদের তাম্বু ও অশ্ব ও গর্দ্দভ অর্থাৎ ছাউ
নি অমনি ছাড়িয়া আপনারদের প্রাণরক্ষার
কারণ পলাইল। [৮] পরে ঐ কুষ্ঠি লোকেরা
ছাউনির ধারে পঁহুছিয়া এক তাম্বুতে গেল ও
ভোজনপান করিল এবং সেখানহইতে স্বর্ণ ও
রূপা ও বস্ত্র লইল ও লুকাইল পুনশ্চ আরবার
আইল ও আর এক তাম্বুতে প্রবেশ করিল এবং
সেখানহইতেও দ্রব্য লইল ও লুকাইল। [৯]
পরে তাহারা পরস্পর কহিল আমরা ভাল কার্য্য
করি না অদ্য মঙ্গল সমাচারের দিন ও আমরা
চুপ করিয়া থাকি যদি আমরা প্রভাতপর্য্যন্ত থা
কি তবে কোন আপদ আমারদের উপরে ঘটি
বে অতএব এখন আইস আমরা যাইয়া রাজার
পরিজনেরদিগকে সমাচার দি। [১০] অতএব
তাহারা আসিয়া নগরের দ্বারিকে ডাকিয়া ক
হিল যে আমরা অরামীয়েরদের ছাউনিতে
গিয়াছিলাম এবং দেখ সেখানে কেহ নাই ও মা
নুষের শব্দও নাই কিন্তু বাঁধা অশ্ব ও বাঁধা গ
র্দ্দভ ও তাম্বু অমনি আছে। [১১] সে রাজদ্বার
পালেরদিগকে ডাকিল ও তাহারা বাটীর মধ্য
স্থিত রাজপরিজনেরদিগকে কহিল।

[১২] পরে রাজা রাত্রিতে উঠিল ও আপন দা

সেরদিগকে কহিল অরামীয়েরা যাহা আমারদি
গকে করিয়াছে তাহা আমি এখন তোমারদিগ
কে জানাইব তাহারা জানে যে আমরা ক্ষুধিত
আছি অতএব তাহারা ছাউনিহইতে আপনার
দিগকে ক্ষেত্রে লুকাইতে গিয়া এ কথা কহিয়া
ছে যে তাহারা যখন নগরের মধ্যহইতে আই
সে তখন আমরা তাহারদিগকে জীবৎ ধরিব ও
নগরের মধ্যে যাইতে পাইব। [১৩] পরে এক
দাস প্রত্যুত্তর করিয়া কহিল আমি এ মিনতি করি
নগরে যে অশ্বেরা অবশিষ্ট থাকে তাহারদের
মধ্যহইতে কেহ পাঁচ অশ্ব লউক দেখ য়িশরাএ
লের যে সকল জনতা তাহার মধ্যে অবশিষ্ট
থাকে তাহারা তাহার মত দেখ সংহত যে য়িশ
রাএলের সকল জনতা তাহারই মত তাহারা হয়
এবং আমরা পাঠাইয়া দেখি। [১৪] অতএব
তাহারা রথের দুই অশ্ব লইল এবং রাজা অরা
মীয়েরদের সেনারদের পশ্চাৎ পাঠাইয়া কহিল
যে যাও দেখ। [১৫] এবং তাহারা তাহারদের
পাছে ২ য়রদনপর্য্যন্ত গেল এবং দেখ অরা
মীয়েরা ত্বরা করাতে যে বস্ত্র ও পাত্র ফেলিয়া
ছিল সে সকলেতে পথ পূর্ণ হইল পরে প্রেষ্যে
রা ফিরিয়া আইল ও রাজাকে কহিল। [১৬]
পরে লোকেরা বাহিরে গেল ও অরামীয়েরদের
ছাউনি নষ্ট করিল অতএব য়িহুহের মানুষের
কথনানুসারে দশ শেরের এক পরিমাণ উত্তম
সূজী এক শেকেলমূল্যেতে ও দশ শেরের দুই
পরিমাণ যব এক শেকেলেতে বিক্রীত হইল।
[১৭] পরে রাজা যে অধ্যক্ষের হাতের উপরে
ভর দিত তাহাকে দ্বারে চৌকি দিতে রাজা নিযুক্ত
করিল পরে দ্বারে লোকেরা তাহাকে দলাইয়া
ফেলিল ও ঈশ্বরের মানুষের নিকটে রাজার গমন
কালে বাক্যবাদি ঈশ্বরের মানুষের কথানুসারে
সে মরিল। [১৮] এবং ঈশ্বরের মানুষ রাজাকে
যেরূপ কহিয়াছিল যে কল্য এই বেলা শমরো
ণের দ্বারে এক শেকেলমূল্যেতে দশ শেরের এক
পরিমাণ উত্তম সূজি ও এক শেকেলমূল্যেতে দশ
শেরের দুই পরিমাণ যব হইবে। [১৯] ও সে
অধ্যক্ষ ঈশ্বরের মানুষকে এ কথা কহিয়া প্রত্যু
ত্তর করিয়াছিল এখন দেখ যদি য়িহুহ স্বর্গে জা
নলা করেন তবে এমন ক্রিয়া কি হইতে পারিবে
এবং সে তাহাকে কহিয়াছিল যে দেখ তুমি আ
পন চক্ষুতে তাহা দেখিবা কিন্তু তাহার কিছু খা
ইবা না। [২০] সেমত তাহার দশা হইল কেননা
লোকেরা দ্বারে তাহাকে দলিয়া ফেলিল ও সে
মরিল।

৮ পর্ব্ব।

[১] পরে এলিশা যে স্ত্রীর পুত্রকে সজীব ক
রিয়াছিল তাহাকে সে কহিল যে উঠ তুমি ও
তোমার পরিজনেরা যাও ও যেখানে বাস করি
তে পার সেখানে বাস কর যেহেতুক য়িহুহ অ
কাল আনিয়াছেন এবং সাত বৎসরপর্য্যন্ত তাহা
সমস্ত দেশের উপরে আসিবে। [২] পরে সে স্ত্রী
উঠিল এবং ঈশ্বরের মানুষের কথানুসারে করিল
এবং সে ও তাহার পরিজনেরা যাইয়া পলশতী
য়েরদের দেশে সাত বৎসর বাস করিল। [৩]
সাত বৎসর গতে সে স্ত্রী পলশতীয়েরদের দেশ
হইতে ফিরিয়া আইল এবং আপন বাটী ও ভূ
মির কারণ নালিশ করিতে রাজার নিকটে গেল।
[৪] এবং রাজা ঈশ্বরের মানুষের দাস গীখাজীর
সহিত কথা কহিতেছিল ও কহিল এলিশা যে
বড় কার্য্য করিল তাহা এখন আমাকে কহ।
[৫] পরে এলিশা যেরূপে মৃত শরীর সজীব করি
য়াছিল সে রাজাকে এ কথা কহিতেছে ইতিমধ্যে
এমত হইল দেখ যে স্ত্রীর পুত্রকে সে সজীব করি
য়াছিল সে স্ত্রী আপন বাটী ও ভূমির কারণ রা
জার নিকটে নালিশ করিল এবং গিখাজী ক
হিল হে আমার প্রভু মহারাজ এই সে স্ত্রী ও তা
হার যে পুত্রকে এলিশা সজীব করিয়াছে এই সে
পুত্র। [৬] পরে রাজা সে স্ত্রীকে জিজ্ঞাসা করি
লে সে তাহাকে কহিল অতএব রাজা তাহার
পক্ষে এক আমিন নিযুক্ত করিয়া কহিল যে তা
হার যে সকল আছে তাহা এবং সে যে দিন
দেশ ছাড়িয়া গেল সে দিনাবধি আজিপর্য্যন্ত
সে ভূমির যত উৎপন্ন সে সকল তাহাকে ফিরি
য়া দেও।
[৭] পরে এলিশা দমাশেকে আইল ও অরা
মের বেনহদদরাজ পীড়িত ছিল পরে তাহাকে
এ কথা কহা গেল যে ঈশ্বরের মানুষ এখানে আ
সিয়াছে। [৮] তখন রাজা খজাএলকে কহিল
তুমি আপন হাতে এক নজর লইয়া ঈশ্বরের মা
নুষের সহিত ভেটিতে যাও ও তাহার দ্বারা য়িহু
হের কাছে এ কথা জিজ্ঞাসা কর যে আমি কি
এ রোগহইতে মুক্ত হইব। [৯] অতএব খজা
এল তাহার সহিত দেখা করিতে গেল এবং
এক নজর অর্থাৎ দমাশেকের প্রত্যেক উত্তম বস্তু
তে চল্লিশ উটের ভার আপন সহিত লইল এবং
আসিয়া তাহার সম্মুখে দাঁড়াইয়া কহিল অরা
মের রাজা যে তোমার পুত্র বেনহদদ সে আমা
কে তোমার নিকটে এ কথা কহিতে পাঠাইয়াছে
যে আমি কি এ রোগহইতে মুক্ত হইব। [১০]
এবং এলিশা তাহাকে কহিল যাইয়া তাহাকে
কহ যে তুমি এ রোগহইতে মুক্ত হইতে পার ত
থাচ য়িহুহ আমাকে জানাইয়াছেন যে সে অ
বশ্য মরিবে। [১১] পরে লজ্জিত না হওনপর্য্যন্ত

সে আপন মুখ স্থির করিয়া একদৃষ্টিতে রহিল
পরে ঈশ্বরের মানুষ ক্রন্দন করিল। [১২] এবং
খজাএল কহিল আমার প্রভু কেন ক্রন্দন করেন
সে প্রত্যুত্তর করিল তুমি য়িশ্রাএলের সন্তানের
দের যে মন্দ করিবা তাহা আমি জানি সেপ্রযুক্ত
ক্রন্দন করি কেননা তুমি তাহারদের দৃঢ় গড় অ
গ্নিতে পোড়াইবা ও তাহারদের যুবা পুরুষেরদিগ
কে তুমি তলোআরেতে বধ করিবা ও তাহারদের
বালকেরদিগকে তুমি আছড়াইবা ও তাহার
দের গর্ব্ভবতী স্ত্রীরদের উদর তুমি চিরিয়া ফেলি
বা। [১৩] পরে খজাএল কহিল কিন্তু কি তো
মার দাস কি কুকুর যে এ দারুণ ক্রিয়া ক
রিবে এবং এলিশা প্রত্যুত্তর করিল য়িহুহ আমা
কে জানাইয়াছেন যে তুমি অরামের রাজা হইবা।
[১৪] অতএব সে এলিশার নিকটহইতে প্রস্থান
করিয়া আপন প্রভুর নিকটে গেল ও সে তাহাকে
কহিল যে এলিশা তোমাকে কি কহিল সে প্রত্যু
ত্তর করিল সে আমাকে কহিল যে তুমি অবশ্য
সুস্থ হইবা। [১৫] পর দিনে এমত হইল সে
পুরুষ এক বস্ত্র লইয়া জলে ডুবাইল ও তাহার
মুখের উপরে বিস্তীর্ণ করিল অতএব সে মরিল
এবং খজাএল তাহার পদে রাজ্য করিল।

[১৬] য়িশ্রাএলের আখাবরাজের পুত্র যো
রামের পঞ্চম বৎসরে য়িহোশাফাট য়িহুদা
হের রাজা হইল ও য়িহুদাহের য়িহোশাফাট
রাজের পুত্র য়িহোরাম রাজ্য করিতে আরম্ভ ক
রিল। [১৭] সে যখন রাজ্য করিতে আরম্ভ
করিল তখন বত্রিশবৎসরবয়স্ক ছিল এবং সে
য়িরুশালমে আট বৎসর রাজ্য করিল। [১৮]
এবং আখাবের বংশ যেমন করিল তেমন সে
য়িশ্রাএলের রাজারদের পথে গমন করিল
যেহেতুক আখাবের কন্যাই তাহার ভার্য্যা
এবং সে য়িহুহের দৃষ্টিতে কুক্রিয়া করিল।
[১৯] তথাপি আপন দাস দাউদকে ও তাহার
সন্তানেরদিগকে নিরবধি প্রদীপ দিবার কারণ
য়িহুহ যে প্রতিজ্ঞা করিয়াছিলেন তদনুসারে দা
উদের কারণেতে য়িহুহ য়িহুদাহ্কে সর্ব্বথা নাশ
করিতে ইচ্ছা করিলেন না।

[২০] তাহার অধিকারের সময়ে এদোম য়িহু
দাহের কর্ত্তৃত্বত্যাগ করিল ও আপনারদের এক
রাজা করিল। [২১] অতএব য়োরাম ও তাহার
সহিত সকল রথ সায়িরে গেল এবং সে রাত্রিতে
উঠিয়া আপনার বেষ্টনকারি এদোমীয়েরদিগ
কে ও রথপতিরদিগকে মারিল এবং লোকেরা
আপন২ তাম্বুতে পলাইল। [২২] তথাপি এ
দোম য়িহুদাহের হস্তবশতা ত্যাগ করিয়া অদ্য
পর্য্যন্ত স্বাধীন আছে সেই সময়ে লিবনাহ্ও
তাহার কর্ত্তৃত্ব ছাড়িল। [২৩] য়োরামের অব
শিষ্ট ক্রিয়া ও সে যে সকল করিল তাহা কি য়ি
হুদাহের রাজারদের বিবরণপুস্তকে লেখা যায়
নাই। [২৪] পরে য়োরাম আপন পিতৃলোকের
দের সহিত নিদ্রা গেল ও দাউদের নগরে আপন
পিতৃলোকেরদের সহিত পোতা গেল এবং তা
হার পুত্র অখজীয়াহ্ তাহার পদে রাজ্য করিল।

[২৫] য়িশ্রাএলের আখাবরাজের পুত্র যো
রামের দ্বাদশ বৎসরে য়িহুদাহের য়িহোরা
মের পুত্র অখজীয়াহ্ রাজ্য করিতে আরম্ভ
করিল। [২৬] অখজীয়াহ্ দ্বাবিংশতি বৎসর
বয়স্ক হইয়া রাজ্য করিতে আরম্ভ করিল এবং
সে য়িরুশালমে এক বৎসর রাজ্য করিল তাহার
মাতার নাম অতালীয়াহ্ সে য়িশ্রাএলের ওম
রীরাজের কন্যা। [২৭] এবং সে আখাবের বং
শের পথে গতি করিল এবং আখাবের বংশের
ন্যায় য়িহুহের দৃষ্টিতে কুক্রিয়া করিল যেহেতুক
সে আখাবের বংশের জামাতা।

[২৮] সে আখাবের পুত্র য়োরামকে সঙ্গে
লইয়া অরামের খজাএলরাজের সহিত যুদ্ধ
করিতে রামোত গিলিআদে গেল এবং অরামী
য়েরা য়োরামকে ক্ষত করিল। [২৯] এবং য়ো
রামরাজ যখন অরামের খজাএলরাজের সহিত
যুদ্ধ করিতে গেল সে সময়ে অরামীয়েরা তা
হাকে যে ক্ষত রামোতে করিয়াছিল সে ক্ষত
ভাল করিবার কারণ ফিরিয়া য়িজরিএলে গেল
পরে য়িহুদাহের য়িহোরামরাজের পুত্র অখজী
য়াহ্ য়িজরিএলে আখাবের পুত্র য়োরামকে
দেখিতে গেল যেহেতুক সে পীড়িত ছিল।

৯ পর্ব্ব।

[১] পরে এলিশা আচার্য্যেরদের এক শিষ্যকে
ডাকিয়া কহিল আপন কোমর বাঁধ ও এক কৌ
টা তৈল হাতে লও ও রামোত গিলিআদে যাও।
[২] এবং সেখানে পঁহুছিলে নিমশীর পুত্র য়ি
হোশাফাটের পুত্র য়িহূর তত্ত্ব কর এবং তাহা
কে তাহার ভ্রাতারদের মধ্যহইতে উঠাইয়া ভিত
রের এক কুঠরিতে লও। [৩] তখন সে তৈলের
কৌটা লও ও তাহার মাথায় ঢালিয়া কহ য়িহু
হ এ কথা কহেন যে আমি তোমাকে য়িশ্রাএ
লের উপরে রাজ্যাভিষিক্ত করিয়াছি তখন দ্বার
খুলিয়া পলাও বিলম্ব করিও না।

[৪] অতএব সে যুবা পুরুষ অর্থাৎ সে যুবা
আচার্য্য রামোত গিলিআদে গেল। [৫] সে
সেখানে পঁহুছিলে দেখ সেনাপতিরা বসিতেছে
এবং সে কহিল হে সেনাপতি তোমার নিকটে
আমার কিছু বক্তব্য আছে তাহাতে য়িহূ কহিল
আমারদের সকলের মধ্যে কাহার নিকটে সে

কহিল হে সেনাপতি তোমার নিকটে। [৬] এবং
সেউঠিয়া ঘরে গেল পরে সে তাহার মস্তকোপরি
সে তৈল ঢালিল ও তাহাকে কহিল য়িহুহ য়িশ্
রাএলের ঈশ্বর এ কথা কহেন আমি য়িহুহের
লোকেরদের উপরে অর্থাৎ য়িশ্রাএলের উপরে
তোমাকে অভিষিক্ত করিয়াছি। [৭] এবং য়ী
জেবেলের হাতেতে পাতিত আমার আচার্য্য
দাসেরদের রক্তের ও য়িহুহের সকল দাসেরদের
রক্তের প্রতিফল দিবার কারণ তুমি আপন প্রভু
আখাবের বংশ মারিবা। [৮] যেহেতুক আখা
বের সমুদায় বংশনাশ হইবে এবং আখাবের
বংশে ভিত্তিগাত্রে প্রস্রাবকারি প্রতিজনকে ও য়ি
শ্রাএলে রুদ্ধ ও অবশিষ্ট জনেরদিগকে আমি
উচ্ছেদন করিব। [৯] এবং আমি আখাবের
বংশকে নিবাটের পুত্র য়িরবিআমের বংশের
মত ও অখিয়াহের পুত্র বআশার বংশের মত
করিব। [১০] এবং য়িজরিএলের ভূমিভাগে
কুকুরেরা য়ীজেবেলকে খাইবে ও তাহাকে পু
তিতে কেহ থাকিবে না পরে সে দ্বার খুলিয়া
পলাইল।

[১১] তদনন্তর য়িহূ আপন প্রভুর দাসেরদের
নিকটে বাহিরে আইল এবং তাহারা তাহাকে
কহিল কি সকলে মঙ্গল এ পাগল কেন তোমার
নিকটে আইল সে তাহারদিগকে কহিল তোম
রা সে মানুষকে ও তাহার কথাবার্ত্তা জান। [১২]
তাহারা কহিল তাহা মিথ্যা কথা এখন আমার
দিগকে জানাও সে কহিল সে এই কথা কহিল
যে য়িহুহ কহেন আমি তোমাকে য়িশ্রাএলের
উপরে রাজ্যাভিষিক্ত করিয়াছি। [১৩] তখন তা
হারা ত্বরা করিল ও প্রতিজন আপন২ বস্ত্র লইল
ও সোপানের মাথায় আপন২ নীচে থুইল ও তূ
রী বাজাইল ও কহিল যে য়িহূই রাজা হইয়াছে।
[১৪] অতএব নিমশীর পুত্র য়িহোশাফাটের
পুত্র য়িহূ য়োরামের বিরুদ্ধে ঐক্য করিল য়ো
রাম ও সকল য়িশ্রাএল অরামের খজাএল
রাজপ্রযুক্ত রামোত গিলিআদ রক্ষা করিয়াছি
ল। [১৫] কিন্তু য়োরাম যে সময়ে অরামের খ
জাএলের সহিত যুদ্ধ করিয়াছিল সে সময়ে অ
রামীয়েরা যে ক্ষতেতে তাহাকে ক্ষত করিয়াছিল
সে ক্ষত ভাল করিবার কারণ য়িজরিএলে গিয়া
ছিল এবং য়িহূ কহিল যদি তোমার ইচ্ছা হয়
তবে য়িজরিএলে সমাচার দিতে কেহ বাহিরে
না যায় ও নগর না ছাড়ে। [১৬] অতএব য়িহূ
রথারোহণ করিয়া য়িজরিএলে গেল যেহেতুক
য়োরাম সেখানে ছিল এবং য়িহুদাহের অখাজী
য়াহ্রাজ য়োরামকে দেখিতে সেখানে আসিয়া
ছিল। [১৭] য়িজরিএলের গড়ের উপরে
এক চৌকিদার ছিল এবং য়িহূ আসিতে২ সে
তাহার সমভিব্যাহারি লোকেরদিগকে দেখিয়া
কহিল আমি এক সৈন্য দেখিতেছি তাহাতে
য়োরাম কহিল এক জন অশ্বারোহিকে পাঠাও
এবং সে তাহাকে কহুক কি শান্তি আছে।

[১৮] অতএব এক জন অশ্বারূঢ় হইয়া তাহার
সহিত মিলিতে গেল ও কহিল রাজা এ কথা ক
হেন কি শান্তি আছে য়িহূ কহিল শান্তিতে তো
মার কি কার্য্য আমার পশ্চাৎ যাও পরে চৌকি
দার এ কথা কহিয়া সমাচার দিল সে প্রেষ্য তা
হারদের নিকটে গিয়াছে কিন্তু ফিরিয়া আইসে
নাই। [১৯] পরে সে আর এক জন অশ্বারোহি
কে পাঠাইল ও সে তাহারদের নিকটে যাইয়া
কহিল রাজা কহেন কি শান্তি আছে তাহাতে
য়িহূ প্রত্যুত্তর করিল শান্তিতে তোমার কি কার্য্য
আমার পশ্চাৎ যাও। [২০] এবং চৌকিদার
এ কথা কহিয়া সমাচার দিল সেও তাহারদের নি
কটে পঁহুছিল কিন্তু ফিরিয়া আইসে নাই এবং
সে প্রচালন নিমশীর পুত্র য়িহূর প্রচালনের মত
যেহেতুক সে বড় বেগেতে চালায়। [২১] পরে
য়োরাম কহিল প্রস্তুত কর তাহাতে তাহার রথ
প্রস্তুত করা গেল পরে য়িশ্রাএলের য়োরামরাজ
ও য়িহুদাহের অখাজীয়াহ্রাজ স্বস্বরথারোহণ
করিয়া য়িহূর বিরুদ্ধে গেল ও য়িজরিএলীয়
নাবোতের ভূমিতে তাহার নিকটে পঁহুছিল।
[২২] য়োরাম য়িহূকে দেখিলে এমত হইল সে
কহিল হে য়িহূ কি শান্তি আছে সে প্রত্যুত্তর ক
রিল তোমার মাতা য়ীজেবেলের এত ব্যভিচার
ও ডাইনপনা যত ক্ষণ থাকে তত ক্ষণে শান্তি কি।
[২৩] এবং য়োরাম আপন হাত ফিরাইয়া প
লাইল ও অখাজীয়াহকে কহিল হে অখাজী
য়াহ্ বিশ্বাসঘাতকতা হইয়াছে। [২৪] পরে য়িহূ
আপন সমুদায় বলেতে ধনুক টানিয়া দ্বিভু
জের মধ্যস্থলে য়োরামকে মারিল এবং শর তা
হার শরীরহইতে হৃদয়েতে নির্গত হইল তাহাতে
সে আপন রথে পড়িল। [২৫] তখন য়িহূ আ
পন সেনাপতি বিদকারকে কহিল তাহাকে উ
ঠাও ও য়িজরিএলীয় নাবোতের ক্ষেত্রের ভূমিতে
ফেল কেননা স্মরণ কর যে যখন তুমি ও আমি
অশ্বারূঢ় হইয়া তাহার পিতা আখাবের পশ্চাৎ
গেলাম তখন য়িহুহ এ ভার তাহার উপরে দি
লেন। [২৬] য়িহুহ এ কথা কহেন অবশ্য আমি
কল্য নাবোতের ও তাহার পুত্রেরদের রক্ত দে
খিয়াছি য়িহুহ কহেন আমি এ ভূমিতে তোমা
কে প্রতিফল দিব অতএব য়িহুহের বাক্যানুসা
রে তাহাকে লইয়া এ ভূমিতে ফেল।

[২৭] কিন্তু য়িহুদাহের অখাজীয়াহ্রাজ ইহা

দেখিয়া উদ্যানস্থ গৃহের পথে পলাইল এবং
য়িহূ তাহার পশ্চাৎ২ গিয়া কহিল তাহাকেও
রথে মার এবং য়িবলিআমের নিকটস্থ গূরে তা
হারা তাহাকে মারিল পরে সে মিগিদোতে পলা
ইয়া সেখানে মরিল। [২৮] তাহার দাসেরা রথে
তে করিয়া তাহাকে য়িরূশালমে লইয়া গেল
এবং তাহার পিতৃলোকেরদের সহিত দাউদের
নগরে তাহার নিজ কবরে তাহাকে পুঁতিল।
[২৯] আখাবের পুত্র য়োরামের একাদশ বৎস
রে অখাজীয়াহ্ য়িশ্রাএলের উপরে রাজ্য করি
তে আরম্ভ করিল।
[৩০] য়িহূ য়িজরিএলে পঁহুছিলে য়ীজেবেল
শুনিল পরে সে আপন মুখে রঙ্গ দিয়া মাথা বি
ন্যাস করিয়া এক খিড়কীতে বিলোকন করিল।
[৩১] য়িহ দ্বারে প্রবেশ করিতেছিল তৎকালে
সে কহিল আপন প্রভুকে বধ কারিল যে জিমরী
তাহার শাস্তি কি ছিল। [৩২] সে জানলার পা
নে মুখ উঠাইয়া কহিল আমার পক্ষে কে পরে
দুই তিন খোজা তাহার প্রতি দেখিল। [৩৩]
এবং সে কহিল তাহাকে নীচে ক্ষেপণ কর অত
এব তাহারা তাহাকে নীচে ফেলিয়া দিল ও তা
হার কিছু রক্ত দেওয়ালের গায় ও ঘোড়ারদের
গায় ছিটান গেল ও সে তাহাকে পায়ের নীচে
দলাইল। [৩৪] এবং সে ভিতরে আসিয়া ভো
জনপান করিয়া কহিল এখন যাও এ শাপগ্রস্ত
স্ত্রীকে দেখ ও পোঁত যেহেতুক সেই রাজকন্যা।
[৩৫] এবং তাহারা তাহাকে পুঁতিতে গেল কিন্তু
তাহার মাথার খুলি ও পা ও হাতব্যতিরেকে আ
র কিছু পাইল না। [৩৬] অতএব তাহারা ফিরি
য়া আসিয়া তাহাকে সমাচার দিল এবং সে ক
হিল সে কথার প্রত্যক্ষ এই যে য়িহুহ আপন
দাস তিশবীয় এলিয়াহের প্রমুখাৎ কহিলেন যে
য়িজরিএলের ভূমিতে কুকুরেরা য়ীজেবেলের
মাংস খাইবে [৩৭] ও য়ীজেবেলের শব য়িজরি
এলের ভূমিতে ক্ষেত্রের মুখে সারের মত হইবে
যে লোকেরা না কহে যে এই য়ীজেবেল।

১০ পর্ব্ব।

[১] শমরোণে আখাবের সত্তর পুত্র ছিল
এবং য়িহূ পত্র লিখিয়া শমরোণে য়িজরিএলের
শাসনকর্ত্তারদের ও প্রাচীন লোকেরদের ও আ
খাবের সন্তানেরদিগকে পালনকারিরদের নিক
টে এ কথা পাঠাইল। [২] এখন তোমারদের
প্রভুর পুত্রেরা তোমারদের নিকটে আছে এবং
তোমারদের হাতে রথ ও ঘোটকেরা ও প্রাচীরে
তে বেষ্টিত এক নগর ও অস্ত্রশস্ত্র আছে [৩] অত
এব এ পত্র তোমারদের নিকটে পঁহুছিবামাত্র
তোমরা আপনারদের প্রভুর পুত্রেরদের মধ্যে
শ্রেষ্ঠ ও রাজযোগ্যতর এক জনকে তজ্জ কর ও
তাহাকে তাহার পিতার সিংহাসনে বসাও ও আ
পন প্রভুর বংশের কারণ যুদ্ধ কর। [৪] কিন্তু
তাহারা বড় ভীত হইল ও কহিল দেখ দুই রাজা
তাহার অগ্রে দাঁড়াইল না অতএব আমরা কেম
নে দাঁড়াইব। [৫] এবং গৃহাধ্যক্ষ ও নগরাধ্য
ক্ষ ও প্রাচীন লোকেরা ও রাজকুমারপালকেরা
য়িহূর নিকটে লোক পাঠাইয়া এ কথা কহিল
দেখ আমরা তোমার দাস তুমি আমারদিগকে
যাহা কহিবা তাহা করিব আমরা কোন রাজা
করিব না তোমার দৃষ্টিতে যাহা ভাল তাহা কর।
[৬] পরে সে দ্বিতীয়বার এক পত্রে এ কথা লিখি
য়া তাহারদিগকে পাঠাইল যদি তোমরা আমার
হও এবং যদি তোমরা আমার কথাতে অবধান
কর তবে আপনারদের প্রভুর পুত্রেরদের মাথা
লও ও কল্য এই বেলায় য়িজরিএলে আমার নি
কটে ঁহুছ রাজকুমার সত্তর জন নগরের শ্রেষ্ঠ
আপনারদের প্রতিপালক লোকেরদের নিকটে
ছিল। [৭] সে পত্র তাহারদের নিকটে পঁহুছি
লে এমত হইল তাহারা সে রাজকুমারেরদিগকে
লইল ও সত্তর জনকে বধ করিল ও তাহারদের
মস্তক চুপড়িতে থুইল ও তাহার নিকটে য়িজ্‌র
এলে পাঠাইল।
[৮] পরে এক জন প্রেষ্য আসিয়া তাহাকে
এ কথা কহিয়া সমাচার দিল যে তাহারা রাজ
পুত্রেরদের মাথা আনিয়াছে তাহাতে সে কহিল
দ্বারপ্রবেশস্থানে প্রাতঃকাল না হওয়াপর্য্যন্ত তা
হা দুই ঢিপি করিয়া রাখ। [৯] প্রাতঃকালে এমত
হইল সে বাহিরে গিয়া দণ্ডায়মান হইল ও সকল
লোককে কহিল তোমরা ধার্ম্মিক দেখ আমি আ
পন প্রভুর দ্রোহ করিয়া তাহাকে বধ করিলাম
কিন্তু এ সকলকে কে বধ করিল। [১০] অতএব
এখন জ্ঞাত হও যে য়িহুহ আখাবের বংশের
বিষয়ে যে কথা কহিয়াছেন তাহার মধ্যে য়িহু
হের কোন কথা ভূমিতে পড়িবে না যেহেতুক
য়িহুহ আপন দাস এলিয়াহের প্রমুখাৎ যাহা
কহিয়াছেন তাহা তিনি প্রত্যক্ষ করিয়াছেন।
[১১] অতএব য়িহূ যেপর্য্যন্ত তাহার অবশিষ্ট
কাহাকে না রাখিল সেপর্য্যন্ত আখাবের বংশে
যত লোকেরা য়িজরিএলে অবশিষ্ট ছিল তাহার
দিগকে ও তাহার প্রধান লোকেরদিগকে ও তা
হার কুটুম্বেরদিগকে ও তাহার যাজকেরদিগকে
বধ করিল।
[১২] অপর সে উঠিয়া শমরোণে প্রস্থান ক
রিল এবং পথে লোমচ্ছেদনের ঘর হইয়া য়িহূ
য়িশ্রাএলের অখাজীয়াহ্ রাজের ভ্রাতারদের স
হিত সাক্ষাৎ করিয়া কহিল তোমরা কে। [১৩]

তাহারা কহিল আমরা অথ্যাজীয়াহের ভ্রাতা
ও আমরা রাজার ও রাণীর বালকেরদিগকে
নমস্কার করিতে যাইতেছি। [১৪] সে কহিল তা
হারদিগকে জীবৎ ধর তাহাতে তাহারা তাহার
দিগকে জীবৎ ধরিল ও তাহারদিগকে অর্থাৎ
বিয়াল্লিশ জনকে লোমচ্ছেদনঘরের গর্ত্তের নি
কটে বধ করিল ও তাহারদের মধ্যে এক জনকেও
অবশিষ্ট রাখিল না।

[১৫] সে সেস্থানহইতে প্রস্থান করিয়া আপন
অভিমুখাগামি রিকাবের পুত্র য়িহোনাদাবের
সহিত দেখা করিল ও তাহাকে নমস্কার করিয়া
কহিল আমার হৃদয় তোমার হৃদয়ের সহিত যে
মন সরল তেমন কি তোমার হৃদয় সরল আছে
য়িহোনাদাব কহিল যে হাঁ আছে তাহা যদি হয়
তবে আমাকে হাত দেও পরে সে তাহাকে হাত
দিল ও সে তাহাকে রথে তুলিয়া আপনার নিক
টে লইল। [১৬] এবং সে কহিল আমার সহিত
আইস ও য়িহুহের নিমিত্তে আমার উদ্যোগ দেখ
অতএব তাহারা তাহাকে রথে আরোহণ করা
ইল। [১৭] সে যখন শমরোণে পঁহুছিল তখন
য়িহুহ যে কথা এলিয়াহ্‌কে কহিয়াছিলেন তদনু
সারে যেপর্য্যন্ত আখাবের সর্ব্বনাশ না করিল
সেপর্য্যন্ত শমরোণস্থ তাহার যত অবশিষ্ট ছিল
সে সকলকে মারিল।

[১৮] অপর য়িহূ সকল লোককে একত্র করিল
ও তাহারদিগকে কহিল আখাব বআলের
অল্প সেবা করিল কিন্তু য়িহূ তাহার বড় সেবা
করিবে। [১৯] অতএব এখন বআলের সকল
আচার্য্যেরদিগকে ও তাহার সকল সেবকেরদি
গকে ও তাহার সকল যাজকেরদিগকে আমার
এখানে ডাক কাহারও আসিতে ত্রুটি না হউক
যেহেতুক বআলের উদ্দেশে আমাকে এক বড়
যজ্ঞ করিতে হইবে যে কেহ আসিতে ত্রুটি করে
তাহার প্রাণ থাকিবে না কিন্তু য়িহূ বআলের
সকল পূজকেরদিগকে বিনাশ করিবার কারণ এ
ছল করিল। [২০] পরে য়িহূ কহিল বআলের
জন্যে এক মহোৎসবের ঘোষণা কর তাহাতে তা
হারা তাহার ঘোষণা করিল। [২১] এবং য়িহূ
য়িশ্‌রাএলের সর্ব্বত্র লোক পাঠাইল পরে বআ
লের সকল পূজকেরা আইল এমন এক জনও
ছিল না যে আইসে নাই এবং তাহারা বআলের
ঘরে আইল ও বআলের ঘর এক মুড়াহইতে
অন্য মুড়াপর্য্যন্ত পূর্ণ হইল। [২২] পরে সে বস্ত্রা
গারের কর্ত্তাকে কহিল বআলের সকল পূজকের
কারণ বস্ত্র আন তাহাতে সে বস্ত্র আনিল। [২৩]
পরে য়িহূ ও রিকাবের পুত্র য়িহোনাদাব বআ
লের মন্দিরে আসিয়া বআলের পূজকেরদিগকে
কহিল অন্বেষণ কর ও দেখ যে বআলের পূ
জকব্যতিরেকে য়িহুহের কোন সেবক এখানে
তোমারদের সহিত না থাকে। [২৪] যখন
তাহারা বলি ও হোম করিতে ভিতরে গেল
তখন য়িহূ আশী জনকে বাহিরে থাকিতে নিরূ
পণ করিল ও কহিল যে লোকেরদিগকে আমি
তোমারদের হস্তগত করিয়াছি তাহারদের মধ্যে
যদি কেহ বাঁচে তবে যে জন তাহাকে ছাড়ে তা
হার প্রাণ সে লোকের প্রাণের বদলে যাইবে।

[২৫] সে হোম করিতে সাঙ্গ করিবামাত্রে এ
মত হইল য়িহূ চৌকীসেনা ও সেনাপতিরদিগকে
কহিল ভিতরে যাও তাহারদিগকে বধ কর কাহা
কে বাহিরে আসিতে দিও না পরে তাহারা তা
হারদিগকে তলোআরেতে মারিল এবং চৌকী
সেনা ও সেনাপতিরা তাহারদিগকে বাহিরে ফে
লিল পরে বআলের মন্দিরের নগরে গেল।
[২৬] এবং তাহারা বআলের মন্দিরহইতে সকল
প্রতিমাকে বাহির করিয়া পোড়াইল। [২৭]
এবং তাহারা বআলের প্রতিমা ভাঙ্গিয়া ফেলিল
ও বআলের মন্দির ভাঙ্গিয়া ফেলিল ও তাহাতে
এক শৌচখানা করিল তাহা অদ্যাপি আছে।
[২৮] এপ্রকারে য়িহূ বআলকে য়িশ্‌রাএলের ম
ধ্যহইতে নষ্ট করিল।

[২৯] কিন্তু য়িশ্‌রাএলকে পাপে প্রবৃত্ত করিল
যে নিবাটের পুত্র য়িরবিআম তাহার পাপের
অনুগমনহইতে য়িহূ ক্ষান্ত হইল না অর্থাৎ বীৎ
এলস্থ ও দানস্থ স্বর্ণময় বাছুরহইতে। [৩০]
এবং য়িহুহ য়িহূকে কহিলেন আমার দৃষ্টিতে
যাহা ভাল তাহা নিষ্পন্ন করাতে তুমি ভাল করি
য়াছ ও আমার হৃদয়ে যাহা ছিল তদনুযায়ী তু
মি আখাবের বংশকে করিয়াছ সেহেতুক চতুর্থ
পুরুষপর্য্যন্ত তোমার সন্তানেরা য়িশ্‌রাএলের
সিংহাসনে বসিবে। [৩১] কিন্তু আপন সকল অ
ন্তঃকরণের সহিত য়িশ্‌রাএলের ঈশ্বর য়িহুহের
শাস্ত্রের পথে চলিতে য়িহূ অবধান করিল না
কেননা য়িশ্‌রাএলকে পাপে প্রবৃত্ত করিল যে য়ি
রবিআম তাহার পাপহইতে সে ক্ষান্ত হইল না।

[৩২] সে সময়ে য়িহুহ য়িশ্‌রাএলকে খাটো
করিতে লাগিলেন এবং পূর্ব্বদিগে য়রদনহইতে
গিলিআদের সকল দেশ [৩৩] অর্থাৎ গাদীয়ের
দিগকে ও রিউবেণীয়েরদিগকে ও মনশীয়ের
দিগকে আরণোন নদীর নিকটস্থ আরোএর অ
র্থাৎ গিলিআদ ও বাশানহইতে য়িশ্‌রাএলের
সকল সীমায় খজাএল তাহারদিগকে মারিল।
[৩৪] য়িহূর আর২ ক্রিয়া ও সে যাহা২ করিল
তাহা ও তাহার সকল পরাক্রম কি য়িশ্‌রাএলের
রাজারদের বিবরণপুস্তকে লিখিত নাই। [৩৫]

পরে য়িহূ আপন পিতৃলোকেরদিগের সহিত নিদ্রা গেল ও তাহারা তাহাকে শমরোণে পুতিল ও তাহার পুত্র য়িহোআখাজ তাহার পদে রাজ্য করিল। [৩৬] য়িহূ যে সময় ব্যাপিয়া শমরোণে য়িশ্রাএলের উপরে রাজ্য করিল তাহা আটাইশ বৎসর।

১১ পর্ব্ব।

[১] যখন অখাজীয়াহের মাতা অতলিয়াহ্ আপনার পুত্রকে মৃত দেখিল তখন সে উঠিয়া রাজকীয় সকল বংশ নষ্ট করিল। [২] কিন্তু য়োরামরাজের কন্যা যে অখাজীয়াহের ভগিনী য়িহোশেবা সে অখাজীয়াহের পুত্র য়োআশকে লইল ও রাজার হত পুত্রেরদের মধ্যহইতে চুরি করিল ও তাহারা তাহাকে অর্থাৎ তাহাকে ও তাহার ধাত্রীকে অতলিয়াহ্হইতে শয্যাকুঠরিতে গুপ্ত করিল যে সে মারা গেল না। [৩] এবং সে ছয় বৎসরপর্য্যন্ত সেখানে তাহার সহিত য়িহুহের মন্দিরে গুপ্ত ছিল এবং অতলিয়াহ্ দেশের উপরে রাজ্য করিল।

[৪] সপ্তম বৎসরে য়িহোয়াদা লোক প্রেরণ করিয়া শতপতিরদিগকে ও সেনাপতিরদিগকে ও চৌকী সেনারদিগকে ডাকিল ও আপনার নিকটে য়িহুহের মন্দিরে তাহারদিগকে আনিল ও তাহারদের সহিত নিয়ম করিয়া য়িহুহের ঘরে তাহারদিগকে শপথ করাইয়া তাহারদিগকে রাজপুত্রকে দেখাইল। [৫] পরে সে তাহারদিগকে এ আজ্ঞা করিল যে তোমরা এ কার্য্য করিবা শাবত দিনে প্রবেশক তোমারদের তৃতীয়াংশ রাজবাটীর চৌকীদারি করিবে। [৬] ও তৃতীয়াংশ সূরের দ্বারে থাকিবে ও তৃতীয়াংশ চৌকীর পশ্চাৎ দ্বারে থাকিবে ঘর ভাঙ্গা না যায় সেই কারণ তোমরা তাহার চৌকী এ প্রকার দিবা। [৭] এবং শাবতদিনে বহির্গামি তোমারদের দুই অংশ রাজার চারিদিগে য়িহুহের ঘরে চৌকী দিবা। [৮] এবং তোমরা সকল অস্ত্রহস্ত হইয়া প্রত্যেক জন রাজাকে বেষ্টন করিবা ও যে কেহ নিরূপিত সীমার ভিতরে আইসে সে মারা যাইবে এবং রাজা যখন বাহিরে যায় ও যখন ভিতরে আইসে তখন তোমরা তাহার নিকটবর্ত্তী হও। [৯] এবং য়িহোয়াদা যাজক যে আজ্ঞা করিল সে সকলানুসারে শতপতিরা করিল এবং তাহারা প্রত্যেক জন শাবতে প্রবেশনীয় ও শাবতে বাহিরে গমনশীল আপন২ লোকেরদিগকে লইল ও য়িহোয়াদাযাজকের নিকটে আইল। [১০] এবং যাজকেরা য়িহুহের মন্দিরে থাকা দাউদরাজের বর্শী ও চাল শতপতিরদিগকে দিল। [১১] এবং মন্দিরের দক্ষিণ কোণহইতে বাম কোণপর্য্যন্ত চৌকীসেনা অস্ত্রহস্ত হইয়া প্রত্যেক জন যজ্ঞবেদির ও মন্দিরের নিকটে রাজার চারিদিগে থাকিল। [১২] পরে সে রাজপুত্রকে বাহিরে আনিল ও তাহার উপরে মুকুট দিল ও সাক্ষ্যপুস্তক তাহাকে দিল ও তাহাকে রাজা করিল ও তাহার অভিষেক করিল পরে তাহারা করতালি দিয়া কহিল ঈশ্বর রাজাকে রক্ষা করুন।

[১৩] যখন অতলিয়াহ্ চৌকীসেনার ও লোকেরদের কোলাহল শুনিল তখন সে য়িহুহের মন্দিরে লোকেরদের নিকটে আইল। [১৪] এবং আলোচনা করিলে দেখ রাজা ব্যবস্থানুসারে এক স্তম্ভের নিকট দাঁড়াইয়া আছে ও অধ্যক্ষেরা তূরী বাদকেরা রাজার নিকটে রহিয়াছে এবং দেশের সকল লোক আনন্দ করিতেছে ও তূরী বাজাইতেছে তখন অতলিয়াহ্ আপন বস্ত্র চিরিল ও ডাকিয়া কহিল বিশ্বাসঘাতকতা বিশ্বাসঘাতকতা। [১৫] কিন্তু য়িহোয়াদাযাজক শতপতিরদিগকে ও সেনাপতিরদিগকে আজ্ঞা করিয়া কহিল তাহাকে নিরূপিত সীমার বাহিরে লইয়া যাও যে জন তাহার পশ্চাৎ যায় তাহাকে তলোআরে মার কেননা যাজক কহিয়াছিল যে য়িহুহের ঘরে সে মারা না যাউক। [১৬] পরে তাহারা তাহাকে হাতে ধরিল এবং রাজবাটী হইতে যে পথেতে অশ্বেরা আইসে সে পথেতে সে গেল ও সেখানে মারা গেল।

[১৭] পরে লোকেরা যে য়িহুহের লোক হইবে এমত এক নিয়ম য়িহোয়াদা য়িহুহেতে ও রাজাতে ও লোকেরদিগেতে করিল এবং রাজাতে ও লোকেরদিগেতেও নিয়ম করিল। [১৮] পরে দেশের সকল লোক বআলের ঘরে গিয়া তাহা ভাঙ্গিয়া ফেলিল এবং তাহার বেদি ও তাহার প্রতিমারদিগকেও নিতান্ত চূর্ণ করিল ও বেদির সম্মুখে বআলের যাজক মতানকে বধ করিল পরে যাজক য়িহুহের ঘরের উপরে কর্ম্মচারিরদিগকে নিযুক্ত করিল। [১৯] অপর সে শতপতিরগিকে ও সেনাপতিরদিগকে ও চৌকীসেনাকে ও দেশের লোকেরদিগকে লইল এবং তাহারা য়িহুহের ঘরহইতে রাজাকে আনিল ও চৌকীসেনার দ্বারের পথ দিয়া তাহাকে রাজবাটীতে আনিল পরে সে রাজসিংহাসনে বসিল। [২০] এবং দেশের সমস্ত লোক আনন্দ করিল ও নগর শান্ত হইল এবং তাহারা রাজবাটীর নিকটে অতলিয়াহ্কে তলোআরেতে মারিল। [২১] য়িহোআশ যখন রাজ্য করিতে আরম্ভ করিল তখন সে সাতবৎসরবয়স্ক ছিল।

১২ পর্ব্ব।

[১] য়িহূর সপ্তম বৎসরে য়িহোআশ রাজ্য

করিতে আরম্ভ করিল ও চল্লিশ বৎসর ব্যাপিয়া
য়িরূশালমে রাজ্য করিল তাহার মাতার নাম বি
এরশেবানিবাসিনী সিবিয়াহ্। [২] এবং যে
সকল সময়ে য়িহোয়াদাযাজক তাহাকে উপ
দেশ করিল সে সময়ে য়িহোআশ য়িহুহের দৃ
ষ্টিতে উত্তম ক্রিয়া করিল। [৩] কিন্তু উচ্চ স্থান
দূর করা গেল না লোকেরা সেপর্য্যন্তও উচ্চস্থানে
হোম করিত ও ধূপ পোড়াইত।

[৪] পরে য়িহোআশ যাজকেরদিগকে কহিল
পবিত্রীকৃত যে দ্রব্যের মূল্য য়িহুহের গৃহে আনা
যায় অর্থাৎ যে প্রত্যেক জন গণা যায় তাহার
টাকা ও প্রত্যেক জনের নিরূপিত মূল্যেতে যে টা
কা হয় ও য়িহুহের গৃহে যত টাকা আনিতে
কোন কাহার মনে হয় [৫] সেই সকল ধন যাজ
কেরা প্রত্যেক জন আপন পরিচিত লোকেরদের
স্থানহইতে আপনার নিকটে লউক ও ঘরে যে
কোন ভগ্ন স্থান পাওয়া যায় সে ভগ্ন স্থান সারু
ক। [৬] কিন্তু এমত হইল যে য়িহোআশরাজের
তেইশ বৎসরে যাজকেরা গৃহের ভগ্ন স্থান সারে
নাই। [৭] তখন য়িহোআশরাজ য়িহোয়াদা
যাজককে ও অন্য যাজকেরদিগকে ডাকিয়া ক
হিল তোমরা গৃহের ভগ্ন স্থান কেন সার নাই অ
তএব এখন আপনারদের পরিচিত লোকেরদের
কাছে আর কিছু টাকা লইও না কিন্তু তাহা গৃ
হের ভগ্ন স্থানের নিমিত্তে দেও। [৮] এবং যা
জকেরা লোকেরদের কাছে আর ধন না লইতে
সম্মত হইল এবং গৃহের ভগ্ন স্থান সারিতে স্বী
কার করিল না। [৯] কিন্তু য়িহোয়াদাযাজক
এক সিন্দুক লইল ও তাহার ডালাতে এক ছিদ্র
করিল ও যজ্ঞবেদির নিকটে য়িহুহের ঘরে যখ
ন কেহ প্রবেশ করে তাহার দক্ষিণ পার্শ্বে তাহা
স্থাপন করিল এবং দ্বারপাল যে যাজক সে
য়িহুহের গৃহে আনীত সমস্ত মুদ্রা তাহাতে রা
খিল। [১০] তাহারা যখন দেখিল যে সিন্দুকে
অনেক মুদ্রা তখন এমত হইল রাজার মুহরির
ও প্রধান যাজক আইল ও সে মুদ্রা থৈলাতে থু
ইল ও য়িহুহের গৃহে প্রাপ্ত মুদ্রা গণনা করিল।
[১১] ও সে অর্থ গণিত হইলে তাহারা কর্ম্ম
কারকেরদের হাতে অর্থাৎ য়িহুহের গৃহের ক
র্ম্মের পরিদর্শকেরদের হাতে তাহা দিল ও তাহা
রা য়িহুহের গৃহের কার্য্যকারি সূত্রধরেরদিগকে
ও গ্রন্থকেরদিগকে [১২] ও রাজেরদিগকে ও ভা
স্করেরদিগকে কাষ্ঠ ও খোদা পাথর ক্রয়করণের
নিমিত্তে ও য়িহুহের গৃহের ভগ্ন স্থান সারণের নি
মিত্তে ও গৃহের মেরামতের নিমিত্তে যত খরচ ত
দর্থে তাহা ব্যয় করিল। [১৩] তথাপি য়িহুহের
গৃহে যে মুদ্রা আনা গেল তাহাতে য়িহুহের গৃ
হের কারণ রূপ্যময় বস্তুগুণা ও প্রজ্বতরাস ও ক
টোরা ও তুরী অর্থাৎ কোন স্বর্ণময় পাত্র কিম্বা
রূপ্যময় পাত্র করা গেল না। [১৪] কিন্তু তাহা
রা কর্ম্মকারেরদিগকে তাহা দিল ও তাহাতে য়ি
হুহের গৃহ সারিল। [১৫] এবং কর্ম্মকারকের
দিগকে মজুরী দিবার জন্যে তাহারা যাহারদের
হাতে মুদ্রা সমর্পণ করিয়াছিল তাহারদের সহিত
তাহারা হিসাব করিল না যেহেতুক তাহারা বি
শ্বাস্যরূপে কার্য্য করিল। [১৬] দোষার্থ ও পা
পহেতুক দত্ত মুদ্রা য়িহুহের গৃহে আনা গেল না
তাহা যাজকেরদের ছিল।

[১৭] তৎকালে অরামের খজাএলরাজ যাইয়া
গাতের প্রতিকূলে যুদ্ধ করিল ও তাহা হস্তবশ ক
রিল এবং খজাএল য়িরূশালমে যাইতে মুখ রা
খিল। [১৮] এবং য়িহুদাহের য়িহোআশরাজ
আপন পিতৃলোকেরা অর্থাৎ য়িহুদাহের য়িহো
শাফাট ও য়িহোরাম ও অখাজীয়াহ্রাজ যে বস্তু
পবিত্র করিয়াছিল তাহা ও আপনাতে পবিত্রী
কৃত বস্তু ও য়িহুহের গৃহের ভাণ্ডারে ও রাজবাটীর
ভাণ্ডারে যত স্বর্ণ পাওয়া গেল সে সকল লইল
ও অরামের খজাএলরাজের নিকটে সে সকল পা
ঠাইল ও সে য়িরূশালমের নিকটহইতে প্রস্থান
করিল।

[১৯] এবং য়িহোআশের অবশিষ্ট সকল কা
র্য্য ও সে যে সকল ক্রিয়া করিল তাহা কি য়িহু
দাহের রাজারদের বিবরণপুস্তকে লিখিত নাই।
[২০] এবং তাহার দাসেরা উঠিয়া দ্রোহ করিল
ও সেলাহে যায় যে মিলো নামে বাড়ী তাহার
মধ্যে য়িহোআশকে মারিল। [২১] কেননা শি
মিআতের পুত্র য়োজাকার ও শোমেরের পুত্র
য়িহোজাবাদ তাহার এ দাসেরা তাহাকে মারিল
ও সে মরিল পরে তাহারা দায়ূদের নগরে তাহা
কে তাহার পিতৃলোকেরদের সহিত পুতিল ও
তাহার পুত্র অমসিয়াহ্ তাহার পদে রাজ্য ক
রিল।

১৩ পর্ব্ব।

[১] য়িহুদাহের অখাজীয়াহ্রাজের পুত্র
য়োআশের ত্রয়োবিংশ বৎসরে য়িহূর পুত্র
য়িহোআখাজ শমরোণে য়িশ্রাএলের উপরে
রাজ্য করিতে আরম্ভ করিল ও সতর বৎসর রাজ্য
করিল। [২] এবং সে য়িহুহের দৃষ্টিতে কুকর্ম্ম
করিল ও য়িশ্রাএলকে পাপে প্রবৃত্ত করিল যে
নিবাটের পুত্র য়িরবিআম তাহার পাপের অনু
যায়ি কর্ম্ম করিল সে তাহা ত্যাগ করিল না।

[৩] এবং য়িহুহের ক্রোধ য়িশ্রাএলের বিপ
রীতে প্রজ্বলিত হইল পরে তিনি অরামের খজা
এলরাজের হাতে ও খজাএলের পুত্র বেনহদ

জের হাতে তাহারদের সমস্ত কালে তাহারদিগ
কে সমর্পণ করিলেন। [৪] এবং য়িহোআখাজ
য়িহুহের উদ্দেশে প্রার্থনা করিল ও য়িহুহ তা
হার প্রার্থনায় অবধান করিলেন যেহেতুক তিনি
য়িশ্রাএলেতে ভুক্ত উপদ্রব দেখিলেন কেননা
অরামের রাজা তাহারদিগকে উপদ্রব করিল।
[৫] এবং য়িশ্রাএল যাহাতে অরামীয়েরদের
হস্তবশতা ত্যাগ করিল এমন এক জন তারকর্ত্তা য়ি
হুহ তাহারদিগকে দিলেন এবং য়িশ্রাএলের
সন্তানেরা পূর্ব্ববৎ আপন২ তাম্বুতে বাস করিল।
[৬] তথাপি য়িশ্রাএলকে পাপে প্রবৃত্ত করিল
যে য়িরবিআম তাহার বংশের পাপ তাহারা
ত্যাগ করিল না কিন্তু তদাচার করিল চৈত্যবৃক্ষও
শমরোণে থাকিল। [৭] এবং তিনি য়িহোআ
খাজের কারণ লোকেরদের মধ্যহইতে কেবল প
ঞ্চাশ অশ্বারোহী ও দশ রথ ও দশ সহস্র পদাতি
ককে রাখিলেন কেননা অরামের রাজা তাহার
দিগকে নষ্ট করিয়াছিল ও মর্দ্দনেতে যেমন ধূলা
হয় তেমন তাহারদিগকে করিয়াছিল। [৮]
এখন য়িহোআখাজের আর২ ক্রিয়া ও সে যাহা
করিল ও তাহার প্রভাব তাহা কি য়িশ্রাএলের
রাজারদের বিবরণপুস্তকে লিখিত নাই। [৯]
পরে য়িহোআখাজ আপন পিতৃলোকেরদের স
হিত শয়ন করিল ও তাহারা তাহাকে শমরোণে
পুতিল ও তাহার পুত্র য়োআশ তাহার পদে
রাজ্য করিল।

[১০] য়িহুদাহের য়োআশরাজের পঞ্চত্রিং
শৎ বৎসরে য়িহোআখাজের পুত্র য়িহোআশ
শমোরোণে য়িশ্রাএলের উপরে রাজ্য করিতে
আরম্ভ করিয়া ষোল বৎসর রাজ্য করিল। [১১]
এবং সে য়িহুহের দৃষ্টিতে কুকর্ম্ম করিল য়িশ্
রাএলকে পাপে প্রবৃত্ত করিল যে নিবাটের পুত্র
য়িরাবআম তাহার কোন পাপ ত্যাগ করিল না
সে তদাচারই করিল। [১২] এবং য়োআশের
আর২ ক্রিয়া ও সে যাহা করিল তাহা ও সে যে প্র
ভাবেতে য়িহুদাহের অমসীয়াহরাজের সহিত যু
দ্ধ করিল তাহার সে প্রভাবও কি য়িশ্রাএলের
রাজারদের বিবরণপুস্তকে লিখিত নাই। [১৩]
এবং য়োআশ আপন পিতৃলোকেরদের সহিত
শয়ন করিল ও য়িরবিআম তাহার সিংহাসনে
প্রবিষ্ট হইল এবং য়োআশ য়িশ্রাএলের রাজা
রদের সহিত শমরোণে পোতা গেল।

[১৪] এলিশা যে রোগেতে মরিল তৎকালে
সেই রোগেতে সে পীড়িত ছিল এবং য়িশ্রাএ
লের য়োআশরাজ তাহার নিকটে গেল ও তা
হার মুখের উপরে ক্রন্দন করিয়া কহিল হে আ
মার পিতঃ হে আমার পিতঃ য়িশ্রাএলের রথ
ও তাহার অশ্বারোহিরা। [১৫] এবং এলিশা
তাহাকে কহিল ধনুক লও এবং সে ধনুক ও
শর লইল। [১৬] পরে সে য়িশ্রাএলের রাজা
কে কহিল তোমার হাত ধনুকের উপরে দেও তা
হাতে সে হাত দিল পরে এলিশা আপন হাত রা
জার হাতের উপরে দিল। [১৭] অপর সে কহিল
পূর্ব্বদিগের জানলা খোল তাহাতে সে খুলিল
পরে এলিশা কহিল শরক্ষেপ কর ও সে শর
ক্ষেপ করিল এবং সে কহিল য়িহুহেতে যে উ
দ্ধার তাহার শর ও অরামহইতে যে উদ্ধার তা
হার শর কেননা তুমি অরামীয়েরদিগকে যেপ
র্য্যন্ত সংহার না কর সেপর্য্যন্ত আফেকে মারিবা।
[১৮] অপর সে কহিল শর লও ও সে তাহা ল
ইল পরে য়িশ্রাএলের রাজাকে সে কহিল
তুমি ভূমি মার তাহাতে সে তিনবার মারি
য়া ক্ষান্ত হইল। [১৯] এবং ঈশ্বরের মানুষ তা
হার উপরে ক্রুদ্ধ হইল ও তাহাকে কহিল যে
পাঁচ ছয়বার মারা তোমার উচিত হইত কেননা
তাহা করিলে তুমি অরামকে নষ্ট না করণপর্য্যন্ত
মারিতা কিন্তু এখন তুমি অরামকে কেবল তিন
বার মারিবা।

[২০] পরে এলিশা মরিল ও তাহারা তাহাকে
পুতিল এবং বৎসরের প্রবেশকালে মোআবী
য়েরদের দল দেশের উপরে চড়াউ করিল। [২১]
তাহারা এক মনুষ্যকে পুতিতেছিল তৎকালে
দেখ তাহারা এক দল দেখিল এবং তাহারা সে
মনুষ্যকে এলিশার কবরে ফেলিল এবং যখন
সে মানুষ নামিতেছিল ও এলিশার অস্থিস্পর্শ
করিল তখন সে সজীব হইল ও আপন পায়ে দাঁ
ড়াইল।

[২২] কিন্তু য়িহোআখাজের সকল সময়ে অ
রামের খজাএলরাজ য়িশ্রাএলকে উপদ্রব ক
রিল। [২৩] এবং য়িহুহ তাহারদের উপরে
অনুগ্রহ করিলেন ও তাহারদিগকে দয়া করিলেন
এবং আপনার যে নিয়ম অবরাহামের ও য়িস্
খাকের ও য়অকুবের সহিত করা গিয়াছিল তা
হাতে তাহারদিগকে কৃপা করিলেন ও তাহারদি
গকে নষ্ট করিতে ইচ্ছা করিলেন না এবং তখন
ও তাহারদিগকে আপন সম্মুখহইতে ফেলিয়া দি
লেন না। [২৪] অতএব অরামের খজাএলরাজ
মরিল ও তাহার পুত্র বেনহদদ তাহার পদে
রাজ্য করিল। [২৫] পরে সে২ নগর খজাএ
লের পুত্র বেনহদদ যুদ্ধে য়িহোআশের পিতা
য়িহোআখাজের হস্তহইতে লইয়াছিল সেং ন
গর য়িহোআখাজের পুত্র য়িহোআশ আরবার
লইল য়োআশ তাহাকে তিনবার পরাজয় করিল
ও য়িশ্রাএলের নগর পুনর্ব্বার লইল।

১৪ পর্ব্ব।

[১] য়িশ্‌রাএলের য়িহোআখাজরাজের পুত্র
য়োআশের দ্বিতীয় বৎসরে য়িহুদাহের য়োআশ
রাজের পুত্র অমসীয়াহ্ রাজ্য করিল। [২] সে
যখন রাজ্য করিতে আরম্ভ করিল তখন পঁচিশ
বৎসরবয়স্ক ছিল ও য়িরূশালমে উনত্রিশ বৎসর
রাজ্য করিল তাহার মাতার নাম য়িহোঅদ্দান
সে য়িরূশালমের এক স্ত্রী। [৩] এবং সে য়িহু
হের দৃষ্টিতে উত্তম ক্রিয়া করিল তথাপি তাহার
পিতা দাঊদের মত নয় সে আপন পিতা য়োআ
শের সকল কর্ম্মানুযায়ি কর্ম্ম করিল। [৪] কিন্তু
উচ্চ স্থান দূর করা গেল না এইপর্য্যন্তও লোকে
রা উচ্চ স্থানে যজ্ঞ করিত ও ধূপ পোড়াইত।
[৫] এবং রাজ্য তাহার হাতে স্থির হইবা
মাত্রে তাহার যে দাসেরা তাহার পিতা রাজাকে
বধ করিয়াছিল সে তাহারদিগকে মারিল। [৬]
কিন্তু সন্তানেরদের দোষেতে পিতারা মারা যাই
বে না ও পিতারদের দোষেতে সন্তানেরা মারা
যাইবে না কিন্তু প্রত্যেক জন আপন২ পাপপ্র
যুক্ত মারা যাইবে য়িহুহের এ যে আজ্ঞা মোশ
হের ব্যবস্থাপুস্তকে লিখিত আছে তদনুসা
রে ঐ ঘাতকেরদের সন্তানেরদিগকে সে বধ ক
রিল না। [৭] সে লবণমাঠে এদোমের দশ
সহস্র জনকে মারিল ও যুদ্ধেতে সেলাহ্ স্বহস্তবশ
করিল ও তাহার নাম য়াক্‌তিএল রাখিল অদ্য
পর্য্যন্ত তাহার সে নাম।

[৮] পরে অমসীয়াহ্ য়িশ্‌রাএলের য়িহূরা
জের পুত্র য়িহোআখাজের পুত্র য়িহোআশের
নিকটে লোক পাঠাইয়া কহিল আইস আমরা
এক জন আর এক জনের মুখ অবলোকন করি।
[৯] পরে য়িশ্‌রাএলের য়িহোআশরাজ য়িহু
দাহের অমসীয়াহ্‌রাজের নিকটে লোক পাঠাই
য়া কহিল যে লিবানোনস্থ শিয়ালকাঁটা লিবা
নোনস্থ আরেজ বৃক্ষের নিকটে পাঠাইয়া কহিল
যে আমার পুত্রের বিবাহের কারণ তোমার
কন্যাকে দেও পরে লিবানোনস্থ এক বন্য পশু
সে পথে যাইয়া শিয়ালকাঁটা দলিয়া ফে
লিল। [১০] তুমি এদোমকে মারিয়াছ বটে
ও তোমার হৃদয় তোমাকে গর্ব্বিত করিয়াছে
দর্প কর ও আপন ঘরে থাক কেননা আপনার
ক্ষতির কারণ কেন অনধিকার চর্চ্চা করিবা যে
আজ্ঞাতে তুমি পড় অর্থাৎ তুমি ও য়িহুদাহ্ তো
মার সহিত। [১১] কিন্তু অমসীয়াহ্‌রাজ শু
নিল না অতএব য়িশ্‌রাএলের য়িহোআশরাজ
গেল এবং সে ও য়িহুদাহের অমসীয়াহ্‌রাজ
য়িহুদাহের বীৎশেমেশে এক জন আর এক জ
নের মুখাবলোকন করিল। [১২] এবং য়িশ
রাএলের সম্মুখে য়িহুদাহ্ মারা গেল ও তাহারা
প্রত্যেক জন আপন২ তাম্বুতে পলাইল। [১৩]
পরে য়িশ্‌রাএলের য়িহোআশরাজ বীৎশেমে
শে অখাজীয়াহের পুত্র য়িহোআশের পুত্র
য়িহুদাহের অমসীয়াহ্‌রাজকে লইল ও য়িরূ
শালমে আইল ও এফ্রায়িমের দ্বারাবধি
কোণের দ্বারপর্য্যন্ত চারিশত হাত য়িরূশালমের
প্রাচীর ভাজিয়া ফেলিল। [১৪] এবং য়িহু
হের ঘরে ও রাজবাটীর ভাণ্ডারেতে প্রাপ্ত সকল
স্বর্ণ ও রূপ্যপাত্র লইল ও জামিনেরদিগকে সঙ্গে
লইয়া শমরোণে ফিরিয়া গেল।

[১৫] য়িহোআশ আর যে২ কার্য্য করিল তাহা
ও তাহার পরাক্রম ও সে য়িহুদাহের অমসীয়াহ্
রাজের সহিত যেরূপ যুদ্ধ করিল তাহা কি য়িশ্‌রা
এলের রাজারদের বিবরণপুস্তকে লিখিত নাই।
[১৬] এবং য়িহোআশ আপন পিতৃলোকের
দের সহিত শয়ন করিল ও শমরোণে য়িশ্‌রাএ
লের রাজারদের সহিত পোতা গেল ও তাহার
পুত্র য়িরবিআম তাহার পদে রাজ্য করিল।

[১৭] এবং য়িহুদাহের য়োআশরাজের পুত্র
অমসীয়াহ্ য়িশ্‌রাএলের য়িহোআখাজরা
জের পুত্র য়িহোআশের মরণের পরে পনের
বৎসর বাঁচিল। [১৮] এবং অমসীয়াহের
আর২ ক্রিয়া কি য়িহুদাহের রাজারদের বিব
রণপুস্তকে লিখিত নাই। [১৯] তাহারা য়িরূ
শালমে তাহার প্রতিকূলে ঐক্য করিল অতএব
সে লাকিশে পলাইল কিন্তু তাহারা লাকিশে
তাহার পশ্চাৎ পাঠাইল ও তাহাকে সেখানে
মারিল। [২০] পরে তাহারা তাহাকে ঘোট
কেরদের উপরে থুইয়া য়িরূশালমে পাঠাইল
এবং সে আপন পিতৃলোকেরদের সহিত দাঊ
দের নগরে পোতা গেল।

[২১] পরে য়িহুদাহের সকল লোক ষোল
বৎসরবয়স্ক অজরীয়াহ্‌কে লইল ও তাহাকে আ
পন পিতা অমসীয়াহের পদে রাজা করিল।
[২২] রাজা আপন পিতৃলোকেরদের সহিত শ
য়ন করিলে পরে সে এলত নির্ম্মাণ করিয়া য়িহু
দাহ্‌কে ফিরিয়া দিল।

[২৩] য়িহুদাহের য়োআশরাজের পুত্র অম
সীয়াহের পঞ্চদশ বৎসরে য়িশ্‌রাএলের য়ো
আশরাজের পুত্র য়িরবিআম শমরোণে রাজ্য
করিতে আরম্ভ করিল ও একচল্লিশ বৎসর রাজ্য
করিল। [২৪] এবং সে য়িহুহের দৃষ্টিতে কু
কর্ম্ম করিল ও য়িশ্‌রাএলকে পাপে প্রবৃত্ত করি
ল যে নিবাটের পুত্র য়িরবিআম তাহার পাপ
সে ত্যাগ করিল না। [২৫] গাতখিফেরের অ
মিত্তইর পুত্র য়োনাহ্ আচার্য্যের প্রমুখাৎ য়িশ

রাএলের ঈশ্বর য়িহুহ যে কথা কহিলেন তাঁহার সে কথানুসারে সে খমাতের প্রবেশস্থানহইতে মাঠের সমুদ্রপর্য্যন্ত য়িশ্রাএলকে স্বসীমা পুনঃ প্রাপ্ত করিল। [২৬] যেহেতুক য়িহুহ দেখিলেন যে য়িশ্রাএলের দুঃখ অতিশয় কেননা রুদ্ধ কিম্বা অবশিষ্ট কিম্বা য়িশ্রাএলের উপকারী কেহ ছিল না। [২৭] এবং য়িহুহ কহিলেন না যে আপনি য়িশ্রাএলের নাম স্বর্গের অধোহইতে কাটিয়া ফেলিবেন কিন্তু য়োআশের পুত্র য়িরবিআমের হাতেতে তাহারদিগকে নিস্তার করিলেন।

[২৮] য়িরবিআমের আর২ কর্ম্ম ও সে যাহা করিল ও তাহার পরাক্রম ও সে যেরূপ যুদ্ধ করিল ও য়িহুদাহেতে অধিকৃত দামাশেক ও খমাত য়িশ্রাএলের কারণ পুনঃ পাইল তাহা কি য়িশ্রাএলের রাজারদের বিবরণপুস্তকে লিখিত নাই। [২৯] পরে য়িরবিআম আপন পিতৃলোকেরদের সহিত অর্থাৎ য়িশ্রাএলের রাজারদের সহিত শয়ন করিল ও তাহার পুত্র জিকরীয়াহ্ তাহার পদে রাজ্য করিল।

১৫ পর্ব্ব।

[১] য়িশ্রাএলের য়িরবিআমরাজের সাতাইশ বৎসরে য়িহুদাহের অমসীয়াহরাজের পুত্র অজরীয়াহ্ রাজ্য করিতে আরম্ভ করিল। [২] সে যখন রাজ্য করিতে আরম্ভ করিল তখন ষোল বৎসরবয়স্ক ছিল এবং য়িরূশালমে বাওয়ান্ন বৎসর রাজ্য করিল এবং তাহার মাতার নাম য়িকোলীয়াহ্ সে য়িরূশালমের এক স্ত্রী। [৩] এবং তাহার পিতা অমসীয়াহ্ যে কার্য্য করিয়াছিল তদনুসারে উচ্চ স্থান দূরকরণব্যতিরেকে সে য়িহুহের দৃষ্টিতে উত্তম কার্য্য করিল [৪] লোকেরা তখনো উচ্চস্থানে হোম করিত ও ধূপ পোড়াইত।

[৫] এবং য়িহুহ রাজাকে এমত আঘাত করিলেন যে সে মরণদিনপর্য্যন্ত কুষ্ঠরোগী ছিল ও ভিন্ন ঘরে বাস করিত এবং রাজকুমার য়োতাম দেশের লোকেরদের বিচার-করত গৃহের কর্ত্তা ছিল। [৬] এবং অজরীয়াহের আর২ কর্ম্ম ও সে যে সকল করিল তাহা কি য়িহুদাহের রাজারদের বিবরণপুস্তকে লিখিত নাই। [৭] এবং অজরীয়াহ্ আপন পিতৃলোকেরদের সহিত শয়ন করিল ও দাউদের নগরে তাহার পিতৃলোকেরদের সহিত তাহারা তাহাকে পুতিল ও তাহার পুত্র য়োতাম তাহার পদে রাজ্য করিল।

[৮] য়িহুদাহের অজরীয়াহ্রাজের আটত্রিশ বৎসরে য়িরবিআমের পুত্র জিকরীয়াহ্ শমরোণে য়িশ্রাএলের উপরে ছয় মাস রাজ্য করিল। [৯] এবং তাহার পিতৃলোকেরা যেমত করিয়াছিল সেমত সে য়িহুহের দৃষ্টিতে কুকর্ম্ম করিল য়িশ্রাএলকে পাপে প্রবৃত্ত করিল যে নিবাটের পুত্র য়িরবিআম তাহার পাপ সে ত্যাগ করিল না। [১০] এবং য়াবেশের পুত্র শলুম তাহার দ্রোহ করিল ও লোকেরদের সম্মুখে তাহাকে মারিল ও বধ করিল ও তাহার পদে রাজ্য করিল। [১১] এবং জিকরীয়াহের আর২ কর্ম্ম দেখ তাহা য়িশ্রাএলের রাজারদের বিবরণপুস্তকে লিখিত আছে। [১২] য়িহুহ য়িহূকে যে কথা কহিয়াছিলেন যে চতুর্থ পুরুষপর্য্যন্ত তোমার সন্তানেরা য়িশ্রাএলের সিংহাসনে বসিবে তাঁহার সে কথা এই এবং সে মত হইল।

[১৩] য়িহুদাহের উজীয়াহ্রাজের উনচল্লিশ বৎসরে য়াবেশের পুত্র শলুম রাজ্য করিতে আরম্ভ করিল এবং পূর্ণ এক মাস শমরোণে রাজ্য করিল। [১৪] কেননা গাদীর পুত্র মিনখেম তিরসাহ্হইতে গেল ও শমরোণে পঁহুছিল পরে শমরোণে য়াবেশের পুত্র শলুমকে মারিল ও বধ করিল ও তাহার পদে রাজ্য করিল। [১৫] এবং শলুমের আর২ কর্ম্ম ও সে যে দ্রোহ করিল দেখ তাহা য়িশ্রাএলের রাজারদের বিবরণপুস্তকে লিখিত আছে।

[১৬] পরে মিনখেম তিফসখ ও তাহার মধ্যগত সকলকে ও তিরসাহ্পর্য্যন্ত তাহার সীমা মারিল যেহেতুক তাহারা তাহার কারণ দ্বার খুলিল না সেপ্রযুক্ত সে তাহা মারিল ও তাহার মধ্যে গর্ভবতী সকল স্ত্রীরদের উদর চিরিল। [১৭] য়িহুদাহের অজরীয়াহ্রাজের উনচল্লিশ বৎসরে গাদীর পুত্র মিনখেম য়িশ্রাএলের উপরে রাজ্য করিতে লাগিল ও শমরোণে দশ বৎসর রাজ্য করিল। [১৮] এবং সে য়িহুহের দৃষ্টিতে কুকর্ম্ম করিল য়িশ্রাএলকে পাপে প্রবৃত্ত করিল যে নিবাটের পুত্র য়িরবিআম তাহার পাপ সে আপন আয়ুর সকল দিন ত্যাগ করিল না। [১৯] আশূরের পূলরাজ সে দেশের বিরুদ্ধে আইল এবং মিনখেম পূলকে একসহস্র কিক্কর রূপা দিল যে তাহার হাতে রাজ্য স্থির করণার্থে পূলের হাত তাহার সাহায্যে থাকে। [২০] এবং মিনখেম য়িশ্রাএলের মধ্যে যে ধন আদায় করিল অর্থাৎ আশূরের রাজাকে দিবার নিমিত্তে বড় ধনবান যত লোক তাহারদের প্রত্যেক জনের কাছে পঞ্চাশ২ শেকেল রূপা লইল অতএব আশূরের রাজা ফিরিয়া গেল ও সে দেশে থাকিল না।

[২১] এবং মিনখেমের আর২ কর্ম্ম ও সে যাহা করিল তাহা কি য়িশ্রাএলের রাজারদের বি

বরণপুস্তকে লিখিত নাই। [২২] পরে মিনখেম আপন পিতৃলোকেরদের সহিত নিদ্রা গেল ও তাহার পুত্র পিকখীয়াহ্ তাহার পদে রাজ্য করিল।

[২৩] যিহূদাহের অজরীয়াহ্রাজের পঞ্চাশ বৎসরে মিনখেমের পুত্র পিকখীয়াহ্ শমরোণে রাজ্য করিতে আরম্ভ করিয়া দুই বৎসর রাজ্য করিল। [২৪] এবং সে যিহুহের দৃষ্টিতে কুকর্ম্ম করিল যিশ্রাএলকে পাপে প্রবৃত্ত করিল যে নিবাটের পুত্র যিরবিআম তাহার পাপ সে ত্যাগ করিল না। [২৫] পরে তাহার এক সেনাপতি রিমলিয়াহের পুত্র পেকখ তাহার দ্রোহ করিল ও অরগোব ও অরীয়েহ্ ও আর পঞ্চাশ জন গিলিআদীয়েরদের সহিত শমরোণে রাজবাটীর অট্টালিকাতে তাহাকে মারিল ও তাহার পদে রাজ্য করিল। [২৬] পিকখীয়াহের আর২ কর্ম্ম ও সে যে সকল করিল দেখ তাহা যিশ্রাএলের বিবরণপুস্তকে লিখিত আছে।

[২৭] যিহূদাহের অজরীয়াহরাজের বাওয়াম বৎসরে রিমলীয়াহের পুত্র পিকখীয়াহ্ যিশ্রাএলের উপরে রাজ্য করিতে আরম্ভ করিয়া বিংশতি বৎসর শমরোণে রাজ্য করিল। [২৮] এবং সে যিহুহের দৃষ্টিতে কুকর্ম্ম করিল যিশ্রাএলকে পাপে প্রবৃত্ত করিল যে নিবাটের পুত্র যিরবিআম তাহার পাপ সে ত্যাগ করিল না। [২৯] যিশ্রাএলের পেকখরাজের সময়ে আশূরের রাজা তিগ্লৎ পিলএসের আইল ও ঈয়োন ও আবেল বীৎমঅকাহ্ ও য়ানোখ্ ও কেদেশ ও খাসোর ও গিলিআদ ও গালিলি অর্থাৎ নপ্তালি সকল দেশ হস্তবশ করিল ও তাহারদিগকে বন্দি করিয়া আশূরে লইয়া গেল।

[৩০] পরে উজীয়াহের পুত্র য়োতামের বিংশতিতম বৎসরে এলাহের পুত্র হোশেআ রিমলীয়াহের পুত্র পেকখের দ্রোহ করিল ও তাহাকে মারিয়া বধ করিল ও তাহার পদে রাজ্য করিল। [৩১] পেকখের আর২ কর্ম্ম ও সে যাহা করিল দেখ তাহা যিশ্রাএলের রাজারদের বিবরণপুস্তকে লিখিত আছে।

[৩২] যিশ্রাএলের রিমলীয়াহ্রাজের পুত্র পেকখের দ্বিতীয় বৎসরে যিহূদাহের উজীয়াহ্রাজের পুত্র য়োতাম রাজ্য করিতে আরম্ভ করিল। [৩৩] সে পঁচিশবৎসরবয়স্ক হইয়া রাজ্য করিতে আরম্ভ করিল পরে যিরূশালমে ষোল বৎসর রাজ্য করিল তাহার মাতার নাম যিরূশা সে সাদোকের কন্যা। [৩৪] সে যিহুহের দৃষ্টিতে উত্তম কার্য্য করিল তাহার পিতা উজীয়াহ্ যে কার্য্য করিয়াছিল সে সকলানুসারে সে করিল।

[৩৫] কিন্তু উচ্চ স্থান দূর করা গেল না লোকেরা তখন উচ্চ স্থানে হোম করিত ও ধূপ পোড়াইত সে যিহুহের ঘরের দূরতম দ্বার নির্ম্মাণ করিল।

[৩৬] য়োতামের আর২ ক্রিয়া ও সে যাহা করিল সে সকল কি যিহূদাহের রাজারদের বিবরণপুস্তকে লিখিত নাই। [৩৭] সে সময়ে যিহুহ অরামের রিসীনরাজকে ও রিমলীয়াহের পুত্র পেকখকে যিহূদাহের বিরুদ্ধে পাঠাইতে আরম্ভ করিলেন। [৩৮] পরে য়োতাম আপন পিতৃলোকেরদের সহিত শয়ন করিল ও আপন পিতা দাউদের নগরে পোতা গেল ও তাহার পুত্র আখাজ তাহার পদে রাজ্য করিল।

১৬ পর্ব্ব।

[১] রিমলীয়াহের পুত্র পেকখের সপ্তদশ বৎসরে যিহূদাহের য়োতামরাজের পুত্র আখাজ রাজ্য করিতে আরম্ভ করিল। [২] আখাজ যখন রাজ্য করিতে আরম্ভ করিল তখন বিংশতি বৎসরবয়স্ক ছিল পরে সে যিরূশালমে ষোল বৎসর রাজ্য করিল এবং আপন ঈশ্বর যিহুহের দৃষ্টিতে আপন পিতা দাউদের ন্যায় ভাল কার্য্য করে নাই। [৩] কিন্তু সে যিশ্রাএলের রাজারদের পথে গমন করিল এবং যিহুহ যাহারদিগকে যিশ্রাএলের সন্তানেরদের সম্মুখে বাহির করিয়া দিলেন এমন যে অন্যদেশীয়েরা তাহারদের ঘৃণার্হ কার্য্যানুসারে আপন পুত্রকে অগ্নিপথে গতি করাইল। [৪] এবং সে উচ্চস্থানে ও পর্ব্বতের উপরে ও প্রত্যেক তাজা বৃক্ষের নীচে হোম করিত ও ধূপ পোড়াইত।

[৫] তখন অরামের রিসীনরাজ ও যিশ্রাএলের রাজা যে রিমলীয়াহের পুত্র পেকখ যুদ্ধ করিবার কারণ যিরূশালমে আইল এবং তাহারা আখাজকে রোধ করিল কিন্তু তাহাকে পরাস্ত করিতে পারিল না। [৬] সে সময়ে অরামের রিসীনরাজ অরামের কারণ এলত পুনঃ হস্তবশ করিল ও এলতহইতে যিহূদীয়েরদিগকে তাড়াইয়া দিল পরে অরামীয়েরা এলতে আসিয়া আজিপর্য্যন্ত সেখানে বাস করিতেছে।

[৭] অতএব আখাজ আশূরের তিগলৎ পিলএসেররাজের নিকটে এ কথা কহিতে লোক পাঠাইল যে আমি তোমার দাস ও তোমার পুত্র এখন আইস আমার বিরুদ্ধে যুদ্ধকারি অরামের রাজা ও যিশ্রাএলের রাজার হাতহইতে আমাকে নিস্তার কর। [৮] এবং আখাজ যিহুহের ঘরে ও রাজবাটীর ভাণ্ডারে প্রাপ্ত সকল রূপা ও স্বর্ণ লইল ও আশূরের রাজার নিকটে উপঢৌকন পাঠাইল। [৯] এবং

আশূরের রাজা তাহার কথায় অবধান করিল
কেননা আশূরের রাজা দমাশেকের বিপরীতে
গেল ও তাহা হস্তবশ করিল ও তাহার প্রজারদি
গকে বন্দি করিয়া কীরে লইয়া গেল ও রিসীন
কে বধ করিল।

[১০] পরে আশূরের তিগলত পিলএসেররা
জের সহিত দেখা করিতে আখাজরাজ দমাশে
কে গেল ও দমাশেকস্থ এক যজ্ঞবেদি দেখিল
পরে আখাজরাজ ঊরীয়াহ্‌যাজকের নিকটে
তাহার সকল কার্য্যানুযায়ী তাহার আকৃতি ও
তাহার আদর্শ পাঠাইল। [১১] এবং আখাজ
রাজ দমাশেকহইতে যে নমুনা পাঠাইয়াছিল
তদনুসারে অখাজরাজের দমাশেকহইতে আই
সনের পূর্ব্বে ঊরীয়াহ্‌ যাজক এক যজ্ঞবেদি নি
র্ম্মাণ করিল। [১২] যখন রাজা দমাশেকহইতে
পঁহুছিল তখন রাজা সে বেদি দেখিল এবং
রাজা সে বেদির নিকটে আসিয়া তাহার উপরে
নৈবেদ্য করিল। [১৩] এবং সে আপন হোম
করিল ও উপকরণ পোড়াইল ও আপন পানীয়
নৈবেদ্য ঢালিল ও আপন স্বস্ত্যয়নের রক্ত বে
দির উপরে ছড়াইল। [১৪] এবং সে য়িহুহের
সম্মুখস্থ পিত্তলময় যজ্ঞবেদি য়িহুহের গৃহের
মধ্যস্থলহইতে আনিল ও যজ্ঞবেদি উত্তরদিকে
স্থাপন করিল। [১৫] পরে আখাজ ঊরীয়াহ্‌
যাজককে এ কথা কহিয়া আজ্ঞা দিল বড় বেদির
উপরে প্রাত্যূষিক উপকরণ ও প্রাদোষিক উপক
রণ ও রাজার হোম ও উপকরণ এবং দেশের স
মস্ত লোকেরদের হোম ও উপকরণ ও তাহার
দের পানীয় নৈবেদ্য উৎসর্গ কর এবং হব্যের
সকল রক্ত ও নৈবেদ্যের সকল রক্ত তাহার উপ
রে ছড়িয়া দেও এবং পিত্তলময় বেদি আমার
জিজ্ঞাসা করিবার কারণ হইবে। [১৬] যেমত
আখাজরাজ আজ্ঞা করিয়াছিল ঊরীয়াহ্‌যাজক
সে সকলানুসারে করিল।

[১৭] এবং আখাজরাজ অবলম্বনের সীমান্ত
কাটিয়া ফেলিল ও তাহার উপরহইতে স্নান
পাত্র স্থানান্তর করিল এবং তদধঃস্থ পিত্তলময়
বলদেরদের উপরহইতে সমুদ্র নামাইল ও পাথ
রের বাঁধা মেজিয়ার উপরে তাহা বসাইল। ১৮]
এবং তাহারা শাবতের নিমিত্তে ঘরের মধ্যে
যে আচ্ছাদক করিয়াছিল তাহা ও রাজার বাহ্য
স্থিত প্রবেশস্থানও আশূরের রাজাপ্রযুক্ত য়িহু
হের ঘরহইতে অন্যদিগে করিল।

[১৯] আখাজ যে আর২ কর্ম্ম করিল তাহা কি
য়িহুদাহের রাজারদের বিবরণপুস্তকে লিখিত
নাই। [২০] পরে আখাজ আপন পিতৃলোকের
দের সহিত শয়ন করিল ও দাউদের নগরে আ
পন পিতৃলোকেরদের সহিত পোতা গেল ও তা
হার পুত্র খিজিকীয়াহ্‌ তাহার পদে রাজ্য ক
রিল।

১৭ পর্ব্ব।

[১] য়িহুদাহের আখাজরাজের দ্বাদশ বৎস
রে এলাহের পুত্র হোশেআ শমরোণে রাজ্য ক
রিতে আরম্ভ করিয়া নয় বৎসর য়িশ্রাএলের উ
পরে রাজ্য করিল। [২] এবং সে য়িহুহের দৃ
ষ্টিতে কুক্রিয়া করিল কিন্তু তাহার পূর্ব্ববর্ত্তি রা
জারদের মত নয়।

[৩] আশূরের শলমনএসেররাজ তাহার বি
রুদ্ধে আইল এবং হোশেআ তাহার দাস হইল
ও তাহাকে উপঢৌকন দিল। [৪] এবং আশূ
রের রাজা হোশেআতে বিশ্বাসঘাতকতা পাইল
যেহেতুক সে মিসরের সোরাজের নিকটে প্রে
ষ্যেরদিগকে পাঠাইয়াছিল ও যেমন বৎসর২
করিত তেমন আশূরের রাজার নিকটে উপঢৌ
কন পাঠায় নাই অতএব আশূরের রাজা তাহা
কে রুদ্ধ করিল ও কারাগারে বদ্ধ করিল।

[৫] পরে আশূরের রাজা সে দেশের সর্ব্বত্র
আইল ও শমরোণে গেল ও তাহা তিন বৎসর
ব্যাপিয়া রোধ করিল। [৬] হোশেআর নবম
বৎসরে আশূরের রাজা শমরোণ হস্তবশ করিল
ও য়িশ্রাএলীয়েরদিগকে আশূরে লইয়া গেল
ও খলখ ও গোজান নদীর নিকটস্থ হাবোরে ও
মাদীয়েরদের নগরে স্থাপন করিল। [৭] কেননা
এমত হইল য়িশ্রাএলের সন্তানেরা তাহারদিগ
কে মিসরদেশহইতে অর্থাৎ মিসরের ফরওহরা
জের হস্তবশ হওয়াহইতে আনিয়াছিলেন যে
তাহারদের ঈশ্বর য়িহুহ তাঁহার বিপরীতে পাপ
করিয়াছিল ও অন্য দেবেরদিগকে ভয় করিয়া
ছিল। [৮] এবং য়িশ্রাএলের সন্তানেরদের
সম্মুখহইতে য়িহুহ যে অন্য দেশীয়েরদিগকে
বাহির করিয়া ফেলিয়াছিলেন তাহারদের বিধি
তে ও য়িশ্রাএলের রাজারা যে২ বিধি করিয়া
ছিল সে২ বিধিতেও চলিল। [৯] যে ক্রিয়া
উচিত নয় সে ক্রিয়া য়িশ্রাএলের সন্তানেরা
গুপ্তরূপে আপনারদের ঈশ্বর য়িহুহের বিরুদ্ধে
করিল এবং চৌকিশালাহইতে প্রাচীরবেষ্টিত ন
গরপর্য্যন্ত আপনারদের সকল নগরে আপনার
দের কারণ উচ্চস্থান নির্ম্মাণ করিল। [১০]
এবং প্রত্যেক উচ্চ পর্ব্বতের উপরে ও প্রত্যেক
তাজা বৃক্ষের নীচে তাহারা প্রতিমা স্থাপন করিল
এবং চৈত্যবৃক্ষও করিল। [১১] এবং য়িহুহ তা
হারদের সম্মুখহইতে যে অন্যদেশীয়েরদিগকে
লইয়া গিয়াছিলেন তাহারদের ন্যায় তাহারা
আপনারদের সকল উচ্চ স্থানে ধূপ পোড়াইত

এবং য়িহুহকে ক্রুদ্ধ করিতে কুকর্ম্ম করিত। [১২]
যেহেতুক য়িহুহ যাহারদের বিষয়ে কহিয়াছি
লেন যে এ কর্ম্ম করিও না এমন যে দেবেরদের
সেবা তাহারা তাহা করিত। [১৩] তাহারা তা
হা করিলেও তোমরা আপনারদের কুকর্ম্মহইতে
ফির ও যে২ বিধি আমি তোমারদের পিতৃলো
কেরদিগকে আজ্ঞা করিলাম ও আমার আচার্য্য
দাসেরদের হাতেতে তোমারদের নিকটে পাঠাই
লাম তদনুসারে আমার আজ্ঞা ও আমার বিধি
পালন কর এ কথা কহিয়া য়িহুহ সকল আচা
র্য্যেরদের ও দর্শকেরদের দ্বারা য়িশ্রাএলের ও
য়িহুদাহের বিপরীতে সাক্ষ্য দিলেন। [১৪]
তথাপি তাহারা শুনিতে চাহিল না কিন্তু তাহার
দের ঈশ্বর য়িহুহে অপ্রত্যয়ি তাহারদের পিতৃ
লোকেরদের গলার ন্যায় আপনারদের গলা
স্তব্ধ করিল। [১৫] এবং তাহারা তাঁহার বিধি
ও তিনি তাহারদের পিতৃলোকেরদের সহিত যে
নিয়ম করিয়াছিলেন তাহা এবং তিনি তাহার
দের বিপরীতে যে সাক্ষ্য দিয়াছিলেন সে সা
ক্ষ্যও অবজ্ঞা করিল ও অবস্তুতার অনুগামী
হইল ও অনর্থক হইল ও তাহারদের অনুযায়ি
ক্রিয়া না করিতে য়িহুহ যাহারদের বিষয়ে আ
জ্ঞা দিয়াছিলেন এমন যে তাহারদের চতুর্দ্দিক্স্থ
অন্যদেশীয় লোকেরা তাহারদের অনুগামী তা
হারা হইল। [১৬] এবং তাহারা আপনার
দের ঈশ্বর য়িহুহের সকল আজ্ঞা ত্যাগ করিল
ও আপনারদের কারণ সাঁচুয়া প্রতিমা অর্থাৎ
দুই বৎস নির্ম্মাণ করিল এবং চৈত্যবৃক্ষ করিত
ও স্বর্গের সকল সেনার পূজা করিত ও বআলের
সেবা করিত। [১৭] এবং আপনারদের পুত্র
কন্যারদিগকে অগ্নি দিয়া গতি করাইত ও ডাইন
পনা ও জাদুগিরি ব্যাপার করিত ও য়িহুহের দৃ
ষ্টিতে তাঁহাকে ক্রুদ্ধ করিতে আপনারদিগকে
কুক্রিয়া করিতে বিক্রয় করিল। [১৮] তাহাতে
য়িহুহ য়িশ্রাএলের উপরে বড় ক্রুদ্ধ হইলেন ও
তাহারদিগকে আপন দৃষ্টিহইতে দূর করিলেন
কেবল য়িহুদাহের গোষ্ঠীব্যতিরেকে আর কেহ
অবশিষ্ট থাকিল না। [১৯] এবং য়িহুদাহও
আপনারদের ঈশ্বর য়িহুহের আজ্ঞাপালন
করিল না কিন্তু য়িশ্রাএলেতে কৃত বিধিপথে
চলিল। [২০] পরে য়িহুহ য়িশ্রাএলের সমস্ত
বংশকে ত্যাগ করিলেন ও তাহারদিগকে দুঃখ
দিলেন ও যেপর্য্যন্ত তাহারদিগকে আপন দৃষ্টি
হইতে ফেলিয়া না দিয়াছিলেন সেপর্য্যন্ত তাহা
রদিগকে নাশকেরদের হস্তগত করিলেন। [২১]
যেহেতুক তিনি দাউদের বংশহইতে য়িশ্রাএল
কে পৃথক্ করিলেন ও তাহারা নিবাটের পুত্র
য়িরবিআমকে রাজা করিল এবং য়িরবিআম
য়িহুহের সেবাহইতে য়িশ্রাএলকে খেদাইয়া
দিল ও তাহারদিগকে মহাপাপ করাইল। [২২]
কেননা য়িরবিআম যে সকল পাপ করিল তা
হাতে য়িশ্রাএলের সন্তানেরা আচার করিল।
[২৩] য়িহুহ আপন সকল আচার্য্যরূপ সেব
কেরদের প্রমুখাৎ যেমন কহিয়াছিলেন তেমন
য়িশ্রাএলকে আপন দৃষ্টিহইতে যেপর্য্যন্ত দূর
না করিয়াছিলেন সেপর্য্যন্ত তাহারা তাহা ত্যাগ
করিল না এতদ্রূপে য়িশ্রাএল আপন দেশহই
তে আশূরে নীত হইল আজিপর্য্যন্তই তাহারা
সেখানে আছে।

[২৪] পরে আশূরের রাজা বাবেলহইতে ও
কূতাহ্‌হইতে ও আবাহইতে ও খমাতহইতে ও
সিফরবইমহইতে লোকেরদিগকে আনিল ও য়ি
শ্রাএলের সন্তানেরদের পরিবর্ত্তে তাহারদিগ
কে শমরোণের নগরে স্থাপন করিল ও তাহারা
শমরোণাধিকার করিল ও তাহার নগরের মধ্যে
বাস করিল। [২৫] অপর এমত হইল যে তা
হারা আপনারদের সেখানে বাসের আরম্ভসম
য়ে য়িহুহকে ভয় করিল না তাহাতে য়িহুহ তা
হারদের মধ্যে সিংহেরদিগকে পাঠাইলেন ও
তাহারা তাহারদের কতক লোককে মারিল।
[২৬] অতএব তাহারা আশূরের রাজাকে এ কথা
কহিল তুমি যে জাতীয় লোকেরদিগকে স্থানান্তর
করিয়া শমরোণের নগরের মধ্যে স্থাপন করি
য়াছ তাহারা সে দেশের দেবের মত জানে না
সেহেতুক তিনি তাহারদের মধ্যে সিংহেরদিগ
কে পাঠাইয়াছেন এবং দেখ তাহারা তাহার
দিগকে মারে কেননা তাহারা সে দেশের দে
বের মত জানে না। [২৭] তখন আশূরের রাজা
এ কথা কহিয়া আজ্ঞা করিলেন যে তোমরা সে
খানহইতে যে যাজকেরদিগকে আনিয়াছ তা
হারদের এক জনকে সেখানে লইয়া যাও ও তা
হারা সেখানে যাউক ও বাস করুক ও সে তাহার
দিগকে সে দেশের দেবের মত শিক্ষা করাউক।
[২৮] পরে তাহারা শমরোণহইতে যে যাজকের
দিগকে লইয়া গিয়াছিল তাহারদের এক জন
আসিয়া বীৎএলে বাস করিল ও যেরূপে য়িহু
হকে ভয় করিতে হয় ইহা তাহারদিগকে শিক্ষা
করাইল। [২৯] তথাপি প্রত্যেক জাতীয় লোকে
রা আপন২ দেবকে নির্ম্মাণ করিল এবং শমরো
ণীয়েরা যেং উচ্চ স্থান করিয়াছিল সেং স্থানে
নির্ম্মিত গৃহে তাহারদিগকে স্থাপন করিল অর্থাৎ
প্রত্যেক জাতি যেং নগরে বাস করিল সেং নগ
রে। [৩০] এবং বাবেলের লোকেরা সুকোত
বিনোতকে নির্ম্মাণ করিল ও কূতীয় লোকেরা

নেরগালকে নির্ম্মাণ করিল ও খুমাত্তের লোকে
রা অশীমাকে নির্ম্মাণ করিল। [৩১] এবং আ
বীয়েরা নিবখজ ও তর্ত্তাককে নির্ম্মাণ করিল ও
সিফরবায়িরা সিফরবয়িমের দেব অদ্রমেলক
ও অনম্মেলেকের উদ্দেশে আপন বালকেরদিগ
কে পোড়াইত [৩২] অতএব তাহারা য়িহুহকে
ভয় করিত এবং আপনার২ জন্যে উচ্চ স্থানের
গৃহে যজ্ঞকারি যাজকেরদিগকে অতিনীচ লোকের
দের মধ্যহইতে নিরূপণ করিল। [৩৩] অতএব
তাহারা য়িহুহকে ভয় করিত ও তাহারা যে২ জা
তীয় লোকেরদিগকে সেখানহইতে লইয়া গেল
তাহারদের মত আপন২ দেবেরদিগকে সেবা
করিত। [৩৪] আজিপর্য্যন্ত তাহারা পূর্ব্বকা
লের আচারের মত করে তাহারা য়িহুহকে ভয়
করে না এবং তাহারদের বিধি ও ব্যবস্থানুসারে
করে না [৩৫] এবং য়িহুহ যাহার নাম য়িশ্রা
এল রাখিলেন এমত যে য়অাকুব তাহার যে
সন্তানেরদের সহিত য়িহুহ নিয়ম করিয়াছিলেন
এবং এ কথা কহিয়া তাহারদিগকে আজ্ঞা করি
য়াছিলেন যে তোমরা অন্য দেবেরদের সেবা
করিও না ও তাহারদিগকে প্রণাম করিও না
ও তাহারদের সেবা করিও না ও তাহারদের উ
দ্দেশে বলি দিও না [৩৬] কিন্তু বড় পরাক্রম
ও বিস্তীর্ণ বাহুতে তোমারদিগকে মিসরদেশহই
তে আনিলেন যে য়িহুহ তাঁহাকে ভয় কর ও
তাঁহার ভজনা কর ও তাঁহার উদ্দেশে বলি দেও
[৩৭] ও তিনি তোমারদের জন্যে যে বিধি ও
ব্যবস্থা ও শাস্ত্র ও আজ্ঞা লিখিয়াছেন তাহাতে
অবধান করিয়া নিত্য আচার কর এবং আর
দেবেরদিগকে ভয় করিও না [৩৮] এবং আমি
তোমারদের সহিত যে নিয়ম করিলাম তাহা তো
মরা বিস্মৃত হইও না এবং অন্যদেবেরদের পূ
জাও করিও না [৩৯] কিন্তু আপনারদের ঈ
শ্বর য়িহুহকে ভয় কর এবং তিনি তোমারদের
সকল শত্রুরদের হাতহইতে তোমারদিগকে উ
দ্ধার করিবেন। [৪০] তথাপি তাহারা শুনিল না
কিন্তু আপনারদের পূর্ব্ব মতানুসারে করিল য়অা
কুবের সন্তানেরদিগকে তিনি যে শাস্ত্র ও আজ্ঞা
দিলেন তাহার অনুসারে করিল না। [৪১]
অতএব এই২ জাতীয় লোকেরা ও তাহারদের
পুত্র পৌত্রেরা য়িহুহকে ভয় করিত ও আপনার
দের সাঁচুয়া প্রতিমার সেবা করিত তাহারদের পি
তৃলোকেরা যেমত করিত সেমত তাহারা আজি
পর্য্যন্ত করে।

১৮ পর্ব্ব।

[১] এলাহের পুত্র যে য়িশ্রাএলের হোশে
আরাজ তাহার তৃতীয় বৎসরে য়িহুদাহের আ
খাজ রাজার পুত্র খিজিকীয়াহ্ রাজ্য করিতে
আরম্ভ করিল। [২] সে যখন রাজ্য করিতে
আরম্ভ করিল তখন পঁচিশবৎসরবয়স্ক ছিল
এবং য়িরুশালমে উনত্রিশ বৎসর রাজ্য করিল
তাহার মাতার নাম অবি সে জিকরীয়াহের ক
ন্যা। [৩] এবং আপন পিতা দাউদ যেরূপ
করিয়াছিল তদনুসারে সে য়িহুহের দৃষ্টিতে
প্রকৃত কার্য্য করিল।

[৪] সে উচ্চ স্থান দূর করিল ও প্রতিমা ভাঙ্গি
ল ও চৈত্যবৃক্ষ কাটিয়া ফেলিল এবং মোশহ্
যে পিত্তলময় সর্প নির্ম্মাণ করিয়াছিল তাহা
ভাঙ্গিয়া ফেলিল যেহেতুক সে কালপর্য্যন্ত য়িশ্
রাএলের সন্তানেরা তাহার উদ্দেশে ধূপ পোড়া
ইত ও সে তাহার নাম নখুসতান রাখিল। [৫]
সে য়িশ্রাএলের ঈশ্বর য়িহুহেতে এমন বিশ্বাস
করিল যে য়িহুদাহের সকল রাজারদের মধ্যে
তাহার পূর্ব্বে কিম্বা পরে কেহ তাহার তুল্য
ছিল না। [৬] যেহেতুক সে য়িহুহের সহিত
লাগিয়া থাকিল এবং তাঁহার অনুগমন করা
ত্যাগ করিল না কিন্তু য়িহুহ মোশহ্কে যে
আজ্ঞা দিয়াছিলেন তাঁহার সে২ আজ্ঞাপালন
করিল। [৭] এবং য়িহুহ তাহার সহবর্ত্তী ছি
লেন ও সে যে কোন স্থানে গেল সেখানে ভাগ্য
বান হইল এবং সে আশূরের রাজার কর্তৃত্ব ছা
ড়িল ও তাহার সেবা করিল না। [৮] সে অজাহ্
ও তাহার সীমাপর্য্যন্ত অর্থাৎ চৌকীদারেরদের
থানাহইতে প্রাচীরবেষ্টিত নগরপর্য্যন্ত পলশ্তী
য়েরদিগকে মারিল।

[৯] খিজিকীয়াহ্রাজের চতুর্থ বৎসরে ও এলা
হের পুত্র যে য়িশ্রাএলের হোশেআরাজ তা
হার সপ্তম বৎসরে এমত হইল যে আশূরের শল
মনএসেররাজ শমরোণের বিরুদ্ধে আইল ও তা
হার রোধ করিল। [১০] এবং তিন বৎসরের
অন্তে তাহারা তাহা হস্তবশ করিল খিজিকীয়া
হের ষষ্ঠ বৎসরে অর্থাৎ য়িশ্রাএলের হোশে
আরাজের নবম বৎসরে শমরোণ হস্তবশ করা
গেল। [১১] এবং আশূরের রাজা য়িশ্রাএলী
য়েরদিগকে আশূরে লইয়া গেল এবং খলখে
ও গোজান নদীর নিকটস্থ খবরে ও মাদীয়ের
দের নগরে স্থাপন করিল। [১২] যেহেতুক তা
হারা আপনারদের ঈশ্বর য়িহুহের কথা মানিল
না কিন্তু তাঁহার নিয়ম ও য়িহুহের দাস মোশহ্
যে আজ্ঞা করিয়াছিল সে সকল তাহারা উল্লঙ্ঘ
ন করিল ও তাহা শুনিতে ও করিতে ইচ্ছা করিল
না।

[১৩] খিজিকীয়াহ্রাজের চতুর্দ্দশ বৎসরে
আশূরের সনিখেরীবরাজ য়িহুদাহের প্রাচীর

বেষ্টিত সকল নগরের বিরুদ্ধে আইল ও হস্তবশ
করিল। [১৪] এবং য়িহুদাহের খিজিকীয়াহ্
রাজ লাকীশে আশূরের রাজার নিকটে লোক
পাঠাইয়া কহিল যে আমি দোষ করিয়াছি আ
মার নিকটহইতে ফিরিয়া যাও তুমি আমার উ
পরে যে ভার অর্পণ কর তাহা আমি সহিব পরে
আশূরের রাজা য়িহুদাহের খিজিকীয়াহ্‌রাজকে
তিনশত কিকর রূপা ও ত্রিশ কিকর স্বর্ণ দিতে
নিরূপণ করিল। [১৫] এবং খিজিকীয়াহ্ য়ি
হুহের ঘরে ও রাজবাটীর ভাণ্ডারে প্রাপ্ত সকল
রূপা দিল। [১৬] সে সময়ে খিজিকীয়াহ্ য়িহু
হের মন্দিরের দ্বারের ও য়িহুদাহের খিজিকীয়াহ্
রাজ যে স্তম্ভ গড়াইয়াছিল তাহারও সকল স্বর্ণ
কাটিয়া ফেলিল ও আশূরের রাজাকে দিল।

[১৭] পরে আশূরের রাজা তর্তানকে ও রব
সরীসকে ও রবশাকেহ্‌কে বহু সৈন্যের সহিত লা
কীশহইতে খিজিকীয়াহ্‌রাজের নিকটে য়িরূশা
লমে পাঠাইল ও তাহারা প্রস্থান করিয়া য়িরূ
শালমে পঁহুছিল এবং তাহারা আসিয়া ধো
বার ভূমির পথের নিকটস্থ দূরতর পুষ্করিণীর
নিকটে দাঁড়াইল। [১৮] তাহারা রাজাকে আ
হ্বান করিলে বাটীর কর্ত্তা খিল্‌কীয়াহের পুত্র
এলিয়াকিম ও শেবনাহ্‌লেখক ও আসাফের
পুত্র য়োআখ কানুনগো তাহার নিকটে বাহিরে
আইল। [১৯] এবং রবশাকেহ্ তাহারদিগকে
কহিল এখন খিজিকীয়াহ্‌কে কহ মহারাজ আশূ
রের রাজা এ কথা কহেন এ যে বিশ্বাসপাত্রে
তুমি বিশ্বাস করিতেছ তাহা কি। [২০] তুমি কহি
তেছ যে আমার যুদ্ধার্থ মন্ত্রণা ও বল আছে সেই
অনর্থ কথা এখন তুমি কাহার উপরে বিশ্বাস ক
রিতেছ যে আমার কর্ত্তৃত্ব ছাড়িয়াছ। [২১] দেখ
যাহাতে কেহ ভর দিলে তাহা তাহার হাতে প্র
বেশ করিবে ও বিন্ধিবে এমন যে এ ভাঙ্গা নল
রূপ দণ্ডস্বরূপ মিসর তুমি তাহাতে বিশ্বাস করি
তেছ যে সকল লোক মিসরের ফরওহেতে বি
শ্বাস রাখে তাহারদের প্রতি সে এই মত। [২২]
কিন্তু যদি তোমরা কহ যে আমরা আপনারদের
ঈশ্বর য়িহুহেতে বিশ্বাস করি তবে যাঁহার উচ্চ
স্থান ও যজ্ঞবেদি খিজিকীয়াহ্ দূর করিয়াছে ও
তোমরা য়িরূশালমস্থ এ বেদির সম্মুখে পূজা
করিবা এই কথা য়িহুদাহ্ ও য়িরূশালমকে কহি
য়াছে সে কি সেই নয়। [২৩] অতএব এখন
আমার প্রভু আশূরের রাজাকে বন্ধক দেও পরে
তুমি যদি তাহারদের উপরে অশ্বারোহিরদিগ
কে বসাইতে পার তবে আমি তোমাকে দুই সহ
স্র অশ্ব দিব [২৪] অতএব তুমি কেমন আমার
প্রভুর অতিক্ষুদ্র দাসেরদের মধ্যে এক সেনাপতি
কে পরাঙ্মুখ করিয়া রথ ও অশ্বারোহিরদের কা
রণ মিসরে বিশ্বাস কর। [২৫] এবং আমি কি
য়িহুহব্যতিরেকে এ স্থান নষ্ট করিবার কারণ
তাহার বিরুদ্ধে আসিয়াছি য়িহুহ আমাকে কহি
লেন যে এ দেশের প্রতিকূলে যাও ও তাহা নষ্ট
কর। [২৬] তখন খিল্‌কীয়াহের পুত্র এলিয়া
কিম ও শেবনাহ্ ও য়োআখ রবশাকেহ্‌কে ক
হিল এখন আপন দাসেরদের সহিত অরামীয়
ভাষা কহ যেহেতুক আমরা তাহা জানি এবং
প্রাচীরের উপরে যে সকল লোক থাকে তাহার
দের শ্রবণে আমারদের সহিত য়িহুদীয় ভাষা
কহিও না। [২৭] কিন্তু রবশাকেহ তাহারদিগ
কে কহিল আমার প্রভু কি তোমারদের প্রভুকে
ও তোমারদিগকে এই কথা কহিতে পাঠাইয়া
ছেন ও প্রাচীরের উপরিস্থ লোকেরা তোমার
দের সহিত আপনারদের বিষ্ঠা খায় ও আপনা
রদের মূত্র পান করে এই কারণ কি তাহারদেরও
নিকটে পাঠান নাই। [২৮] তখন রবশাকেহ্
দাঁড়াইল ও য়িহুদীয় ভাষায় উচ্চৈঃস্বরে এ কথা
কহিল তোমরা আশূরেররাজস্বরূপ মহারাজের
কথা শুন। [২৯] মহারাজ এ কথা কহেন খিজি
কীয়াহ্ তোমারদিগকে ভ্রান্ত না করুক কেননা সে
তাহার হাতহইতে তোমারদিগকে রক্ষা করিতে
পারিবে না। [৩০] এবং য়িহুহ আমারদিগ
কে অবশ্য রক্ষা করিবেন এ নগর আশূরের রা
জার হস্তগত হইবে না খিজিকীয়াহ্ এ কথা ক
হিয়া তোমারদিগকে য়িহুহেতে বিশ্বাস না করা
উক। [৩১] খিজিকীয়াহের কথা শুনিও না যে
হেতুক আশূরের রাজা কহেন উপঢৌকনদ্বারা
আমার সহিত মিল এবং তোমরা বাঁচ ও না মর
এই কারণ আমি তোমারদের নিজ দেশের ন্যায়
শস্য ও দ্রাক্ষারসপূর্ণ এবং অন্ন ও দ্রাক্ষা ক্ষেত্র
ময় ও জিতৈল ও মধুময় এক দেশে তোমারদি
গকে যেপর্য্যন্ত না লইয়া যাই সেপর্য্যন্ত প্রত্যেক
জন আপন২ দ্রাক্ষালতার ও ডুমুরবৃক্ষের ফল
ভোজন করুক ও প্রত্যেক জন আপন হৌজের
জল পান করুক। [৩২] য়িহুহ আমারদিগকে
রক্ষা করিবেন এ কথা কহিয়া যখন খিজিকী
য়াহ্ তোমারদিগকে প্ররোচনা করে তখন তা
হার কথা শুনিও না। [৩৩] অন্য জাতীয়েরদের
দেবেরা কি আপন২ দেশ আশূরের রাজার
হাতহইতে কোন রূপে উদ্ধার করিয়াছে। [৩৪]
খমাত ও অরপাদের দেবেরা কোথায় সিফরবা
য়িমের ও হেনার ও ইবাহের দেবেরা কোথায়
তাহারা কি আমার হাতহইতে শমরোণ উদ্ধার
করিয়াছে। [৩৫] আমার হাতহইতে আপনার
দের দেশ যে উদ্ধার করিয়াছে সর্ব্ব দেশের স

কল দেবেরদের মধ্যে এমন কে আছে যে য়ি
হুহ আমার হাতহইতে য়িরূশালম উদ্ধার করি
বেন। [৩৬] কিন্তু লোকেরা চুপ করিয়া রহিল
ও তাহাকে এক কথাও প্রত্যুত্তর করিল না কেন
না রাজার এ আজ্ঞা ছিল যে তাহাকে প্রত্যুত্তর
করিও না। [৩৭] পরে খিলকীয়াহের পুত্র
এলিয়াকীমগৃহাধ্যক্ষ ও শেবনাহ্ লেখক ও আ
সাফের পুত্র যোআখ্ কানুনগো ছিন্নবস্ত্র হই
য়া খিজিকীয়াহের নিকটে আইল ও তাহাকে
রবশাকেহের কথা জানাইল।

১৯ পর্ব্ব।

[১] যখন খিজিকীয়াহ্‌রাজ তাহা শুনিল তখন
এমন হইল সে আপন বস্ত্র ছিঁড়িল ও গায়ে চট
পরিল ও য়িহুহের গৃহে গেল। [২] পরে সে
চট পরিধায়িত এলিয়াকীম গৃহের কর্ত্তাকে ও শে
বনাহ্‌লেখককে ও বৃদ্ধ যাজকেরদিগকে আমো
সের পুত্র য়িশাঈয়াহ্ আচার্য্যের নিকটে পাঠা
ইল। [৩] এবং তাহারা তাহাকে কহিল খি
জিকীয়াহ্ এ কথা কহে যে এই দুঃখ ও ভৎর্সনা
ও নিন্দার দিন যেহেতুক বালকেরা জন্মিতে উ
দ্যত আছে কিন্তু প্রসবকরণের শক্তি নাই। [৪]
হইতে পারিবে যে তাহার প্রভু আশূরের রাজা
যে রবশাকেহ্‌কে জীবৎ ঈশ্বরের নিন্দা করিতে
পাঠাইয়াছেন তাহার সকল কথা তোমার ঈ
শ্বর য়িহুহ শুনিবেন এবং তোমার ঈশ্বর য়িহুহ
যে কথা শুনিয়াছেন সে কথার অনুযোগরূপ
উত্তর দিবেন অতএব অবশিষ্ট লোকেরদের
জন্যে প্রার্থনা কর। [৫] অতএব খিজিকীয়াহ্
রাজের দাসেরা য়িশাঈয়াহের নিকটে পঁহুছিল।
[৬] পরে য়িশাঈয়াহ্ তাহারদিগকে কহিল তো
মরা আপনারদের প্রভুকে এ কথা কহ য়িহুহ এ
কথা কহেন আশূরের রাজার দাসেরা যে২ কথা
তে আমাকে নিন্দা করিয়াছে এই যে২ কথা তুমি
শুনিয়াছ সে কথাতে ভয় করিও না। [৭] দেখ
আমি তাহার উপরে এক বায়ু পাঠাইব ও সে
অনিয়ম সমাচার শুনিবে ও আপন দেশে ফি
রিয়া যাইবে এবং আমি তলোআরেতে তাহা
কে তাহার আপন দেশে নিপাত করিব।

[৮] অতএব রবশাকেহ্ ফিরিয়া গেল ও লিব
নাহের বিরুদ্ধে যুধ্যমান আশূরের রাজাকে
পাইল যেহেতুক সে শুনিয়াছিল যে সে লাকীশ
ছাড়িয়াছিল। [৯] পরে সে যখন কূশের তির
হাকাহ্‌রাজের বিষয়ে এ কথা শুনিয়াছিল যে
দেখ সে তোমার সহিত যুদ্ধ করিতে বাহিরে আ
সিয়াছে তখন সে খিজিকীয়াহের নিকটে প্রেষ্যে
রদিগকে পাঠাইয়া এ কথা কহিল। [১০] তোম
রা য়িহুদাহের খিজিকীয়াহ্‌রাজকে এ কথা কহ
য়িরূশালম আশূরের রাজার হস্তগত করা যাই
বে না এ কথা কহিয়া তোমার বিশ্বাসপাত্র যে
তোমার ঈশ্বর তিনি তোমারদিগকে প্রতারণা না
করুন। [১১] দেখ আশূরের রাজারা সকল দেশ
সর্ব্বথা নষ্ট করত যাহা সে২ দেশে করিয়াছে
ইহা তুমি শুনিয়াছ এবং তুমি কি রক্ষিত হইবা।
[১২] আমার পিতৃলোকেরা যাহারদিগকে নষ্ট
করিল অর্থাৎ গোজান ও খারাণ ও রেসেফ ও
তিলঅশারস্থ এদেনের সন্তানেরদিগকে সে২ জা
তীয় লোকেরদের দেবেরা কি তাহারদের উদ্ধার
করিয়াছে। [১৩] খমাতের রাজা ও অরপাদের
রাজা ও সিফরবায়িমনগরের ও হেনাহ্ ও ঈবা
হের রাজা কোথায়। [১৪] এবং খিজিকীয়াহ্
প্রেষ্যেরদের হাতহইতে সে পত্র লইল ও পাঠ
করিল পরে খিজিকীয়াহ্ য়িহুহের গৃহে গিয়া
য়িহুহের সম্মুখে তাহা বিস্তার করিল। [১৫]
এবং খিজিকীয়াহ য়িহুহের সম্মুখে প্রার্থনা ক
রিল ও কহিল হে কিরুবেরদের মধ্যবাসি য়িহুহ
য়িশ্‌রাএলের ঈশ্বর তুমি কেবল তুমিই পৃথিবীর
সকল রাজ্যের ঈশ্বর তুমিই স্বর্গ ও পৃথিবীর সৃষ্টি
করিয়াছ। [১৬] হে য়িহুহ আপন কর্ণ পাত
ও শুন হে য়িহুহ আপন চক্ষু খোল ও দেখ ও
জীবৎ ঈশ্বরকে নিন্দা করিতে সনিখেরীব যে
কথা পাঠাইয়াছে সে কথা শুন। [১৭] হে য়ি
হুহ সত্য আশূরের রাজারা এ জাতীয়েরদিগকে
ও তাহারদের দেশ নষ্ট করিয়াছে। [১৮] ও তা
হারদের দেবেরদিগকে অগ্নিতে ফেলিয়াছে যে
হেতুক তাহারা ঈশ্বর নয় কেবল মনুষ্যেরদের
হস্তকৃত কাষ্ঠ ও প্রস্তর সেপ্রযুক্ত তাহারা তাহার
দিগকে নষ্ট করিয়াছে। [১৯] অতএব এখন হে
য়িহুহ আমারদের ঈশ্বর আমি মিনতি করি তা
হার হাতহইতে আমারদিগকে উদ্ধার কর যে পৃ
থিবীর সকল রাজা জানে যে তুমিই য়িহুহ ঈশ্বর
অর্থাৎ কেবল তুমি।

[২০] তখন আমোসের পুত্র য়িশাঈয়াহ্
খিজিকীয়াহের নিকটে এ কথা পাঠাইল যে
য়িশ্‌রাএলের ঈশ্বর য়িহুহ এ কথা কহেন তুমি
আশূরের সনিখেরীবরাজের প্রতিকূলে যে প্রা
র্থনা করিয়াছ তাহা আমি শুনিয়াছি। [২১]
য়িহুহ তাহার বিষয়ে যে কথা কহিয়াছেন সে
এই সীওনের আইবড় কন্যা তোমাকে অবজ্ঞা
করিয়াছে ও পরিহাস করিয়াছে য়িরূশালমের
কন্যা তোমার প্রতি মাথা নাড়িয়াছে। [২২]
তুমি কাহাকে নিন্দা ও ভৎর্সনা করিয়াছ তুমি
কাহার বিপরীতে স্বর উচ্চ করিয়াছ ও চক্ষু উঠা
ইয়াছ য়িশ্‌রাএলের ধর্ম্মস্বরূপের বিপরীতেই।
[২৩] তুমি আপন প্রেষ্যেরদের দ্বারা য়িহুহকে

নিন্দা করিয়াছ ও কহিয়াছ যে আমি আপন
অনেক রথেতে তোমার পর্ব্বতের শৃঙ্গে অর্থাৎ
লিবানোনের পার্শ্বে পঁহুছিয়াছি ও তাহার
উচ্চ আরেজ বৃক্ষ ও উত্তম দেবদারু বৃক্ষ ছেদন
করিব আমি তাহার সীমার বাসস্থানে ও তাহার
করমেলারণ্যে প্রবেশ করিব। [২৪] আমি খু
দিয়াছি ও বিদেশীয় জলপান করিয়াছি ও আ
পন পদের তালুয়াতে সৈন্যবেষ্টিত স্থানের জল
শুষ্ক করিয়াছি।
[২৫] তুমি কি অনেক কালাবধি শুন নাই
যে আমি তাহা করিয়াছি ও তুমি কি পূর্ব্বকা
লাবধি শুন নাই যে আমি তাহা সৃষ্টি করিয়া
ছি আমি এখন তাহা প্রত্যক্ষ করিয়াছি যে তুমি
প্রাচীরবেষ্টিত অনেক নগর কাঁথড়া করিয়া অর
ণ্য করিবা। [২৬] তাহাতে তাহারদের নিবা
সিরা অল্পবল ছিল তাহারা ভীত ও বিস্ময়া
পন্ন ছিল তাহারা মাঠস্থ ঘাস ও কোমল তৃণ ও
গৃহের ছাতের উপরিস্থ ঘাস ও অবর্দ্ধিত কালে
শুষ্ক তৃণের মত ছিল। [২৭] কিন্তু আমি তো
মার নিবাস ও তোমার নির্গমন ও আগমন ও
আমার বিপরীত ক্রোধ জানি। [২৮] আমার
বিপরীতে তোমার কোপ ও তোমার কোলাহল
আমার কর্ণগোচর হইয়াছে এইপ্রযুক্ত আমি
তোমার নাসিকাতে আপন বরশী দিব ও তো
মার মুখে আপন লাগাম দিব ও তুমি যে পথ
দিয়া আসিয়াছিলা তাহাতে আমি তোমাকে
ফিরাইব। [২৯] এবং তোমার প্রতি এই চিহ্ন
হইবে এ বৎসর তোমরা স্বত্ব উৎপন্ন খাও ও
দ্বিতীয় বৎসরে তাহাতে উৎপন্ন খাও কিন্তু তৃ
তীয় বৎসরে বুন ও শস্য কাট ও দ্রাক্ষাক্ষেত্র
কর ও তাহার ফল খাও। [৩০] এবং য়িহু
দাহের গৃহের রক্ষিত যে অবশিষ্ট থাকে সে
আরবার অধোদিগে শিকড় গাড়িবে ও উপরে
ফল ফলিবে। [৩১] যেহেতুক য়িরূশালমহই
তে অবশিষ্ট ও সীওনপর্ব্বতহইতে রক্ষিত যাহা
রা তাহারা বাহিরে যাইবে য়িহুহের উদ্যোগ
ইহা সিদ্ধ করিবে। [৩২] অতএব আশূরের
রাজার বিষয়ে য়িহুহ এ কথা কহেন সে এ নগ
রে প্রবেশ করিবে না ও তাহার নিকটে শর
ক্ষেপ করিবে না ও ঢালেতে তাহার সম্মুখে আ
সিবে না ও তাহার প্রতিকূলে স্তূপ করিবে না।
[৩৩] য়িহুহ কহেন সে যে পথ দিয়া আইল সে
পথেতে ফিরিয়া যাইবে ও এ নগরে প্রবেশ ক
রিবে না। [৩৪] যেহেতুক আমি আপনার
নামের অর্থে ও আমার দাস দাউদের অর্থে এ
নগর উদ্ধার করিবার কারণ তাহা রক্ষা করিব।
[৩৫] এবং সেই রাত্রিতে এমত হইল য়িহু
হের দূত বাহির হইয়া আশূরের ছাউনিতে এক
শত পঁচাশী সহস্র জনকে মারিল এবং তাহা
রা প্রত্যূষে উঠিলে দেখ তাহারা সকল মৃত
ছিল। [৩৬] অতএব আশূরের সনিখেরীব
রাজ প্রস্থান করিল ও যাইয়া নিনিবেহে বাস
করিল [৩৭] এবং সে আপন দেব নিসরোকের
গৃহে পূজা করিতেছে তাহার মধ্যে তাহার দুই
পুত্র অদরমেলেক ও শরএসের তাহাকে তলো
আরে মারিল ও তাহারা অরারট দেশে পলা
ইল ও তাহার পুত্র এসরখদোন তাহার পদে
রাজ্য করিল।

২০ পর্ব্ব।

[১] সে সময়ে খিজিকীয়াহ সাঙ্ঘাতিক রোগে
তে পীড়িত ছিল এবং আমোসের পুত্র য়িশাঈ
য়াহ্ আচার্য্য তাহার নিকটে আইল ও তাহাকে
কহিল য়িহুহ এ কথা কহেন আপন ঘর সাজাই
য়া রাখ কেননা তুমি মরিবা ও বাঁচিবা না। [২]
তখন সে আপন মুখ দেয়ালের কাছে ফিরাইল
ও এ কথা কহিয়া য়িহুহের উদ্দেশে প্রার্থনা ক
রিল। [৩] হে য়িহুহ আমি এ মিনতি করি স্মরণ
কর যে আমি সত্যেতে ও সম্পূর্ণান্তঃকরণেতে তো
মার সম্মুখে আচরণ করিয়াছি ও তোমার দৃষ্টি
তে উত্তম ক্রিয়া করিয়াছি এবং খিজিকীয়াহ্ বড়
ক্রন্দন করিল। [৪] এবং য়িশাঈয়াহ্ রাজবাটী
হইতে মধ্যবর্ত্তি উঠানে না গেলে এমত হইল যে
য়িহুহের এ কথা তাহার নিকটে আইল। [৫] ফি
রিয়া যাও আমার লোকেরদের সেনাপতি খি
জিকীয়াহ্কে কহ তোমার পিতা দাউদের ঈশ্বর
য়িহুহ এ কথা কহেন যে আমি তোমার প্রার্থনা
শুনিয়াছি আমি তোমার অশ্রু দেখিয়াছি দেখ
আমি তোমাকে সুস্থ করিব তৃতীয় দিনে তুমি
য়িহুহের ঘরে যাইবা। [৬] এবং আমি তো
মার আয়ু পোনের বৎসর বাড়াইব এবং তো
মাকে ও এ নগর আমি আশূরের রাজার হাতহ
ইতে উদ্ধার করিব আমি আপনার নামপ্রযুক্ত ও
আপন দাস দাউদপ্রযুক্ত এ নগর রক্ষা করিব।
[৭] এবং য়িশাঈয়াহ্ কহিল তাহারা এক থলু
য়া ডুমুর লউক পরে তাহারা তাহা লইয়া ফো
ড়ার উপরে লাগাইল অনন্তর সে সুস্থ হইল।
[৮] এবং খিজিকীয়াহ্ য়িশাঈয়াহ্কে কহিল
য়িহুহ যে আমাকে সুস্থ করিবেন ও আমি যে
তৃতীয় দিনে য়িহুহের গৃহে যাইব ইহার চিহ্ন
কি। [৯] এবং য়িশাঈয়াহ্ কহিল য়িহুহ
আপনাতে কথিত কথা যে সম্পূর্ণ করিবেন তা
হাতে য়িহুহহইতে তোমার এ চিহ্ন হইবে ছায়া
কি দশ ক্রম আগাইবে কি দশ ক্রম পাছাইবে।
[১০] এবং খিজিকীয়াহ্ কহিল ছায়া যে দশ

ক্রম আগায় এই ক্ষুদ্র বিষয় তা নয় কিন্তু ছায়া
দশ ক্রম ফিরুক। [১১] পরে য়িশাঈয়াহ্ আচা
র্য্য য়িহুহের উদ্দেশে প্রার্থনা করিল এবং আখা
জের ছায়াঘড়িতে ছায়া যে দশ ক্রম আগাইয়া
ছিল তাহাতে তিনি তাহা ফিরাইয়া আনিলেন।
[১২] সে সময়ে বাবেলের রাজা যে বলঅ
দানের পুত্র বিরওদক বলঅদান পত্র ও উপ
ঢৌকন খিজিকীয়াহের নিকটে পাঠাইল কেন
না সে শুনিয়াছিল যে খিজিকীয়াহ্ পীড়িত হই
য়াছিল। [১৩] এবং খিজিকীয়াহ্ তাহারদের
কথাতে অবধান করিল ও আপন বহুমুল্য ব
স্তুর আগার অর্থাৎ রূপা ও স্বর্ণ ও সুগন্ধি দ্রব্য
ও বহুমুল্য তৈল ও আপন অস্ত্রাগার ও আপন
ধনের ভাণ্ডারে যত সে সকল তাহারদিগকে দে
খাইল খিজিকীয়াহ্ তাহারদিগকে যাহা দে
খায় নাই এমন কোন দ্রব্য তাহার বাটীর মধ্যে
ও তাহার সমুদায় রাজ্যের মধ্যে ছিল না।
[১৪] পরে য়িশাঈয়াহ্ আচার্য্য খিজিকীয়াহ্
রাজের নিকটে আসিয়া তাহাকে কহিল এ লো
কেরা তোমাকে কি কহিল ও তাহারা তোমার
নিকটে কোথাহইতে আইল এবং খিজিকীয়াহ্
কহিল তাহারা দূর দেশহইতে অর্থাৎ বাবেলহ
ইতে আসিয়াছে। [১৫] সে কহিল তাহারা
তোমার ঘরে কি দেখিয়াছে খিজিকীয়াহ্ উত্তর
করিল তাহারা আমার ঘরের সকল দ্রব্য দেখি
য়াছে আমি যাহা তাহারদিগকে দেখাই নাই
এমন আমার সকল ধনের মধ্যে কোন দ্রব্য
নাই। [১৬] পরে য়িশাঈয়াহ্ খিজিকীয়াহ্কে
কহিল তুমি য়িহুহের বাক্য শুন। [১৭] য়িহুহ
কহেন যে এমন সময় আসিতেছে যে তাহাতে
তোমার বাটীতে যত ও তোমার পিতৃলোকেরা
আজিপর্য্যন্ত যত সঞ্চয় করিয়াছে সে সকল বা
বেলে লইয়া যাওয়া যাইবে ও কিছু অবশিষ্ট
থাকিবে না। [১৮] ও তুমি যে বালকেরদিগ
কে জন্মাইবা অর্থাৎ তোমাতে যাহারা উৎপন্ন
হইবে তাহারদিগকে তাহারা লইয়া যাইবে ও
তাহারা বাবেলের রাজার অট্টালিকায় খোজা
হইবে। [১৯] তখন খিজিকীয়াহ্ য়িশাঈয়াহ্
কে কহিল য়িহুহের যে কথা তুমি কহিয়াছ সে
কথা উত্তম পরে সে কহিল আমার সময়ে যদি
শান্তি ও সত্যতা হয় তবে কি তাহা উত্তম নয়।
[২০] এবং খিজিকীয়াহের আর২ কর্ম্ম ও তা
হার পরাক্রম ও সে যেরূপে এক পুষ্করিণী ও
জলের এক নরদামা করিল ও নগরে যেরূপে জল
আনিল তাহা কি য়িহুদাহের রাজারদের বিব
রণপুস্তকে লেখা যায় নাই। [২১] এবং খিজিকী
য়াহ্ আপন পিতৃলোকেরদের সহিত নিদ্রা গেল
ও তাহার পুত্র মনশেহ্ তাহার পদে রাজ্য
করিল।

২১ পর্ব্ব।

[১] মনশেহ্ যখন রাজ্য করিতে আরম্ভ ক
রিল তখন বার বৎসরবয়স্ক ছিল ও য়িরূশা
লমে পঞ্চান্ন বৎসর রাজ্য করিল ও তাহার মা
তার নাম খেফসীবাহ্।
[২] এবং য়িহুহ যে অন্যদেশীয় লোকের
দিগকে য়িশরাএলের সন্তানেরদের সম্মুখহইতে
দূর করিয়াছিলেন তাহারদের ঘৃণার্হ ক্রিয়ানুরূপ
কুক্রিয়া সে য়িহুহের সাক্ষাৎ করিল। [৩] কে
ননা আপনার পিতা খিজিকীয়াহ্ যে২ উচ্চ
স্থান নষ্ট করিয়াছিল তাহা সে আরবার গাঁথা
ইল ও বআলের কারণ বেদি করিল ও য়িশরাএ
লের আখাবরাজের মত এক চৈত্যবৃক্ষ করিল
ও স্বর্গের সকল সৈন্যের ভজনা ও সেবা করিল।
[৪] এবং য়িহুহ যাহার বিষয়ে কহিয়াছিলেন
যে আমি য়িরূশালমে আপন নাম স্থাপন করি
ব এমন যে য়িহুহের মন্দির তাহার মধ্যে সে
বেদি গাঁথাইল। [৫] এবং য়িহুহের ঘরের দুই
উঠানে সে স্বর্গের সকল সৈন্যের কারণ বেদি গাঁ
থাইল। [৬] এবং সে আপন পুত্রকে অগ্নিপ
থে গতি করাইল ও বিশেষ কাল মানিল ও মন্ত্র
ব্যাপার করিল ও জাদুগিরি ও ডাইনপনা করিল
সে য়িহুহকে ক্রুদ্ধ করিবার কারণ তাঁহার সাক্ষাৎ
অনেক মন্দ ক্রিয়া করিল। [৭] এবং যে ঘরের
বিষয়ে য়িহুহ দাউদকে ও তাহার পুত্র শলমন
কে কহিয়াছিলেন যে এই ঘরে এবং য়িশরাএ
লের সকল গোষ্ঠীর মধ্যহইতে যাহা পসন্দ করি
য়াছি এমন যে য়িরূশালম তাহাতেও আমি আ
পন নাম নিত্য স্থাপন করিব সেই ঘরে সে আ
পন কৃত চৈত্যবৃক্ষস্থ খোদা প্রতিমাস্থাপন ক
রিল। [৮] এবং আমি যে সকল আজ্ঞা তাহার
দিগকে দিয়াছি ও আমার দাস মোশহ্ যে শাস্ত্র
তাহারদিগকে দিল কেবল তদনুযায়ি ক্রিয়া ক
রিতে যদি তাহারা মনোযোগ করিবে তবে আমি
তাহারদের পিতৃলোকেরদিগকে যে দেশ দিলাম
সে দেশের মধ্যহইতে আমি য়িশরাএলের পা
চালাইব না। [৯] কিন্তু তাহারা মনোযোগ
করিল না এবং য়িহুহ যে সকল জাতি য়িশরা
এলের সন্তানেরদের সম্মুখহইতে নষ্ট করিলেন
তাহারদের অপেক্ষা মন্দ কার্য্য করিতে মনশেহ্
তাহারদিগকে প্ররোচনা করিল।
[১০] এবং য়িহুহ আপন আচার্য্যেরদের প্র
মুখাৎ এ কথা কহিলেন। [১১] য়িহুদাহের
মনশেহ্রাজ এ সকল ঘৃণার্হ ক্রিয়া করিয়াছে
এবং তাহার পূর্ব্বে যে অমোরীয়েরা ছিল তা

ছারদের সকল ক্রিয়াহইতে কুক্রিয়া করিয়াছে
এবং আপন প্রতিমারদের দ্বারা য়িহুদাহ্কে
পাপ করাইয়াছে। [১২] অতএব য়িশ্রাএ
লের ঈশ্বর য়িহুহ এ কথা কহেন দেখ আমি য়ি
রূশালমের ও য়িহুদাহের উপরে এমন দুর্গতি
আনিতেছি যে তাহার বিষয়ে যে কেহ শুনে
তাহার দুই কর্ণ সুড়সুড় করিবে। [১৩] এবং
আমি য়িরূশালমের উপরে শমরোণের দড়ি ও
আখাবের বংশের সালসূতা টানিয়া দিব এবং
কেহ কোন পাত্র পুঁচত ও উলটায়ত যেমন তাহা
পুঁচে তেমন আমি য়িরূশাম পুঁচিয়া ফেলিব
[১৪] এবং আমি আপন অধিকারের অবশিষ্ট
কে ত্যাগ করিব ও তাহারদের শত্রুরদের হাতে
তাহারদিগকে সমর্পণ করিব এবং তাহারা আ
পনারদের সকল শত্রুরদের প্রতি শিকার ও লুঠ
বস্তু হইবে [১৫] কেননা তাহারা আমার দৃষ্টি
তে কুক্রিয়া করিয়াছে ও তাহারদের পিতৃলো
কেরা যে সময়ে মিসরহইতে বাহিরে আইল
তদবধি আজিপর্য্যন্ত আমাকে ক্রুদ্ধ করিয়াছে।
[১৬] এবং মনশেহ্ য়িহুহের দৃষ্টিতে কুক্রিয়া
করত যে পাপেতে য়িহুদাহকে পাপে প্রবৃত্ত ক
রিল তাহাব্যতীত দোষরহিতেরদের রক্ত এমন
অতিশয় পাত করিল যে য়িরূশালম এক মুড়াহ
ইতে অন্য মুড়াপর্য্যন্ত রক্তেতে পূর্ণ করিয়াছিল।

[১৭] মনশেহের আর২ ক্রিয়া ও সে যাহা২
করিল ও সে যে পাপ করিল তাহার সে পাপ
কি য়িহুদাহের রাজারদের বিবরণপুস্তকে লি
খিত নাই। [১৮] পরে মনশেহ্ আপন পিতৃ
লোকেরদের সহিত শয়ন করিল এবং আপন
গৃহের উদ্যানে অর্থাৎ উজার বাগানে পোঁতা
গেল ও তাহার পুত্র আমোন তাহার পদে রাজ্য
করিল।

[১৯] আমোন যখন রাজ্য করিতে আরম্ভ ক
রিল তখন বাইশবৎসরবয়স্ক ছিল এবং সে য়ি
রূশালমে দুই বৎসর রাজ্য করিল তাহার মা
তার নাম মিশুল্লেমেত সে যাটবাহ্বাসি খরূ
সের কন্যা। [২০] এবং তাহার পিতা মনশেহ্
যেমন করিয়াছিল তেমন সেও কুক্রিয়া করিল।
[২১] তাহার পিতা যে পথে গিয়াছিল সেসকল
পথে সে গেল ও তাহার পিতা যে প্রতিমার সে
বা করিয়াছিল সে প্রতিমারদের সেবা ও ভজনা
সে করিল। [২২] এবং সে আপন পিতৃলোকের
দের ঈশ্বর য়িহুহকে ত্যাগ করিল ও য়িহুহের
পথে গতি করিল না।

[২৩] এবং অমোনের চাকরেরা তাহার দ্রোহ
করিল ও তাহারা নিজ গৃহে রাজাকে মারিল।
[২৪] পরে যাহারা আমোনরাজের দ্রোহ করি
য়াছিল তাহারদিগকে দেশের লোকেরা বধ ক
রিল এবং দেশের লোকেরা তাহার পুত্র য়ো
শীয়াহ্কে তাহার পদে রাজা করিল। [২৫]
আমোনের আর২ ক্রিয়া ও সে যাহা২ করিল
তাহা কি য়িহুদাহের রাজারদের বিবরণপুস্তকে
লিখিত নাই। [২৬] এবং সে উজার বাগানে
আপন কবরে পোঁতা গেল ও তাহার পুত্র য়ো
শীয়াহ্ তাহার পদে রাজ্য করিল।

২২ পর্ব্ব।

[১] য়োশীয়াহ্ যখন রাজ্য করিতে আরম্ভ
করিল তখন আটবৎসরবয়স্ক ছিল এবং সে য়ি
রূশালমে একত্রিশ বৎসর রাজ্য করিল তাহার
মাতার নাম য়িদীদাহ্ সে বস্কতের অদিয়াহের
কন্যা। [২] এবং সে য়িহুহের দৃষ্টিতে সুকর্ম্ম
করিল এবং আপন পিতা দাউদের পথে চলিল
এবং দক্ষিণে বামে তাহা ছাড়িল না।

[৩] য়োশীয়াহের অষ্টাদশ বৎসরে এমত
হইল রাজা মিশুল্লামের পুত্র অসলীয়াহের পুত্র
শাফান লেখককে এ কথা কহিয়া য়িহুহের গৃহে
পাঠাইল। [৪] খিলকীয়াহ্ প্রধান যাজকের
নিকটে যাও যে য়িহুহের গৃহে যে রূপা আনা
যায় ও যাহা দ্বারপালেরা লোকেরদের স্থানে
সংগ্রহ করিয়াছে তাহার একুন করে। [৫] এ
বং যাহারা য়িহুহের গৃহের কার্য্যের পরিদর্শক
তাহারা য়িহুহের গৃহকর্ম্মকারকেরদের হাতে গৃ
হের ভগ্ন স্থান সারিবার কারণ তাহারদিগকে তা
হা দিউক। [৬] অর্থাৎ সূত্রধরেরদিগকে ও গ্রন্থ
কারেরদিগকে ও রাজেরদিগকে এবং গৃহ সারি
বার কারণ কাষ্ঠ ও খোদা প্রস্তর কিনিতে দিউক।
[৭] কিন্তু যে ধন তাহারদের হাতে সমর্পিত ছিল
তাহার বিষয়ে তাহারদের সহিত কিছু হিসাব
করা গেল না যেহেতুক তাহারা বিশ্বাস্য কর্ম্ম
করিল।

[৮] এবং খিলকীয়াহ্ প্রধান যাজক শাফান
লেখককে কহিল যে আমি য়িহুহের গৃহে শাস্ত্র
পুস্তক পাইয়াছি পরে খিলকীয়াহ্ শাফানকে
সে পুস্তক দিল ও সে তাহা পাঠ করিল। [৯]
পরে শাফান লেখক রাজার নিকটে যাইয়া রা
জাকে পুনঃ সমাচার দিল যে গৃহের মধ্যে যত
মুদ্রা পাওয়া গিয়াছে সে সকল তোমার দাসে
রা একত্র করিয়াছে ও য়িহুহের গৃহের কর্ম্মাধ্য
ক্ষ কর্ম্মকারি লোকেরদের হাতে দিয়াছে। [১০]
পরে শাফান লেখক রাজাকে এ কথা কহিয়া
জানাইল যে খিলকীয়াহ্যাজক আমাকে এক
পুস্তক দিয়াছে এবং শাফান রাজার সাক্ষাৎ
তাহা পাঠ করিল। [১১] রাজা শাস্ত্রের পুস্ত
কের কথা শুনিলে এমত হইল যে সে আপন

বস্ত্র ছিঁড়িল। [১২] পরে রাজা খিল্‌কীয়াহ্
যাজককে ও শাফানের পুত্র আখীকামকে ও
মীকায়াহের পুত্র অক্‌বোরকে ও শাফান লেখ
ককে ও অশায়াহ্ নামে রাজার এক দাসকে
আজ্ঞা করিল। [১৩] যাও আমার নিমিত্তে ও
লোকেরদের নিমিত্তে ও সকল যিহুদাহের নিমি
ত্তে ঐ লব্ধ পুস্তকের বিষয়ে যিহুহের স্থানে জিজ্ঞা
সা কর যেহেতুক আমারদের পিতৃলোকেরা আ
মারদের বিষয়ে লিখিত সকল কথানুসারে করি
বার কারণ এ পুস্তকের কথাতে অবধান করেন
নাই এই কারণেতে য়িহুহের যে ক্রোধ আমার
দের বিপরীতে প্রজ্বলিত হইয়াছে তাহাই বড়।
[১৪] অতএব খিল্‌কীয়াহ্ যাজক ও আখীকাম
ও অক্‌বোর ও শাফান ও অশায়াহ্ অস্ত্রাগারের
অধ্যক্ষ খর্‌খসের পুত্র তিক্‌বাহের পুত্র শলুমের
ভার্য্যা খুলদাহ্ আচার্য্যাণীর নিকটে গেল সে
য়িরূশালমে বিদ্যাগারে বাস করিত ও তাহার
সহিত কথাবার্ত্তা কহিল।

[১৫] সে তাহারদিগকে কহিল য়িশ্‌রাএলের
ঈশ্বর য়িহুহ এ কথা কহেন যে মানুষ তোমার
দিগকে আমার নিকটে পাঠাইল তাহাকে কহ।
[১৬] য়িহুহ এ কথা কহেন দেখ আমি এ স্থা
নের উপরে ও তন্নিবাসিরদের উপরে অমঙ্গল ঘ
টাইব অর্থাৎ য়িহুদাহের রাজা যে পুস্তকের কথা
শুনিয়াছে সে সকল। [১৭] যেহেতুক তাহারা
আপনারদের হাতের সকল ক্রিয়াতে আমাকে
ক্রুদ্ধ করিবার নিমিত্তে আমাকে ত্যাগ করিয়াছে
ও অন্য দেবেরদের উদ্দেশে ধূপ পোড়াইয়াছে
সেপ্রযুক্ত আমার ক্রোধ এ স্থানের প্রতিকূলে প্র
জ্বলিত হইবে ও নির্ব্বাণ করা যাইবে না। [১৮]
কিন্তু য়িহুহের স্থানে জিজ্ঞাসা করিতে তোমার
দিগকে পাঠাইলেন যে য়িহুদাহের রাজা তাহা
কে এ কথা কহ য়িশ্‌রাএলের ঈশ্বর য়িহুহ এ ক
থা কহেন তুমি যে কথা শুনিয়াছ তাহার বিষ
য়ে ইহা কহি। এ স্থানের বিপরীতে ও এ স্থান
বাসিরদের বিপরীতে আমি যে কথা কহিয়াছি
লাম যে তাহারা অরণ্য ও শাপবিষয় হইবে
সে কথা তুমি যখন শুনিলা [১৯] তখন তোমার
অন্তঃকরণ কোমল হইল ও তুমি য়িহুহের সম্মু
খে আপনাকে নম্র করিয়াছ ও আপন বস্ত্র চি
রিয়াছ ও আমার সম্মুখে ক্রন্দন করিয়াছ য়ি
হুহ কহেন যে আমিও তোমার কথা শুনিয়াছি।
[২০] অতএব দেখ আমি তোমাকে তোমার
পিতৃলোকেরদের সহিত একত্র করিব এবং তু
মি শান্তিতে আপন কবরে সংগৃহীত হইবা
এবং আমি এ স্থানের উপরে যে সকল অমঙ্গল
আনিব সে সকল তোমার চক্ষু দেখিবে না।
[২১] পরে তাহারা আরবার রাজাকে সমাচার
দিল।

২৩ পর্ব্ব।

[১] পরে রাজা পাঠাইল ও তাহারা য়িহুদা
হের য়িরূশালমের সকল প্রাচীন লোকেরদিগ
কে তাহার নিকটে একত্র করিল। [২] এবং
রাজা য়িহুহের মন্দিরে গেল এবং য়িহুদাহের
সকল লোক ও য়িরূশালমনিবাসি সকলে ও
আচার্য্যেরা ও আপামরসাধারণ সমস্ত লোক
তাহার সহিত গেল এবং য়িহুহের ঘরে পাওয়া
গেল যে নিয়মের পুস্তকের সকল কথা তাহা তা
হারদের কর্ণগোচরে পাঠ করিল।

[৩] এবং রাজা এক স্তম্ভের নিকটে দাঁড়াইল
এবং এ পুস্তকে লিখিত এ নিয়মের বাক্য পা
লন করিবার জন্যে য়িহুহের অনুসারে চলিতে ও
তাঁহার আজ্ঞা ও সাক্ষ্য কথা ও বিধি আপনার
দের সকল অন্তঃকরণের ও প্রাণের সহিত পা
লন করিতে য়িহুহের সম্মুখে নিয়ম করিল এবং
সমস্ত লোক ঐ নিয়মেতে স্থির থাকিল। [৪]
এবং যে সকল পাত্র বআলের কারণ ও চৈত্য
বৃক্ষের কারণ ও স্বর্গের সকল সৈন্যের কারণ
করা গিয়াছিল সে সকল বাহির করিতে রাজা
খিল্‌কীয়াহ্ প্রধান যাজক ও দ্বিতীয় পালা স
কল যাজকেরদিগকে ও দ্বারপালেরদিগকে আ
জ্ঞা দিল পরে সে য়িরূশালমের বাহিরে কী
দ্রোণ মাঠে তাহা দগ্ধ করিল ও তাহারদের ভস্ম
বৈৎএলে লইয়া গেল। [৫] এবং য়িহুদাহের
নগরে ও য়িরূশালমের চতুর্দ্দিগের উচ্চ স্থানে
ধূপ পোড়াইতে যাহারদিগকে য়িহুদাহের রা
জারা নিযুক্ত করিয়াছিল সে প্রতিদেবপূজক যা
জকেরদিগকে এবং যাহারা বআলের ও সূর্য্যের
ও চন্দ্রের ও গ্রহেরদের ও স্বর্গের সকল সৈ
ন্যের উদ্দেশে ধূপ পোড়াইত তাহারদিগকেও
ভ্রষ্ট করিল। [৬] এবং সে য়িহুহের গৃহের
মধ্যস্থিত চৈত্যবৃক্ষ বাহির করিয়া য়িরূশাল
মের বাহিরে কীদ্রোণ নদীর নিকটে আনিল
ও কীদ্রোণনদীর নিকটে পোড়াইল ও ধূলার
মত মিহী করিয়া তাহা পিসিল ও তাহার
চূর্ণ লোকেরদের কবরের উপরে ফেলা গেল।
[৭] এবং স্ত্রীলোকেরদের চৈত্যবৃক্ষের জন্যে
পরদা বুননের স্থানে য়িহুহের গৃহের নিকটস্থ
পুংশৃঙ্গারকারিরদের যে গৃহ সে গৃহ ভাঙ্গিয়া
ফেলিল। [৮] এবং সে য়িহুদাহের নগরহইতে
সকল যাজকেরদিগকে আনিল ও যে২ উচ্চস্থানে
যাজকেরা ধূপ পোড়াইয়াছিল সেই২ স্থান গেবআ
হইতে বিএরশেবআপর্য্যন্ত অশুচি করিল এবং
নগরাধ্যক্ষ য়িহোশুআর দ্বারের প্রবেশস্থানে

নগর দ্বারে থাকিলে মনুষ্যের দক্ষিণস্থ দ্বারের
উচ্চস্থান ভাঙ্গিয়া ফেলিল। [৯] কিন্তু উচ্চস্থানের
যাজকেরা য়িহুহের য়িরূশালমস্থ যজ্ঞবেদির নি
কটে আইল না কিন্তু আপনারদের ভ্রাতারদের
মধ্যে রেখমির রুটি ভোজন করিল [১০] এবং
কোন কেহ মোলেকের উদ্দেশে আপন পুত্রকে
কিম্বা কন্যাকে অগ্নিপথে গতি না করায় এই কা
রণ সে হিনোমের সন্তানেরদের মাঠস্থ তোফেত
অশুচি করিল। [১১] এবং শাখানগরস্থিত
নাতানমেলেক কর্ম্মচারির কুঠরির নিকটে য়িহু
হের গৃহের প্রবেশস্থানে যে ঘোটকেরদিগকে য়ি
হুদাহের রাজা সূর্য্যকে দিয়াছিল সে ঘোটকের
দিগকে সে দূর করিল এবং অগ্নিতে সূর্য্যের রথ
পোড়াইল। [১২] এবং য়িহুদাহের রাজারা
যেং বেদি আখাজের উপরিস্থ কুঠরির উপরে ক
রিয়াছিল এবং মনশেহ্ য়িহুহের গৃহের দুই
উঠানে যে বেদি করিয়াছিল সেং বেদি রাজা ভা
ঙ্গিল ও সেখানহইতে লইয়া চূর্ণ করিল ও তা
হার চূর্ণ কীদ্রোণনদীতে ফেলিল। [১৩] এবং
য়িশরাএলের শলমনরাজ সীদোনীয়েরদের ঘৃ
ণার্হ বস্তু অশ্তোরেতের কারণ ও মোআবীয়ের
দের ঘৃণার্হ বস্তু কিমোশের কারণ ও অমোনের
সন্তানেরদের ঘৃণার্হ বস্তু মিলকোমের কারণ
ক্লেদের পর্ব্বতের দক্ষিণে স্থিত য়িরূশালমের
সম্মুখে যেং উচ্চ স্থান করিয়াছিল সেং বেদি রা
জা অশুচি করিল। [১৪] এবং সেং প্রতিমা
ভাঙ্গিয়া ফেলিল ও চৈত্যবৃক্ষ কাটিয়া ফেলিল
ও তাহার স্থান মনুষ্যের অস্থিতে পূর্ণ করিল।
[১৫] এবং য়িশরাএলকে পাপে প্রবৃত্ত করিল
যে নিবাটের পুত্র য়িরবিআম সে বাৎএলস্থ
যে যজ্ঞবেদি ও উচ্চ স্থান করিয়াছিল সে বেদি
ও উচ্চ স্থান সে ভাঙ্গিয়া ফেলিল ও সে উচ্চ
স্থান অগ্নিতে পোড়াইল ও তাহা কুটিয়া চূর্ণ ক
রিল ও চৈত্য বৃক্ষ পোড়াইল। [১৬] এবং য়ো
শিয়াহ্ আপন শরীর ফিরাইতে পর্ব্বতস্থ কবর
দেখিল পরে লোক পাঠাইয়া সেং কবরহইতে
অস্থি লইল এবং য়িহুহের যে মানুষ এং কথা
ঘোষণা করিয়াছিল তৎকর্ত্তৃক ঘোষিত য়িহুহের
বাক্যানুসারে সে অস্থি বেদির উপরে পোড়া
ইয়া তাহা অশুচি করিল। [১৭] পরে সে কহিল
আমি যে লক্ষণ দেখি তাহা কি তাহাতে নগরের
লোকেরা তাহাকে কহিল য়িহুদাহ্হইতে আ
গত অথচ বাৎএলস্থ যজ্ঞবেদির বিপরীতে তো
মার কৃত ক্রিয়া সকল প্রকাশকারি ঈশ্বরের মা
নুষের কবর এই। [১৮] পরে সে কহিল তা
হাকে থাকিতে দেও কেহ তাহার অস্থি স্থানা
ন্তর না করুক অতএব তাহারা তাহার অস্থি শম
রোণহইতে আগত আচার্য্যের অস্থির সহিত
ত্যাগ করিল। [১৯] এবং ক্রোধ জন্মাওনার্থে
য়িশরাএলের রাজারা শমরোণনগরস্থ যে উচ্চ
স্থানে গৃহ নির্ম্মাণ করিয়াছিল সে সকল গৃহ
য়োশীয়াহ্ দূর করিল এবং বাৎএলে যে কর্ম্ম
করিয়াছিল তদনুসারে তাহার প্রতি করিল।
[২০] এবং তত্রস্থ উচ্চ স্থানের সকল যাজকের
দিগকে বেদির উপরে বধ করিল ও তাহারদের
উপরে মনুষ্যেরদের অস্থি দাহ করিল পরে য়ি
রূশালমে ফিরিয়া গেল। [২১] পরে রাজা
সকল লোককে আজ্ঞা করিল এ নিয়মপুস্তকে
যেমত লিখিত আছে সেমত আপনারদের ঈশ্বর
য়িহুহের উদ্দেশে পেসাখ্ পালন কর। [২২]
যে বিচারকর্ত্তারা য়িশরাএলের বিচার করিয়াছে
তাহারদের কালাবধি কিম্বা য়িশরাএলের রা
জারদের কিম্বা য়িহুদাহের রাজারদের অধিকা
রের সকল সময়ে এমন পেসাখ্ কখন পালন
করা যায় নাই। [২৩] কিন্তু য়োশীয়াহের অষ্টা
দশ বৎসরে এ পেসাখ্ য়িরূশালমে য়িহুহের
উদ্দেশে পালিত ছিল।

[২৪] এবং খিলকীয়াহ্ যাজক য়িহুহের গৃহে
যে পুস্তক পাইল তাহাতে লিখিত শাস্ত্রের সমস্ত
বাক্য পালনকরণার্থে জাদুগরেরদিগকে ও ডাই
নেরদিগকে ও পুত্তলিকারদিগকে ও প্রতিমারদি
গকে এবং য়িহুদাহ্দেশে ও য়িরূশালমে যত ঘৃ
ণার্হ বস্তু পাওয়া গেল সে সকল য়োশীয়াহ্ দূর
করিল। [২৫] এবং আপন সর্ব্বান্তঃকরণের সহি
ত ও আপন সমস্ত মনের সহিত ও আপন সকল
বলের সহিত মোশহের সকল শাস্ত্রের অনুসারে
য়িহুহের পক্ষে ফিরিল এমন কোন রাজা তাহার
পূর্ব্বে ছিল না এবং তাহার পরেও এমন কেহ
উৎপন্ন হয় নাই। [২৬] তথাপি মনশেহ্ যে স
কল ক্রোধজনক ক্রিয়াতে য়িহুহকে ক্রুদ্ধ করিয়া
ছিল তাহাতে যে অতিশয় ক্রোধেতে তাহার
ক্রোধ য়িহুদাহের প্রতিকূলে প্রজ্বলিত ছিল তা
হাহইতে য়িহুহ ফিরিলেন না। [২৭] এবং য়ি
হুহ কহিলেন আমি যেমন য়িশরাএলের প্রতি
করিয়াছি তেমন আপন দৃষ্টিহইতে য়িহুদাহ্কে
ও দূর করিব এবং আমি এ যে য়িরূশালমনগর
মনোনীত করিয়াছি তাহা ও যে গৃহের বিষয়ে
আমি কহিয়াছি যে আমার নাম সে স্থানে থা
কিবে তাহাও আমি ত্যাগ করিব। [২৮] য়োশী
য়াহের আরং কর্ম্ম ও সে যে সকল করিল তাহা
কি য়িহুদাহের রাজারদের বিবরণপুস্তকে লি
খিত নাই।

[২৯] তাহার কালে মিসরের ফরওহ্নিকো
রাজ আশূরের রাজার বিরুদ্ধে ফরাৎ নদীর নি

কটে গেল এবং য়োশীয়াহ্‌রাজ তাহার বিরুদ্ধে
গেল এবং সে তাহাকে দেখিয়া মিগিদোতে তা
হাকে বধ করিল। [৩০] পরে তাহার দাসেরা
তাহার মৃত শরীর রথে মিগিদোহইতে য়িরূশাল
মে লইয়া গেল ও তাহাকে তাহার নিজ কবরে
পুঁতিল পরে দেশের লোকেরা য়োশীয়াহের
পুত্র য়িহোআখাজকে লইল ও তাহার পিতার
পদে তাহাকে অভিষিক্ত করিয়া রাজা করিল।
[৩১] য়িহোআখাজ যখন রাজ্য করিতে আ
রম্ভ করিল তখন তেইশবৎসরবয়স্ক ছিল এবং
য়িরূশালমে তিন মাস রাজ্য করিল তাহার মা
তার নাম খমুটল সে লিবনাহের য়িরিমিয়া
হের কন্যা। [৩২] এবং তাহার পিতৃলোকেরা
যে সকল কুক্রিয়া করিয়াছিল তদনুসারে সে য়িহু
হের দৃষ্টিতে কুক্রিয়া করিল। [৩৩] এবং সে
য়িরূশালমে রাজ্য না করে এই নিমিত্তে ফরওহ্‌
নিকো খমাতদেশস্থ রিবলাহে তাহাকে কএদ
করিল এবং দেশের উপরে এক শত কিকর রূপা
ও এক কিকর স্বর্ণ দেওনের ভার দিল। [৩৪]
পরে ফরওহ্‌নিকো য়োশীয়াহের পুত্র এলিয়া
কিমকে রাজা করিল ও তাহার নাম য়িহোয়াকিম
রাখিল। এবং য়িহোআখাজকে মিস্‌রে লইয়া
গেল ও সে সেখানে পঁহুছিয়া মরিল। [৩৫]
এবং য়িহোয়াকিম সে রূপা ও স্বর্ণ ফরওহ্‌কে
দিল কিন্তু ফরওহের আজ্ঞানুসারে সে অর্থ দিবার
জন্যে দেশে কর স্থাপন করিতে আজ্ঞা দিল সে ফ
রওহ্‌নিকোকে দিবার কারণ দেশের লোকেরদের
কাছে সে রূপা ও স্বর্ণ আদায় করিল অর্থাৎ প্র
তিজনের করের নিরূপণানুসারে আদায় করিল।
[৩৬] য়িহোয়াকিম যখন রাজ্য করিতে আ
রম্ভ করিল তখন পঁচিশবৎসরবয়স্ক ছিল এবং
সে য়িরূশালমে এগার বৎসর রাজ্য করিল তা
হার মাতার নাম জিবুদাহ সে রূমাহের পিদায়া
হের কন্যা। [৩৭] এবং তাহার পিতৃলোকেরা
যে সকল করিয়াছিল তদনুরূপে সে য়িহুহের দৃ
ষ্টিতে কুক্রিয়া করিল।

২৪ পর্ব্ব।

[১] তাহার অধিকারসময়ে বাবেলের নিবু
কদনেসররাজ আইল এবং তিন বৎসরপর্য্যন্ত
য়িহোয়াকিম তাহার অধীন হইল পরে সে ফি
রিয়া তাহার কর্ত্তৃত্বত্যাগ করিল। [২] এবং
য়িহুহ তাহার বিরুদ্ধে কাশ্দীয়েরদের ও আ
মোরীয়েরদের দল ও মোআবীয়েরদের দল ও
অম্মোনের সন্তানেরদের দল প্রেরণ করিলেন
এবং য়িহুহ আপন আচার্য্যরূপ দাসেরদের
প্রমুখাৎ যে কথা কহিয়াছিলেন তদনুসারে তিনি
য়িহুদাহ্‌কে নষ্ট করিবার কারণ তাহারদিগকে
তাহার প্রতিকূলে পাঠাইলেন। [৩] মনশেহ্‌ যে
সকল কর্ম্ম করিয়াছিল তাহার তদনুরূপ পাপে
তে [৪] ও তাহাতে পাতিত দোষরহিত রক্তেতেও
য়িহুহের আজ্ঞাতে অবশ্য য়িহুদাহোপরি এ
দশা ঘটিল যেহেতুক যে দোষরহিত জনেরদের
রক্তপাত ক্ষমা করিতে য়িহুহ অসম্মত ছিলেন
সে দোষরহিত জনেরদের রক্তেতে য়িরূশালম
পূর্ণ করিয়াছিল।
[৫] য়িহোয়াকিমের আর২ ক্রিয়া ও সে যে স
কল করিল তাহা কি য়িহুদাহের রাজারদের বিব
রণপুস্তকে লিখিত নাই। [৬] পরে য়িহোয়াকিম
আপন পিতৃলোকেরদের সহিত শয়ন করিল ও
তাহার পুত্র য়িহোয়াকিন তাহার পদে রাজ্য ক
রিল। [৭] পরে মিস্‌রের রাজা আপন দেশহ
ইতে পুনর্ব্বার আইল না যেহেতুক মিস্‌রের
নদীহইতে ফরাত নদীপর্য্যন্ত মিস্‌রের রাজার
যত অধিকার ছিল সে সকল বাবেলের রাজা
হস্তবশ করিয়াছিল।
[৮] য়িহোয়াকিন যখন রাজ্য করিতে আরম্ভ
করিল তখন আঠারবৎসরবয়স্ক ছিল এবং সে
য়িরূশালমে তিন মাস রাজ্য করিল তাহার মা
তার নাম নিখূশতা সে য়িরূশালমের এলনাতা
নের কন্যা। [৯] এবং তাহার পিতা যেমন ক
রিয়াছিল তেমন সে য়িহুহের দৃষ্টিতে কুক্রিয়া
করিল।
[১০] সে সময়ে বাবেলের নিবুকদনেসররা
জের দাসেরা য়িরূশালমের বিরুদ্ধে আইল এবং
নগর রুদ্ধ হইল। [১১] এবং বাবেলের নিবু
কদনেসররাজ নগরের প্রতিকূলে আইল ও তা
হার দাসেরা তাহা রোধ করিল। [১২] এবং
য়িহুদাহের য়িহোয়াকিনরাজ অর্থাৎ সে ও তা
হার মাতা ও তাহার দাসেরা ও তাহার অধ্যক্ষে
রা ও তাহার কর্ম্মচারিরা বাবেলের রাজার নিক
টে বাহিরে গেল এবং বাবেলের রাজা আপন
অধিকারের অষ্টম বৎসরে তাহাকে জয় করিয়া
ধরিল। [১৩] এবং য়িহুহ যেমন কহিয়াছিলেন
তেমন সেস্থানহইতে সে য়িহুহের গৃহের সকল
ধন ও রাজবাটীর সকল ধন লইয়া গেল ও য়িশ
রাএলের শলমনরাজ য়িহুহের মন্দিরে যে স্বর্ণ
ময় পাত্র নির্ম্মাণ করিয়াছিল সে সকল কাটিয়া
ফেলিল। [১৪] এবং সে য়িরূশালমস্থ সকল
লোকেরদিগকে ও সকল অধ্যক্ষেরদিগকে ও ব
লবান যোদ্ধারদিগকে অর্থাৎ দশ সহস্র বন্দি
লোককে ও সকল শিল্পকরেরদিগকে ও কামা
রেরদিগকে লইয়া গেল দেশের দরিদ্র লোকব্য
তিরেকে আর কেহ থাকিল না। [১৫] এবং
সে য়িহোয়াকিনকে ও রাজার মাতাকে ও রা

জার ভার্য্যারদিগকে ও তাহার কর্ম্মচারিরদিগকে ও দেশের পরাক্রান্ত লোকেরদিগকে বাবেলে লইয়া গেল সে তাহারদিগকে বন্দি করিয়া য়িরূশালমহইতে বাবেলে দাসত্বে লইয়া গেল [১৬] এবং বলবান সকল লোকেরদিগকে অর্থাৎ সাত সহস্র জনকে ও এক সহস্র শিল্পকরকে ও কামারেরদিগকে ও যাহারা বলবান ও যুদ্ধের উপযুক্ত তাহারদিগকে বাবেলের রাজা বাবেলে দাসত্বে লইয়া গেল।

[১৭] পরে বাবেলের রাজা রাজমাতুল মত্তনীয়াহ্‌কে তাহার পদে রাজা করিল ও তাহার নাম অন্যথা করিয়া সিদিকীয়াহ্‌ রাখিল। [১৮] সিদিকীয়াহ্‌ যখন রাজ্য করিতে আরম্ভ করিল তখন একুশবৎসরবয়স্ক ছিল এবংএগার বৎসর য়িরূশালমে রাজ্য করিল তাহার মাতার নাম খমুটল সে লিবনাহের য়িরমীয়াহের কন্যা। [১৯] এবং য়িহোয়াকিম যাহা করিয়াছিল সে সকলের অনুসারে সে য়িহুহের দৃষ্টিতে কুক্রিয়া করিল। [২০] যেহেতুক য়িহুহ তাহারদিগকে যে পর্য্যন্ত আপন সম্মুখহইতে নিঃক্ষেপ না করিয়াছিলেন সেপর্য্যন্ত য়িহুহের ক্রোধপ্রযুক্ত য়িরূশালম ও য়িহুদাহের এমত দশা ছিল যে সিদিকীয়াহ্‌ বাবেলের রাজার কর্ত্তৃত্ব ত্যাগ করিল।

২৫ পর্ব্ব।

[১] তাহার অধিকারের নবম বৎসরের দশম মাসে মাসের দশম দিনে এমত হইল যে বাবেলের নিবুকদনেসররাজ অর্থাৎ সে ও তাহার সকল সৈন্য য়িরূশালমের বিরুদ্ধে আইল ও তাহার বিরুদ্ধে ছাউনি করিল ও তাহার বিরুদ্ধে চতুর্দ্দিগে দুর্গ গাঁথাইল। [২] এবং সিদিকীয়াহের একাদশ বৎসরপর্য্যন্ত নগর অবরুদ্ধ ছিল। [৩] এবং চতুর্থ মাসের নবম দিনে নগরে বড় আকাল ছিল এবং দেশের লোকেরদের কারণ কিছু খাদ্য ছিল না।

[৪] পরে নগর ভাঙ্গা গেল এবং রাজার উদ্যানের নিকটস্থ দুই প্রাচীরের মধ্যে সমস্ত লোক রাত্রিতে দ্বারের পথে পলাইল ও মাঠের পথের দিগে গেল সে সময়ে কাশিদীয়েরা চতুর্দ্দিগে নগরের বিরুদ্ধে থাকিল। [৫] পরে কাশিদীয়েরদের সৈন্য রাজার পাছে২ দৌড়িল ও য়িরিখুর মাঠে তাহার নিকটে পঁহুছিল ও তাহার সকল সৈন্য তাহার নিকটহইতে ছিন্নভিন্ন হইল। [৬] অতএব তাহারা রাজাকে ধরিল ও তাহাকে রিবলাহে বাবেলের রাজার নিকটে আনিল ও সে তাহার বিচার করিয়া দণ্ডাজ্ঞা দিল। [৭] পরে তাহারা সিদিকীয়াহের সাক্ষাৎ তাহার পুত্রেরদিগকে বধ করিল এবং সিদিকীয়াহের চক্ষু উৎপাটন করিল ও তাহাকে পিত্তলের বেড়িতে বাঁধিয়া বাবেলে লইয়া গেল।

[৮] পঞ্চম মাসে মাসের সপ্তম দিনে অর্থাৎ বাবেলের নিবুকদনেসররাজের উনিশ বৎসরে বাবেলের রাজার এক দাস চৌকির সেনাপতি নিবূজরঅদান য়িরূশালমে আইল। [৯] এবং য়িহুহের গৃহ ও রাজবাটী ও য়িরূশালমের সকল গৃহ ও বড় গৃহসকল অগ্নিতে পোড়াইল। [১০] পরে কাশিদীয়েরদের যে সেনা চৌকির সেনাপতির সহিত ছিল তাহারা য়িরূশালমের চতুর্দ্দিগের প্রাচীর ভাঙ্গিয়া ফেলিল। [১১] এবং নগরে যে অবশিষ্ট লোকেরা ছিল এবং যে পলাতকেরা বাবেরলের রাজার পক্ষে গেল তাহারদিগকে আর অবশিষ্ট লোকেরদের সহিত চৌকির সেনাপতি নিবূজরঅদান লইয়া গেল। [১২] কিন্তু চৌকির সেনাপতি দেশের কতক দরিদ্র লোককে দ্রাক্ষাক্ষেত্র ও ভূমিকর্ষণ করিবার কারণ রাখিল।

[১৩] এবং য়িহুহের গৃহে যে পিত্তলময় থাম ও তাহার অবলম্বন ও য়িহুহের গৃহে যে পিত্তলময় সমুদ্র ছিল তাহা কাশিদীয়েরা ভাঙ্গিয়া খণ্ড২ করিল ও তাহার পিত্তল বাবেলে লইয়া গেল। [১৪] এবং বহুগুণা ও হাতা ও গুলতরাশ ও চমস ও সেবার্থক পিত্তলময় পাত্র সে সকল তাহারা লইয়া গেল। [১৫] এবং অগ্নিপাত্র ও কটাহ ও স্বর্ণময় পাত্রের স্বর্ণ ও রূপ্যময়ের রূপা চৌকির সেনাপতি লইয়া গেল। [১৬] শলমন য়িহুহের গৃহের কারণ যে দুই স্তম্ভ ও এক সমুদ্র ও অবলম্বন নির্ম্মাণ করিয়াছিল সে সকল পাত্রের পিত্তলের পরিমাণ অসংখ্য। [১৭] এক স্তম্ভ আঠার হাত উচ্চ ও তাহার উপরিস্থিত মাথলা পিত্তলময় সে মাথলা তিন হাত উচ্চ এবং মাথলার উপরিস্থ চতুর্দ্দিগে পাকান কর্ম্ম ও দাড়িম্বাকৃতি সকলই পিত্তল এবং দ্বিতীয় স্তম্ভও পাকান কর্ম্ম সুদ্ধ এমত ছিল।

[১৮] পরে চৌকির সেনাপতি শিরায়াহ্‌ প্রধান যাজককে ও সিফনীয়াহ্‌ দ্বিতীয় যাজককে ও দ্বারপাল তিন জনকে লইল। [১৯] এবং যোদ্ধারদের উপরে নিযুক্ত এক অধ্যক্ষকেও নগরে পাওয়া গেল যে রাজসাক্ষাৎস্থায়ি পাঁচ জন তাহারদিগকে ও দেশের লোকেরদিগকে গণনা করিত যে সৈন্যের প্রধান মুহরির তাহাকে এবং নগরে পাওয়া গেল যে দেশের ষাইট লোক তাহারদিগকেও সে নগরহইতে লইয়া গেল। [২০] এবং চৌকির সেনাপতি নিবূজরঅদান তাহারদিগকে রিবলাহে বাবেলের রাজার নিকটে লইয়া গেল। [২১] পরে বাবে

লের রাজা খ্মাতদেশস্থ রিবলাহে তাহারদিগ
কে মারিল ও বধ করিল এতদ্রূপে য়িহূদাহ্
আপন দেশহইতে নীত হইল।
[২২] এবং যে লোকেরা য়িহূদাহ্দেশে থা
কিল অর্থাৎ বাবেলের নিবুকদনেসররাজ যা
হারদিগকে সেখানে রাখিয়াছিল সে তাহারদের
উপরে শাফানের পুত্র অখীকামের পুত্র গিদলী
য়াহ্কে কর্ত্তা করিয়া নিযুক্ত করিল। [২৩] পরে
যখন সকল সেনাপতিরা অর্থাৎ তাহারা ও তাহা
রদের লোকেরা শুনিল যে বাবেলের রাজা গিদ
লীয়াহকে কর্ত্তা করিয়াছিল তখন নিতনিয়াহের
পুত্র য়িশমাএল ও কারেখের পুত্র য়োখানান
ও নিটোফাতীয় তনখুমেতের পুত্র শিরায়াহ্ ও
মআকাতীয় এক জনের পুত্র য়অজনীয়াহ্ ও তা
হারদের লোকেরা মিস্পাহে তাহার নিকটে আ
ইল। [২৪] পরে গিদলীয়াহ্ তাহারদের ও তা
হারদের লোকেরদের কাছে দিব্য করিল ও তা
হারদিগকে কহিল যে কাশিদীয়েরদের দাসহও
য়াতে ভয় করিও না দেশে বাস কর ও বাবে
লের রাজার সেবা কর তাহাতে তোমারদের ম
ঙ্গল হইবে। [২৫] কিন্তু সপ্তম মাসে এমত হইল
রাজকীয় বংশজ এলিশামআর পুত্র নিতনিয়া
হের পুত্র য়িশ্মাএল ও আর দশ জন তাহার স
হিত আইল এবং গিদলীয়াহ্কে এমত মারিল
যে সে মরিল এবং মিস্পাহে তাহার সহিত যে
য়িহূদীয়েরা ও কাশিদীয়েরা ছিল তাহারদিগ
কেও বধ করিল। [২৬] পরে আপামর সাধা
রণ সকল লোক ও সেনাপতিরা উঠিল ও মিস্
রে আইল যেহেতুক তাহারা কাশিদীয়েরদের
হইতে ভীত ছিল।
[২৭] পরে য়িহূদাহের য়িহোয়াকিন রাজার
দাসত্বের সপ্তত্রিংশ বৎসরে দ্বাদশ মাসে মা
সের সপ্তবিংশ দিবসে এমন হইল যে বাবে
লের এবীলমিরোদক যে বৎসরে রাজ্য করিতে
আরম্ভ করিল সেই কালে য়িহোয়াকিনরাজের
মাথা কারাগারের মধ্যহইতে উঠাইল। [২৮] ও
তাহাকে প্রীতি বাক্য কহিল ও তাহার সহিত বা
বেলে যত রাজা ছিল সে সকলের সিংহাসনহই
তে উচ্চ তাহার সিংহাসন স্থাপন করিল। [২৯]
ও তাহার কারাগারযোগ্য বস্ত্র বদলাইল এবং
সে নিত্য আপন আয়ুর সকল দিন তাহার সা
ক্ষাৎ ভোজন করিত। [৩০] এবং তাহার নিত্য
বৃত্তি রাজাতে নিরূপিত ছিল অর্থাৎ তাহার যাব
জ্জীবন প্রতি দিন নিরূপিত এক পরিমাণ।

কালঘটিত বাক্য প্রথম পুস্তক।

১ প্রথম পর্ব্ব।

[১] আদাম শেত এনোশ [২] কেনান মহ
ললীএল য়ারেদ [৩] খ্নোক মিতূশালখ্লামেক
[৪] নোখ্ শেম খাম য়াফেত।
[৫] য়াফেতের সন্তানেরা এই গোমের ও মা
গোগ ও মাদঈ ও যাবান ও তুবাল ও মেশেক ও
তীরাস। [৬] গোমেরের পুত্রেরা এই আস্কি
নজ ও রীফত ও তোগরমাহ্। [৭] য়াবানের পু
ত্রেরা এই এলীশাহ্ ও তরশীশ ও কিত্তীম ও দো
দানম।
[৮] খামের সন্তানেরা এই কূশ ও মিসরঈম ও
ফূট ও কনআন। [৯] কূশের পুত্রেরা এই সিবা
ও খবীলাহ্ ও সবতাহ্ ও রঅমাহ্ ও সবতিকা এ
বং রঅমাহের পুত্র সিবা ও দিদান। [১০] এবং
কূশ নিমরোদকে জন্ম দিল সে পৃথিবীতে পরা
ক্রান্ত হইতে লাগিল [১১] ও মিসরঈম লূদীয়ের
দিগকে ও অনামীয়েরদিগকে ও লিহাবীয়েরদি
গকে ও নপ্তখীয়েরদিগকে ও পাৎরূসীয়েরদিগ
কে [১২] ও পলশ্তীয়েরদের জন্মদাতৃকস্লুখী
য়েরদিগকে ও কফ্তোরীয়েরদিগকে জন্ম দিল।
[১৩] এবং কনআন আপন প্রথম জাত সীদোন
কে ও খেতকে [১৪] ও য়িবূসীয়কে ও এমোরীয়
কে ও গিরগাশীয়কে ও খিবীয়কে [১৫] ও অর
কীয়কে ও সীনীয়কে ও অরবাদীয়কে [১৬] ও
জিমারীয়কে ও খমাতীয়কে জন্ম দিল।
[১৭] শেমের সন্তানেরা এলাম ও আশূর ও
অরফক্শদ ও লূদ ও অরাম ও ঊস ও হূল ও
গেতের ও মেশক। [১৮] এবং অরফক্শদ শেল
খকে জন্ম দিল ও শেলখ এবেরকে জন্ম দিল।

[১৯] এবং এবেরের দুই পুত্র জন্মিল এক জনের
নাম পেলেগ যেহেতুক তাহার কালে পৃথিবী
বিভক্তা হইল ও তাহার ভ্রাতার নাম য়াক্‌টান।
[২০] এবং য়াক্‌টান অলমোদদকে ও শালেফ
কে [২১] ও খসরমাবেতকে ও য়ারখ্‌কে ও হদো
রামকে [২২] ও উজালকে ও দিক্‌লাহ্‌কে ও ও
বালকে ও আবীমাএলকে ও শিবাকে [২৩] ও
ওফীরকে ও খবীলাহ্‌কে ও য়োবাবকে জন্ম দিল
এই য়াক্‌টানের সন্তানেরা।

[২৪] শেম অরফক্‌শদ শেলাখ্‌। [২৫] এ
বের পেলেগ রিউ। [২৬] শিরুগ নাখোর তে
রখ্‌। [২৭] অবরাম সেই অবরাহাম। [২৮]
অবরাহামের পুত্রেরা য়িস্‌খাক ও য়িশমাএল।

[২৯] এই তাহারদের পুরুষাবলি য়িশমাএ
লের প্রথমজাত নিবায়োত্ত পরে কেদার ও অদ
বিএল ও মিবশাম। [৩০] ও মিশমাঅ্ ও দূমাহ্‌
ও মশা ও খদর ও তীমা। [৩১] য়িটর ও না
ফীশ ও কেদিমাহ্‌ এই২ য়িশমাএলের পুত্র।

[৩২] অবরাহামের উপপত্নী কিটূরাহের সন্তা
নেরা এই সে জিমরাণকে ও য়াকশানকে ও মি
দানকে ও মিদিয়ানকে ও য়িশ্‌বাককে ও শূঅখ্‌
কে জন্মাইল য়াকশানের পুত্রেরা শিবা ও দি
দান। [৩৩] মিদিয়ানের পুত্রেরা এফাহ্‌ ও এ
ফের ও খনোক ও অবীদা ও এলদাআহ্‌ এই
সকল কিটূরাহের সন্তান। [৩৪] এবং অবরা
হাম য়িস্‌খাককে জন্ম দিল য়িস্‌খাকের পুত্রেরা
এশাব ও য়িশরাএল।

[৩৫] এশাবের পুত্রেরা এলীফাজ ও রিউএল
ও য়িউশ ও য়আলাম ও কোরখ। [৩৬] এলী
ফাজের পুত্রেরা তীমান ও ওমর ও সিফো ও গঅ্‌
তাম ও কিনজ ও তিমনঅ্ ও অমালেক। [৩৭]
রিউএলের পুত্রেরা নখত ও জেরখ্‌ ও শমাহ্‌
ও মিজাহ্‌। [৩৮] ও শেঈরের পুত্রেরা লোটান
[২৯] খূশাতীয় সিবিকঈ অখোখীয় ঈলঈ।
[৩০] নিটোফাতীয় মহরঈ নিটোফাতীয় বঅনা
হের পুত্র খেলেদ। [৩১] বেন্যামিনের সন্তানের
দের গিবিঅতবাসি রীবঈর পুত্র ঈতঈ। [৩২]
পীরআতোনীয় বিনায়াহ্ গাঅশের নদীবাসি খূ
রঈ অরবাতীয় আবীএল। [৩৩] বখরুমীয় অজ
মাবেত শঅলবোনীয় এলিঅখ্বা। [৩৪] গি
জোনীয় হাশেমের পুত্রেরা হরারীয় শাগের পুত্র
য়োনাতান হরারীয় শাকারের পুত্র [৩৫] আখী
আম ঊরের পুত্র এলীফাল। [৩৬] মিকেরাতীয়
খেফের পিলোনীয় অখিনাহ্। [৩৭] কারমে
লীয় খেস্রো এজবাইর পুত্র নঅরঈ। [৩৮] না
তানের ভ্রাতা য়োএল খগিরীর পুত্র মিবখার।
[৩৯] অম্মোনীয় সেলেক সিরুয়াহের পুত্র য়ো
আবের অস্ত্রবাহক বেরোতীয় নখরঈ। [৪০] য়ি
তরীয় ঈরা য়িতরীয় গারেব। [৪১] খিতীয় ঊরি
য়াহ্ অলাঈর পুত্র জাবাদ। [৪২] রিউবেণীয় শী
জার পুত্র অদীনা সে রিউবেণীয়েরদের এক সে
নাপতি ও তাহার সহিত ত্রিশ জন। [৪৩] মঅকা
হের পুত্র খানান ও মিতনীয় য়োশফাট। [৪৪]
অশ্তিরাতীয় উজীআ অরোএরীয় খোতামের
পুত্র শামআ ও য়িঈএল। [৪৫] শিম্রীর পুত্র
য়িদীঅএল ও তাহার ভ্রাতা তীসীয় য়োখা। [৪৬]
মখবীয় এলীএল ও এলনাঅমের পুত্র য়িরীবই
ও য়োশবিয়াহ্ ও মোআবীয় য়িত্মাহ্। [৪৭]
এলীএল ও ওবেদ ও মিসোবীয় য়অশীএল।

১২ পর্ব্ব।

[১] দাউদ কিশের পুত্র শাউলপ্রযুক্ত যখন

আপনাকে লুকাইত [২] সে সময় ধনুকেতে স
জ্জিত এবং পাথরক্ষেপেতে ও ধনুকহইতে শর
ক্ষেপেতে সব্যসাচী যাহারা সীকলাগে দাউদের
নিকটে আইল ও বলবান লোকেরদের মধ্যে
যুদ্ধের উপকারী ছিল অর্থাৎ বেন্যামিনীয় শা
উলের ভ্রাতা তাহারা এ২। [৩] প্রধান অখী
এজের পরে গিবিআতীয় শিমাআহের পুত্র
য়োআশ ও আজমাবেতের পুত্র য়িজিএল ও
পেলেট এবং অনতোতীয় বেরাকাহ্ ও য়িহূ।
[৪] এবং ত্রিশ জনের মধ্যে বড় ও সে ত্রিশের
উপরে নিযুক্ত গিবিওনীয় য়িশমঈয়াহ্ ও য়িরিমি
য়াহ্ ও য়িখজিএল ও য়োখানান ও গিদেরাতীয়
য়োজাবাদ। [৫] এলউজী ও য়িরীমোত ও বি
অলীয়াহ্ ও শিমরীয়াহ্ ও খরুফীয় শিফটি
য়াহ্। [৬] এলকানাহ্ ও য়িশিয়াহ্ ও অজরি
এল ও য়োএজের ও কারখীয় য়াশাবিয়াম।
[৭] ও গিদোরনিবাসি য়িরোখামের পুত্র য়োএ
লাহ্ ও জিবদিয়াহ্। [৮] এবং গাদীয়েরদের
মধ্যে বলবান মনুষ্যেরা যুদ্ধযোগ্য ঢাল ও চর্ম্ম
ধারী সিংহের মুখের ন্যায় মুখবিশিষ্ট ও প
র্ব্বতস্থ হরিণেরদের ন্যায় বেগগামি লোকেরা ব
নস্থ দুর্গে যাইয়া দাউদের পক্ষে আপনারদিগ
কে ভিন্ন করিল। [৯] প্রথম এজের দ্বিতীয় ওব
দিয়াহ্ তৃতীয় এলীআব। [১০] চতুর্থ মিশম
নাহ্ পঞ্চম য়িরিমিয়াহ্। [১১] ষষ্ঠ অতঈ
সপ্তম এলীএল। [১২] অষ্টম য়োখানান নবম
এলজাবাদ। [১৩] দশম য়িরিমীয়াহ্ একাদশ
মক্বনী। [১৪] গাদের এ সন্তানেরা সেনাপ
তি ছিল ক্ষুদ্র যে জন সে শতপতি ছিল এবং
বড় যে সে সহস্র পতি ছিল। [১৫] প্রথম মাসে
য়রদনের জল যে সময়ে তটে উথলিয়াছিল সে
সময়ে যাহারা তাহার পারে গেল তাহারা মাঠস্থ
সকল লোককে পূর্ব্বদিগে ও পশ্চিমদিগে পলা
য়ন করাইল। [১৬] বেন্যামিনের ও য়িহুদাহের
কতক সন্তানেরাও দাউদের নিকটে দুর্গে আইল।
[১৭] এবং দাউদ তাহারদের সহিত মিলিবার
কারণ বাহিরে গেল ও তাহারদিগকে কহিল যদি
আমার উপকারের জন্যে তোমরা নির্ব্বিরোধে
আমার নিকটে আইস তবে আমার হৃদয় তো
মারদের সহিত সংলগ্ন হইবে কিন্তু আমার হাতে
কোন অপরাধ না হইলেও যদি আমাকে আ
মার শত্রুরদের হস্তগত করিতে আসিয়া থাক তবে
আমারদের পিতৃলোকেরদের ঈশ্বর দেখুন ও
তাহার অনুযোগ করুন। [১৮] তখন সেনাপতির
দের প্রধান যে অমাশঈ তাহার উপরে আত্মা
আইল তাহাতে সে কহিল হে দাউদ আমরাই
তোমার হে য়িশীর পুত্র আমরাই তোমার পক্ষে
শান্তি শান্তি তোমার প্রতি ও তোমার উপকার
কেরদের প্রতি হউক যেহেতুক তোমার ঈশ্বর তো
মার উপকার করেন তখন দাউদ তাহারদিগকে
গ্রহণ করিল ও তাহারদিগকে সেনাপতি করিল।
[১৯] এবং মনশেহের কতক লোক দাউদের প
ক্ষে হইল দাউদ পলশতীয়েরদের সহিত শাউ
লের প্রতিকূলে যুদ্ধে গেল কিন্তু তাহারা তাহার
দের উপকার করিল না যেহেতুক পলশতীয়ের
দের অধ্যক্ষেরা জ্ঞাত হইবামাত্রে এ কথা কহিয়া
তাঁহাকে বিদায় করিল যে সে আমারদের মস্ত
কের সংশয়প্রযুক্ত আপন প্রভু শাউলের পক্ষে
যাইবে। [২০] পরে সে সিকলাগে যাইতেছিল
সে সময়ে মনশেহের মধ্যগত মনশেহের সহস্র
পতি অদনাখ্ ও য়োজাবাদ ও য়িদিঅএল ও
মীকাএল ও য়োজাবাদ ও এলীহূ ও সিলিতাঈ
তাহার পক্ষে হইল। [২১] এবং তাহারা শত্রু
দলের বিপক্ষে দাউদের উপকার করিল যেহে
তুক তাহারা সকলে বড় যোদ্ধা ও সেনাপতি।
[২২] কেননা ঈশ্বরের সৈন্যের ন্যায় বড় সৈন্য
না হওয়াপর্য্যন্ত সে সময়ে দাউদের উপকারের
নিমিত্তে লোকেরা দিনে২ দাউদের নিকটে আ
ইল।

[২৩] আর যে২ দল যুদ্ধের উপযুক্তরূপে স
জ্জিত হইয়া য়িহুহের বাক্যানুসারে শাউলের
রাজ্য দাউদের পক্ষে করিবার কারণ তাহার নিক
টে খেবরোণে আইল তাহারদের সংখ্যা এই।
[২৪] য়িহুদাহের সন্তানেরা ঢাল ও বর্শাধা
রী যুদ্ধের উপযুক্তরূপে সজ্জিত ছয় সহস্র আট
শত জন। [২৫] শিমিওনের সন্তানেরা যুদ্ধের
নিমিত্তে অতিবলবান সাত সহস্র এক শত জন।
[২৬] লেবির সন্তানেরা চারি সহস্র ছয়শত
জন। [২৭] আহরোণীয়েরদের অগ্রণী য়িহো
য়াদা ও তাহার সঙ্গী তিনসহস্র সাতশত জন।
[২৮] এবং সাদোক নামে অতিবলবান এক
জন এবং তাহার পিতৃবংশের মধ্যে বাইশ সে
নাপতি। [২৯] এবং বেন্যামিনের সন্তানেরা
শাউলের জ্ঞাতি তিনসহস্র লোক কেননা এপ
র্য্যন্তই তাহারদের অধিকাংশ শাউলের বাটীর
চৌকি দিয়াছিল। [৩০] এবং এফরায়িমের
সন্তানেরা বাইশ সহস্র আট শত অতিপরাক্রান্ত
লোক আপন২ পিতৃবংশের সর্ব্বত্র নামলব্ধ
লোক। [৩১] এবং মনশেহের অর্দ্ধগোষ্ঠীর
মধ্যে আঠার সহস্র আসিতে ও দাউদকে রাজা
করিতে ইহারদের জনাজাতের নাম লেখা গেল।
[৩২] এবং য়িশাকরের সন্তানেরদের মধ্যে য়ি
শ্রাএলের কর্ত্তব্য জানিতে কালজ্ঞ লোকেরদের
প্রধান দুইশত ও তাহারদের সকল ভ্রাতারা

তাহারদের আজ্ঞাবহ। [৩৩] এবং জিবুলূনের
মধ্যে যুদ্ধেতে নিপুণ পংক্তিপালন করিতে শক্ত
যুদ্ধের সকল অস্ত্রশস্ত্র সঙ্গে লইয়া পঞ্চাশসহস্র
জন ছিল ইহারা দ্বিমনা ছিল না। [৩৪] এবং
নপ্তালীর মধ্যে একসহস্র সেনাপতি ও তাহার
দের সহিত ঢাল ও বর্শাধারী সাঁইত্রিশ সহস্র
জন। [৩৫] এবং দানীয়েরদের মধ্যে যুদ্ধে
পটু আটাইশসহস্র ছয়শত জন। [৩৬] এবং
আশেরের মধ্যে যুদ্ধকারী রণে নিপুণ চল্লিশ স
হস্র জন। [৩৭] এবং য়রদনের অন্য পারে
রিউবেণীয়েরদের ও গাদীয়েরদের ও মনশেহের
অর্দ্ধ গোষ্ঠীর মধ্যে যুদ্ধার্থে রণের সকল প্রকার
অস্ত্রশস্ত্র সুদ্ধ এক লক্ষ বিংশতি সহস্র জন পং
ক্তিপালন করিতে শক্ত [৩৮] এ সকল যোদ্ধা
দাউদকে সকল য়িশরাএলের রাজা করিবার
কারণ সর্ব্বান্তঃকরণের সহিত খেবরোণে আইল
এবং দাউদকে রাজ্যাভিষিক্ত করিবার কারণ
য়িশরাএলের অবশিষ্ট লোক একমনা হইল।
[৩৯] এবং তাহারা খাইতে ও পান করিতে সে
খানে দাউদের সহিত তিন দিবস থাকিল কেন
না তাহারদের ভ্রাতারা তাহারদের জন্যে পাক
করিয়াছিল। [৪০] এবং যাহারা তাহারদের
নিকটবর্ত্তী অর্থাৎ যাহারা য়িশাকর ও জিবু
লূন ও নপ্তালীপর্য্যন্তবাসী তাহারা গর্দ্দভ ও
উষ্ট্র ও অশ্বতর ও বলদেরদের উপরে রুটি ও
মাংস ও ময়দা ও ডুমুরের চাপ ও দ্রাক্ষাস্তবক
ও দ্রাক্ষারস ও তৈল ও বলদ ও মেষ বি
স্তর২ আনিল এবং য়িশ্রাএলের বড় আনন্দ
হইল।

১৩পর্ব্ব।

[১] অপর দাউদ সহস্রপতিরদের ও শতপ
তিরদের ও প্রত্যেক অগ্রণীর সহিত পরামর্শ ক
রিল। [২] এবং দাউদ য়িশ্রাএলের তাবম্মণ্ড
লীকে কহিল যদি এ তোমারদের অভিমত ও
যদি আমারদের ঈশ্বর য়িহুহের মনস্থ তবে য়িশ
রাএলের সকল দেশে অবশিষ্ট আমারদের ভ্রা
তারা ও তাহারদের সহিত তাহারদের নগর ও
উপনগরবাসি যাজকেরা ও লৈবেরা একত্র হই
য়া আমারদের এখানে আইসে এই কারণ তা
হারদের নিকটে সর্ব্বত্র লোক পাঠাই। [৩]
এবং আমরা আপনারদের নিকটে পুনর্ব্বার
ঈশ্বরের সিন্দুক আনি যেহেতুক শাউলের কালে
আমরা তাঁহার স্থানে জিজ্ঞাসা করি নাই।
[৪] এবং সকল মণ্ডলী তাহা করিতে স্বীকার
করিল যেহেতুক সে বিষয় সকল লোকেরদের
দৃষ্টিতে ভাল ছিল। [৫] অতএব মিস্রের শী
খোরহইতে খমাতের প্রবেশস্থানপর্য্যন্ত ঈশ্ব
রের সিন্দুক কির্য্যৎয়িআরীমহইতে আনিবার
কারণ দাউদ সকল য়িশরাএলকে একত্র করিল।
[৬] পরে দাউদ ও সকল য়িশ্রাএল বয়ালহে
তে অর্থাৎ য়িহুদাহের অধিকারস্থ কির্য্যৎয়িআ
রীমে কিরূবেরদের মধ্যবাসি ঈশ্বর য়িহুহের সি
ন্দুক অর্থাৎ যাঁহার নাম তাহার উপরে দত্ত তাঁ
হার সিন্দুক সেখানহইতে আনিতে গেল। [৭]
এবং তাহারা নূতন এক গাড়ীতে আবিনাদা
বের গৃহহইতে ঈশ্বরের সিন্দুক লইয়া গেল এবং
উজা ও আখিও গাড়ী চালাইল। [৮] এবং
দাউদ ও সকল য়িশ্রাএল আপন২ সকল শক্তি
তে এবং গানেতে ও বীণা ও নবল ও তবল ও
করতাল ও তূরীবাজানেতে ঈশ্বরের সাক্ষাৎ আ
হ্লাদ করিল। [৯] এবং তাহারা কীদোনের
খামারে পঁহুছিলে উজা সিন্দুক ধরিবার কারণ
হস্তবিস্তার করিল কেননা বলদেরা উছুট খা
ইল। [১০] এবং য়িহুহের ক্রোধ উজার প্রতি
কুলে প্রজ্বলিত হইল এবং তাহার হস্ত সিন্দুকে
অর্পণ করাতে তিনি তাহাকে মারিলেন তাহা
তে সে সেখানে য়িহুহের সম্মুখে মরিল। [১১]
এবং য়িহুহ যে উজার উপরে ছবকি দিয়াছি
লেন তাহাতে দাউদ অতুষ্ট ছিল অতএব অদ্য
পর্য্যন্ত সে স্থানের নাম পেরেস্উজা। [১২]
সে দিনে দাউদ ঈশ্বরেতে ভীত হইল ও কহিল
আমি আপন নিকটে কিরূপে ঈশ্বরের সিন্দুক
আনিব। [১৩] অতএব দাউদ আপন নিক
টে দাউদের নগরে সিন্দুক আনিল না কিন্তু গা
তীয় ওবেদএদোমের গৃহে তাহা লইয়া গেল।
[১৪] এবং ওবেদএদোমের বাটীতে তাহার
পরিজনেরদের নিকটে ঈশ্বরের সিন্দুক তিন
মাস থাকিল এবং য়িহুহ ওবেদএদোমের গৃ
হে ও তাহার সকল সম্পত্তিতে আশীর্ব্বাদ করি
লেন।

১৪ পর্ব্ব।

[১] সূরের খীরামরাজ দাউদের এক গৃহ নি
র্ম্মাণ করিবার কারণ তাহার নিকটে প্রেষ্যেরদি
গকে ও আরেজ কাষ্ঠ ও রাজেরদিগকে ও সূত্র
ধরেরদিগকে পাঠাইল।

[২] এবং য়িহুহ যে তাহাকে য়িশরাএলোপ
রি রাজপদে স্থির করিয়াছিলেন ইহা দাউদ দে
খিতে পাইল যেহেতুক তাঁহার য়িশ্রাএললোক
প্রযুক্ত তাহার রাজ্য উচ্চীকৃত ছিল।

[৩] পরে দাউদ য়িরুশালমে আর২ ভার্য্যা
গ্রহণ করিল এবং দাউদ আর২ পুত্র কন্যাকে
জন্মাইল। [৪] য়িরুশালমে জাত তাহার অপ
ত্যেরদের নাম এ২ শমুআ ও শোবাব ও নাতান
ও শলমন। [৫] ও য়িবখার ও এলীশূআ ও

এলপালেট। [৬] ও নোগাহ্ ও নেফেগ ও
য়াফীয়া। [৭] ও এলীশামা ও বীএলিয়াদা
ও এলীপালেট।

[৮] দাউদ সকল য়িশ্রাএলের উপরে রাজ্যা
ভিষিক্ত যে ছিল পলশ্তীয়েরা ইহা শুনিলে তা
বৎ পলশ্তীয়েরা দাউদকে অন্বেষণ করিতে গেল
এবং দাউদ তাহা শুনিয়া তাহারদের প্রতিকূলে
বাহিরে গেল। [৯] এবং পলশ্তীয়েরা আসিয়া
রফীয়েরদের মাঠে ব্যাপিয়া থাকিল এবং দা
উদ এ কথা কহিয়া য়িহুহকে প্রশ্ন করিল [১০]
যে আমি কি পলশ্তীয়েরদের প্রতিকূলে যাইব
তুমি কি তাহারদিগকে আমার হস্তগত করিবা
তাহাতে য়িহুহ তাহাকে কহিলেন যাও কেননা
আমি তাহারদিগকে তোমার হস্তগত করিব।
[১১] অতএব তাহারা বআলপিরাসিমে গেল
এবং সেখানে দাউদ তাহারদিগকে মারিল ত
খন দাউদ কহিল যেমন জলের ভাঙ্গা তেমন
ঈশ্বর আমার শত্রুরদের উপরে হুবকি দিয়া
ছেন অতএব তাহারা সে স্থানের নাম বআল
পিরাসিম রাখিল। [১২] এবং তাহারা আপ
নারদের দেবেরদিগকে সেখানে ছাড়িলে দা
উদ আজ্ঞা করিল ও তাহারা অগ্নিতে দগ্ধ হইল।
[১৩] এবং আরবার পলশ্তীয়েরা মাঠে আপ
নারদিগকে বিস্তার করিল। [১৪] তাহাতে দা
উদ ঈশ্বরের স্থানে জিজ্ঞাসা করিলে ঈশ্বর তা
হাকে কহিলেন তাহারদের পাছে যাইও না
তাহারদেরহইতে ফির এবং তুতবৃক্ষের সম্মুখে
তাহারদের নিকটে যাও। [১৫] এবং এমত
হইবে তুমি তুতবৃক্ষের মাথায় গমনশব্দ শুনি
য়া যুদ্ধ করিতে যাও কেননা পলশ্তীয়েরদের
সৈন্য মারিবার কারণ ঈশ্বর তোমার অগ্রে গি
য়াছেন। [১৬] অতএব যেমন ঈশ্বর তাহাকে
আজ্ঞা করিয়াছিলেন তদনুযায়ী দাউদ করিল
এবং তাহারা গিবিওনহইতে গাজিরপর্য্যন্ত প
লশ্তীয়েরদের সৈন্য মারিল। [১৭] এবং দা
উদের যশ সকল দেশে প্রচরিত হইল এবং য়ি
হুহ সকল দেশীয় লোকেরদের উপরে তাহার
ভয় আনিলেন।

১৫ পর্ব্ব।

[১] পরে দাউদের নগরে সে আপন নিমিত্তে
গৃহ প্রস্তুত করিল ও ঈশ্বরের সিন্দুকের কারণ
স্থান প্রস্তুত করিল ও তাহার কারণ তাম্বু উঠা
ইল।

[২] তখন দাউদ কহিল লৈবেরদের ব্যতিরে
কে ঈশ্বরের সিন্দুক বহা আর কাহার অধিকার
নয় যেহেতুক ঈশ্বরের সিন্দুক বহিতে ও নিত্য
আপন নিকটে সেবা করিতে য়িহুহ তাহারদি
গকে মনোনীত করিয়াছেন। [৩] পরে দাউদ
য়িহুহের সিন্দুকের কারণ যে স্থান করিয়াছিল
সে স্থানে তাহা আনিবার কারণ সে য়িরুশালম
যে সকল য়িশ্রাএলকে একত্র করিল। [৪]
এবং দাউদ আহরোণের সন্তানেরদিগকে ও লৈ
বেরদিগকে একত্র করিল। [৫] কিহাতের সন্তা
নেরদের মধ্যে উরিএল প্রধান ও তাহার ভ্রাতা
একশত বিংশতি। [৬] মিরারীর সন্তানেরদের
মধ্যে অশায়াহ্ প্রধান ও তাহার ভ্রাতা এক
শত বিংশতি। [৭] গেরশোমের সন্তানেরদের
মধ্যে য়োএল প্রধান ও তাহার ভ্রাতা একশত
ত্রিংশৎ [৮] এলিসাফানের সন্তানেরদের মধ্যে
শিমঈয়াহ্ প্রধান ও তাহার ভ্রাতা দুইশত জন।
[৯] খেবরোণের সন্তানেরদের মধ্যে এলীএল
প্রধান ও তাহার ভ্রাতা আশী জন। [১০]
উজীএলের সন্তানেরদের মধ্যে অমিনাদাব প্র
ধান এবং তাহার ভ্রাতা দুইশত বারো। [১১]
এবং দাউদ সাদোক ও আবিয়াতার যাজক
কে ও লৈবেরদিগকে অর্থাৎ উরিএলকে ও অ
শায়াহ্কে ও য়োএলকে ও শিমঈয়াহ্কে ও
এলীএলকে ও অমিনাদাবকে ডাকিল। [১২]
এবং তাহারদিগকে কহিল আমি য়িশ্রাএলের
ঈশ্বর য়িহুহের সিন্দুকের কারণ যে স্থান প্রস্তুত
করিয়াছি তাহা সে স্থানে আনিবার কারণ লৈ
বেরদের পিতৃলোকেরদের মধ্যে প্রধান যে তো
মরা অর্থাৎ তোমরা ও তোমারদের ভ্রাতারা আ
পনারদিগকে পবিত্র কর। [১৩] যেহেতুক তো
মরা প্রথমে তাহা কর নাই সেহেতুক আমার
দের ঈশ্বর য়িহুহ আমারদের উপর হুবকি দি
লেন কেননা আমরা উচিত রীতিতে তাঁহার চে
ষ্টা করি নাই। [১৪] অতএব যাজকেরা ও
লৈবেরা য়িশ্রাএলের ঈশ্বর য়িহুহের সিন্দুক
আনিবার কারণ আপনারদিগকে পবিত্র করি
ল। [১৫] এবং মোশহ্ যেমন য়িহুহের বাক্যা
নুসারে আজ্ঞা করিল তেমন সাইজ তাহার গা
য়ে দিয়া লৈবেরদের সন্তানেরা আপন স্কন্ধেতে
ঈশ্বরের সিন্দুক বহিল। [১৬] এবং দাউদ লৈ
বেরদের প্রধানেরদিগকে কহিল যে তাহারা বা
দ্যের সহিত অর্থাৎ নবল ও বীণা ও করতালের
শব্দ করত ও আনন্দেতে উচ্চৈঃস্বর করত গায়ক
পদে আপনারদের ভ্রাতারদিগকে নিযুক্ত করে
[১৭] অতএব লৈবেরা য়োএলের পুত্র হীমান
কে ও তাহার ভ্রাতারদের মধ্যে বেরেকীয়াহের
পুত্র আসাফকে ও তাহারদের ভ্রাতা যে মিরা
রীর সন্তানেরা তাহারদের মধ্যে কূশায়াহের
পুত্র এতানকে নিযুক্ত করিল। [১৮] এবং তা
হারদের সহিত তাহারদের দ্বিতীয় পদস্থ ভ্রাতার

দিগকে অর্থাৎ দ্বারপালেরা যে বেন ও জিকরিয়াহ ও য়অজীএল ও শিমিরামোত ও য়িখীএল ও উনি ও এলিআব ও বিনায়াহ্ ও মঅশিয়াহ্ ও মতিতিয়াহ্ ও এলীফেলেহ্ ও মিকনিয়াহ্ ও ওবেদএদোম ও য়ঈএল তাহারদিগকে নিযুক্ত করিল। [১৯] অতএব হীমান ও আসাফ ও এতানগায়ক পিত্তলের করতালেতে শব্দ করিবার কারণ। [২০] ও অলামোতে নবল বাজাইতে জিকরিয়াহ ও উজীএল ও শিমিরামোত ও য়িখীএল ও উনি ও এলীআব ও মঅশিয়াহ্ ও বিনায়াহ্। [২১] এবং শিমীনীতে জয় করিবার কারণ বীণা বাজাইতে মতিতিয়াহ্ ও এলীফেলেহ্ ও মিকনিয়াহ্ ও ওবেদএদোম ও য়ঈএল ও অজজিয়াহ্ নিযুক্ত ছিল। [২২] এবং গানের কারণ লৈবেরদের মধ্যে প্রধান যে কননিয়াহ্ সে নিপুণ ছিল অতএব সে গানের বিষয়ে শিক্ষা করাইত। [২৩] এবং সিন্দুকের কারণ দ্বারপালেরা বেরেকিয়াহ্ ও এলকানাহ্। [২৪] এবং ঈশ্বরের সিন্দুকের সম্মুখে শিবনিয়াহ্ ও য়োশাফাট ও নিতনিএল ও অমাশই ও জিকরিয়াহ্ ও বিনায়াহ্ ও এলিএজের তূরী বাজাইত এবং সিন্দুকের কারণ ওবেদএদোম ও য়িখিয়াহ দ্বারপাল ছিল।

[২৫] অতএব দাউদ ও য়িশ্রাএলের প্রাচীন লোকেরা ও সহস্রপতিরা আনন্দিত হইয়া ওবেদএদোমের ঘরহইতে য়িহুহের নিয়মসিন্দুক আনিতে গেল। [২৬] এবং এমত হইল যখন ঈশ্বর য়িহুহের নিয়মসিন্দুকবাহক লৈবেরদের উপকার করিলেন তখন তাহারা সাত বলদ ও সাত মেষকে বলিদান করিল। [২৭] এবং দাউদ ও সিন্দুকবাহক লৈবেরা ও গায়কেরা ও গায়কেরদের সহিত গানের কর্ত্তা কিনানিয়াহ্ সূক্ষ্ম বস্ত্রেতে বস্ত্রান্বিত ছিল এবং দাউদের গাত্রে সূক্ষ্ম বস্ত্রের এক এফোদ ছিল। [২৮] এই প্রকারে উচ্চৈঃস্বরেতে ও শৃঙ্গ ও তূরী ও করতালের শব্দেতে ও নবল ও বীণা বাজানেতে সকল য়িশ্রাএল য়িহুহের নিয়মসিন্দুক আনিল।

[২৯] এবং য়িহুহের নিয়মসিন্দুক দাউদের নগরে আইসনসময়ে এমত হইল যে শাউলের কন্যা মীকাল এক বাতায়নে দৃষ্টি করিয়া দাউদরাজকে নাচিতে ও খেলা করিতে দেখিল ও আপন অন্তঃকরণে তাহাকে তুচ্ছ করিল।

১৬ পর্ব্ব।

[১] অতএব তাহারা য়িহুহের সিন্দুক আনিল ও দাউদ তাহার কারণ যে তাম্বু স্থাপন করিয়াছিল তাহার মধ্যে রাখিল পরে তাহারা ঈশ্বরের সম্মুখে হোম ও স্বস্ত্যয়ন করিল। [২] এবং দাউদ হোম ও স্বস্ত্যয়ন করিতে সাঙ্গ করিয়া য়িহুহের নামে লোকেরদিগকে আশীর্ব্বাদ করিল। [৩] এবং স্ত্রী পুরুষ য়িশ্রাএলের প্রত্যেক জনকে সে এক২ রুটি ও বড় এক টুকরা মাংস ও এক২ পাত্র দ্রাক্ষারস দিল। [৪] এবং সে য়িহুহের সিন্দুকের সম্মুখে সেবা করিতে ও স্মরণ করাইতে ও য়িশ্রাএলের ঈশ্বর য়িহুহকে ধন্যবাদ করিতে ও স্তব করিতে লৈবেরদের কতক জনকে নিযুক্ত করিল। [৫] প্রধান আসাফ তাহার পরে জিকরিয়াহ্ য়িঈএল ও শিমীরামোত ও য়িখীএল ও মতিতিয়াহ্ ও এলিআব ও বিনায়াহ্ ও ওবেদএদোম ও য়িঈএল নবল ও বীণা বাজাইত কিন্তু আসাফ করতাল বাজাইত। [৬] এবং যাজক বিনায়াহ্ ও য়িখজীএল ঈশ্বরের নিয়মসিন্দুকের সম্মুখে নিত্য তূরী বাজাইত।

[৭] তখন য়িহুহকে ধন্যবাদ করিতে দাউদ সে দিনে আসাফের ও তাহার ভ্রাতারদের হাতে প্রথমে এ গীত সমর্পণ করিল। [৮] য়িহুহের ধন্যবাদ কর তাঁহার নামে প্রার্থনা কর লোকেরদের মধ্যে তাঁহার কর্ম্মপ্রকাশ কর। [৯] তাঁহার উদ্দেশে গান কর তাঁহার নিকটে গীত গাও তাঁহার সকল আশ্চর্য্য কার্য্যের বিষয়ে কথা কহ। [১০] তাঁহার পবিত্র নামে দর্প কর য়িহুহান্বেষিরদের হৃদয় আনন্দ করুক। [১১] য়িহুহকে ও তাঁহার বল অন্বেষণ কর তাঁহার মুখ নিরন্তর অন্বেষণ কর। [১২] হে তাঁহার দাস য়িশ্রাএলের সন্তানেরা হে তাঁহার মনোনীত য়অকুবের সন্তানেরা [১৩] তোমরা তাঁহাতে কৃত আশ্চর্য্য ক্রিয়া ও তাঁহার অদ্ভুত ক্রিয়া ও তাঁহার মুখনির্গত বিচার স্মরণ কর। [১৪] তিনি য়িহুহ আমারদের ঈশ্বর তাঁহার বিচার সকল পৃথিবীতে আছে। [১৫] তাঁহার নিয়মেতে নিত্য মনোযোগ কর অর্থাৎ তিনি সহস্র পুরুষপরম্পরাতে যে কথা আজ্ঞা করিয়াছেন। [১৬] তিনি অবরাহামের সহিত যে নিয়ম করিয়াছেন ও য়িস্খাকের কাছে যে শপথ করিয়াছেন। [১৭] ও য়অকুবের কাছে শাস্ত্রের নিমিত্তে ও য়িশ্রাএলের কাছে অনন্ত নিয়মের জন্যে তিনি এই কথা কহিয়া যাহা স্থির করিয়াছেন। [১৮] যে তোমাকে আমি তোমারদের অধিকারের অংশ কনআনদেশ দিব। [১৯] তোমরা যখন অল্প অত্যল্পই ও তাহাতে বিদেশী ছিলা। [২০] এবং যখন তাহারা এক জাতিহইতে অন্য জাতিতে ও এক লোকহইতে অন্য রাজ্যে গেল। [২১] তখন তিনি কাহাকেও তাহারদের অন্যায় করিতে দিলেন না তিনি রাজারদিগকেই তাহার

দের কারণেতে অনুযোগ করিলেন। [২২] আ
মার অভিষিক্তকে স্পর্শ করিও না আমার আ
চার্য্যেরদিগকে হিৎসা করিও না। [২৩] হে
সর্ব্ব পৃথিবি য়িহুহের উদ্দেশে গান কর দিনে২
তাঁহাতে কৃত ত্রাণ প্রকাশ কর। [২৪] তাঁহার
মহিমা অন্যদেশীয়েরদের মধ্যে ও তাঁহার
আশ্চর্য্য ক্রিয়া সকল জাতির মধ্যে জানাও।
[২৫] যেহেতুক য়িহুহ বড় ও অতিস্তবনীয়
তিনি সকল দেবহইতে ভেতব্য। [২৬] কে
ননা লোকেরদের সকল দেব প্রতিমামাত্র কিন্তু
য়িহুহ স্বর্গের সৃষ্টি করিলেন। [২৭] তাঁহার
সাক্ষাৎ মহিমা ও সম্মান তাঁহার স্থানে বল ও
হর্ষ থাকে। [২৮] হে লোকেরদের মধ্যগত
সকল কুটুম্বেরা য়িহুহকে দেও য়িহুহকে মহি
মার ও বলের প্রশৎসা দেও। [২৯] য়িহুহকে
তাঁহার নামের প্রশৎসা দেও নৈবেদ্য আন ও
তাঁহার সাক্ষাৎ আইস পবিত্রতার সৌন্দর্য্যেতে
য়িহুহকে ভজনা কর। [৩০] হে সকল পৃথি
বি তাঁহার সাক্ষাৎ ভয় কর জগৎও এমত স্থির
হইবে যে তাহা চালিত না হয়। [৩১] স্বর্গে
রা আনন্দিত হউক পৃথিবী আহ্লাদ করুক য়ি
হুহ রাজ্য করেন এ কথা জাতিরদের মধ্যে কহা
যাউক। [৩২] সমুদ্র ও তাঁহার পূর্ণতা গর্জ্জন
করুক মাঠেরা ও তাহাতে যত সে সকল আনন্দ
করুক। [৩৩] তখন য়িহুহের সাক্ষাৎ অরণ্যের
সকল বৃক্ষ গান করিয়া উঠিবে যেহেতুক তিনি
পৃথিবীতে বিচার করিতে আসিতেছেন। [৩৪]
য়িহুহকে ধন্যবাদ কর যেহেতুক তিনি শ্রেষ্ঠ ও
তাঁহার দয়া নিত্য। [৩৫] এবৎ কহ হে আমার
দের ত্রাণকর্ত্তা ঈশ্বর আমারদিগকে ত্রাণ কর ও
আমারদিগকে একত্র কর এবৎ আমরা তোমার
পবিত্র নামের প্রতি ধন্যবাদ করি ও তোমার স্ত
তিতে দর্প করি এইকারণ আমারদিগকে অন্য
দেশীয়েরদের মধ্যহইতে উদ্ধার কর। [৩৬]
য়িশ্রাএলের ঈশ্বর য়িহুহ সর্ব্বদা ধন্য হউন
পরে সকল লোকেরা আমেন কহিল ও য়িহু
হের স্তুতি করিল।

[৩৭] অতএব য়িহুহের নিয়মসিন্দুকের সম্মু
খে প্রতিদিনের প্রয়োজনানুসারে সিন্দুকের সম্মু
খে নিত্য সেবাকরণার্থে সে আসাফকে ও তা
হার ভ্রাতারদিগকে সেখানে রাখিল। [৩৮]
এবৎ ওবেদএদোমকে ও তাহারদের আটষট্টি
ভ্রাতাকে এবৎ দ্বারপাল হইবার কারণ য়িদু
তূনের পুত্র ওবেদএদোমকে ও খোসাহকে নি
যুক্ত করিল। [৩৯] এবৎ য়িহুহের পবিত্র তা
ম্বুর সম্মুখে গিবিওনস্থ উচ্চ স্থানে যজ্ঞবেদির
উপরে নিত্য প্রাতঃকালে ও সন্ধ্যাকালে হোম
করিতে [৪০] ও য়িহুহ যে শাস্ত্র য়িশ্রাএলের
কাছে আজ্ঞা করিয়াছেন তাহাতে যে২ সকল
লিখিত আছে তদনুসারে করিতে সাদোক যাজ
ককে ও তাহার যাজক ভ্রাতারদিগকে রাখিল।
[৪১] এবৎ য়িহুহের দয়া নিত্য এই কারণেতে
তাঁহাকে ধন্যবাদ করিতে তাহারদের সহিত হী
মানকে ও য়িদুতূনকে এবৎ যাহারদের নাম লি
খিত হইল এমন যে অবশিষ্ট মনোনীত লোকে
রা তাহারদিগকেও রাখিল। [৪২] এবৎ শব্দ
করণ ও ঈশ্বরোপযুক্ত বাদ্যবাজান কার্য্য যাহার
দের তাহারদের কারণ তূরী ও করতালসুদ্ধ হী
মানকে ও য়িদূতূনকে নিযুক্ত করিল। [৪৩]
এবৎ য়িদুতূনের পুত্রেরা দ্বারপাল ছিল পরে
সকল লোক প্রত্যেক জন আপন২ স্থানে গেল
এবৎ দাউদ আপন পরিজনেরদিগকে আশী
র্ব্বাদ করিতে গেল।

১৭ পর্ব্ব।

[১] দাউদ আপন বাটীতে বসিলে এমত হ
ইল যে দাউদ নাতান আচার্য্যকে কহিল দেখ
আমি আরেজকাষ্ঠনির্ম্মিত এক গৃহে বাস করি
কিন্তু য়িহুহের নিয়মসিন্দুক পরদার নীচে থা
কে। [২] তখন নাতান দাউদকে কহিল তো
মার মনে যাহা আছে সে সকল কর যেহেতুক
ঈশ্বর তোমার সহিত আছেন।

[৩] সে রাত্রিতে এমত হইল ঈশ্বরের এ বাক্য
নাতানের কাছে আইল। [৪] যাও আমার
দাস দাউদকে কহ যে য়িহুহ এ কথা কহেন তুমি
আমার বাসার্থ গৃহ নির্ম্মাণ করিবা না। [৫]
যেহেতুক আমি য়িশ্রাএলকে যে দিন এখানে
আনিলাম সে দিনাবধি অদ্যপর্য্যন্ত আমি গৃহে
বাস করি নাই কিন্তু তাম্বু২ গিয়াছি এবৎ এক
বাসস্থানহইতে অন্য বাসস্থানে গিয়াছি। [৬]
আমি সকল য়িশ্রাএলের সহিত যে কোন স্থা
নে গিয়াছি সে স্থানে আমি আপন লোকেরদি
গকে চরাইতে যে বিচারকর্ত্তারদিগকে আজ্ঞা দি
লাম তাহারদের মধ্যে কাহাকেও কি এ কথা
কহিয়াছি যে তোমরা আমার কারণ আরেজকা
ষ্ঠের এক গৃহ কেন নির্ম্মাণ কর নাই। [৭] অত
এব এখন আমার দাস দাউদকে কহ সৈন্যের
য়িহুহ এ কথা কহেন আমার য়িশ্রাএললো
কেরদের উপরে রাজ্যকরণের জন্যে আমি তো
মাকে মেষ খোঁয়াড়হইতে অর্থাৎ মেষেরদের
পাছে২ যাওয়াহইতে লইলাম। [৮] এবৎ তুমি
যে কোন স্থানে ভ্রমণ করিয়াছ সেখানে২ তো
মার সহবর্ত্তী হইলাম এবৎ তোমার সম্মুখহই
তে তোমার সকল শত্রুরদিগকে উচ্ছিন্ন করিলাম
এবৎ পৃথিবীর বড় মনুষ্যেরদের নামের ন্যায়

তোমার নাম করিয়াছি। [৯] আমি আপন য়িশ্রাএললোকেরদের কারণও স্থান নিরূপণ করিব ও তাহারদিগকে রুপিব ও তাহারা আপনারদের স্থানে বাস করিবে এবং আর চালিত হইবে না। [১০] এবং প্রথমে আমি যে কালে আপন য়িশ্রাএললোকেরদের উপরে বিচার কর্ত্তারদিগকে আজ্ঞা করিলাম সে কালাবধিও যেমন ছিল তেমন দুষ্টতার পুত্ত্র তাহারদিগকে আর ক্ষীণ করিবে না আরও আমি তোমার তাবৎ শত্রুরদিগকে হস্তবশ করিব অপরও আমি তোমাকে কহি যে য়িহুহ তোমার গৃহ গ্রন্থন করিবেন।

[১১] এবং এমত হইবে আপন পিতৃলোকেরদের নিকটে তোমার যাইবার নিরূপিত দিন সম্পূর্ণ হইলে আমি তোমার বংশে তোমার পুত্ত্রেরদের মধ্যে এক জনকে উৎপাদন করিব ও তাহার রাজ্য স্থির করিব। [১২] সে আমার কারণ এক গৃহনির্ম্মাণ করিবে এবং আমি সদা তাহার সিংহাসন স্থির করিব। [১৩] আমি তাহার পিতা হইব ও সে আমার পুত্ত্র হইবে এবং তোমার পূর্ব্বে যে জন ছিল তাহাহইতে আমি যেমন আপন দয়া অপহরণ করিলাম তেমন তাহার নিকটহইতে তাহা অপহরণ করিব না। [১৪] কিন্তু আমার গৃহে ও আমার রাজ্যে তাহাকে নিরন্তর স্থাপন করিব এবং তাহার সিংহাসন সনাতন স্থির রহিবে। [১৫] এ তাবৎ বাক্যানুসারে ও এ তাবৎ দর্শনানুসারে নাতান দাউদকে কহিল॥

[১৬] পরে দাউদরাজ আসিয়া য়িহুহের সম্মুখে বসিল এবং কহিল হে য়িহুহ ঈশ্বর আমি কে এবং আমার বংশ বা কে যে তুমি আমাকে এপর্য্যন্ত আনিয়াছ। [১৭] এবং হে ঈশ্বর তোমার দৃষ্টিতে এই ক্ষুদ্র বিষয় কেননা তুমি ভবিষ্যৎ বহুকালের কারণও আপন দাসের গৃহের বিষয়ে কহিয়াছ এবং হে য়িহুহ ঈশ্বর তুমি উচ্চ পদস্থ কোন কাহার ন্যায় আমাকে জ্ঞান করিয়াছ। [১৮] তোমার দাসের মর্য্যাদার কারণ দাউদ তোমাকে আর কি কহিতে পারে যেহেতুক তুমি আপন দাসকে জ্ঞাত আছ। [১৯] হে য়িহুহ তুমি আপন দাসের কারণ ও আপন অন্তঃকরণানুসারে এ সকল বড় কার্য্য প্রকাশ করণেতে এ সকল মহিমা প্রকাশ করিয়াছ। [২০] হে য়িহুহ তোমার তুল্য কেহ নাই এবং আমরা আপন কর্ণেতে যেমত শুনিয়াছি সেমত তোমাব্যতিরেকে আর কোন ঈশ্বর নাই। [২১] এবং তুমি যেমত আপন লোকেরদিগকে মিসর হইতে উদ্ধার করিয়াছ ও তাহারদের সম্মুখহইতে অন্য জাতিরদিগকে খেদাইয়া দেওনেতে মহিমাযুক্ত ও ভেতব্যতাযুক্ত নাম আপনার জন্য করিতে যাহারদিগকে আপন লোক হইবার নিমিত্তে ঈশ্বর মুক্ত করিতে গেলেন এমন যে তোমার য়িশ্রাএললোক তাহারদের তুল্য পৃথিবীতে আর কোন্ জাতি আছে। [২২] যেহেতুক তুমি আপন য়িশ্রাএললোককে সনাতন আপন লোক করিয়াছ এবং হে য়িহুহ তুমি তাহারদের ঈশ্বর হইয়াছ। [২৩] অতএব হে য়িহুহ তুমি আপন দাসের বিষয়ে ও তাহার গৃহের বিষয়ে যাহা কহিয়াছ তুমি যেমন কহিয়াছ তেমন তাহা সদা স্থির হউক ও তুমি যাহা কহিয়াছ তদনুসারে কর। [২৪] সৈন্যের য়িহুহ যিনি তিনি য়িশ্রাএলের পক্ষীয় ঈশ্বর অর্থাৎ য়িশ্রাএলের ঈশ্বর এ কথা কহাতে তোমার নাম নিত্য মহিমাযুক্ত হইবার কারণে সে কথা স্থির হউক এবং তোমার দাস দাউদের বংশ তোমার সাক্ষাৎ স্থির করা যাউক। [২৫] কেননা হে আমার ঈশ্বর তুমি যে আপন দাসের কারণ গৃহ নির্ম্মাণ করিবা এই কথা আপনকার দাসকে সমাচার দিলা সেহেতুক আপনকার দাস এ প্রার্থনা করিতে পাইয়াছে। [২৬] এবং এখন হে য়িহুহ তুমিই ঈশ্বর ও আপন দাসের প্রতি এ মঙ্গল প্রতিজ্ঞা করিয়াছ। [২৭] এবং এখন তোমার দাসের বংশ নিত্য তোমার সাক্ষাৎ থাকিবার কারণ আপন দাসের বংশে আশীর্ব্বাদ কর যেহেতুক হে য়িহুহ তুমি আশীর্ব্বাদ করিলে সে সদা আশীঃপ্রাপ্ত হইবে।

১৮ পর্ব্ব।

[১] ইহার পরে এমত হইল যে দাউদ পলশ্তীয়েরদিগকে মারিল ও পরাজয় করিল এবং পলশ্তীয়েরদের হাতহইতে গাত ও তাহার উপনগর কাড়িয়া লইল। [২] এবং সে মোআবকে মারিল পরে মোআবীয়েরা দাউদের দাস হইল ও উপঢৌকন আনিল।

[৩] পরে সোবাহের হদরএজেররাজ ফরাৎ নদীর নিকটস্থ আপন সীমা পুনরায়ত্ত করিবার কারণ যাইতে দাউদ তাহাকে খমাতপর্য্যন্ত মারিল। [৪] এবং দাউদ তাহাহইতে একসহস্র রথ ও সাতসহস্র অশ্বারোহিকে ও বিংশতি সহস্র পদাতিককে লইল দাউদ সকল রথবাহক ঘোটকের রগ কাটিল কিন্তু এক শত রথের নিমিত্তে রাখিল। [৫] এবং দমাশেকবাসি অরামীয়েরা সোবাহের হদরএজেররাজের উপকার করিবার কারণ আইলে দাউদ অরামীয়েরদের বাইশসহস্র লোককে বধ করিল। [৬] পরে দাউদ দমাশেকীয় অরামে থানা করিল এবং অরা

মীয়েরা দাউদের দাস হইল ও উপঢৌকন আ
নিল এমত দাউদ যে কোনখানে গেল সেখানে
য়িহুহ তাহাকে রক্ষা করিলেন। [৭] এবং
হদরএজেরের দাসেরদের যে স্বর্ণময় ঢাল ছিল
তাহা দাউদ লইল ও য়িরুশালমে আনিল।
[৮] এবং হদরএজেরের টিবখত ও কুননগরহই
তে দাউদ অত্যনেক পিত্তল আনিল ও তাহাতে
শলমন সে পিত্তলময় সমুদ্র ও স্তম্ভ ও পিত্তলময়
পাত্র নির্ম্মাণ করিল।

[৯] এবং খমাতের তোঊরাজ শুনিল যে দা
উদ সোবাহের হদরএজেরের সকল সৈন্যকে মা
রিয়াছিল। [১০] হদরএজের তোউর সহিত
যুদ্ধ করিত তাহাতে তাহার মঙ্গল জিজ্ঞাসা করি
তে ও হদরএজেরের সহিত তাহার যুদ্ধকরণের
ও তাহাকে মারণের বিষয়ে তাহাকে তুষ্টিবো
ধক বাক্য কহিতে সে তখন আপন পুত্র হদো
রামকে দাউদরাজের নিকটে পাঠাইল এবং স
কল প্রকার স্বর্ণময় ও রূপ্যময় ও পিত্তলময়
পাত্রও পাঠাইল। [১১] দাউদরাজ সেং জা
তিহইতে অর্থাৎ এদোমহইতে ও মোআবহই
তে ও অমোনের সন্তানেরদেরহইতে ও পলশ
তীয়েরদেরহইতে ও অমালেকহইতে যে রূপা
ও স্বর্ণ আনিয়াছিল তাহার সহিত সেং পাত্রও
য়িহুহের উদ্দেশে পবিত্র করিল। [১২] অপ
রও সিরুয়াহের পুত্র আবিশয় লবণমাঠে অ
ষ্টাদশসহস্র এদোমীয়কে বধ করিল।

[১৩] পরে সে এদোমে থানা করিল এবং স
কল এদোমীয় দাউদের অধীন হইল এমত দা
উদ যে কোন স্থানে ফিরিল সেইং স্থানে য়িহুহ
তাহাকে রক্ষা করিলেন।

[১৪] অতএব দাউদ সকল য়িশরাএলের উপ
রে রাজ্য করিল এবং সকল লোকেরদের মধ্যে
বিচার ও নীতি করিল। [১৫] এবং সিরুয়া
হের পুত্র য়োআব সেনার প্রধান ছিল এবং
আখীলূদের পুত্র য়িহোশাফাট স্মারক ছিল।
[১৬] এবং আখীটূবের পুত্র সাদোক ও আবি
য়াতারের পুত্র আবিমেলেক যাজক ছিল ও শব
শা লেখক ছিল। [১৭] এবং য়িহোয়াদার
পুত্র বিনায়াহ্ কিরেতীয়েরদের ও পিলেতীয়ের
দের উপরে ছিল এবং দাউদের পুত্রেরা রাজার
নিকটবর্ত্তি লোকেরদের প্রধান ছিল।

১৯ পর্ব্ব।

[১] অনন্তর এমত হইল অমোনের সন্তানের
দের নাখাশরাজ মরিল ও তাহার পুত্র তাহার
পদে রাজ্য করিল। [২] এবং দাউদ কহিল
আমি নাখাশের পুত্র খানুনকে প্রীতি দর্শাইব
যেহেতুক তাহার পিতা আমাকে প্রীতি দর্শাইল
এবং তাহার পিতার বিষয়ে তাহাকে সান্ত্বনা
করিতে দাউদ প্রেষ্যেরদিগকে পাঠাইল অতএব
দাউদের দাসেরা অমোনের সন্তানেরদের দেশে
খানুনকে সান্ত্বনা করিতে তাহার নিকটে আ
ইল। [৩] কিন্তু অমোনের সন্তানেরদের প্রধান
লোকেরা খানুনকে কহিল দাউদ যে তোমার
নিকটে সান্ত্বনাকারকেরদিগকে পাঠাইয়া দে
ওনদ্বারা তোমার পিতার সম্মান করে তুমি কি
ইহা জ্ঞান কর তাহার দাসেরা অনুসন্ধান ও উৎ
পাটন করিতে ও দেশের ভদ্রাভদ্র দেখিতে কি
আইসে নাই। [৪] অতএব খানুন দাউদের
দাসেরদিগকে ধরিল ও ক্ষৌরি করিল ও তাহার
দের পাছার নিকটে তাহারদের বস্ত্রের মধ্যখা
নে কাটিয়া ফেলিল ও তাহারদিগকে বিদায় ক
রিল। [৫] তখন কেহং যাইয়া ঐ লোকেরা
যে দশাপ্রাপ্ত ছিল তাহা দাউদকে কহিল পরে
সে তাহারদের সহিত মিলিতে লোক পাঠাইল
যেহেতুক সে লোকেরা লজ্জিত ছিল। এবং
রাজা কহিল তোমারদের দাড়ী যেপর্য্যন্ত বর্দ্ধিত
না হয় সেপর্য্যন্ত য়িরিখুতে থাক পরে ফিরিয়া
আইস।

[৬] অমোনের সন্তানেরা আপনারদিগকে
দাউদের দৃষ্টিতে গর্হিত করিয়াছিল ইহা দেখি
লে খানুন ও অমোনের সন্তানেরা অরামনহর
য়িম ও অরামমঅকাহ্ ও সোবাহ্‌হইতে রথ ও
অশ্বারোহিরদিগকে বেতন করিয়া লইতে এক
সহস্র কিকার রূপা পাঠাইল। [৭] এবং তাহা
রা বত্রিশসহস্র রথ ও মঅকাহের রাজাকে ও
তাহার লোকেরদিগকে বেতন দিয়া লইল এবং
তাহারা আসিয়া মেদিবার সম্মুখে ছাউনি করিল
এবং অমোনের সন্তানেরা আপনং নগরের
মধ্যহইতে আপনারদিগকে একত্র করিল ও যু
দ্ধেতে আইল। [৮] দাউদ তাহা শুনিয়া য়োআ
বকে ও পরাক্রান্ত লোকময় সৈন্যকে পাঠাইল।
[৯] পরে অমোনের সন্তানেরা বাহিরে আইল
এবং নগরের দ্বারের সম্মুখে যুদ্ধোদ্যোগ করিল
এবং আগত রাজারা পৃথক্ হইয়া যুদ্ধস্থলে থা
কিল। [১০] যোদ্ধারা যে আগে ও পাছে তাহার
বিরুদ্ধে সজ্জিত হইল য়োআব ইহা দেখিয়া
য়িশরাএলের শ্রেষ্ঠ লোকেরদের মধ্যে কতক
লোককে বাছিয়া লইল ও অরামীয়েরদের বিরু
দ্ধে সজ্জা করিল। [১১] এবং অবশিষ্ট লোকে
রদিগকে আপন ভ্রাতা আবিশয়ের হস্তে সমর্পণ
করিল এবং তাহারা অমোনের সন্তানেরদের বি
রুদ্ধে রণসজ্জা করিল। [১২] এবং সে কহিল
যদি অরামীয়েরা আমার শক্তিহইতে পরাক্রান্ত
হয় তবে তুমি আমার উপকার করিবা কিন্তু যদি

অম্মোনের সন্তানেরা তোমাহইতে পরাক্রান্ত হয়
তবে আমি তোমার উপকার করিব। [১৩] সা
হসিক হও এবং আমরা আপনারদের লোকের
দের কারণ ও আপনারদের ঈশ্বরের নগরের
কারণ বীরব্যাপার করি এবং য়িহুহ আপন
দৃষ্টিতে অভিমত কার্য্য করুন। [১৪] অতএব
য়োআব ও তাহার সঙ্গি লোকেরা যুদ্ধের নিমি
ত্তে অরামীয়েরদের সম্মুখে নিকটে আইল
এবং তাহারা তাহার সম্মুখে পলাইল। [১৫]
অরামীয়েরা পলাইয়াছে অম্মোনের সন্তানেরা
ইহা দেখিয়া আপনারাও তাহার ভ্রাতা অবি
শঈর সম্মুখে পলাইল এবং নগরে গেল পরে
য়োআব য়িরূশালমে আইল।

[১৬] অরামীয়েরা য়িশ্রাএলের সম্মুখে আ
পনারদিগকে পরাজিত দেখিয়া প্রেরষ্যেরদিগ
কে পাঠাইল এবং নদীর অন্যপারস্থ অরামী
য়েরদিগকে ও তাহারদের সম্মুখে হদরএজে
রের সেনাপতি শোফককে আনাইল। [১৭]
পরে দাউদের নিকটে কহা গেল তাহাতে সে
সকল য়িশ্রাএলকে একত্র করিয়া তাহারদের বি
রুদ্ধে আইল ও তাহারদের প্রতিকূলে রণসজ্জা
করিল অতএব দাউদ অরামীয়েরদের বিরুদ্ধে
রণসজ্জা করিলে তাহারা তাহার সহিত যুদ্ধ ক
রিল। [১৮] কিন্তু অরামীয়েরা য়িশ্রাএলের
সম্মুখে পলাইল এবং দাউদ অরামীয়েরদের
সাতসহস্র রথিকে ও চল্লিশসহস্র পদাতিকে বধ
করিল ও শোফক সেনাপতিকেও বধ করিল।
[১৯] হদরএজেরের দাসেরা আপনারদিগকে
য়িশ্রএলের সম্মুখে পরাজিত দেখিয়া দাউদের
সহিত সন্ধি করিল ও তাহার অধীন হইল এবং
অরামীয়েরা অম্মোনের সন্তানেরদের আর উপ
কার করিতে সম্মত ছিল না।

২০ পর্ব্ব।

[১] অপর এমত হইল বৎসর গতে রাজার
দের যুদ্ধযাত্রা কালে য়োআব সৈন্য লইয়া অ
ম্মোনের সন্তানেরদের দেশ নষ্ট করিল এবং আ
সিয়া রাবাহ্ রুদ্ধ করিল কিন্তু দাউদ য়িরূশাল
মে থাকিল এবং য়োআব রাবাহ্ মারিল ও
নষ্ট করিল। [২] পরে দাউদ তাহারদের রা
জার মুকুট তাহার মস্তকহইতে লইল এবং তা
হার পরিমাণ এক কিকার স্বর্ণ জানিল তাহাতে
ও মণি ছিল এবং তাহা দাউদের মস্তকের উপ
রে স্থাপিত হইল সে নগরহইতেও অতিবিস্তর লু
ণ্ঠিত বস্তু আনিল। [৩] এবং যে লোকেরা তা
হার মধ্যে ছিল তাহারদিগকে বাহির করিল
এবং করাতেতে ও লোহার বিদাতে ও কুড়া
লিতে কর্ম্ম করাইল দাউদ এপ্রকারে অম্মোনের
সন্তানের সকল নগরে করিল পরে দাউদ ও স
কল লোক য়িরূশালমে ফিরিয়া গেল।

[৪] অনন্তর এমত হইল গেজেরে পলশ্তী
য়েরদের সহিত যুদ্ধ হইল সে সময়ে হূশাতীয় সি
বাকঈ বৃহৎকায় জনের বংশজ সিপঈকে মারিল
এবং তাহারা পরাজিত হইল। [৫] পুনর্ব্বার
পলশ্তীয়েরদের সহিত যুদ্ধ হইল এবং যাহার
বরশীর দণ্ড তাঁতির নরাজের মত ছিল যে গা
তীয় গোলীয়াতের ভ্রাতা লখ্মী তাহাকে য়াঈ
রের পুত্র এলখানান বধ করিল। [৬] পুন
র্ব্বার আর এক যুদ্ধ গাতে হইল সেখানে চব্বিশ
অঙ্গুলি অর্থাৎ প্রতিহাতে ছয়২ ও প্রতিপদে
ছয়২ অঙ্গুলিতে যুক্ত বৃহৎকায় এক মানুষ ছিল
সেও বৃহৎকায়ের বংশজাত। [৭] যখন সে
য়িশ্রাএলকে স্পর্দ্ধা করিল তখন দাউদের ভ্রা
তা শিমিআর পুত্র য়িহোনাথান তাহাকে বধ
করিল। [৮] ইহারা গাতে বৃহৎকায় জনের
বংশে জন্মিল এবং তাহারা দাউদ ও তাহার
দাসেরদের হাতেতে পড়িল।

২১ পর্ব্ব।

[১] পরে শয়তান য়িশ্রাএলের প্রতিকূলে
উঠিল ও য়িশ্রাএলকে গণনা করিতে দাউদকে
প্রবৃত্ত করিল। [২] এবং দাউদ য়োআবকে ও
লোকেরদের অধ্যক্ষেরদিগকে কহিল যে যাও
বিএরশেবাহইতে দানপর্য্যন্ত য়িশ্রাএলকে
গণনা কর এবং তাহারদের সংখ্যা আমার নি
কটে আন যে আমি তাহা জানি। [৩] এবং
য়োআব প্রত্যুত্তর করিল য়িহুহ আপন লোকে
রদিগকে বর্ত্তমান সংখ্যার শতগুণ করুন কিন্তু
হে আমার প্রভু মহারাজ তাহারা কি সকলে
আমার প্রভুর দাস নয় তবে আমার প্রভু মহারা
জ কেন এ কার্য্য করিতে চাহেন আপনি কেন
য়িশ্রাএলের পাপের কারণ হইবেন। [৪] কিন্তু
রাজার কথা য়োআবের উপরে জয় করিল অত
এব য়োআব প্রস্থান করিল ও য়িশ্রাএলের
সর্ব্বত্র গেল পরে য়িরূশালমে আইল। [৫]
অপর য়োআব লোকেরদের সংখ্যার একুন
দাউদের নিকটে আনিল সকল য়িশ্রাএলের
সংখ্যা এগার লক্ষ তলোআরধারী ও য়িহুদীয়
চারিলক্ষ সত্তরিসহস্র তলোআরধারী ছিল।
[৬] কিন্তু তাহারদের মধ্যে সে লেবিকে ও বেন্যা
মিনকে গণনা করিল না যেহেতুক রাজার আ
জ্ঞা য়োআবের কাছে ঘৃণ্য ছিল। [৭] এবং
ঈশ্বর এ কার্য্যেতে রুষ্ট হইলেন সেহেতুক তিনি
য়িশ্রাএলকে মারিলেন। [৮] পরে দাউদ
ঈশ্বরকে কহিল যে আমি এ কার্য্যকরণেতে
মহাপাপ করিয়াছি কিন্তু এখন আমি মিনতি

করি আপন দাসের পাপ খণ্ডাউন যেহেতুক
আমি বড় অজ্ঞানকর্ম্ম করিয়াছি।
[৯] পরে য়িহুহ দাউদের প্রদর্শক গাদকে এ
কথা কহিলেন। [১০] যাও দাউদকে কহ যে য়ি
হুহ এ কথা কহেন আমি তোমার সম্মুখে তিন
দশা রাখি তাহার মধ্যে এক দশা মনোনীত
কর যে আমি তোমার প্রতি তাহা করি। [১১]
অতএব গাদ দাউদের নিকটে আইল ও তাহা
কে কহিল যে য়িহুহ কহেন তুমি ইহার এক ম
নোনীত কর [১২] অর্থাৎ তিন বৎসর আকাল
কিম্বা তোমার শত্রুরদের তলোআর তোমাকে
স্পর্শকারী হইয়া তোমার শত্রুরদের সম্মুখে তিন
মাসের বিনাশ কিম্বা তিন দিন ব্যাপিয়া য়িহু
হের তলোআর অর্থাৎ দেশে মড়ক ও য়িশরাএ
লের সকল সীমায় বিনাশকারি য়িহুহের দূত
অতএব এখন যিনি আমাকে পাঠাইলেন তাঁ
হাকে আমি যে উত্তর দিব তাহা আপন মনে
বিবেচনা কর। [১৩] পরে দাউদ গাদকে ক
হিল আমি বড় বিপদে পড়িয়াছি এখন আমি
য়িহুহের হাতে পড়ি যেহেতুক তাঁহার দয়া অতি
বড় কিন্তু মনুষ্যেরদের হাতে না পড়ি।
[১৪] অতএব য়িহুহ য়িশরাএলের উপরে ম
ড়ক পাঠাইলেন তাহাতে য়িশরাএলের সত্তরস
হস্র লোক পড়িল। [১৫] এবং য়িরূশালম নষ্ট
কারতে ঈশ্বর তাহাতে এক দূত পাঠাইলেন এবং
সে বিনাশ করিতেছে তৎকালে য়িহুহ দেখিলেন
ও সে অমঙ্গলের বিষয়ে পরামনন করিলেন এবং
বিনাশক দূতকে কহিলেন এ যথেষ্ট এখন তো
মার হাত নিবৃত্ত কর এবং য়িহুহের দূত য়িবূসীয়
আরণানের খামারের কাছে দাঁড়াইল। [১৬]
এবং দাউদ ঊর্দ্ধদৃষ্টি করিল এবং য়িরূশালমের
উপরে খোলা তলোআর হাতে পৃথিবীর ও স্ব
র্গের মধ্যপথে স্থিত য়িহুহের দূতকে দেখিল
তখন চট পরিধায়ি দাউদ ও প্রাচীন লোকেরা
উবুড় হইয়া পড়িল। [১৭] পরে দাউদ ঈশ্বরকে
কহিল লোকেরদিগকে গণনা করিতে যে আজ্ঞা
দিল সে কি আমি নই পাপ ও দুষ্কর্ম্মকারি
আমিই বটে কিন্তু এ মেষেরা কি করিয়াছে হে
আমার ঈশ্বর য়িহুহ আমি মিনতি করি তোমার
হাত আমার উপরি ও আমার পিতৃবংশের উপ
রি হউক কিন্তু এ তোমার লোকেরদের যন্ত্রণা পা
ইবার কারণ তাহা তাহারদের উপরে না হউক।
[১৮] পরে দাউদকে এই কথা কহিতে য়িহু
হের দূত গাদকে আজ্ঞা করিল যে দাউদ যাইয়া
য়িবূশীয় আরণানের খামারে য়িহুহের উদ্দেশে
এক যজ্ঞবেদি স্থাপন করে। [১৯] পরে গাদ
য়িহুহের নামে যে কথা কহিল তাহাতে দাউদ
গেল। [২০] এবং আরণান ফিরিয়া গেলে ও
দূতকে দেখিলে সে ও তাহার চারি পুত্র তাহার
সহিত আপনারদিগকে লুকাইল আরণান তৎ
কালে গোম মাড়িতেছিল। [২১] এবং নিক
টে আসিতে দাউদকে আরণান অবলোকন করি
য়া দাউদকে দেখিল এবং খামারহইতে বাহি
রে গেল ও ভূস্পৃষ্টমুখ হইয়া প্রণাম করিল।
[২২] পরে দাউদ আরণানকে কহিল আমি খা
মারস্থানে য়িহুহের উদ্দেশে যজ্ঞবেদি গাঁথি এই
কারণ তাহা আমাকে দেও তুমি পূর্ণ মুল্য লই
য়া তাহা আমাকে দিবা যে মড়ক লোকেরদের
মধ্যে নিবৃত্ত হয়। [২৩] এবং আরণান দাউ
দকে কহিল তাহা লউন এবং আপন দৃষ্টিতে
যাহা ভাল তাহা আমার প্রভু মহারাজ করুন
দেখি আমি হোমের কারণ বলদেরদিগকে ও
কাষ্ঠের কারণ শস্যমাড়া সাজ ও চরুর কারণ
গোম দি আমি সকলই দি। [২৪] পরে দাউদ
রাজ আরণানকে কহিল তাহা নয় কিন্তু আমি
অবশ্য পূর্ণ মুল্য দিয়া তোমার স্থানে তাহা ক্রয়
করিব যেহেতুক আমি তোমার দ্রব্য য়িহুহের
কারণ লইব না এবং ব্যয়ব্যতিরেকেও হোম ক
রিব না। [২৫] অতএব সে স্থানের কারণ দাউদ
ছয়শত শেকেল স্বর্ণ তৌল করিয়া আরণানকে
দিল। [২৬] পরে দাউদ য়িহুহের উদ্দেশে সে
খানে যজ্ঞবেদি করিল ও হোম ও চরু করিল ও
য়িহুহের নামে প্রার্থনা করিল পরে তিনি স্বর্গ
হইতে আগত অগ্নির দ্বারা তাহাকে হোমের বে
দির উপরে উত্তর দিলেন। [২৭] এবং য়িহুহ
সে দূতকে আজ্ঞা দিলেন ও সে আপন তলো
আর খাপে রাখিল।
[২৮] সে সময়ে যখন দাউদ দেখিল যে য়ি
হুহ য়িবূষীয় আরণানের খামারে তাহাকে উত্তর
দিলেন তখন সে সেখানে যজ্ঞ করিল। [২৯]
কেননা মোশহ্ অরণ্যে য়িহুহের যে তাম্বু নি
র্ম্মাণ করিয়াছিল সে তাম্বু ও যজ্ঞবেদি সে সম
য়ে গিবিওনস্থ উচ্চ স্থানে ছিল। [৩০] কিন্তু
ঈশ্বরের কাছে জিজ্ঞাসা করিবার কারণ দাউদ
তাহার সম্মুখে যাইতে পারিল না কেননা সে
য়িহুহের দূতের তলোআরেতে ভীত ছিল।

২২ পর্ব্ব।

[১] তখন দাউদ কহিল এই য়িহুহ পরমেশ্ব
রের গৃহ ও এই য়িশরাএলের নিমিত্তে হোমের
বেদি। [২] পরে য়িশরাএলদেশে যে বিদে
শীয়েরা ছিল তাহারদিগকে একত্র করিতে দা
উদ আজ্ঞা দিল এবং ঈশ্বরের গৃহ নির্ম্মাণ করি
বার কারণ ভাস্করেরদিগকে নিযুক্ত করিল। [৩]
এবং দ্বারের কপাটের প্রেকের নিমিত্তে ও

কজার নিমিত্তে দাউদ অতিশয়রূপে লৌহ এবং
অপরিমেয় অনেক পিত্তল প্রস্তুত করিল। [৪]
এবং অনেক আরেজবৃক্ষ যেহেতুক সীদোনীয়ে
রা ও সোরীয়েরা দাউদের নিকটে অনেক আ
রেজকাষ্ঠ আনিয়াছিল। [৫] এবং দাউদ কহিল
আমার পুত্র শলমন যুবা ও কোমল এবং যিহু
হের নিমিত্তে যে গৃহ প্রস্তুত করা যাইবে তাহা য
শেতে ও ঐশ্বর্য্যেতে সকল দেশে অতিশয় খ্যাত
হইবে আমি এখন তাহার কারণ আয়োজন ক
রিব অতএব দাউদ আপন মৃত্যুর পূর্ব্বে বাহু
ল্যরূপে তাহার কারণ আয়োজন করিল। [৬]
পরে সে আপন পুত্র শলমনকে ডাকিয়া য়িশ
রাএলের ঈশ্বর য়িহুহের কারণ গৃহ নির্ম্মাণ করা
ইতে তাহাকে আজ্ঞা করিল। [৭] এবং দাউদ
শলমনকে কহিল হে আমার পুত্র আমাবিষ
য়ক কথা এই আমার ঈশ্বর য়িহুহের নামের উ
দ্দেশে গৃহ নির্ম্মাণ করাইতে আমার মনে ছিল।
[৮] কিন্তু য়িহুহের এ বাক্য আমার নিকটে আ
ইল যে তুমি অনেক রক্তপাত করিয়াছ ও বড়
যুদ্ধ করিয়াছ তুমি আমার নামের উদ্দেশে গৃহ
নির্ম্মাণ করাইবা না যেহেতুক আমার দৃষ্টিতে
তুমি পৃথিবীর উপরে অনেক রক্তপাত করিয়াছ
[৯] দেখ তোমার এক পুত্র জন্মিবে সে শান্তি
শীল মানুষ হইবে এবং তাহার চতুর্দ্দিকস্থ সক
ল শত্রুরদেরহইতে আমি তাহাকে বিশ্রাম দিব
যেহেতুক তাহার নাম শলমন হইবে এবং তা
হার অধিকারদিনে আমি সন্ধি ও শান্তি য়িশরা
এলে দিব। [১০] সে আমার নামের উদ্দেশে
গৃহ প্রস্তুত করিবে সে আমার পুত্র হইবে ও আ
মি তাহার পিতা হইব এবং য়িশরাএলের উপ
রে আমি নিত্য তাহার রাজসিংহাসন স্থির ক
রিব। [১১] হে আমার পুত্র এখন য়িহুহ তো
মার সহবর্ত্তী হউন ও তোমাকে ভাগ্যবান ক
রুন এবং তিনি তোমার বিষয়ে যেমন কহিয়া
ছেন তেমন আপন ঈশ্বর য়িহুহের গৃহ নির্ম্মাণ
করাও। [১২] কেবল ইহা চাহি যে য়িহুহ তো
মাকে জ্ঞান ও বুদ্ধি দেন ও এমন তোমাকে
য়িশরাএলের বিষয়ে আজ্ঞা করেন যে তুমি
আপন ঈশ্বর য়িহুহের শাস্ত্রপালন কর। [১৩]
তখন য়িহুহ য়িশরাএলের বিষয়ে মোশহকে
যেং বিধি ও বিচার আজ্ঞা করিয়াছেন সে সক
ল পালন করিতে যদি তুমি মনোযোগ কর তবে
তুমি ভাগ্যবান হইবা বলবান ও প্রতাপান্বিত
হও ভয় করিও না নিরাশ হইও না। [১৪] দেখ
আমি আপন দুঃখের সময়ে য়িহুহের গৃহের
কারণ একলক্ষ কিকার স্বর্ণ ও দশলক্ষ কিকার
রুপা ও অপরিমেয় পিত্তল ও লৌহ প্রস্তুত করি
য়াছি কেননা তাহা অতিবহুল এবং আমি
কাষ্ঠ ও প্রস্তর প্রস্তুত করিয়াছি ও তুমি তাহার
সহিত আরও সঞ্চয় করিতে পার। [১৫] এবং
তোমার নিকটেও অনেক শিল্পকর আছে অ
র্থাৎ পাথর ও কাষ্ঠচ্ছেদক ও শিল্পকর ও সকল
প্রকার কর্ম্মের কারণ সকল প্রকার বিদ্বান লো
কেরা। [১৬] স্বর্ণ ও রূপা ও পিত্তল ও লৌহ
অসংখ্য আছে উঠ কর্ম্মের উদ্যোগ কর এবং
য়িহুহ তোমার সহবর্ত্তী হউন।
[১৭] অপর দাউদ য়িশরাএলের সকল অ
ধ্যক্ষকে আপন পুত্র শলমনের উপকার করিতে
আজ্ঞা করিয়া কহিল। [১৮] তোমারদের ঈশ্বর
য়িহুহ কি তোমারদের নিকটবর্ত্তী নহেন তিনি
কি সর্ব্বদিগে তোমারদিগকে বিশ্রাম দেন নাই।
যেহেতুক তিনি দেশনিবাসি লোকেরদিগকে
আমার হস্তগত করিয়াছেন এবং য়িহুহের সম্মু
খে ও তাঁহার লোকেরদের সম্মুখে দেশ পরা
জিত হইয়াছে। [১৯] অতএব আপন ঈশ্বর য়ি
হুহকে চেষ্টা করিতে আপনারদের অন্তঃকরণ
ও আপনারদের মন রাখ এবং য়িহুহের না
মের উদ্দেশে যে গৃহগ্রন্থন করা যাইবে তাহার
মধ্যে য়িহুহের নিয়মসিন্দুক ও ঈশ্বরের পবিত্র
পাত্র আনিবার কারণ য়িহুহ পরমেশ্বরের পবি
ত্রস্থান প্রস্তুত কর।

২৩ পর্ব্ব।

[১] অতএব যখন দাউদ বৃদ্ধ ও দিনেতে পূর্ণ
হইল তখন সে আপন পুত্র শলমনকে য়িশরাএ
লোপরির রাজা করিল।
[২] পরে সে য়িশরাএলের সকল অধ্যক্ষকে
যাজকেরদের ও লৈবেরদের সহিত একত্র করি
ল। [৩] লৈবেরা ত্রিংশৎ বৎসর ও ততোধিক
বয়স্ক গণা গেল এবং তাহারদের মস্তকং গণা
গেলে তাহারদের সংখ্যা আটত্রিশ সহস্র। [৪]
তাহার মধ্যে য়িহুহের গৃহের কার্য্যপরিদর্শক
চব্বিশসহস্র জন ছিল এবং পদস্থ লোক ও বি
চারকর্ত্তা ছয়সহস্র ছিল। [৫] এবং চারিসহস্র
দ্বারপাল ছিল ও আমি স্তুতি করিবার নিমিত্তে
যে বাদ্য নির্ম্মাণ করিয়াছি তাহাতে য়িহুহের
স্তবকারি চারিহাজার জন ছিল। [৬] এবং দা
উদ লেবির সন্তানেরদের মধ্যে তাহারদিগকে
পালাং করিল অর্থাৎ গেরশোনের ও কিহাতের
ও মিরারীর। [৭] গেরশোনীয়েরদের মধ্যে
লআদন ও শিমিঈ। [৮] লআদনের তিন পুত্র
জ্যেষ্ঠ য়িখীএল পরে জেতন ও য়োএল। [৯]
শিমিঈর তিন পুত্র শিলোমিত ও খজীএল ও হা
রাণ এইং লআদনের বংশের প্রধান। [১০]
শিমিঈর চারি পুত্রেরা য়খত ও জীনা ও য়িউস ও